Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্পতরু

শ্রীমদ্‌ভগবদ্‌গীতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

2/147

PRESENTED

1.1

With best Compliments of
NIRAMOY-C LCUTTA.
H. O. 78/1, Rafi Ahmed Kidwai Road
Calcutta-700013.

LIBRARY
No. 2/147
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
2/147

ওঁ তৎ সৎ

With best Compliments of
NIRMOY-CALCUTTA.
O. 76/1, Rafi Ahmed Kidwai Road
Calcutta-700013,

সচিত্র

ছন্দেপতিরত্ন

শ্রীমদ্ভগবদ্ গীতা

শ্রীসুধীরচন্দ্র সেনগুপ্ত
কর্ত্তৃক পদ্যে, গদ্যে অনূদিত ও সম্পাদিত।

মহামহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য্য
কর্ত্তৃক পরিদৃষ্ট, সংশোধিত এবং অনুমোদিত।

৯ম সংস্করণ—৭ই আষাঢ়, ১৩৭৯ সাল
ীকমলা সেনগুপ্তা কর্ত্তৃক প্রকাশিত ও সর্বস্বত্ব সংরক্ষিত
১৫।১৭, কুমারপাড়া লেন, লিলুয়া, হাওড়া
মুদ্রাকার—শ্রীসমীর মজুমদার, এম. এস-সি
াজধানী প্রিন্টিং, ১১৭।১, বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট,
কলিকাতা-১২
প্তিস্থান :—মহেশ লাইব্রেরী, কলেজ স্কোয়ার, কলিঃ-১২
মূল্য—২·০০ পঃ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমর্পণ পত্র

শ্রীশ্রীশান্তময়ী মা, কল্পতরু আশ্রম,
লাউপালা, হরিণঘাটা, নদীয়া।

পূজ্যচরণে,
শ্রীশ্রী গুরুমা!

গীতাময় জীবন তোমার, তাই প্রতি-জীবনের ভিতর দিয়ে তোমার জীবনকে দেখতে চাওয়ার কামনা ক'রেই সরল বাঙ্গালা পদ্যে অনুবাদ প্রকাশ করার প্রেরণা দিয়েছো, এতে তোমার ইচ্ছাই পূর্ণ হোক্—

ইতি তোমার
"বিজয়"
(সুধীরচন্দ্র সেনগুপ্ত)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

কল্পতরু শ্রীমদ্‌ভগবদ্‌গীতা গ্রন্থখানি পাঠ করিয়া মনে হইল ইহাই মূল গীতার অভিন্ন কলেবর। এই সংস্করণটি সত্যই অভিনব বৈশিষ্ট্যে পূর্ণ। মূল শ্লোকগুলি এক আশ্চর্য্য কৌশলে বঙ্গভাষায় রূপান্তরিত হইয়াছে। মূল শ্লোক ও অনূদিত পয়ারগুলি পাশাপাশি রাখিয়া পড়িলে মনে হয় শ্রীকৃষ্ণ অর্জুনকে এমনি বঙ্গভাষার কাব্যের মাধ্যমেই সমগ্র গীতা উপদেশ দিয়াছেন।

শ্রীভগবানের বাণীর ঝঙ্কার, শব্দের লালিত্য, অর্থের গাম্ভীর্য্য, জ্ঞানের নিরঙ্কুশ আলো কোথাও এতটুকু আড়ষ্ট হয় নাই দেখিয়া আমি বিস্মিত ও মুগ্ধ হইয়াছি। এই কৃতিত্ব সুধীরবাবুর লেখনীতে সর্বতোভাবে স্বীকার্য্য।

গীতার মর্ম্মার্থ ও শব্দার্থ তিনি এমনি ভাব ভাষায় গ্রথিত করিয়াছেন যেন সংস্কৃত ভাষা ও বঙ্গভাষা যমজ ভগিনীদ্বয়। সমগ্র গ্রন্থের কোথাও এতটুকু তারতম্য নাই। অনুষ্টুপ ছন্দ কিংবা উপজাতি অথবা আর্য্যায় রচিত মূল শ্লোকগুলিকে সমান ভাবেই পয়ারে আবদ্ধ করা হইয়াছে। যতি শ্লেষ, ধ্বনি, কূটার্থ ও পরিভাষা সর্বত্র অক্ষুণ্ণ রাখিয়া ইহা রচিত।

গ্রন্থখানি ইহার নিজস্ব বৈশিষ্ট্য লইয়া বাঙ্গালীর ঘরে-ঘরে, কণ্ঠে-কণ্ঠে বিরাজ করুক ইহাই শ্রীভগবদ্‌ চরণে প্রার্থনা। ইতি—

শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর শাস্ত্রী, পঞ্চতীর্থ
৩৯, বিবেকানন্দ রোড, কলিকাতা—৭
দোলপূর্ণিমা, ১৩৬২

LIBRARY
No.............
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিচয়

শ্রীমদ্‌ভগবদ্‌গীতা—সর্ববেদ ও উপনিষদের সার এবং সর্বশ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞান পূর্ণ ধর্মগ্রন্থ। পাঁচ হাজার বৎসর পূর্বে মহর্ষি ব্যাসদেব কর্তৃক ইহা রচিত। ব্যাসদেব বেদের বিভাগকর্তা। অষ্টাদশ পুরাণ ও মহাভারত রচয়িতা। শ্রীমদ্‌ভগবদ্‌গীতা এই মহাভারতেরই অংশবিশেষ। কুরুক্ষেত্রের যুদ্ধে অর্জুনকে মোহগ্রস্ত দেখিয়া শ্রীকৃষ্ণ তাঁহাকে আত্মতত্ত্ব, কর্ম, জ্ঞান, ভক্তি প্রভৃতি যে সব উপদেশ দিয়াছিলেন তাহা ব্যাসদেবের কৃপায় দিব্যদৃষ্টিসম্পন্ন মন্ত্রী সঞ্জয় অন্ধ ধৃতরাষ্ট্রকে বলেন। ইহাই গীতা উপনিষদ্‌।

ধৃতরাষ্ট্র—বিচিত্রবীর্যের পত্নী অম্বিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে জন্ম। তিনি দুর্যোধনাদি শতপুত্রের এবং কন্যা দুঃশলার পিতা।

সঞ্জয়—ধৃতরাষ্ট্রের বিশ্বস্ত অমাত্য ও সারথি। পিতার নাম গবল্গণ, ইনি মিতভাষী ও সদা সন্তোষশীল ছিলেন। ব্যাসদেবের কৃপায় তিনি কুরুক্ষেত্র যুদ্ধ দেখিয়া ধৃতরাষ্ট্রকে বর্ণনা করিয়াছিলেন। তিনি শ্রীকৃষ্ণ কথিত পরম যোগতত্ত্ব জ্ঞাত হইয়াছিলেন এবং বিশ্বরূপদর্শনে কৃতার্থ হইয়াছিলেন যাহা অর্জুন ভিন্ন অন্য কেহ দেখে নাই বা শুনে নাই।

পাণ্ডু—বিচিত্রবীর্যের ২য়া পত্নী অম্বালিকার গর্ভে, ব্যাসদেবের ঔরস জাত। জ্যেষ্ঠ ধৃতরাষ্ট্র জন্মান্ধ, তাই তিনি রাজ সিংহাসন পান। পত্নী কুন্তীর গর্ভে ধর্মরাজের ঔরসে যুধিষ্ঠিরের জন্ম। পবনের ঔরসে ভীম এবং দেবরাজ ইন্দ্রের ঔরসে অর্জুন জন্মেন। ২য়া পত্নী মাদ্রীর গর্ভে অশ্বিনীকুমারদ্বয়ের ঔরসে নকুল ও সহদেব জাত।

দ্রুপদ—পাঞ্চালরাজ, পঞ্চপাণ্ডবের শ্বশুর। দ্রৌপদীর পিতা।

কুরুক্ষেত্র—ইহার অন্য নাম সমন্তপঞ্চক। দিল্লীর নিকটে অবস্থিত। মহারাজ কুরু যজ্ঞার্থ এই স্থান কর্ষণ করিয়াছিলেন তাই ইহার নাম কুরুক্ষেত্র। ইহা পরম তীর্থ এবং বহু স্মৃতি বিজড়িত ধর্মক্ষেত্র। কুরুপাণ্ডবের আঠার দিন ব্যাপী মহাসমর এইখানেই হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাযুদ্ধেরকারণ—রাজসূয় যজ্ঞান্তে পাণ্ডবের সমৃদ্ধিতে ঈর্ষাপরবশ দুর্যোধন মাতুল শকুনির পরামর্শে যুধিষ্ঠিরকে পাশাখেলায় হারাইয়া বার বৎসর বনবাসে ও একবৎসর অজ্ঞাতবাসে পাঠাইয়া তাহাদের রাজ্য ভোগ করিতে থাকেন। তের বৎসর পর ফিরিয়াও পাণ্ডবগণ রাজ্য পাইলেন না এবং কি পাঁচ ভাইকে পাঁচখানা গ্রাম দিতেও দুর্যোধন অস্বীকার করায় যুদ্ধ অনিবার্য হইল। ভারতের সমস্ত রাজন্যবর্গ এই যুদ্ধে লিপ্ত হওয়ায় ইহা মহাযুদ্ধে পরিণত হয়।

দ্রোণাচার্য—ভরদ্বাজ মুনির পুত্র, ইনি ব্রাহ্মণ। পরশুরামের শস্ত্রশিষ্য, কুরুপাণ্ডবের অস্ত্রগুরু, কৌরব সেনাপতি ছিলেন। ৫ বৎসর বয়সে যুদ্ধের ৫ম দিবসে যুধিষ্ঠিরের মুখে "অশ্বত্থামা হত" শুনিয়া রণস্থলেই যোগবলে দেহত্যাগ করেন। **কৃপাচার্য**—দ্রোণের শ্যালক।

দুর্যোধন—ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র, তিনি অত্যন্ত পাণ্ডববিদ্বেষী. কর্ণ, শকুনি ও দুঃশাসনের বুদ্ধিমত চলিতেন। তাঁহার পাপেই কুরুকুল বিধ্বংস হয়।

বিকর্ণ—দুর্যোধনের ভ্রাতা। তিনি উচিৎ বক্তা ছিলেন।

ধৃষ্টদ্যুম্ন—পাঞ্চালরাজ দ্রুপদের পুত্র, দ্রোণের অস্ত্রশিষ্য, পাণ্ডবপক্ষীয়।

বিরাট—মৎসদেশের রাজা, যাঁহার আশ্রয়ে পাণ্ডবেরা অজ্ঞাতবাসের একবৎসর ছিলেন, রাজকন্যা উত্তরার সঙ্গে অর্জুনের পুত্র অভিমন্যুর বিবাহ হয়। **সাত্যকি**—যদুবংশীয় সত্যক পুত্র, শ্রীকৃষ্ণের জ্ঞাতি, অর্জুনের অস্ত্রশিষ্য। **ভূরিশ্রবা**—চন্দ্রবংশীয় রাজা সোমদত্তের পুত্র, কুরুপক্ষীয়, যুদ্ধবিশারদ, সাত্যকি হস্তে নিহত। **পুরুজিত**—পাণ্ডবদের মাতুল।

কাশীশ্বর, শৈব্য, চেকিতান, যুধামন্যু, উত্তমৌজা, প্রভৃতি পাণ্ডব পক্ষীয়-রাজন্যবর্গ। **কুন্তিভোজ**—কুন্তীর পালকপিতা।

দ্রৌপদী—দ্রুপদ দুহিতা, পঞ্চপাণ্ডবের পত্নী। প্রতিবিন্ধ, শ্রুতসোম, শ্রুতকীর্তি, সতানিক ও শ্রুতকর্ম্মা এই পঞ্চপুত্রের জননী।

ভীষ্ম—শান্তনুর ঔরসে গঙ্গার গর্ভে জন্ম। কুরুপাণ্ডবের পিতামহ। চির-কুমার। পরশুরামের শস্ত্রশিষ্য, শৌর্যেবীর্যে অদ্বিতীয় বীর, কৌরব সেনাপতি, যুদ্ধের দশম দিনে স্বেচ্ছায় শরশয্যায় দেহত্যাগ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয়দ্রথ—দুঃশলার স্বামী, দুর্যোধনের ভগ্নিপতি, অর্জুন হস্তে নিহত। কর্ণ—কুমারী কুন্তীর গর্ভে সূর্যের ঔরস জাত, সূতগৃহে পালিত, তিনি মহাবীর ছিলেন, দুর্যোধনের পরমবান্ধব, অঙ্গ রাজ্যেশ্বর হইয়াছিলেন, তিনিই মহাযুদ্ধের হেতু, যুদ্ধের ১৬শ ও ১৭শ দিনে কৌরব সেনাপতি ছিলেন। অর্জুন হস্তে নিহত। অশ্বত্থামা—দ্রোণপুত্র। ধৃষ্টকেতু—চেদীশ্বর।

গীতার তত্ত্ব পরিচয়

সাংখ্যের পুরুষ এক, কিন্তু জীবগত বহু। তিনি প্রকৃতিও নহেন বিকৃতিও নহেন। সচেতন ও নির্গুণ। গীতায় পরমাত্মা, পুরুষোত্তম, আত্মা ও ব্রহ্ম নামে পুরুষ অভিহিত।

সাংখ্যের প্রকৃতি বা অব্যক্ত গুণত্রয়ের সাম্যাবস্থা অপরাপ্রকৃতি। প্রকৃতির নামান্তর অব্যক্ত ও প্রধান—অচেতন স্বভাব। সত্ত্বগুণের স্বভাব প্রকাশ ও সুখ। রজোগুণের স্বভাব প্রবৃত্তি, কার্যকারিতা ও দুঃখ। তমোগুণের স্বভাব মোহ, অজ্ঞানতা ও জড়তা। প্রকৃতির প্রলয় অবস্থায় প্রতিক্ষণ সমান রূপ ও গুণ সৃষ্ট হয় এবং সৃষ্টিকালে গুণের তারতম্য অনুযায়ী বুদ্ধিতত্ত্বাদি সকল তত্ত্বের সৃষ্টি হয়।

এই অব্যক্ত প্রকৃতি হইতে মহৎতত্ত্ব বা বুদ্ধি প্রকাশ হয়। বুদ্ধি হইতে অহঙ্কার নামক অন্তঃকরণ হয়। অহঙ্কার হইতে জ্ঞানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয়, মন ও পঞ্চতন্মাত্র প্রকাশ হয়। পঞ্চতন্মাত্র হইতে পঞ্চ মহাভূত হয় এবং এই পঞ্চ মহাভূতের সংমিশ্রণে দেহ জাত।

বুদ্ধি, অহঙ্কার, মন এই তিনের সমষ্টিকে চিত্ত বলে। বুদ্ধিই প্রধান অন্তঃকরণ। বুদ্ধিতত্ত্বের নামান্তর মহৎতত্ত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্ত্বগুণপ্রধান—নিশ্চয়াত্মিকা বৃত্তি বিশিষ্ট। এই বুদ্ধি লৌকিক জ্ঞানেরও বিষয় বলিয়া সর্ববাদিসম্মত। বুদ্ধিতে জীবধর্ম, পাপপুণ্য, জ্ঞান-অজ্ঞান, বৈরাগ্য-অবৈরাগ্য, ঐশ্বর্য-অনৈশ্বর্য, কাম-ক্রোধ, লোভ, মোহাদি প্রবৃত্তি ও নিবৃত্তি হইয়া থাকে। পুরুষ সংসর্গে ইহা চৈতন্যধর্মী হয়। পুরুষ ইহার অতাত্ত্বিক চৈতন্যাভিমান সম্পাদন করে।

অহঙ্কার ২য় অন্তঃকরণ—বুদ্ধি হইতে প্রকাশিত। ইহার বিশেষ ধর্ম অহঙ্কারাখ্য বৃত্তি অর্থাৎ বুদ্ধির সংস্পর্শে চৈতন্যের সংযোগে অচেতন বুদ্ধির চৈতন্যাভিমানের সাহায্যকারী। ইহা সাত্ত্বিক, রাজস, তামস ভেদে ত্রিবিধ।

মন ৩য় অন্তঃকরণ—সাত্ত্বিক ও রাজস অহঙ্কার হইতে সৃষ্ট, ইহার বিশেষ কার্য্য সংশয় ও বিচার। ইহা ইন্দ্রিয়নিয়ন্তা এবং শব্দ স্পর্শাদি বিষয় গ্রহণকারী।

সাত্ত্বিক অহঙ্কার হইতে চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় প্রকাশ হয়, ইহারা নিজস্ব প্রণালী দ্বারা স্ব স্ব বিষয়কে বুদ্ধিতে সমর্পণ করে।

রাজস অহঙ্কার হইতে বাক্, হস্ত, পদ, লিঙ্গ, গুহ্য এই পঞ্চ কর্মেন্দ্রিয় প্রকাশ হয় এবং অন্তঃকরণে প্রেরিত হইয়া স্ব স্ব কর্ম সম্পাদন করে।

তামস অহঙ্কার হইতে পঞ্চ তন্মাত্র বা সূক্ষ্ম ভূত হয়। শব্দ তন্মাত্র হইতে শব্দ বিশিষ্ট আকাশ; শব্দ, স্পর্শ তন্মাত্র হইতে শব্দ, স্পর্শ গুণদ্বয় বিশিষ্ট বায়ু; শব্দ, স্পর্শ, রূপ তন্মাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে শব্দ, স্পর্শ, রূপ বিশিষ্ট তেজঃ; শব্দ, স্পর্শ, রূপ, রস তন্মাত্র হইতে শব্দ, স্পর্শ, রূপ, রস বিশিষ্ট জল ; এবং শব্দাদি পঞ্চতন্মাত্র হইতে পঞ্চগুণ বিশিষ্ট পৃথিবী ; এই স্থূল মহাভূত সমূহ প্রকাশিত। এই পঞ্চমহাভূতের সংমিশ্রণে দেহজাত।

দেহের পঁচিশ তত্ত্ব (সাংখ্য মতে)

অপরাপ্রকৃতি : ক্ষেত্র

১।	পঞ্চমহাভূত :	(ভূমি, জল, অগ্নি, বায়ু, নভঃ)	৫
২।	পঞ্চবিষয় :	(শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ)	৫
৩।	পঞ্চজ্ঞানেন্দ্রিয় :	(চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্)	৫
৪।	পঞ্চকর্মেন্দ্রিয় :	(বাক্, হস্ত, পদ, লিঙ্গ, গুহ্য)	৫
৫।	অন্তঃকরণ :	(বুদ্ধি, অহঙ্কার, মন)	৩
৬।	অব্যক্ত :	(ত্রিগুণময়ী মূল প্রকৃতি)	১
			২৪
পরাপ্রকৃতি :	ক্ষেত্রজ্ঞ।	আত্মা (পুরুষ)।	১

গীতাসার

গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্র বিস্তরৈঃ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাৎ বিনিঃসৃতা॥

কি ফল হইবে অন্য বহু শাস্ত্র জানি,
পড় গীতা যা' কৃষ্ণের শ্রীমুখের বাণী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

১ম অধ্যায়	অর্জুনবিষাদযোগ।	পৃষ্ঠা	২২
২য় ”	সাংখ্যযোগ।	”	৩৪
৩য় ”	কর্মযোগ।	”	৫৪
৪র্থ ”	জ্ঞানযোগ।	”	৬৮
৫ম ”	কর্মসন্ন্যাসযোগ।	”	৮০
৬ষ্ঠ ”	অভ্যাসযোগ।	”	৮৮
৭ম ”	জ্ঞানবিজ্ঞানযোগ।	”	১০২
৮ম ”	অক্ষরব্রহ্মযোগ।	”	১১২
৯ম ”	রাজবিদ্যারাজগুহ্যযোগ	”	১২০
১০ম ”	বিভূতিযোগ।	”	১৩০
১১শ ”	বিশ্বরূপদর্শনযোগ।	”	১৪২
১২শ ”	ভক্তিযোগ।	”	১৫৮
১৩শ ”	ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিভাগযোগ।	”	১৬৪
১৪শ ”	গুণত্রয়বিভাগযোগ।	”	১৭৪
১৫শ ”	পুরুষোত্তমযোগ।	”	১৮২
১৬শ ”	দৈবাসুরসম্পদবিভাগযোগ।	”	১৮৮
১৭শ ”	শ্রদ্ধাত্রয়বিভাগযোগ।	”	১৯২
১৮শ ”	মোক্ষযোগ।	”	২০২
গীতামাহাত্ম্য।		”	২২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাধ্যায় পাঠ-ফলম্

পঠিতে প্রথমোঽধ্যায়ে পূতাত্মা জায়তে নরঃ।
দ্বিতীয়ে বুদ্ধি নৈর্ম্মল্যং তৃতীয়েঽঘ-বিনাশনম্॥ ১

প্রথম অধ্যায় পাঠ করিলে মানব পবিত্র হয়। দ্বিতীয় অধ্যায় পাঠ করিলে বুদ্ধি নির্মল হয়। তৃতীয় অধ্যায় পাঠে পাপ নষ্ট হয়।

চতুর্থে ব্রহ্মহত্যায়াঃ পাপং নশ্যতি তৎক্ষণাৎ।
তথৈব স্ত্রীবধাদিভ্যঃ পঞ্চমে স্তেয় কর্ম্মণিঃ॥ ২

চতুর্থ অধ্যায় পাঠে ব্রহ্মহত্যার পাপ তৎক্ষণাৎ নষ্ট হয়, সেইরূপ পঞ্চমে স্ত্রীবধাদির পাপ ও চুরির পাপ নষ্ট হয়।

ষষ্ঠে দৌর্ভাগ্য নাশঃ স্যাৎ সপ্তমে নির্ম্মলা মতিঃ।
অভক্ষ্যা পেয়জাৎ পাপাদষ্টমে পাপ নিষ্কৃতিঃ॥ ৩

ষষ্ঠ অধ্যায় পাঠে দুর্ভাগ্য নষ্ট হয়, সপ্তমে মতি নির্মল হয়, অষ্টমে অভক্ষ্য ভোজন ও অপেয় পানের পাপের নিষ্কৃতি হয়।

নবমে পৃথিবী-দান-সমানং পুণ্যমশ্নুতে।
দশমে জ্ঞানলাভঃ স্যাৎ সর্ব্বপাপ-বিমোচনাৎ॥ ৪

নবম অধ্যায় পাঠ করিলে পৃথিবী দানের সমান পুণ্য হয়, দশম অধ্যায় পাঠ করিলে সর্ব-পাপ মুক্তি হেতু জ্ঞান লাভ হয়।

একাদশে পরব্রহ্ম - জ্ঞানং লব্ধা প্রমুচ্যতে।
দ্বাদশে ভগবদ্‌ভক্তির্বিশুদ্ধা জায়তে ধ্রুবাঃ॥ ৫

একাদশ অধ্যায় পাঠে পরব্রহ্ম জ্ঞান লাভ করিয়া মুক্ত হয়, দ্বাদশ অধ্যায় পাঠ করিলে স্থিরা বিশুদ্ধা ভগবদ্ভক্তি জন্মে।

ত্রয়োদশে জ্ঞান-নেত্র-বিকাশং পৌরুষং লভেৎ।
অশ্বমেধাধিকং পুণ্যমাপ্নোতি হি চতুর্দ্দশে॥ ৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রয়োদশ অধ্যায় পাঠে জ্ঞাননেত্রের বিকাশ হেতু পৌরুষ লাভ হয়, চতুর্দশ অধ্যায় পাঠে অশ্বমেধাদি যজ্ঞে অধিক পুণ্য হয়।

জ্ঞানং নির্ম্মলমাসাদ্য যোগী পঞ্চদশে ভবেৎ।
সংসারবন্ধনান্মুক্তিং লভতে ষোড়শে তথা॥ ৭

পঞ্চদশ অধ্যায় পাঠে নির্মল জ্ঞান লাভ করিয়া যোগী হয়, তদ্রূপ ষোড়শ অধ্যায় পাঠে সংসার বন্ধন হইতে মুক্ত হয়।

বাজপেয়-ফলং ভক্তো লভেৎ সপ্তদশে ধ্রুবম্।
তথা ভাগবতীং প্রীতিং মুক্তাবুত্তিষ্ঠতে নরঃ॥ ৮

সপ্তদশ অধ্যায় পাঠে ভক্ত অবশ্যই বাজপেয় ফল লাভ করে, তথা ভগবদ্ প্রীতি লাভ করে ও মুক্তির জন্য চেষ্টাশীল হয়।

ভক্ত্যা চাষ্টাদশাঽধ্যায়ে পঠিতে ভাগ্যবান্ নরঃ।
জ্ঞানাগ্নি দগ্ধ বৃজিনো জীবন্মুক্তো ন সংশয়ঃ॥ ৯

ভক্তি সহকারে অষ্টাদশ অধ্যায় পাঠ করিলে সেই ভাগ্যবানের পাপ জ্ঞানাগ্নি দগ্ধ হয় এবং সেই পুরুষ অবশ্যই জীবনমুক্ত হয়।

সমস্ত-পঠনাৎ সূত! ফলং বক্তুং ন শক্যতে।
ভুক্ত্বাঽভিলষিতান্ কামান্ ব্রহ্ম সাযুজ্যমৃচ্ছতি॥ ১০

হে সূত! সমগ্র গীতাপাঠে কি ফল হয় বলিতে পারি না, তবে পাঠক বাঞ্ছিত ভোগ্য ভোগ করিয়া ব্রহ্মসাযুজ্য লাভ করে।

বিশেষতো ভবেদ্ বৎস! প্রত্যেকাধ্যায় পাঠতঃ।
ইহা মুত্র পরং সৌখ্যং ভক্তঃ প্রাপ্নোতি নিশ্চিতম্॥ ১১

হে বৎস! প্রত্যেক অধ্যায় পাঠ করিলে ভক্তগণ বিশেষ ভাবে ইহলোকে এবং পরলোকে পরম সুখ নিশ্চিতই লাভ করে।

ইতি গীতাধ্যায় পাঠ-ফলম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার বাঙ্ময়ী মূর্ত্তি

বক্ত্রাণি পঞ্চ জানীহি পঞ্চাধ্যায়াদনুক্রমাৎ।
দশাধ্যায়াঃ ভুজাশ্চৈকমুদরং দ্বে পদাম্বুজে॥
এবমষ্টাদশাধ্যায়ী বাঙ্ময়ী মূর্তিরীশ্বরী।
জানীহি জ্ঞানমাত্রেণ মহাপাতক নাশিনী॥

পঞ্চ অধ্যায় পঞ্চ মুখ, দশ অধ্যায় দশ বাহু, এক উদর, দুই পাদপদ্ম স্বরূপ। অষ্টাদশ অধ্যায় গীতার ইহা বাঙ্ময়ী মূর্তি। ইহা জানিলে মহাপাপ নাশ হয়।

গীতা কবচ

ওঁ অস্যাঃ শ্রীমদ্ভগবদ্গীতায়াঃ শ্রীবেদব্যাসো ভগবানৃষিঃ, অনুষ্টপাদি ছন্দাংসি, শ্রীকৃষ্ণো বাসুদেবঃ পরমাত্মা দেবতা, "অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্, "সর্ব্ব ধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ, "অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ইতি কীলকম্, "মচ্চিত্তঃ সর্ব্ব দুর্গাণি মৎ প্রসাদাৎ তরিষ্যসি" ইতি কবচম্, এবং প্রকারেণ শ্রীগোপাল কৃষ্ণ বাসুদেব-ভগবৎ প্রীত্যর্থং কবচ জপে বিনিযোগঃ।

শ্রীমজ্‌জ্ঞানাত্মনে শ্রীকৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, শ্রীমদৈশ্বর্য্যাত্মনে বৈশ্বানরায় তর্জ্জনীভ্যাং স্বাহা, শ্রীবাসুদেবায় মধ্যমাভ্যাং বষট্, শ্রীমদ্বলাত্মনে বলভদ্রায় অনামিকাভ্যাং হুম্, শ্রীমত্তেজসাত্মনে শ্রীকৃষ্ণায় কনিষ্ঠাভ্যাং বৌষট্, শ্রীমৎ-বিজয়াত্মনে গাণ্ডীবধন্বিনে শ্রীমদর্জ্জুনায় করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ইতি করন্যাসঃ। ইত্থং হৃদয়ায় নমঃ, শিরসে স্বাহা, শিখায়ৈ বষট্, কবচায় হুম্, নেত্রত্রয়ায় বৌষট্,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ইতি অঙ্গন্যাসঃ।

যো গীতানাং সমূহেন শ্রোতুমিচ্ছতি পাণ্ডব
স দেবঃ ষষ্ঠকৈঃ শ্লোকৈঃ স্তুতঃ এব ন সংশয়ঃ ॥
ওঁ নমো নারায়ণায়েতি করশুদ্ধিং কৃত্বা
মণিবন্ধে প্রকোষ্ঠে চ কূর্পরে হস্তয়োস্তলে।
করাগ্রে করপৃষ্ঠে চ করশুদ্ধি রুদাহৃতা॥

ওমিতি মূল মন্ত্রেণ ত্রিঃ প্রাণায়ামং বা রেচকত্রয়ং কৃত্বা

"ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্" ॥ ১

"সর্বতঃ পাণিপাদং তৎ সর্বতোঽক্ষি শিরোমুখম্।
সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি" ॥ ২

ইতি হৃদয়ায় নমঃ, শ্রীমদৈশ্বরাত্মনে ছন্দসে শিরসি স্বাহা,

"স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা, জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি সর্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ"

শ্রীমচ্ছক্ত্যাত্মনে শ্রীবেদব্যাসায় শিখায়ৈ বষট্।

"কবিং পুরাণমনুশাসিতারমণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ।
সর্বস্য ধাতারমচিন্ত্যরূপমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ" ॥ ৪

শ্রীমদ্ বলাত্মনে বলভদ্র রামায় কবচায় হুম্।

"যদাদিত্যগতং তেজো জগৎ ভাসয়তেঽখিলম্।
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্" ॥ ৫

শ্রীমত্তেজসাত্মনে শ্রীকৃষ্ণায় নেত্রত্রয়ায় বৌষট্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্ ।
ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ" ॥ ৬
শ্রীমদ্‌বিজয়াত্মনে গাণ্ডীবধন্বিনে শ্রীমদর্জ্জুনায় অস্ত্রায় ফট্ ।
ওঁ ভূর্ভুবঃ স্বরোমিতি দিগ্বন্ধঃ ॥
ইতি শ্রীমদ্‌ভগবদ্‌গীতা কবচম্ । শ্রীকৃষ্ণায়ার্পণমস্তু ।

গীতাপাঠ বিধি

শুচি হইয়া পূর্ব্বমুখে আসনে বসিয়া গীতাগ্রন্থের পূজা করিবে। পরে মঙ্গলাচরণ পাঠ সমাপ্ত করিয়া তিনবার শ্রীহরির নাম উচ্চারণ করিয়া গীতাপাঠ আরম্ভ করিবে।

ম ঙ্গ লা চ র ণ

অথ শ্রীমদ্‌ভগবদ্‌গীতা প্রারভ্যতে ।

ওঁ অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্ ।
তৎ পদং দর্শিতং যেন তস্মৈ শ্রী গুরবে নমঃ ॥

অখণ্ড মণ্ডলাকারে ব্যাপ্ত যিনি চরাচরে,
সে পদ দেখান যিনি নমি সেই শ্রীগুরুরে ।

যাগীশাদ্যা সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে ।
যং নত্বা কৃত কৃত্যাস্যু স্তং নমামি গজাননম্ ॥

দেব গুরু আদি জ্ঞানী যাঁ'রে কর্মারম্ভ ক্ষণে,
নমিয়া লভেন সিদ্ধি, নমি সেই গজাননে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণায়াম :

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসাপুট টিপিয়া 'ওঁ' অথবা ইষ্ট মন্ত্র চারিবার জপ করিতে করিতে বামনাসা দ্বারা বায়ু আকর্ষণ (পুরক)

পরে দক্ষিণহস্তের অনামিকা ও কনিষ্ঠা দ্বারা বামনাসা টিপিয়া বায়ু স্তম্ভন করতঃ ১৬ বার ঐ মন্ত্র জপ (কুম্ভক)

পরে ৮ বার ঐ মন্ত্র জপ করিতে করিতে অঙ্গুষ্ঠ তুলিয়া লইয়া দক্ষিণ নাসা পথে বায়ু ত্যাগ (রেচক) (১)।

এইরূপ পুনঃ দক্ষিণ নাসাপথে বায়ু আকর্ষণ, উভয়নাসা টিপিয়া বায়ুস্তম্ভন ও পরে বামনাসা পথে বায়ু রেচন (২)।

পুনরায় বাম নাসায় বায়ু আকর্ষণ, উভয় নাশা টিপিয়া স্তম্ভন ও দক্ষিণ নাসা পথে বায়ু রেচন (৩)।

সঙ্কল্প

বিষ্ণুরোঁম তৎসদদ্য অমুকে মাসি, অমুকে পক্ষে, অমুক তিথৌ, অমুক গোত্রঃ শ্রীঅমুক শর্ম্মণঃ (পরার্থে অমুকগোত্রস্য অমুকস্য) শ্রীকৃষ্ণ প্রীতিকামঃ (কিম্বা কাহারো পিতৃলোকের স্বর্গার্থে—অমুক গোত্রস্য পিতুঃ অমুকস্যস্বর্গকামঃ) শ্রীকৃষ্ণ-দ্বৈপায়নাভিধান-মহর্ষি বেদব্যাস প্রোক্ত-জয়াখ্য-মহাভারত অন্তর্গত ভীষ্মপর্ব্বীয় ধৃতরাষ্ট্র উবাচ—"ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ"—ইত্যাদি—তত্র শ্রীর্বিজয়োভূতি ধ্রুবা-নীতির্মতির্মম"—ইত্যন্ত—শ্রীমদ্‌ভগবদ্‌ গীতা সংহিতোপনিষৎ পাঠ কর্ম্মাহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋষ্যাদিন্যাসঃ—ওঁ অস্য শ্রীমদ্‌ভগবদ্ গীতামালা মন্ত্রস্য শ্রীভগবান্ বেদব্যাস ঋষিঃ, অনুষ্টপ্ ছন্দঃ, শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা, "অশোচ্যান্ অন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্, "সর্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ, "অহং ত্বাং সর্ব পাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ইতি কীলকম্।

করন্যাসঃ—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি তর্জ্জনীভ্যাং স্বাহা। "অচ্ছেদ্যোঽয়ম্ অদাহ্যোঽয়ম্ অক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি মধ্যমাভ্যাং বষট্। "নিত্য সর্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি অনামিকাভ্যাং হুম্। "পশ্য মে পার্থ রূপাণি শত শোঽথ সহস্রশঃ" ইতি কনিষ্ঠাভ্যাং বৌষট্। "নানাবিধানি দিব্যানি নানা বর্ণাকৃতীনি চ" ইতি করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ইতি করন্যাসঃ।

অঙ্গন্যাসঃ—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি হৃদয়ায় নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি শিরসে স্বাহা। "অচ্ছেদ্যোঽয়ম্ অদাহ্যোঽয়ম্ অক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি শিখায়ৈ বষট্। "নিত্য সর্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি কবচায় হুম্। পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি নেত্রত্রয়ায় বৌষট্। "নানা বিধানি দিব্যানি নানাবর্ণা কৃতীনি চ" ইতি করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ইতি অঙ্গন্যাসঃ।

শ্রীকৃষ্ণ প্রীত্যর্থং শ্রীশ্রীগীতাপাঠে বিনিযোগঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ শ্রীহয়গ্রীবায় নমঃ

শুক্লাম্বর ধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজম্ ।
প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্ব্ব বিঘ্নোপশান্তয়ে ॥ ১
চন্দ্রাভ প্রসন্ন বিষ্ণু শুক্লাম্বরধারী,
বিঘ্নশান্তি তরে স্মরি চতুর্ভুজ হরি ।

নারায়ণং নমস্কৃত্য নরং চৈব নরোত্তমম্ ।
দেবীং সরস্বতীং চৈব ততো জয়মুদিরয়েৎ ॥ ২
নমি' নর নরোত্তম নমঃ করি' নারায়ণ,
নমি' দেবী সরস্বতী কর জয় উচ্চারণ ।

ব্যাসং বশিষ্ঠ-নপ্তারং শক্তেঃ পৌত্রমকল্মষম্ ।
পরাশরাত্মজং বন্দে শুকতাতং তপোনিধিম্ ॥ ৩
বন্দি ব্যাসে-শক্তি, পৌত্র, পরাশর সুত,
বশিষ্ঠ প্রপৌত্র, পূত শুকদেব তাত ।

ব্যাসায় বিষ্ণুরূপায় ব্যাস রূপায় বিষ্ণবে ।
নমো বৈ ব্রহ্মবিধয়ে বাশিষ্ঠায় নমো নমঃ ॥ ৪
নমি ব্যাসরূপী বিষ্ণু, বিষ্ণুরূপী ব্যাসে,
প্রণমি বাশিষ্ঠে ব্রহ্ম-জ্ঞান যে প্রকাশে ।

অচতুর্ব্বদনো ব্রহ্মা দ্বিবাহুরপরো হরিঃ ।
অভাললোচনঃ শম্ভুর্ভগবান্ বাদরায়ণঃ ॥ ৫
নাহি চারি মুখ বাহু নাহি ভালে ত্রিনয়ন,
হে ব্যাস, তথাপি তুমি ব্রহ্মা বিষ্ণু পঞ্চানন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাধ্যানম্

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ম্
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যে মহাভারতে।
অদ্বৈতামৃত বর্ষিনীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী
অম্ব ! ত্বামনুসন্দধামি ভগবদ্গীতে ভবদ্বেষিণীম্॥ ১

পার্থে প্রবোধিতে দেন নিজে নারায়ণ,
ব্যাসের রচিত গীতে ভারতে ভাষণ।
অদ্বৈত অমৃত গীত অষ্টাদশ জ্ঞান,
ভববন্ধ হরা মাতঃ করি তোমা' ধ্যান।

নমোঽস্তু তে ব্যাস বিশালবুদ্ধে ফুল্লার বিন্দায়তপত্রনেত্র।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ॥ ২

প্রণমি বিজ্ঞানী ব্যাস কমলনয়ন,
ভারতে জ্বালিলে দীপ জ্ঞান প্রস্রবণ।

বসুদেবসুতং দেবং কংস-চাণূরমর্দ্দনম্।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্॥ ৩

জগৎগুরু বাসুদেব দেবকীনন্দন,
বন্দি কৃষ্ণে কংসারি ও চাণূরমর্দন।

নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যে সনাতনম্॥ ৪

প্রণমি মহান্ ধর্মে, প্রণমি শ্রীকৃষ্ণেতথা,
ব্রাহ্মণে নমিয়া বলি সনাতন ধর্মকথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রপন্নপারিজাতায় তোত্র বেত্রৈকপাণয়ে।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ ॥ ৫

আশ্রিতের কল্পতরু হে চালক হরি,
গীতাসুধা জ্ঞানদাতা তোমা' নমঃ করি।

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎ কৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ৬

যা'তে পঙ্গু লঙ্ঘে গিরি বোবা কথা কয়,
বন্দি সে মাধব পদ পরানন্দময়।

ভীষ্ম-দ্রোণ তটা জয়দ্রথ জলা গান্ধার নীলোপলা।
শল্য গ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা।
অশ্বত্থাম-বিকর্ণ-ঘোর-মকরা দুর্য্যোধনাবর্ত্তিনী।
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকে কেশবে ॥ ৭

ভীষ্ম দ্রোণ দুটি তীর জয়দ্রথ জল,
কুম্ভীর স্বরূপ শল্য গান্ধার উপল,
কৃপ স্রোত, কর্ণ তাহে আকুলিত বেলা,
দ্রোণী ও বিকর্ণ করে মকরের খেলা,
সেই রণ নদী মাঝে ঘূর্ণী দুর্যোধন,
কেশব কাণ্ডারী, তরে পাণ্ডু পুত্রগণ।

সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৮

সর্বোপনিষদ্ ধেনু, দোহে নন্দ সুত,
পার্থ বৎস, সুধী ভোক্তা, দুগ্ধ গীতামৃত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারাশর্য্য-বচঃ সরোজমমলং গীতার্থগন্ধোৎকটং
নানাখ্যানক-কেশরং হরিকথা-সম্বোধনা-বোধিতম্ ।
লোকে সজ্জন-ষট্‌পদৈ রহরহঃ পেপীয়মানং মুদা
ভূয়াদ্ ভারতপঙ্কজং কলিমল প্রধ্বংসি নঃ শ্রেয়সে ॥ ৯

ব্যাসবাণী সরোজিনী সুভাষ দায়িনী,
হরিকথাময়ী গীতা কেশর কাহিনী,
মধুপ সুজন সদা করে মধু পান,
হে ভারত নাশি' পাপ কর শুভ দান।

যং ব্রহ্মা বরুণেন্দ্র-রুদ্র-মরুত স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈঃ
বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ।
ধ্যানাবস্থিত-তদ্‌গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥ ১০

ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র আর বরুণ পবন,
করেন যাঁহার স্তব সদা সর্বক্ষণ,
সামগায়িগণ গাহে বেদোপনিষদে,
দেখেন যোগিরা যাঁ'রে সমাহিত হৃদে,
সুরাসুরগণ অন্ত না জানেন যাঁ'র,
সেই দেবতাকে আমি করি নমস্কার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়॥ ১

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ॥ ২
পশ্যৈতাং পাণ্ডুপুত্রানামাচার্য্য! মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা॥ ৩
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ॥ ৪
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ॥ ৫
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ॥ ৬
অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে॥ ৭

ধৃতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয়, ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্রে আমার পুত্রগণ আর পাণ্ডুপুত্রগণ যুদ্ধাভিলাষে মিলিত হইয়া কি করিল (২) সঞ্জয় কহিলেন, হে রাজন্, পাণ্ডবসেনাকে ব্যূহাকারে অবস্থিত দেখিয়া রাজা দুর্য্যোধন তখন দ্রোণাচার্য্যের নিকট বলিলেন (৩) গুরুদেব! দেখুন আপনার শিষ্য ধীমান্ ধৃষ্টদ্যুম্ন বিপুল পাণ্ডবসৈন্যের ব্যূহ রচিয়াছেন (৪) এই পাণ্ডবসেনা-দলে ভীমার্জ্জুন তুল্য মহাবীর ও ধনুর্দ্ধারী সাত্যকি, বিরাট, দ্রুপদ (৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধৃতরাষ্ট্র কহিলেন, বলহে সঞ্জয়!

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে মিলি' চাহি' রণ,
কি করিল মম পুত্র পাণ্ডুপুত্রগণ। ১

সঞ্জয় কহিলেন,

পাণ্ডবের সৈন্য ব্যূহ দেখিয়া রাজন্,
আচার্য সমীপে ক'ন রাজা দুর্যোধন। ২
দেখুন রচেছে ব্যূহ পাণ্ডব সেনার,
ধীমান দ্রুপদ পুত্র শিষ্য আপনার। ৩
হেথা বীর ধনুর্দ্ধারী ভীমার্জুন মত,
সাত্যকি বিরাট আর দ্রুপদাদি কত। ৪
ধৃষ্টকেতু চেকিতান বীর কাশীশ্বর,
পুরুজিত কুন্তিভোজ শৈব্য বীরবর। ৫
যুধামন্যু উত্তমৌজা অভিমন্যু বীর,
দেখুন হেথায় পঞ্চ পুত্র দ্রৌপদীর। ৬
মোর পক্ষ সেনাধ্যক্ষ যাঁ'রা দ্বিজবর,
শুনুন তাঁ'দের নাম বলি অতঃপর। ৭

ধৃষ্টকেতু, চেকিতান্, কাশীশ্বর, পুরুজিত, কুন্তিভোজ, মহাবীর শৈব্য এবং (৬) যুধামন্যু, উত্তমৌজা, অভিমন্যু আর দ্রৌপদীর পঞ্চপুত্র উপস্থিত, ইহারা সকলেই মহারথী (৭) হে দ্বিজোত্তম! আমাদের পক্ষের যাঁহারা প্রধান, আপনার অবগতির জন্য তাঁহাদের নামও বলিতেছি শ্রবণ করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তিস্তথৈব চ॥ ৮
অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ॥ ৯
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্॥ ১০
অয়নেষু চ সর্ব্বেষু যথা ভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি॥ ১১
তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্॥ ১২
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক-গোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ॥ ১৩
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥ ১৪
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥ ১৫

(৮) আপনি নিজে, ভীষ্ম, কর্ণ, রণজয়ী কৃপাচার্য, অশ্বত্থামা, বিকর্ণ এবং রাজা ভূরিশ্রবা (৯) আমাদের জন্য প্রাণ দিতে প্রস্তুত এইরূপ আরও বহু রণদক্ষ, নানাশস্ত্রসজ্জিত বীর এখানে উপস্থিত (১০) আমাদের সেনাপতি ভীষ্মের সেনাবল প্রচুর কিন্তু ও পক্ষের ভীমের সেনা পরিমিত (১১) এখন আপনারা সকলে যাঁর যাঁর ভাগমত ব্যূহপথে থাকিয়া পিতামহ ভীষ্মকে রক্ষা করুন (১২) তখন দুর্যোধনের মনে হর্ষ সৃষ্টির জন্য কুরু-বৃদ্ধ পিতামহ প্রতাপশালী ভীষ্ম উচ্চৈঃস্বরে সিংহনাদে শঙ্খধ্বনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনি ও ভীষ্ম কর্ণ রণজয়ী কৃপ,
অশ্বত্থামা বিকর্ণ ও ভূরিশ্রবা নৃপ। ৮
আরো বহু রণদক্ষ বীর মোর হিতে,
নানা শস্ত্র সাজে সবে আছে প্রাণ দিতে। ৯
অপর্যাপ্ত সেনাবল ভীষ্ম সুরক্ষিত,
ভীমের রক্ষিত সৈন্য কিন্তু পরিমিত। ১০
নিজ নিজ স্থানে মিলি' যথাভাগ মতে,
দেখুন ভীষ্মকে সবে থাকি' ব্যূহ পথে। ১১
দুর্যোধন চিত্তে এবে হর্ষ সৃষ্টি তরে,
ভীষ্ম উচ্চে সিংহনাদে শঙ্খ ধ্বনি করে। ১২
সঙ্গে সঙ্গে শঙ্খ ভেরী গোমুখাদি বোল,
পনবানকাদি বাদ্যে ওঠে মহারোল। ১৩
তখন শ্বেতাশ্বযুক্ত মহারথোপরে,
কৃষ্ণার্জুন থাকি' দিব্য শঙ্খধ্বনি করে। ১৪
'পাঞ্চজন্য', 'দেবদত্ত' কৃষ্ণার্জুন ধরে,
বৃকোদর মহাশঙ্খ 'পৌণ্ড্রে' ধ্বনি করে। ১৫

করিলেন (১৩) সঙ্গে সঙ্গে শঙ্খ, ভেরী, ঢাক, ঢোল, নাগড়া, শৃঙ্গাদি রণবাদ্য বাজিয়া উঠিল এবং সেই শব্দ তুমুল হইল (১৪) তখন শ্বেতাশ্বযুক্ত মহারথে শ্রীকৃষ্ণ ও অর্জুন দুইটি দিব্য শঙ্খে ধ্বনি করিলেন (১৫) শ্রীকৃষ্ণ বাজাইলেন "পাঞ্চজন্য," অর্জুন—"দেবদত্ত," ভীম "পৌণ্ড্র" নামক মহাশঙ্খ বাজাইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ—মণিপুষ্পকৌ॥ ১৬
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ॥ ১৭
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীং চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্॥ ১৯
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে॥ ২০

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত॥ ২১
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে॥ ২২
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ॥ ২৩

(১৬) যুধিষ্ঠির বাজাইলেন 'অনন্তবিজয়', নকুল-'সুঘোষ', সহদেব 'মণিপুষ্প'
(১৭) কাশীশ্বর, শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, সাত্যকি আর -যত ধনুর্দ্ধর এবং
(১৮) অভিমন্যু, দ্রুপদ ও দ্রৌপদীর পঞ্চপুত্র স্ব স্ব শঙ্খ বাজাইলেন
(১৯) ভূমি-নভে সেই শব্দের প্রতিধ্বনিতে কৌরব হৃদয় বিদীর্ণ করিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুধিষ্ঠির ধরে শঙ্খ 'অনন্ত বিজয়',
'সুঘোষ' ও 'মণিপুষ্প' মাদ্রীসুতদ্বয়। ১৬
ধৃষ্টদ্যুম্ন শিখণ্ডী ও বীর কাশীশ্বর,
বিরাট সাত্যকি আর যত ধনুর্দ্ধর, ১৭
অভিমন্যু দ্রুপদ ও দ্রৌপদেয় আদি,
সাড়া দেয় যাঁ'র যাঁ'র নিজ শঙ্খ নাদি'। ১৮
সেই শব্দ ভূমি-নভে তুমুল ধ্বনিয়া,
বিদারিত করে যত কৌরবের হিয়া। ১৯
কুরুপক্ষ সমুদ্যত শস্ত্র হানিবারে,
দেখি' পার্থ তুলি' ধনু বলে কেশবেরে। ২০

অর্জুন কহিলেন,

উভয় সেনার মাঝে করি' সংস্থাপন,
মম রথ হে অচ্যুত! রাখ ততক্ষণ, ২১
যতক্ষণ দেখি কে কে অবস্থিত রণে,
এই রণ সমুদ্যম কাহাদের সনে। ২২
কোন কোন বীর এই যুদ্ধ ইচ্ছা করে,
দুষ্টবুদ্ধি দুর্যোধন প্রেয় সিদ্ধি তরে। ২৩

(২০) কুরুপক্ষ শস্ত্রক্ষেপে উদ্যত দেখিয়া পার্থ ধনু তুলিয়া কহিলেন (২১) হে অচ্যুত, উভসেনা মধ্যে রথ রাখ (২২) দেখি কে কে এখানে, কাহাদের সঙ্গে এই রণোদ্যম (২৩) দুর্বুদ্ধি দুর্যোধনকে তোষিতে কে কে এখানে সমাগত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্॥ ২৪
ভীষ্ম-দ্রোণ প্রমুখতঃ সর্ব্বেষাং চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি॥ ২৫
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ভ্রাতৄন্পুত্রান্পৌত্রান্সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি॥ ২৬
তান্ সমীক্ষ্য সকৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ॥ ২৭

অর্জ্জুন উবাচ।

দৃষ্টেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখং চ পরিশুষ্যতি॥ ২৮
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্‌চৈব পরিদহ্যতে॥ ২৯
ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব॥ ৩০
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ॥ ৩১

(২৪) হরি পার্থের কথামত রথ রাখিয়া (২৫) কহিলেন, দেখ এখানে ভীষ্ম, দ্রোণ, কর্ণাদি কুরুগণ (২৬) পার্থ তথায় পিতামহ, গুরু, তাত, পুত্র, পৌত্র, ভ্রাতা, শ্বশুর, মাতুল, মিত্রদের দেখিলেন এবং (২৭) দয়ার্দ্রচিত্তে বলিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় কহিলেন,

হে রাজন্, অর্জুনের কথামত হরি,
উভ সৈন্য মধ্যে রথ রাখি' স্থির করি'। ২৪
কহিলেন, দেখ পার্থ! হেথা রণোদ্যত,
ভীষ্ম-দ্রোণ-কর্ণ আদি কুরু যোদ্ধা যত। ২৫
পিতামহ গুরু তাত পুত্র পৌত্র ভ্রাতা,
মাতুল শ্বশুর মিত্র দেখে পার্থ তথা। ২৬
সেই সব স্বজনেরে দেখি' পার্থ রণে,
বিষাদিত হ'য়ে বলে দয়াযুক্ত মনে। ২৭

অর্জুন কহিলেন,

দেখিয়া যুদ্ধার্থে স্থিত এ সব স্বজন,
দেহ মোর অবসন্ন বিশুষ্ক বদন। ২৮
কাঁপিছে শরীর মোর রোমহর্ষ হয়,
গাণ্ডীব খসিছে হাতে অঙ্গ জ্বালাময়। ২৯
নাহি পারি স্থির হ'তে ঘোরে যেন মন,
দেখিতেছি আমি হরি যত অলক্ষণ। ৩০
নাহি দেখি রণে শ্রেয়ঃ স্বজনেরে মারি',
রাজ্য-জয়-সুখ কিছু নাহি চাহি হরি। ৩১

(২৮) ইহাদের রণে দেখিয়া আমার দেহ অবসন্ন, কম্পিত, মুখ বিশুষ্ক, অঙ্গ রোমাঞ্চিত, গাণ্ডীব করচ্যুত, গাত্রদগ্ধপ্রায় (৩০) আমি অস্থির, মন ঘুরিতেছে অলক্ষণ দেখিতেছি (৩১) স্বজন বধে শ্রেয়ঃ দেখি না, রাজ্য-জয়-সুখ চাহিনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ॥ ৩২
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ॥ ৩৩
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন॥ ৩৪
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন॥ ৩৫
পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব॥ ৩৬
যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্॥ ৩৭
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জ্জনার্দ্দন॥ ৩৮
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত॥ ৩৯

(৩২) বল সখা, রাজ্য-প্রাণ-ধনে কি কাজ ? যে জন্য রাজ্য-ভোগ-সুখ ভাবি, (৩৩) সেই গুরু, পিতামহ, তাত, পুত্রগণ ধনপ্রাণের আশা ছাড়িয়া দেখ আজ রণোদ্যত (৩৪) মাতুল, শ্বশুর, পৌত্র, শালা স্বজনদের বধিতে চাহিনা, যদি হত হই তবুও না (৩৫) পৃথিবীত ছার, ত্রিলোকের জন্যও না ধৃতরাষ্ট্র পুত্রদের বধিয়া কি সুখ হইবে (৩৬) উহারা আততায়ী, তথাপি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিবা কাজ বল সখা রাজ্য-প্রাণ ধনে,
যা'র জন্য রাজ্য-ভোগ-সুখ ভাবি মনে। ৩২
ধন-প্রাণ আশা ছাড়ি' তা'রা হেথা রণে,
হেথা গুরু পিতামহ তাত পুত্রগণে। ৩৩
মাতুল শ্বশুর পৌত্র শালা স্বজনাদি,
বধিতে না চাহি তবু হই হত যদি। ৩৪
পৃথিবীত' ছার, যদি পাই ত্রিভুবন,
কোথা শান্তি বধি বন্ধু ধার্তরাষ্ট্রগণ। ৩৫
আততায়ী ওরা তবু বধে পাপী হ'ব,
অনুচিত জ্ঞাতি বধে কিসে সুখ পা'ব। ৩৬
লোভে ওরা অভিভূত পাপ নাহি ভাবে,
কুলক্ষয়-মিত্রদ্রোহ দোষেতে যা' হ'বে। ৩৭
মোরা কেন জানিয়াও কুলক্ষয়ী রণ,
বিরত হ'বনা এ'তে বল জনার্দন। ৩৮
কুলক্ষয়ে সনাতন কুল ধর্ম নাশ,
ধর্ম নষ্টে অধর্মেতে সর্ব কুল গ্রাস। ৩৯

বধিলে পাপই হইবে, আর জ্ঞাতি নাশিয়া কিভাবে সুখী হইব (৩৭) লোভে উহারা অভিভূত, তাই কুলক্ষয়ের ও মিত্রদ্রোহের পাপ ভাবে না। (৩৮) কিন্তু এই রণ কুলক্ষয়ী জানিয়াও আমরা কেন ইহা হইতে ক্ষান্ত হইব না (৩৯) কুলক্ষয়ে সনাতন কুলধর্ম নষ্ট হয়, ধর্মনষ্টে সমস্ত কুলই নষ্ট হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয়! জায়তে বর্ণসঙ্করঃ॥ ৪০
সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ॥ ৪১
দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ॥ ৪২
উৎসন্ন-কুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম॥ ৪৩
অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ॥ ৪৪
যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ॥ ৪৫

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ ৪৬

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে অর্জ্জুনবিষাদযোগো নাম প্রথমোঽধ্যায়ঃ।

৪০) অধর্ম কুলবধূদের ভ্রষ্টা করে, এই ভ্রষ্টা নারী হইতেই বর্ণসঙ্করের উদ্ভব হয় (৪১) কুলঘ্নের ও কুলের নরক ভোগের জন্যই বর্ণ সঙ্কর হয়, জলপিণ্ড অভাবে পিতৃগণ নরকে পতিত হয় (৪২) কুলঘ্নের এই বর্ণ সঙ্কর কারক দোষে শাশ্বত জাতিধর্ম ও কুলধর্ম নষ্ট হয় (৪৩) যা'র কুলধর্ম নষ্ট হয় তা'র নিয়ত নরক বাস হয়, বৃদ্ধ পরম্পরায় ইহা শুনিয়াছি (৪৪) মহাপাপ কর্মে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্মেই করে ভ্রষ্টা কুল-বধূদের,
ভ্রষ্টা নারী হ'তে সৃষ্টি বর্ণ সঙ্করের। ৪০
কুলঘ্ন ও কুল এ'তে নরকেতে যায়,
জল-পিণ্ড বিনে পড়ে পিতৃগণ তা'য়। ৪১
সঙ্কর কারক দোষে কুলঘ্নেরা যত,
নিত্য জাতি-কুল ধর্ম করে উৎসাদিত। ৪২
কুল ধর্ম হন্তা সদা নরকেতে রয়,
শুনেছি হে জনার্দন! শাস্ত্রে হেন কয়। ৪৩
মহাপাপ কর্মে হরি! এবে মোরা রত,
রাজ্য-সুখ লোভে মোরা বন্ধু বধোদ্যত। ৪৪
অনুদ্যম শস্ত্র হীন মোরে ওরা পেয়ে,
যদি বধে সেও শ্রেয়ঃ অধর্মের চেয়ে। ৪৫

সঞ্জয় কহিলেন,

হে রাজন্! শোকাকুল চিত্তে ধনঞ্জয়,
এত বলি' ধনু ছাড়ি' রথে বসি' রয়। ৪৬

অর্জুনবিষাদযোগ নামে ১ম অধ্যায় সমাপ্ত।

আমরা এখন উদ্যত, রাজ্য, জয় এবং সুখের লোভে আমরা এখন বন্ধু বধে উদ্যত (৪৫) এখানে অনুদ্যম এবং শস্ত্রহীন অবস্থায় পাইয়া ধৃতরাষ্ট্রের পুত্রগণ যদি আমাকে বধ করে, এই অধর্মের চে.য় তাহাও শ্রেয়ঃ বলিয়া মনে করি। (৪৬) সঞ্জয় কহিলেন, হে রাজন্! এই কথা বলিয়াই অর্জুন তখন ধনুর্বাণ ছাড়িয়া শোকাকুল চিত্তে রথে বসিয়া পড়িলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় উবাচ ।

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্ ।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥ ১

শ্রীভগবানুবাচ ।

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্ ।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥ ২

ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে ।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩

অর্জ্জুন উবাচ ।

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণং চ মধুসূদন ।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥ ৪

গুরূনহত্বাহিমহানুভাবান্‌শ্রেয়োভোক্তুং ভৈক্ষ্যমপীহলোকে ।
হত্বার্থকামাংস্তুগুরূনিহৈব, ভুঞ্জীয়ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥ ৫

ন চৈতদ্‌বিদ্মঃ কতরন্নোগরীয়ো, যদ্বাজয়েমযদি বা নো জয়েয়ুঃ ।
যানেবহত্বা ন জিজীবিষাম, স্তেঽবস্থিতাঃপ্রমুখেধার্ত্তরাষ্ট্রাঃ ॥ ৬

---

(১) সঞ্জয় কহিলেন, হে রাজন্ ! শ্রীমধুসূদন তখন শোকাকুল, বিষ[ণ্ণ] ও সজলনয়ন পার্থকে দেখিয়া ইহা বলিলেন (২) শ্রীকৃষ্ণ কহিলেন, [হে] অর্জ্জুন, এই সঙ্কটের সময় কেন তোমার এইরূপ আর্য অনুচিত, অস্বর্গ্য এব[ং] অকীর্তিকর মোহ উপস্থিত হইল (৩) কাতরতা ছাড়, ইহা তোমার যোগ[্য] নয়, হৃদয়ের তুচ্ছ দুর্বলতা ছাড়িয়া অর্জ্জুন, ওঠো (৪) অর্জ্জুন কহিলেন, [হে] মধুসূদন, কি ভাবে আমি এই পূজনীয় ভীষ্ম ও দ্রোণের সহিত বাণক্ষে[প] করিয়া যুদ্ধ করিব (৫) গুরুজনদিগকে হত্যা না করিয়া বরং ভিক্ষা[ন্ন] ভোজনও শ্রেয়ঃ, ইহাদের হত্যাতে রুধির লিপ্ত অর্থ ও রাজ্য ভোগ ক[রা]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana[si]

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় কহিলেন,

শোকাকুল বিষণ্ণ ও সজলনয়ন,
পার্থকে দেখিয়া ক'ন শ্রী মধুসূদন। ১

শ্রীকৃষ্ণ কহিলেন,

এ সঙ্কটে কেন হ'ল এ মোহ উদিত,
অস্বর্গ্য, অকীর্তিকর, আর্যঅনুচিত। ২
হেন ক্লৈব্য ছাড়, ইহা তব যোগ্য নয়,
তুচ্ছ হৃদি দৈন্য ছাড়ি' উঠ ধনঞ্জয়। ৩

অর্জুন কহিলেন,

কেমনে এ রণে বাণ, করিব ক্ষেপন,
হেন পূজ্য ভীষ্ম-দ্রোণে হে মধুসূদন। ৪
ভিক্ষান্ন ভোজন শ্রেয়ঃ গুরু হত্যা ছাড়ি',
গুরুরক্ত-লিপ্ত রাজ্য ভোগ কেন করি। ৫
এ রণে বিজয়ী হই কিম্বা মোরা হারি,
কি যে ভাল তাহা আমি বুঝিতে না পারি,
বাঁচিতে চাহি না করি', যা'দের নিধন,
দাঁড়ায়ে সম্মুখে সেই জ্ঞাতি বন্ধুগণ। ৬

হইবে (৬) এই যুদ্ধে জয় বা পরাজয় কোন্‌টি যে শ্রেয়ঃ তাহা বুঝিতে পারিতেছি না। যাহাদের বধ করিয়া আমরা বাঁচিতে চাহি না, সেই জ্ঞাতিগণকেই রণমুখে অবস্থিত দেখিতেছি।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্পণ্য দোষোপহতস্বভাবঃ পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃস্যান্নিশ্চিতংব্রূহিতন্মে শিষ্যস্তেঽহং শাধিমাংত্বাংপ্রপন্নম্॥
ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাদ্ যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্॥ ৮

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূব হ॥ ৯
তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে বিষীদন্তমিদং বচঃ॥ ১০

শ্রীভগবানুবাচ।

অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ॥ ১১
ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃপরম্॥ ১২
দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি॥ ১৩

১ (৭) দীনচিত্ত, কুলক্ষয়েভীত, ধর্মজ্ঞানহীন আমাকে যাহা নিশ্চিত শ্রেয়ঃ সেইটি বল, আমাকে উপদেশ দাও, আমি তোমার শরণাগত শিষ্য (৮) শত্রুহীন সমৃদ্ধ রাজ্য যদি পাই, এমন কি ইন্দ্রত্বও যদি পাই তবু চিত্ত শোষক এই শোকে শান্তি দেখি না (৯) সঞ্জয় কহিলেন, পার্থ শ্রীহরিকে ইহা বলিয়া 'যুদ্ধ করিব না' বলিয়া মৌন হইলেন (১০) উভয় সেনার মধ্যে ক্ষুণ্ণ পার্থকে তখন শ্রীহরি যেন হাসিমুখে এই কথা বলিলেন (১১) মুখে বিজ্ঞের মত কথা অথচ অশোচ্য বিষয়ে শোক করিতেছ। আত্মীয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্মে মূঢ় দীনচিত্ত কুলক্ষয়ে ভীত,
শ্রেয়ঃ শিক্ষা যাচে শিষ্য তব পদাশ্রিত। ৭
অশত্রু সমৃদ্ধ রাজ্য ইন্দ্রত্ব বা পাই,
ইন্দ্রিয় শোষক শোকে তবু শান্তি নাই। ৮

সঞ্জয় কহিলেন,

হে রাজন্, হেন উক্তি করি' ধনঞ্জয়,
"করিবনা রণ" বলি' মৌনভাবে রয়। ৯
উভয় সেনার মাঝে বিষণ্ণ পার্থকে,
বলে ইহা হৃষীকেশ যেন হাসিমুখে। ১০

শ্রীকৃষ্ণ কহিলেন,

অশোচ্যেতে কর শোক মুখে বিজ্ঞবাণী,
জীবিতে বা মৃতে শোক করে নাক জ্ঞানী। ১১
তুমি আমি নৃপগণ ছিনু না তা' নয়,
থাকিবনা পরে সবে তাও নাহি হয়। ১২
শৈশব যৌবন জরা যথা দেহী-দেহে,
তথা দেহান্তর তাহে জ্ঞানী মুগ্ধ নহে। ১৩

অভাবে বাঁচিয়া থাকার দুঃখ বা মৃতের জন্য শোক জ্ঞানী কখনও করে না। (১২) তুমি আমি বা এই নৃপগণ ইতিপূর্বে যে ছিলাম না তাহা নয়, পরেও যে থাকিব না তাহাও নয় (১৩) দেহে যেমন শিশু, যুবা, বৃদ্ধ এই তিন অবস্থা হয়, মৃত্যুও তেমনি একটি অবস্থা, জ্ঞানিগণ ইহাতে মুগ্ধ হয় না।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় ! শীতোষ্ণ সুখ দুঃখদাঃ ।
আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥ ১৪
যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ ।
সম দুঃখ সুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫
নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ ।
উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬
অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্ ।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭
অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ ।
অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত ॥ ১৮
য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্ ।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯
ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো, ন হন্যতে হন্যমানে শরীরে ২০

(১৪) বিষয়ের সঙ্গে ইন্দ্রিয়ের সংযোগেই সুখ দুঃখ, শীত উষ্ণাদি বোধ জন্মে, এই সব অনিত্য অনুভূতি তুচ্ছ জ্ঞানে সহ্য করাই যুক্তিযুক্ত (১৫) যে ধীর ব্যক্তি সুখ দুঃখে সমজ্ঞানী, বিষয় স্পর্শে যে ব্যথিত নয়, সেই মোক্ষ লাভের যোগ্য (১৬) অনিত্য বস্তুর স্থায়িত্ব নাই, নিত্য বস্তুরও বিনাশ নাই, তত্ত্বদর্শীগণ এই উভয় তত্ত্বের চরম দ্রষ্টা (১৭) যে সর্ব্বব্যাপ্ত তাহাকে অবিনাশী বলিয়া জানিও, সেই অব্যয় আত্মাকে কেহ বিনাশ করিতে পারে না (১৮) এই দেহ নশ্বর, কিন্তু আত্মা অবিনশ্বর, সে নিত্যবস্তু, অমর, প্রত্যক্ষ প্রমাণের অতীত, তাই যুদ্ধ কর (১৯) তাহাকে যে ব্যক্তি হন্তা বলে অথবা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখ দুঃখ শীত উষ্ণ মাত্রাস্পর্শে হয়,
অনিত্য বোধে তা' সহ্য কর ধনঞ্জয়। ১৪
সুখে দুঃখে সম, ধীর, তা'তে ক্ষুণ্ণ নয়,
হেন চিত্ত অমৃতত্ব লাভে যোগ্য হয়। ১৫
সতের বিনাশ নাই, অসৎ অস্থায়ী.
উভ-তত্ত্ব-অন্ত জানে তত্ত্বদর্শীরাই। ১৬
অবিনাশী জেনো যেই সর্বব্যাপ্ত তা'রে,
অব্যয় সে আত্মা কেহ নাশিতে না পারে। ১৭
এ দেহ নশ্বর কিন্তু দেহী নিত্য ধন,
সে অমর অপ্রমেয় তাই কর রণ। ১৮
উভে অজ্ঞ যা'রা তা'রে হন্তা-হত কয়,
আত্মা নাহি বধে কা'রে নাহি হত হয়। ১৯
নাহি জন্ম, স্থিতি, বৃদ্ধি, পরিণাম, ক্ষয়,
নাহি মৃত্যু, জন্মি' পুনঃ জন্মে তাও নয়,
শরীরের নাশেও সে অবিনাশী রয়। ২০

যে হত বলে, তাহারা উভয়েই অজ্ঞ, কারণ আত্মা কাহাকেও বধও করে না, হতও হয় না (২০) আত্মা ষড়বিকার রহিত, আত্মা কখনও জন্মে না, একবার জন্মিলে পুনরায় আবার হইবে না এমনও নহে, আত্মা সর্বদা সমভাবাপন্ন অপক্ষয় বা হ্রাসহীন এবং পরিণাম শূন্য, শরীরের বিনাশ হয় কিন্তু আত্মা অমর।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্ ।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১
বাসাংসি জীর্ণানি যথা বিহায়, নবানি গৃহ্লাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥২২
নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩
অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়ম ক্লেদ্যোঽশোষ্য এব চ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪
অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে ।
তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫
অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্ ।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥ ২৬
জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭
অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮

---

(২১) এই নিত্য আত্মাকে জন্ম-মৃত্যু-ক্ষয়হীন যে জানে সে কাহাকে কিরূপে বধ করে বা করায় (২২) জীর্ণবস্ত্র ছাড়িয়া নর যেমন নববস্ত্র পরে তেমনি আত্মা জীর্ণদেহ ছাড়িয়া নবদেহ ধারণ করে (২৩) আত্মা অস্ত্রে কাটা যায় না, আগুনে পোড়ে না, বায়ুতে শুষ্ক হয় না, জলেও ভিজে না (২৪) কখনো ছিন্ন, দগ্ধ, শুষ্ক, সিক্ত হয় না, সর্বদা একরূপ, অচল, পরিবর্তনহীন, সর্বগামী ও অনাদি (২৫) সে অব্যক্ত, অচিন্ত্য ও নির্বিকার, তাহাকে এইভাবে জানিয়া শোক ছাড় (২৬) যদি ভাব সে নিত্য জন্মে, নিত্যই মরে,

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্ম-মৃত্যু-ব্যয় হীন জানি' নিত্য তা'রে,
কিভাবে কে করে হত্যা করায় বা কা'রে। ২১
জীর্ণ ছাড়ি' যথা নর নব বস্ত্র পরে,
জীর্ণ দেহ ছাড়ি' দেহী নব দেহ ধরে। ২২
অস্ত্রে নাহি কাটে আত্মা, পোড়েনা অনলে,
বায়ু নাহি করে শুষ্ক নাহি ভিজে জলে। ২৩
ছিন্ন দগ্ধ সিক্ত শুষ্ক না হয় সে ধন,
অ চ ল সর্বগ নিত্য স্থির স না ত ন। ২৪
অচিন্ত্য অব্যক্ত আত্মা চির নির্বিকার,
জানি'তত্ত্ব শোক তাই নহে যোগ্য আর। ২৫
যদিও বা ভাব আত্মা নিত্য জন্মে মরে,
তবু শোক নহে যোগ্য হেন আত্মা তরে। ২৬
হ'লে জন্ম হ'বে মৃত্যু ম'লে জন্ম হ'বে,
জানি' ইহা অনিবার্য শোক কেন তবে। ২৭
আদি অন্তে জীব রহে অব্যক্ত এ ভবে,
ব্যক্ত মাত্র মধ্যেতে সে খেদ কেন তবে। ২৮

তাহাতেই বা শোক কেন (২৭) জন্মিলে মৃত্যু হইবেই, মরিলেও পুনর্জন্ম হয়, তাই অনিবার্য বিষয়ে শোক বৃথা (২৮) জন্মের পূর্বে জীব অব্যক্ত থাকে, তখন সে কি ছিল জানে না, মরণান্তেও কি হইবে জানে না তখনও অব্যক্ত কেবল বর্তমানই ব্যক্ত—জানা যায়, তাই এই বিষয়ে খেদ করা বৃথা।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃশৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ॥
দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি॥ ৩০
স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥ ৩১
যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ! লভন্তে যুদ্ধমীদৃশম্॥ ৩২
অথ চেৎ ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিং চ হিত্বা পাপমবাপ্স্যসি॥ ৩৩
অকীর্ত্তিং চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে॥ ৩৪
ভয়াদ্ রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাং চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্॥ ৩৫
অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্॥ ৩৬

(২৯) আত্মাকে কেহ আশ্চর্যবৎ মনে ভাবে, কেহ বা তাহাকে আশ্চর্যবৎ বলে, কেহ তাহাই শুনে, আবার কেহ শুনেও বোঝে না (৩০) সবার দেহস্থ আত্মাই অবধ্য তাই কাহারও জন্য শোক বৃথা (৩১) স্বধর্ম বিচারেও তোমার কম্পিত হওয়া অনুচিত, কারণ ক্ষত্রিয়ের ধর্মযুদ্ধের তুল্য শ্রেয়স্কর আর কিছু নাই (৩২) অযাচিত এবং মু · স্বর্গদ্বার তুল্য এইরূপ যুদ্ধ ভাগ্যবান ক্ষত্রিয়ই লাভ করে (৩৩) এই ধর্মযুদ্ধ না করিলে স্বধর্ম ও কীর্তি ত্যাগের পাপে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্চর্য রূপে তা' কেহ দেখে কেহ কহে,
কেহ শুনে, শুনেও তা' বোধগম্য নহে। ২৯
সবার দেহস্থ আত্মা অবধ্য সদাই,
কা'রো তরে শোক তব নহে যোগ্য তাই। ৩০
স্বধর্ম ও লক্ষ্য করি' কম্প অনুচিত,
ধর্মযুদ্ধ বিনা ক্ষত্রে নাহি কোন হিত। ৩১
অযাচিত হেন প্রাপ্ত যুদ্ধ ঘটে যা'র,
সেই সুখী ক্ষত্র তরে মুক্ত স্বর্গদ্বার। ৩২
নাহি যদি কর হেন ধর্মযুদ্ধ তবে,
স্বধর্ম ও কীর্তি ত্যাগে পাপে লিপ্ত হ'বে। ৩৩
তা'ছাড়া সতত সবে নিন্দিবে তোমায়,
নিজ মৃত্যু হ'তে মানী বেশী গণে তা'য়। ৩৪
ভয়ে ক্ষান্ত রণে ক'বে মহারথী যত,
সমাদৃত ছিলে সেথা হ'বে লঘু কত। ৩৫
বলহীন ভাবি' শত্রু অকথ্য কহিবে,
কিবা হ'বে বেশী দুঃখ তদপেক্ষা ভবে। ৩৬

তোমাকে লিপ্ত হইতে হইবে (৩৪) আর সকলে সর্বদা তোমার নিন্দা করিবে. মানীর নিন্দা মৃত্যুর চেয়েও বেশী (৩৫) মহারথিগণ ভাবিবে—ভয়ে তুমি যুদ্ধে বিরত হইয়াছ, যাহাদের নিকট সম্মানিত ছিলে, তাহাদের নিকট কত লঘু হইবে (৩৬) বলহীন ভাবিয়া শত্রুগণ তোমাকে কত অকথ্য কহিবে, তাহার চেয়ে বেশী দুঃখের আর কি আছে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্ ।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয়! যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥ ৩৭
সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮
এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু ।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ! কর্ম্ম-বন্ধং প্রহাস্যসি ॥ ৩৯
নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে ।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০
ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন ।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১
যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ ।
বেদবাদরতাঃ পার্থ! নান্যদস্তীতি বাদিনঃ ॥ ৪২
কামাত্মানঃ স্বর্গপরাঃ জন্ম-কর্ম্ম ফলপ্রদাম্ ।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥ ৪৩
ভোগৈশ্বর্য্য প্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্ ।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪

---

(৩৭) যুদ্ধে হত হইলে স্বর্গলাভ, জয়ে পৃথিবী লাভ, তাই দৃঢ় চিত্তে যুদ্ধার্থে ওঠো (৩৮) সুখ দুঃখ, লাভালাভ, জয়পরাজয় সমজ্ঞানে যুদ্ধ কর, তবে আর পাপভাগী হইবে না (৩৯) সাংখ্য—আত্মতত্ত্বজ্ঞান বা জ্ঞানযোগ বলিলাম, এখন কর্ম্মযোগ শুন, ইহাতে কর্ম্মজনিত সংসার বন্ধন হইতে মুক্ত হইবে (৪০) কর্ম্মযোগে আরম্ভের নাশ নাই, দোষও নাই, অল্প অনুষ্ঠানেও মহাভয় হইতে ত্রাণ পাওয়া যায় (৪১) ঈশ্বর ভক্তিতে মুক্তি নিশ্চিত, এইরূপ বুদ্ধি কর্ম্মযোগে একটিই, নানা কামনা বশতঃ কামীর বুদ্ধি বহু (৪২) মূঢ়গণ বেদের

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হত হ'লে যা'বে স্বর্গে, মহী পা'বে জয়ে,
ওঠ যুদ্ধে তাই পার্থ, দৃঢ় চিত্ত হ'য়ে। ৩৭
সুখ দুঃখ লাভালাভ জয় পরাজয়,
সমজ্ঞানে কর যুদ্ধ নাহি পাপ ভয়। ৩৮
সাংখ্যতত্ত্ব হ'ল উক্ত শুন কর্মযোগ,
এ জ্ঞানেতে হ'লে নিষ্ঠ, যা'বে কর্মভোগ! ৩৯
এ'তে নাহি প্রত্যবায়—কর্মারম্ভ নাশ,
এ ধর্মের অল্পেতেও ঘুচে মহাত্রাস। ৪০
নিশ্চিতের বুদ্ধি কভু এক ভিন্ন নয়,
অনিশ্চিত বুদ্ধি কিন্তু বহুমুখী হয়। ৪১
ভোগ ভিন্ন তত্ত্ব নাই বলে মূঢ় যত,
বলে বাক্য মনোহর বেদ বাদে রত। ৪২
জন্ম কর্ম ফল প্রদ বহু ক্রিয়াময়,
ভোগৈশ্বর্যে কামাত্মা ও স্বর্গকামী হয়। ৪৩
হেন ভাবে মুগ্ধ যা'রা সদা ভোগ চায়,
তা'দের সে বুদ্ধি কভু সমাধি না পায়। ৪৪

কর্মকাণ্ডের ভোগের কথাই সুমিষ্ট ভাষায় বলে, তাহাদের মতে ইহা ছাড়া অন্য তত্ত্বই নাই (৪৩) জন্ম-কর্ম-ফল প্রদ, বহু ক্রিয়াযুক্ত ভোগৈশ্বর্যে তাহারা সর্বদা কামাত্মা ও স্বর্গকামী হয় (৪৪) এই সব পুষ্পিত সুখকর বাক্যে যে আসক্ত চিত্ত তাহার বুদ্ধি কখনও যোগে তন্ময় হয় না।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রৈগুণ্য-বিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্॥ ৪৫
যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ॥ ৪৬
কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্ম্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি॥ ৪৭
যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমোভূত্বা সমত্বং যোগ উচ্যতে॥ ৪৮
দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ ধনঞ্জয়।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ॥ ৪৯
বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃত - দুষ্কৃতে।
তস্মাদ্ যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্॥ ৫০
কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।
জন্ম - বন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্॥ ৫১

---

(৪৫) বেদে বর্ণিত ত্রিগুণাত্মক কর্ম এবং কর্মফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ কর, সত্ত্বগুণ সম্পন্ন হও, শীত, উষ্ণ, সুখদুঃখাদির দ্বন্দ্ব মুক্ত হও, ধৈর্যশীল হও, অপ্রাপ্ত বস্তু প্রাপ্তি এবং প্রাপ্ত বস্তু রক্ষার চেষ্টা পরিত্যাগ কর, আত্মনিষ্ঠ হও (৪৬) জলপ্লাবিত অঞ্চলে যেমন কূপের কোন প্রয়োজন থাকে না, ব্রহ্মজ্ঞানিগণের পক্ষে বেদের প্রয়োজনও তদ্রূপই (৪৭) কর্মেই তোমার অধিকার, কর্মফলে কখনও যেন তোমার প্রবৃত্তি না হয়, কর্মফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ কর, কিন্তু কর্ম যেন থাকে (৪৮) আসক্তি বর্জন করিয়া যোগস্থ হইয়া কর্ম কর, ফলাফলে সমজ্ঞান করিবে, চিত্তের এই

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদোক্ত ত্রৈগুণ্য কর্ম ছাড়ি' সত্ত্বে রও,
ছাড়ি' দ্বন্দ্ব - যোগক্ষেম আত্মবান হও। ৪৫
প্লাবিত অঞ্চলে যথা কূপে কাজ নাই,
ব্রহ্মজ্ঞানে জ্ঞানীজন বেদে ভাবে তাই। ৪৬
কর্মে শুধু অধিকার ফলে কভু নয়,
ফলাকাঙ্ক্ষা ছাড়, কিন্তু কর্ম যেন রয়। ৪৭
আসক্তি ত্যজিয়া যোগে কর কর্মোদ্যোগ,
ফলাফলে সম দেখ, সমত্বই যোগ। ৪৮
সমজ্ঞানে যোগ শ্রেয়ঃ কাম্য কর্ম হ'তে,
কাম হেয়, ধর যোগ, সাম্যবুদ্ধি মতে। ৪৯
এ জন্মেই জ্ঞানী ত্যজে পাপপুণ্য ভোগ,
হও যোগী, জেনো কর্মে কৌশলই যোগ। ৫০
সমত্ব বুদ্ধিতে জ্ঞানী কর্মফল ছাড়ে,
জন্মবন্ধ মুক্ত হ'য়ে মোক্ষ লাভ করে। ৫১

সমত্বই যোগ (৪৯) সমত্ব বুদ্ধিতে কাম্যকর্ম অপেক্ষা কর্মযোগ শ্রেয়ঃ ; কাম নিকৃষ্ট, অতএব পার্থ, তুমি সমত্ব বুদ্ধির আশ্রয় লও (৫০) জ্ঞানিগণ এই জন্মেই পাপ পুণ্য বর্জন করিয়া থাকে, তুমি যোগযুক্ত হও, কর্মে কৌশলই যোগ জানিবে, ঈশ্বরে সমস্ত কর্ম সমর্পণ করিয়া মোক্ষলাভের কৌশলই যোগ জানিবে (৫১) সমত্ব বুদ্ধিতে জ্ঞানিগণ সমস্ত কর্মফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ করিয়া জন্মবন্ধন মুক্ত হইয়া মোক্ষলাভ করিয়া থাকে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদা তে মোহ-কলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ॥ ৫২
শ্রুতি-বিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি॥ ৫৩

অর্জ্জুন উবাচ।

স্থিত-প্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্॥ ৫৪

শ্রীভগবানুবাচ।

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে॥ ৫৫
দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে॥ ৫৬
যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৫৭
যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৫৮

(৫২) তোমার বুদ্ধি মোহমুক্ত হইলে বেদোক্ত ভাবী কর্মফলে অথবা বেদের কর্মফল প্রশস্তিতে নিস্পৃহ হইবে (৫৩) বেদার্থ শ্রবণে তোমার বিক্ষিপ্ত চিত্ত স্থিরভাবে ঈশ্বরে তন্ময় হইলে সাম্যযোগ রূপ তত্ত্বজ্ঞান পাইবে (৫৪) অর্জুন কহিলেন, হে কেশব, সমাধিস্থ স্থিতপ্রজ্ঞের চিহ্ন কি? তাহার বাক্য, ভাব, স্থিতি, গতি সব বল (৫৫) শ্রীকৃষ্ণ কহিলেন, মনোগত সমস্ত কামনা ছাড়িয়া যে ব্যক্তি আত্মানন্দে থাকে, তাহাকে স্থিতপ্রজ্ঞ কহে (৫৬) যে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তরিবে মোহের ঘোর তব বুদ্ধি যবে,
শ্রোতব্য ও শ্রুত ফলে বীতরাগ হ'বে। ৫২
শ্রুতিতে বিক্ষিপ্ত চিত্ত হ'লে স্থির ভাব,
সমাধিস্থ হ'লে বুদ্ধি হ'বে যোগ লাভ। ৫৩

অর্জুন কহিলেন,

সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ চিহ্ন কি কেশব,
কহ তা'র বাক্য-ভাব-স্থিতি-গতি সব। ৫৪

শ্রীকৃষ্ণ কহিলেন,

মনোগত কামনা যে ত্যজি' সমুদয়,
আত্মানন্দে রয়, তা'রে স্থিতপ্রজ্ঞ কয়। ৫৫
দুঃখে স্থির সুখেতেও বীতস্পৃহ যেই,
রাগ-ভয়-ক্রোধ শূন্য স্থিতপ্রজ্ঞ সেই। ৫৬
শুভাশুভে চিত্ত যা'র তুষ্ট-ক্ষুণ্ণ নয়,
স্নেহাসক্তি মুক্ত তা'র প্রজ্ঞা স্থির কয়। ৫৭
সঙ্কুচিত রাখে কূর্ম নিজ অঙ্গ যথা,
ইন্দ্রিয় বিষয় হ'তে রাখে প্রাজ্ঞ তথা। ৫৮

ব্যক্তি দুঃখে স্থির, সুখেও নিস্পৃহ. যে অনুরাগ. ভয় ও ক্রোধশূন্য সে স্থিত-প্রজ্ঞ (৫৭) যে শুভ বিষয়ে উল্লসিত নয়, অশুভেও ক্ষুব্ধ নহে, যে স্নেহাসক্তি মুক্ত সে স্থিতপ্রজ্ঞ (৫৮) কচ্ছপ যেমন নিজের অঙ্গ সঙ্কুচিত রাখে, তেমনই যে ব্যক্তি শব্দাদি বিষয় হইতে ইন্দ্রিয়কে দমন করিতে সমর্থ সে স্থিতপ্রজ্ঞ।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে॥ ৫৯
যততো হ্যপি কৌন্তেয়! পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥ ৬০
তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৬১
ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎসংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে॥ ৬২
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥ ৬৩
রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্ব্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥ ৬৪
প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে॥ ৬৫
নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥ ৬৬

(৫৯) ইন্দ্রিয় দ্বারা বিষয় ভোগ যে করে না তাহার বিষয়গুলি নিবৃত্ত থাকিলেও তৃষ্ণা থাকে, একমাত্র পরমাত্মদর্শনেই তাহা লুপ্ত হয় (৬০) দুর্জয় ইন্দ্রিয়গণ যত্নশীল বিবেকীর মনকেও সবলে হরণ করে (৬১) কেবল মাত্র মৎপরায়ণ ব্যক্তিই ইন্দ্রিয় জয়ী হইয়া মদ্‌যুক্ত হয়, সেই স্থিতপ্রজ্ঞ, ইন্দ্রিয় তাহারই বাধ্য (৬২) বিষয় চিন্তায় মনে আসক্তি আসে, আসক্তি হইতে কাম জন্মে, কাম হইতে ক্রোধ হয় (৬৩) ক্রোধ হইতে মোহের জন্ম, মোহে স্মৃতি নাশ হয়, স্মৃতিভ্রংশে বুদ্ধি নষ্ট হয়, তাহা হইতে সর্বনাশ (৬৪) কিন্তু যে জন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিরাহারে ভোগ ক্ষান্ত স্পৃহা কিন্তু রয়,
প র মা ত্ম দর্শনেতে তাহা লু প্ত হ য়। ৫৯
জেনো পার্থ, য ত্ন শী ল বিবেকীর' মন,
দুর্জয় ই ন্দ্রি য় করে সবলে হ র ণ। ৬০
মৎপর ইন্দ্রিয়জয়ী আমা'যুক্ত হয়,
সেই প্রাজ্ঞ, ইন্দ্রিয়াদি তা'রি বশে রয়। ৬১
আসক্তি জন্মায় জীবে বি ষ য় চিন্তনে,
কাম জন্মে আসক্তিতে, কামে ক্রোধ আনে। ৬২
ক্রোধে মোহ জন্মে পার্থ, মোহে স্মৃতিনাশ,
স্মৃতি ভ্রংশে বুদ্ধি নষ্ট, তা'তে সর্বনাশ। ৬৩
যে নিস্পৃহ দ্বেষহীন, বাধ্য যা'র মন,
বিষয়ে থেকেও রহে প্রসাদে সে জন। ৬৪
হেন আত্মপ্রসাদেতে সর্ব দুঃখ হরে,
প্রশান্ত সে চিত্তে শীঘ্র প্রজ্ঞাস্থিতি করে। ৬৫
নাহি প্রজ্ঞা অযুক্তের, ধ্যান প্রজ্ঞাহীনে,
ধ্যান বিনে শান্তি কোথা সুখ শান্তি বিনে। ৬৬

স্পৃহা-দ্বেষ মুক্ত এবং জিতচিত্ত সে বিষয় ভোগে থাকিয়াও অন্তরের শান্তি পায় (৬৫) এইরূপ আত্মপ্রসাদ লাভে সর্বদুঃখের শান্তি হয়। প্রশান্ত চিত্তের বুদ্ধি শীঘ্রই আত্মাতে প্রতিষ্ঠিত হয় (৬৬) যে যোগযুক্ত নয় তাহার জ্ঞানলাভ অসম্ভব, জ্ঞানহীনের ধ্যান হয় না, ধ্যান ছাড়া শান্তি হয় না, শান্তি বিনা সুখ কোথায়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে ।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্ণাবমিবাম্ভসি ॥ ৬৭
তস্মাদ্ যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা । ৬৮
যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী ।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯
আপূর্য্যমাণমচল প্রতিষ্ঠং, সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ ।
তদ্বৎকামা যং প্রবিশন্তিসর্ব্বে স শান্তিমাপ্নোতি ন কামকামী॥
বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১
এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ! নৈনাং প্রাপ্য বিমুহ্যতি ।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্ম নির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে সাংখ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

---

(৬৭) বায়ু যেমন নৌকাকে জলে লক্ষ্যভ্রষ্ট করে, তেমনি মন যে ইন্দ্রিয়টির পশ্চাতে ধাবিত হয়, সেই ইন্দ্রিয়টিই পুরুষের প্রজ্ঞা নিশ্চিতরূপে হরণ করিয়া থাকে (৬৮) অতএব পার্থ, যাহার সমস্ত ইন্দ্রিয় শব্দাদি বিষয় হইতে সম্পূর্ণ রূপে নিগৃহীত হইয়াছে তাহারই প্রজ্ঞা সম্যক প্রতিষ্ঠিত হইয়াছে জানিবে (৬৯) আত্মদর্শী মুনি ব্রহ্মনিষ্ঠায় জাগ্রত, কিন্তু অজ্ঞানান্ধ জীবের নিকট উহা রাত্রি স্বরূপ. তাহারা সর্বদাই বিষয় নিষ্ঠায় মত্ত, যোগীর মনে কিন্তু ইহা কখনও স্থান পায় না (৭০) কত নদ-নদীর জল সাগরে প্রবেশ করিতেছে কিন্তু সাগর কখনও বিক্ষুব্ধ হয় না, সে সর্বদাই প্রশান্ত, সেইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ইন্দ্রিয়ে ধায় মন সেই প্রজ্ঞা হরে,
জলে বায়ু তরণীকে যথা ভ্রষ্ট করে। ৬৭
শব্দাদি বিষয় হ'তে ইন্দ্রিয়াদি যা'র,
পূর্ণ নিগৃহীত, পার্থ, প্রজ্ঞা স্থির তা'র। ৬৮
আত্মদর্শী মুনি জাগে সবে সুপ্ত যা'তে,
জাগে নর বিষয়ে, না জাগে যোগী তা'তে। ৬৯
কত নদী পশে তবু সমুদ্র ত' স্থির,
ভোগে কামে যোগী শান্ত, কামী নহে ধীর। ৭০
কামনা ও স্পৃহা ছাড়ি' বিচরে যে ভবে,
যে মমত্ব-অহং মুক্ত সেই শান্তি লভে। ৭১
ইহা পার্থ, ব্রহ্মনিষ্ঠা, এ'তে মোহ যায়,
এনিষ্ঠাই হ'লে অন্তে জীব মোক্ষ পায়। ৭২

সাংখ্যযোগ নামে ২য় অধ্যায় সমাপ্ত।

যোগিগণ সর্বদা ভোগে থাকিয়াও নিস্পৃহ, প্রশান্ত, পরন্তু কামনাপরায়ণ ব্যক্তি সর্বদাই অশান্ত (৭১) যে ব্যক্তি সমস্ত ভোগ কামনা ছাড়িয়া নিস্পৃহ হইয়াছে এবং যে ব্যক্তি মমত্ব শূন্য ও নিরহঙ্কারী হইয়া সর্বদা কর্মানুষ্ঠান করে, সেইরূপ স্থিতপ্রজ্ঞ পুরুষই শান্তি লাভ করে (৭২) ইহাই ব্রহ্মনিষ্ঠা, এই অবস্থা প্রাপ্ত হইলে কোন ব্যক্তিই আর সংসার মায়ায় বিমুগ্ধ হয় না। মৃত্যুকালে যদি ক্ষণকালের জন্যও কেহ এই অবস্থায় থাকিতে পারে তবে সে ব্রহ্মে বিলীন হইয়া কৃতার্থ হইতে পারে জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ ।

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জ্জনার্দ্দন ।
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব ॥ ১
ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে ।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ ॥ ২

শ্রীভগবানুবাচ ।

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ ।
জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩
ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে ।
ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪
ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫
কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্ ।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬

(১) অর্জুন কহিলেন, হে জনার্দন, হে কেশব, যদি কর্মযোগ অপেক্ষা জ্ঞানযোগ শ্রেষ্ঠ বলিয়া তোমার অভিমত তবে আমাকে ঘোর কর্মে কেন প্রবর্তিত করিতেছ (২) কখনও জ্ঞানের কখনও কর্মের প্রশংসা রূপ ব্যামিশ্র কথায় আমার বুদ্ধিকে মোহযুক্ত করিতেছ, অতএব যাহাতে আমি শ্রেয়ঃ লাভ করিতে পারি, তাহা নিশ্চয় করিয়া বল (৩) শ্রীকৃষ্ণ কহিলেন, পূর্বেই বলিয়াছি নিষ্ঠা দুই প্রকার। জ্ঞান ভূমিকায় আরূঢ় শুদ্ধ চিত্তের জন্য জ্ঞান-যোগ আর জ্ঞানযোগে আরোহী যোগীর চিত্তশুদ্ধির জন্য নিষ্কাম কর্মযোগ (৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

কর্ম হ'তে যদি বুদ্ধি শ্রেয়ঃ জনার্দন,
কেন ঘোর কর্মে তবে করিছ প্রেরণ। ১
মিশ্র বাক্যে বুদ্ধি যেন কর মোহময়,
বল এক পথ ঠিক, যা'তে শ্রেয়ঃ হয়। ২

শ্রীকৃষ্ণ কহিলেন,

পূর্বেই বলেছি নিষ্ঠা দ্বিবিধ ভাবের,
জ্ঞাননিষ্ঠা সাংখ্যের ও কর্ম যোগিদের। ৩
না ক'রেই কর্ম কেহ নৈষ্কর্ম্য না হয়,
কর্মত্যাগ মাত্র সিদ্ধি লভে তাও নয়। ৪
কর্ম বিনা কেহ নাহি থাকে ক্ষণতরে,
প্রকৃতিজ গুণাধীনে জীব কর্ম করে। ৫
কর্মেন্দ্রিয় রোধি' মনে চিন্তে যে বিষয়,
জেনো! পার্থ, সে মূঢ়:ক মিথ্যাচারী কয়। ৬

কর্মের অনুষ্ঠান না করিয়া কেহ নৈষ্কর্ম্য সিদ্ধি অর্থাৎ কর্মবন্ধন হইতে নিষ্কৃতি বা মুক্তি লাভ করিতে পারে না আবার চিত্তশুদ্ধি দ্বারা অহং ও ফলত্যাগ করিতে পারিলে তবেই মুক্তি সম্ভব (৫) কর্ম ব্যতীত কেহ ক্ষণকালের জন্যও থাকিতে পারে না, প্রকৃতিজাত গুণত্রয়ের অধীনে জীবগণ কর্ম করিয়া থাকে। (৬) কর্মেন্দ্রিয় সংযত রাখিয়া যে ব্যক্তি মনে মনে শব্দাদি বিষয় চিন্তা করে, হে পার্থ, সেইরূপ মূঢ় ব্যক্তি মিথ্যাচারী বলিয়া পরিগণিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে॥ ৭
নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ॥ ৮
যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয়! মুক্তসঙ্গঃ সমাচর॥ ৯
সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্॥ ১০
দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ॥ ১১
ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ॥ ১২
যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ॥ ১৩

---

(৭) যে যোগী মনদ্বারা জ্ঞানেন্দ্রিয় বশীভূত করিয়া, ঈশ্বরাভিমুখী হইয়া, কর্মেন্দ্রিয় দ্বারা কর্মযোগে রত, কর্মফলাশা ত্যাগী সেই যোগীই প্রশংসিত। (৮) তুমি সতত সন্ধ্যা বন্দনাদি নিত্য কর্মানুষ্ঠান কর, কর্ম না করা অপেক্ষা কর্ম করা ভাল, কেননা কর্ম পরিত্যাগ করিলে দেহযাত্রাও নির্বাহ হইবে না (৯) বিষ্ণু পূজার জন্যই কর্ম, নতুবা কর্মবন্ধন হয়, তাই আসক্তি শূন্য হইয়া বিষ্ণু প্রীতির জন্যই সর্বদা কর্ম কর (১০) পূর্বে যজ্ঞ সহ প্রজা সৃষ্টি করিয়া ব্রহ্মা বলিয়াছিলেন, এই যজ্ঞ দ্বারা তোমাদের অভীষ্ট পূরণ হউক এবং ক্রমশঃ বৃদ্ধি হউক (১১) দেবতাগণকে যজ্ঞে সংবর্দ্ধিত কর, তাহারাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়াদি বাধ্য যা'র ফলার্থী যে নয়,
কর্মরত হেন যোগী শ্রেষ্ঠ গণ্য হয়। ৭
কর কর্ম নিয়ত, তা' শ্রেয়ঃ ত্যাগ হ'তে,
কর্মত্যাগে দেহও না বাঁচে কোন মতে। ৮
যজ্ঞার্থই কর্ম পার্থ, নতুবা বন্ধন,
সঙ্গ ছাড়ি' বিষ্ণুপ্রীতে দাও কর্মে মন। ৯
পূর্বে ব্রহ্মা যজ্ঞ সহ প্রজা সৃজি' ক'ন,
যজ্ঞে হো'ক ক্রমবৃদ্ধি - অভীষ্ট পূরণ। ১০
যজ্ঞে তোষো দেবতাকে, ভাবিবে দেবতা,
পরস্পর সংবর্দ্ধনে পা'বে ইষ্ট তথা। ১১
যজ্ঞে তৃপ্ত দেবগণ ইষ্টভোগ দিবে,
দেবভোগে না দিয়ে তা' খেলে চোর হ'বে। ১২
যজ্ঞ শেষ ভোজী সর্ব পাপ হ'তে তরে,
স্বার্থে যে রাঁধে সে পাপী পাপাহার করে। ১৩

তোমাদের সংবর্দ্ধিত করিবে, এই ভাবে পরস্পরের সংবর্দ্ধনে পরম কল্যাণ হইবে (১২) যজ্ঞে পরিতৃপ্ত দেবতাগণ তোমাদের অভীষ্ট ভোগ প্রদান করিবে, সেই দেবদত্ত ভোজ্য দেবতার ভোগে না দিয়া যে নিজে ভোগ করে সে চোর (১৩) যজ্ঞশেষ ভোজী সমস্ত পাপ হইতে পরিত্রাণ পায়, কিন্তু যে ব্যক্তি নিজের জন্য রান্না করে, সে পাপই ভোজন করে জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্ম সমুদ্ভবঃ॥ ১৪
কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষর সমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্॥ ১৫
এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ! স জীবতি॥ ১৬
যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে॥ ১৭
নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥ ১৮
তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পুরুষঃ॥ ১৯
কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি॥ ২০

(১৪) জীবগণ অন্ন হইতে উৎপন্ন হয়, মেঘ হইতে অন্নের উৎপত্তি হয়। যজ্ঞ হইতে সেই মেঘের উৎপত্তি ও কর্ম হইতে যজ্ঞ সমুদ্ভূত হয় (১৫) কর্ম বেদ হইতে উৎপন্ন হইয়াছে, বেদও পরব্রহ্ম হইতে উৎপন্ন, অতএব সর্বব্যাপী পরব্রহ্ম সর্বদা যজ্ঞে প্রতিষ্ঠিত আছেন, একমাত্র যজ্ঞরূপ উপায়ে পরব্রহ্মকে পাওয়া যায় (১৬) এইরূপে প্রবর্তিত চক্র যে অনুসরণ করে না সে পাপী, ভোগরত, তাহার জীবন বৃথা (১৭) কিন্তু যে আত্মাতেই প্রীত, তৃপ্ত এবং সুখী তাহার আর করণীয় কিছুই নাই, সে মুক্ত পুরুষ (১৮) কর্ম না করায় তাহার পাপ পুণ্য নাই, মুক্তির জন্য তাহাকে কাহারও আশ্রয় লইতে হয় না (১৯)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্ন হ'তে ভূত সৃষ্টি, মেঘে অন্ন হয়,
যজ্ঞ হ'তে হয় মেঘ, যজ্ঞ কর্মাশ্রয়। ১৪
পরব্রহ্ম হ'তে বেদ, কর্ম বেদাশ্রিত,
সর্বব্যাপ্ত ব্রহ্ম যজ্ঞে রহে প্রতিষ্ঠিত। ১৫
প্রবর্তিত হেন চক্র যে না অনুসরে,
ভোগাসক্ত পাপাত্মা সে প্রাণ বৃথা ধরে। ১৬
আত্মাতেই প্রীতি-তৃপ্তি-সুখ যা'র হয়,
কিছু আর কৃত্য, তা'র নাহি কভু রয়। ১৭
ভবে তা'র কর্মাকর্মে পুণ্য-পাপ নাই,
সিদ্ধিলাভে কা'রো কৃপা চাহেনা সে তাই। ১৮
তাই কর কৃত্য-কর্ম অনাসক্ত ভাবে,
ফলাসক্তি হীন ব্যক্তি কর্মে মোক্ষ লভে। ১৯
জনকাদি হ'ল সিদ্ধ শুধু কর্ম হ'তে,
লোক সংগ্রহেও তাই চলিবে সে পথে। ২০

তাই পার্থ, কর্মফলাশা ছাড়িয়া তুমি সর্বদা অবশ্য করণীয় কর্ম করিয়া যাও কারণ ফলাসক্তিহীন ব্যক্তিই কর্মাচরণে মোক্ষ পায় (২০) জনকাদি মহাত্মাগণ কর্মদ্বারাই সম্যক্ জ্ঞান লাভ করিয়াছিলেন, লোক সংগ্রহের জন্যও অর্থাৎ জনগণকে মনুষ্যত্বের মহিমায় সমস্ত মানবের সঙ্গে একাত্মবোধে একত্র করিতে এবং তাহাদের স্বধর্মপালনের প্রতি দৃষ্টি রাখিয়াও তোমার কর্ম করাই উচিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে॥ ২১
ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি॥ ২২
যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ! সর্ব্বশঃ॥ ২৩
উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ॥ ২৪
সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্ বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্॥ ২৫
ন বুদ্ধি-ভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্॥ ২৬
প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কার বিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥ ২৭

(২১) শ্রেষ্ঠজন যাহা করে, সকলে তাহাই করে, সে যাহা প্রমাণ করে সকলে তাহাই অনুসরণ করে (২২) ত্রিলোকে আমার কিছুই করণীয় নাই, এমন কিছু নাই, যাহা আমার প্রাপ্য বা আমি পাই নাই তথাপি আমি কর্ম করি (২৩) আমি ঠিক ভাবে কর্ম না করিলে সকলে সর্বভাবে আমার পথগামী হইয়া কর্ম পরিত্যাগ করিবে (২৪) আমি কর্মত্যাগ করিলে সকলে কর্মলোপ বশতঃ বিনষ্ট হইবে, তাহা হইলে আমিই সঙ্করের কর্তা হইব, এবং আমিই সকলকে মলিন করিব। (২৫) কর্মফলাকাঙ্ক্ষী হইয়া অজ্ঞ ব্যক্তি যেরূপ আগ্রহ সহকারে কর্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা করে শ্রেষ্ঠজন, তাই সবে করে,
যাহা সে প্রমাণ করে লোকে অনুসরে। ২১
ত্রিলোকে আমার কিছু করণীয় নাই,
প্রাপ্য কিছু নাহি মোর কর্ম করে যাই। ২২
যদি কর্ম নাহি করি আমি ঠিকভাবে,
মোর পথে সর্বভাবে সবে ধ্রুব যা'বে। ২৩
উৎসন্ন যাইবে লোক কর্ম হীনতায়,
সঙ্করের কর্তা হ'ব, নাশিব প্রজায়। ২৪
কর্মাসক্ত হ'য়ে অজ্ঞ যথা কর্ম করে,
জ্ঞানী লোকসংগ্রহে তা' করে স্পৃহা ছেড়ে। ২৫
কর্মাসক্ত অজ্ঞের না বুদ্ধি ভেদ করি',
নিয়োজিবে কর্মে তা'রে জ্ঞানী কর্মাচরি'। ২৬
প্রকৃতির গুণে কর্ম সম্পাদিত হয়,
অহঙ্কারী মূঢ়জন "আমি করি" কয়। ২৭

করে, লোকসকলকে স্বধর্মে প্রবর্তিত করিতে উৎসুখ হইয়া জ্ঞানিগণও অনাসক্ত ভাবে সেইরূপ আগ্রহ সহকারে কর্ম করিবে (২৬) জ্ঞানিগণ কখনও কর্মাসক্ত অজ্ঞের বুদ্ধিকে বিচালিত করিবেনা পরন্তু নিজেই কর্ম আচরণ করিয়া তাহাকে কর্মে নিযুক্ত করিবে (২৭) প্রকৃতির গুণে সর্বকর্ম সম্পন্ন হয়, কিন্তু অহঙ্কারী মূঢ় ভাবে—"আমিই সব করিতেছি"।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্ম বিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে॥ ২৮
প্রকৃতেগুর্ণ সংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ॥ ২৯
ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ॥ ৩০
যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ॥ ৩১
যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ॥ ৩২
সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি॥ ৩৩
ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থিনৌ॥ ৩৪

(২৮) গুণ কর্ম বিভাগের তত্ত্বজ্ঞানিগণ প্রকৃতির গুণ এবং কর্ম সম্যক্ অবগত বলিয়া অহঙ্কার মুক্ত হয় (২৯) প্রকৃতির গুণে মুগ্ধ হইয়া জীবগণ বিষয়াসক্ত হয়, জ্ঞানিগণ কখনও ইহাদের বিচালিত করিবেনা (৩০) বিবেক বুদ্ধি দ্বারা সমস্ত কর্ম আমাতে সমর্পণ করিয়া, নিষ্কাম ভাবে, মমত্ব শূন্য হইয়া, শোক ছাড়িয়া যুদ্ধ কর (৩১) আমার কথায় যে ব্যক্তি দোষ ধরে না, শ্রদ্ধা রাখে, সর্বদা আমার কথামত কর্ম করে, সে কর্ম করিয়াও কর্মবন্ধন হইতে নিষ্কৃতি পায় (৩২) কিন্তু যে আমার কথা শুনে না, যে আমার কথায় সর্বদা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণ কর্ম বিভাগেতে তত্ত্বজ্ঞানী জন,
গুণ কর্ম উভে জানি' অনাসক্ত র'ন। ২৮
প্রকৃতির গুণে মুগ্ধ আসক্ত যে জন,
করিবেনা বিচালিত তা'রে জ্ঞানিগণ। ২৯
বিবেক বুদ্ধিতে সর্ব কর্ম স'পি' মোরে,
কর যুদ্ধ মমত্ব ও স্পৃহা-শোক ছেড়ে। ৩০
মম বাক্যে শ্রদ্ধাবান - অনসূয় যা'রা,
করি' সর্ব কর্ম সদা কর্মমুক্ত তা'রা। ৩১
দোষদৃষ্টি বশে হেন কর্ম যে না করে,
জ্ঞান বুদ্ধি ভ্রষ্ট মূঢ় নষ্ট জেনো তা'রে। ৩২
প্রকৃতির বশে পার্থ! জ্ঞানিরাও রয়,
প্রকৃতির বাধ্য জীব নিগ্রহে কি হয়। ৩৩
ইন্দ্রিয় বিষয় ভোগে ইচ্ছা-দ্বেষ আসে,
নাহি যা'বে বশে, পাছে এ'রা মুক্তি নাশে। ৩৪

দোষ ধরে, সেই মূঢ় ব্যক্তির জ্ঞান-বুদ্ধি ভ্রষ্ট হয়, তাহাকে নষ্ট জানিবে (৩৩) জ্ঞানিগণও প্রকৃতির বাধ্য, জীবমাত্রই প্রকৃতির বশীভূত, শাসনে কিছুই হয় না, বস্তুতঃ প্রকৃতিই বলবান (৩৪) প্রত্যেক ইন্দ্রিয়েরই স্ব স্ব অনুকূল বিষয়ে প্রীতি এবং প্রতিকূল বিষয়ে বিদ্বেষ অবশ্যম্ভাবি, কখনও ইহাদের বশবর্তী হইওনা, কারণ ইহারা মুক্তির পরম শত্রু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ । ৩৫

অর্জ্জুন উবাচ ।

অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পুরুষঃ ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ । ৩৬

শ্রীভগবানুবাচ ।

কাম এষ ক্রোধ এষ রজোগুণ সমুদ্ভবঃ ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ৩৭
ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥ ৩৮
আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা ।
কামরূপেণ কৌন্তেয় ! দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯
ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে ।
এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥ ৪০

(৩৫) সম্যক্ রূপে সর্বাঙ্গ সম্পন্ন পরধর্ম হইতে কিঞ্চিৎ অঙ্গহীন হইলেও স্বধর্ম শ্রেয়ঃ, স্বধর্মে থাকিয়া মৃত্যুও শ্রেয়স্কর, পরন্তু পরধর্ম অতীব ভয়াবহ (৩৬) অর্জুন কহিলেন, হে কৃষ্ণ ! অনিচ্ছুক মানব যেন কাহার প্রেরণায় সবলে নিযুক্ত হইয়া পাপপথে ধাবিত হয় (৩৭) শ্রীকৃষ্ণ কহিলেন, ইহা রজোগুণ জাত কাম এবং ক্রোধ, এই কামই বাধা পাইলে ক্রোধের সঞ্চার হয়, কাম চির অতৃপ্ত, ক্রোধ অতি উগ্র, ইহারা মোক্ষ লাভের অন্তরায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রুটি যুক্ত স্ব-ধর্মেতে মৃত্যু শ্রেয়স্কর,
পর ধর্ম ত্রুটি হীন তবু ভয়ঙ্কর। ৩৫

অর্জুন কহিলেন,

অনিচ্ছায় নর কৃষ্ণ, কা'র প্রেরণায়,
সবলে প্রযুক্ত হ'য়ে যেন পাপে ধায়। ৩৬

শ্রীকৃষ্ণ কহিলেন,

কাম ইহা ক্রোধ ইহা রজোগুণ জাত,
অতৃপ্ত ও উগ্র এ'রা মোক্ষে শত্রু খ্যাত। ৩৭
দর্পণেরে ঢাকে মলে, অনলেরে ধূমে,
গর্ভকে জরায়ু ঢাকে, জ্ঞান ঢাকে কামে। ৩৮
জ্ঞানিদের জ্ঞান ঢাকে চির শত্রু কাম,
অগ্নিতুল্য নাহি তা'র ক্ষুধার বিরাম। ৩৯
ইন্দ্রিয় ও মন বুদ্ধি তা'র বাস স্থান,
তা 'দিয়ে সে সৃজে মোহ ঢাকি' জীব-জ্ঞান। ৪০

(৩৮)যেমন ময়লা দ্বারা দর্পণ আবৃত হয়, ধূম দ্বারা অগ্নি আবৃত থাকে, যেমন জরায়ু দ্বারা গর্ভ আবৃত থাকে তদ্রূপ কাম দ্বারা জ্ঞান ঢাকা থাকে। (৩৯) দুষ্পূরণীয় অগ্নিস্বরূপ চিরশত্রু এই কাম দ্বারা জ্ঞানীর জ্ঞানও আচ্ছন্ন থাকে (৪০) ইন্দ্রিয় মন ও বুদ্ধি এই তিনটি কামের আশ্রয় স্থল, ইহাদেরই আশ্রয়ে কাম জ্ঞানকে আচ্ছন্ন করিয়া জীবকে মোহ মুগ্ধ করে

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ।
পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্॥ ৪১

ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতস্তু সঃ॥ ৪২

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধ্বা সংস্তভ্যাত্মানমাত্মনা।
জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্॥ ৪৩

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন- সংবাদে কর্ম্মযোগো নাম তৃতীয়োঽধ্যায়ঃ।

(৪১) অতএব পার্থ, তুমি সর্বাগ্রে, বিমোহের পূর্বেই, ইন্দ্রিয়গণ, মন ও বুদ্ধি, কামের এই আশ্রয়গুলিকে বশীভূত করিয়া জ্ঞানবিজ্ঞান ধ্বংশকারী, পাপরূপ কামরিপুকে বিনাশ কর (৪২) ইন্দ্রিয় দ্বারাই বিষয় অনুভূত হয়। কিন্তু আভ্যন্তরিক শক্তিবলে সে স্বকর্ম করে। তাই জড় ও স্থূল দেহ অপেক্ষা ইন্দ্রিয় শ্রেষ্ঠ। কোন বিষয় গ্রহণ করা না করা মনের কার্য, মন ইন্দ্রিয়-প্রবর্তক, তাই মন ইন্দ্রিয় হইতে শ্রেষ্ঠ। বুদ্ধি নিশ্চয়তা সিদ্ধ করিয়া দিলে মনের সঙ্কল্প জন্মে, তাই মন হইতে বুদ্ধি বড়। যে বুদ্ধি অপেক্ষা শ্রেষ্ঠ, যে বুদ্ধির সাক্ষী এবং দ্রষ্টারূপে অবস্থিত, যাহাকে আশ্রয় করিয়া ইন্দ্রিয়াদি নিজ নিজ ব্যাপারে সর্বদা নিযুক্ত সেই আত্মা এবং সেই সর্বশ্রেষ্ঠ জানিবে (৪৩) এইরূপে বুদ্ধি অপেক্ষাও আত্মাকে শ্রেষ্ঠ জানিয়া, নিশ্চয়াত্মিকা বুদ্ধিদ্বারা মনকে সুস্থির করিয়া এই তৃষ্ণারূপ দুর্জয় মহাশত্রু কামকে বিনাশ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাই পার্থ, ইন্দ্রিয়াদি আগে বশ করি',
নাশ পাপ জ্ঞান নাশা কাম হেন অরি। ৪১

দেহে বড় দশেন্দ্রিয়, মন তা'রো বড়,
মন হ'তে বড় বুদ্ধি, আত্মা সর্ব পর। ৪২

এরূপে আত্মাকে জানি' বুদ্ধি হ'তে বড়,
বুদ্ধি বলে স্থির মনে কাম নষ্ট কর। ৪৩

কর্মযোগ নামে ৩য় অধ্যায় সমাপ্ত।

কর্ম বিনা কেহ নাহি থাকে ক্ষণভরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।
ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ॥ ১
এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ॥ ২
স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্॥ ৩
অর্জ্জুন উবাচ।
অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্ বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি॥ ৪
শ্রীভগবানুবাচ।
বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন।
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ॥ ৫
অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া॥ ৬
যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥ ৭

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, এই অব্যয় যোগ পূর্বে সূর্যকে বলিয়াছি, সে তাঁহার পুত্র মনুকে বলে, মনু বলে ইক্ষ্বাকুকে (২) পরে পরে রাজর্ষিরাও জ্ঞাত হয় কিন্তু কালক্রমে ইহা লোপ পায় (৩) তুমি ভক্ত-সখা, তাই এই পুরাতন গুপ্ত ও শ্রেষ্ঠযোগ তোমাকে বলিলাম (৪) অর্জুন কহিলেন, সূর্যের জন্মের পর তোমার জন্ম, কি করিয়া তাঁহাকে ইহা শিখাইলে (৫) শ্রীকৃষ্ণ কহিলেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

এ অব্যয় যোগ পূর্বে বলেছি সূর্যেরে,
কহে পুত্র মনুরে সে, মনু ইক্ষ্বাকুরে। ১
পরম্পরা ক্রমে ইহা রাজর্ষিরা পায়,
কালক্রমে যোগ ধর্ম নষ্ট হ'য়ে যায়। ২
তুমি মোর ভক্ত সখা তাই আজি সেই,
পুরাতন-শ্রেষ্ঠ-গুহ্য 'যোগ' তোমা' দেই। ৩
কহে পার্থ, তব জন্ম সূর্যেরত' পরে,
কেমনে শিখালে তুমি যোগতত্ত্ব তাঁ'রে। ৪
কহে হরি, তব মম হ'ল জন্ম কত,
আমি জানি সব কিছু নহ তুমি জ্ঞাত। ৫
অজ নিত্য ভূতেশ্বর তবু স্ব-মায়ায়,
স্ব-প্রকৃতি অধিষ্ঠানে জনমি ধরায়। ৬
ধর্ম গ্লানি পাপ বৃদ্ধি হয় যেথা যবে,
দেহ ধরি' আসি আমি বার বার ভবে। ৭

তোমার আমার কত জন্ম হইয়াছে, তুমি জান না, আমি সবই জানি (৬) যদিও আমি জন্মশূন্য, নিত্য, সর্বভূতেশ্বর, তবু স্বীয় প্রকৃতিকে আশ্রয় করিয়া স্বীয় মায়াবলে এভবে আবির্ভূত হইয়া থাকি (৭) যখনই ধর্মের গ্লানি ও অধর্মের প্রাদুর্ভাব হয়, সেই সময়ই আমি ধরায় অবতীর্ণ হইয়া থাকি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥ ৮
জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন॥ ৯
বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ॥ ১০
যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ ১১
কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্ম্মজা॥ ১২
চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্ম বিভাগশঃ।
তস্য কর্ত্তারমপি মাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্॥ ১৩
ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা।
ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে॥ ১৪

(৮) সাধুরক্ষা, পাপীদলন এবং ধর্ম সংস্থাপনের জন্য যুগে যুগে আমি অবতীর্ণ হইয়া থাকি (৯) আমার এই স্বেচ্ছাগৃহীত জন্ম ও ধর্মপালন প কর্ম যে তত্ত্বতঃ জ্ঞাত সে জন্মবন্ধন মুক্ত, অন্তে সে আমাকে পায় (১০) বিষয়ানুরাগ, ভয়, ক্রোধ ছাড়িয়া আমার জন্মকর্মের তত্ত্বালোচনা : প ান-ময় তপস্যায় শুদ্ধ হইয়া কত মমাশ্রিত একাগ্রচিত্ত ভক্ত মদ্ভাবপ্রাপ্ত হইয়াছে। (১১) যে আমাকে যেই ভাবে ভজে তাহাকে আমি তদ্রূপই কৃপা করি, বিরূপেই যে ভজুক সকলে সর্বতোভাবে আমাকেই ভজে (১২) ফলকামী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধু রক্ষা হেতু আর পাপি-নাশ তরে,
আসি ধর্ম স্থাপনার্থে যুগে যুগে ফিরে। ৮
মম দিব্য জন্ম-কর্ম তত্ত্বতঃ যে জ্ঞাত,
পায় মোরে দেহান্তে না হয় পুনর্জাত। ৯
রাগ-ভয়-ক্রোধ ছাড়ি' কত মমাশ্রিত,
জ্ঞানতপে শুদ্ধ ভক্ত মদ্ভাবেতে স্থিত। ১০
যে ভজে যে ভাবে তা'রে ভজি সেইভাবে,
ভজুক যে রূপে, ভজে আমাকেই সবে। ১১
ফলকামী দেবপূজা করে এই ভবে,
কর্মজাত সিদ্ধি যা'তে সহজে সে লভে। ১২
গুণ-কর্ম ভেদে সৃজি বর্ণ চতুষ্টয়,
অবিকারী মোরে তবু জেনো কর্তা নয়। ১৩
কর্মে আমি লিপ্ত নহি ফলে নাহি স্পৃহা,
কর্মবন্ধ মুক্ত তা'রা জানে যা'রা ইহা। ১৪

ব্যক্তিগণ ইহলোকে দেবপূজা করে, কারণ তাহাতে ফল সহজেই হয় (১৩) গুণ ও কর্মের বিভাগ অনুসারে ব্রাহ্মণাদিচারি বর্ণ সৃষ্টি করিয়াছি, আমি উহার সৃষ্টিকর্তা হইলেও আমাকে অকর্তা ও বিকার রহিত বলিয়াই জানিও (১৪) সৃষ্টি আদি কর্ম সমূহ আমাকে লিপ্ত করিতে পারে না, কর্মফলেও আমার স্পৃহা নাই, এইরূপে যে আমাকে জানে সে কর্মে আবদ্ধ হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাত্ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্॥ ১৫

কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ।
তত্তে কর্ম্ম প্রবক্ষ্যামি যজ্ জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ॥ ১৬

কর্ম্মণো হ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ॥ ১৭

কর্ম্মণ্যকর্ম যঃ পশ্যেৎঅকর্ম্মণি চ কর্ম্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুষ্যেষু স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ॥ ১৮

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ॥ ১৯

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ॥ ২০

নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্ত - সর্ব্ব - পরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্॥ ২১

---

(১৫) জনকাদি কত মুক্তিকামী ইহা জানিয়া মুক্ত হইয়াছে, তুমিও পূর্বপন্থা মত কর্ম কর (১৬) কর্মাকর্ম ব্যাপারে জ্ঞানীও ভ্রমে পড়ে, কর্মতত্ত্ব শুন যাহাতে জন্মবন্ধ ঘুচে (১৭) কর্ম, বিকর্ম ও অকর্ম তিনই জানা উচিত, শাস্ত্রবিহিত যজ্ঞাদি ব্যাপারই কর্ম, শাস্ত্র নিষিদ্ধ হইলে বিকর্ম, তুষ্ণিম্ভাবরূপ কর্মসন্ন্যাসই অকর্ম। ইহা অতীব দুর্জ্ঞেয় (১৮) কর্মফলত্যাগ করিয়া কর্ম করাই কর্মে অকর্ম যে বোঝে, আর বাহিরে কর্ম না করিলেও ভিতরে সেই কর্মের ফলাকাঙ্খা যদি থাকে তবে সেইরূপ অকর্মই কর্ম বলিয়া যে দেখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানি' তত্ত্ব হ'ল মুক্ত মুক্তিকামী যত,
করি' যাও কর্ম তুমি পূর্ব পন্থা মত। ১৫
কর্মাকর্ম নিয়ে বিজ্ঞ কত ভ্রমে পড়ে,
কর্মতত্ত্ব শুন পার্থ, যা'তে দুঃখ হরে। ১৬
কিবা কর্ম কি বিকর্ম অকর্ম কি হয়,
জ্ঞাতব্য যে কর্মগতি দুর্জ্ঞেয় সে রয়। ১৭
দেখে কর্মে যে অকর্ম, কর্ম অকর্মেই,
বুদ্ধিমান যোগী সর্ব-কর্মকারী সেই। ১৮
কামনা৷৷সংকল্প হীন সর্ব চেষ্টা যা'র,
জ্ঞানানলে দগ্ধ কর্ম, পণ্ডিতাখ্যা তা'র। ১৯
কর্মফলে লিপ্সা নাই নিত্য তৃপ্তি ময়,
নিরাশ্রয়ে করে কর্ম তা' অকর্ম হয়। ২০
নিষ্কাম, সংযত, সর্ব পরিগ্রহ ত্যাগী,
করেও দেহার্থ কর্ম নহে পাপভাগী। ২১

সে ঠিক বুদ্ধিমান ও সর্বকর্ম কারী (১৯) যাহার কর্মচেষ্টা স্পৃহা ও কর্তৃত্ব অভিমানহীন, যাহার কর্ম জ্ঞানাগ্নি দ্বারা দগ্ধ তাহাকে পণ্ডিত বলে (২০) যে কর্মে ও কর্মফলে আসক্তি হীন, যে সদা তৃপ্তিময় এবং যে অহং মুক্ত তাহার কর্মই অকর্ম (২১) যে নিষ্কাম ও সংযত, যে দান গ্রহণাদি বর্জন করিয়াছে সে দেহার্থ কর্ম করিয়াও পাপ ভাগী হয় না, কর্ম বন্ধে আবদ্ধ হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদৃচ্ছালাভ-সন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাপি ন নিবধ্যতে॥ ২২
গত-সঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিত চেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে॥ ২৩
ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্ম কর্ম্ম সমাধিনা॥ ২৪
দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে।
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহ্বতি॥ ২৫
শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি॥ ২৬
সর্ব্বাণীন্দ্রিয়কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চাপরে।
আত্মসংযম-যোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে॥ ২৭
দ্রব্য-যজ্ঞাস্তপোযজ্ঞা যোগ-যজ্ঞাস্তথাপরে।
স্বাধ্যায় জ্ঞানযজ্ঞাশ্চ যতয়ঃ সংশিত-ব্রতাঃ॥ ২৮

(২২) যে ব্যক্তি অযাচিত লাভে পরিতুষ্ট, যে সুখ দুঃখাদি দ্বন্দ্ব মুক্ত, অহিংস ও ফলাফলে সমদর্শী, সে কর্ম করিয়াও ফলে বদ্ধ হয় না (২৩) যে নিষ্কাম, রাগ দ্বেষাদি মুক্ত, যে আত্ম বিষয়ক জ্ঞানে নিবিষ্ট, যে ঈশ্বর প্রীত্যর্থ কর্ম করে তাহার কর্ম বন্ধনের কারণ হয় না। (২৪) যজ্ঞপাত্র, অগ্নি, ঘৃত, হোমকর্তা এবং হোম সবই যাহার নিকট ব্রহ্মস্বরূপ, সেইরূপ তন্ময় চিত্ত ব্যক্তি ব্রহ্ম লাভ করে (২৫) কেহ দেবতা তুষ্টির জন্য দৈবযজ্ঞ করে, জ্ঞানযোগিগণ ব্রহ্মাগ্নিতে কর্মাহুতি দেয় (২৬) কেহ সংযম অনলে ইন্দ্রিয়কে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অযাচিত লাভে তুষ্ট, ঈর্ষা-দ্বন্দ্ব হীন,
ফলাফলে সম, কর্মী নহে কর্মাধীন। ২২
কাম-স্পৃহা-দ্বেষ হীন জ্ঞানস্থ যে রয়,
যজ্ঞারব্ধ কর্মে তা'র পায় কর্ম লয়। ২৩
ব্রহ্মই অর্পণ অগ্নি হবিঃ হোম হোতা,
ব্রহ্ম লভে সেই, হেন ব্রহ্ম-নিষ্ঠা যেথা। ২৪
কোন যোগী দৈবযজ্ঞ করে শ্রদ্ধা ভরে,
জ্ঞানযোগী ব্রহ্মাগ্নিতে কর্মাহুতি করে। ২৫
সংযম অনলে অর্পে ইন্দ্রিয়কে কেহ,
ইন্দ্রিয় অনলে অর্পে বিষয় বা কেহ। ২৬
সংযম যোগাগ্নি জ্বালি' প্রদীপ্ত জ্ঞানেতে,
ইন্দ্রিয় ও প্রাণ কর্ম সঁপে অন্যে তা'তে। ২৭
কেহ দ্রব্যযজ্ঞে কেহ তপোযজ্ঞে রত,
যোগযজ্ঞে পাঠে জ্ঞানে রত দৃঢ়ব্রত। ২৮

আহুতি দেয়, কেহবা ইন্দ্রিয় অনলে বিষয়কে আহুতি দিয়া অনাসক্ত হয়। (২৭) কেহ কেহ জ্ঞানদীপ্ত আত্মসংযম অনলে সমগ্র ইন্দ্রিয়কর্ম ও প্রাণ-কর্ম আহুতি দিয়া কর্মাসক্তি মুক্ত হয় (২৮) কেহ কেহ দ্রব্যদান রূপ যজ্ঞ করে কেহবা চান্দ্রায়ণাদি তপস্যা করে, কেহবা যমনিয়মাদি মাধ্যমে চিত্তবৃত্তি নিরোধ করে, দৃঢ়ব্রতীগণ বেদাদি পাঠরূপ জ্ঞানযজ্ঞে ব্যাপৃত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেহপানং তথাপরে।
প্রাণাপানগতী রুদ্ধা প্রা ণা য়া ম- পরায়ণাঃ॥ ২৯
অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি।
সর্ব্বেহপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িত কল্মষাঃ॥ ৩০
যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম স না ত ন ম্।
নায়ং লোকোহস্ত্যযজ্ঞস্য কুতোহন্যঃ কুরুসত্তম॥ ৩১
এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।
কর্ম্মজান্‌বিদ্ধিতান্ সর্ব্বানেবংজ্ঞাত্বাবিমোক্ষ্যসে॥ ৩২
শ্রেয়ান্ দ্রব্যময়াদ্ যজ্ঞাজ্ জ্ঞান-যজ্ঞঃ পরন্তপ।
সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে॥ ৩৩
তদ্ বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥ ৩৪
যজ্ জ্ঞাত্বা ন পুনর্ম্মোহমেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষাণি দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি॥ ৩৫

(২৯) কেহ কেহ অপানে প্রাণাহুতি দিয়া কেহ প্রাণে অপান আহুতি দিয়া, আবার কেহ বা প্রাণাপানের গতি রোধ করিয়া প্রাণায়াম করে। (৩০) কেহ মিতাহারী হইয়া প্রাণে প্রাণাহুতি দেয়, এইভাবে নানা যজ্ঞে যজ্ঞবিদ্‌গণ পাপ মুক্ত হয় (৩১) যজ্ঞ শেষামৃত-ভোজী শুদ্ধ হইয়া ব্রহ্ম লাভ করে কিন্তু অযজ্ঞের ইহলোক নাই অন্য গতিই তাহার কোথায় (৩২) বেদে এইরূপ আরও বহুবিধ যজ্ঞ বিহিত আছে, এসবই কর্ম হইতে উৎপন্ন জানিয়া জ্ঞাননিষ্ঠ হইয়া মুক্ত হইবে (৩৩) দ্রব্যযজ্ঞ হইতে জ্ঞানময় যজ্ঞ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপানেতে প্রাণ কেহ প্রাণেতে অপান,
প্রাণাপান রোধি' চাহে প্রাণায়ামে ত্রাণ। ২৯
মিতাহারী কেহ প্রাণে প্রাণাহুতি করে,
এইরূপে যজ্ঞবিদ্ যজ্ঞে পাপ হরে। ৩০
যজ্ঞশেষামৃত-ভোজী পরব্রহ্ম পায়,
অযজ্ঞের ইহ নাই, অন্য বা কোথায়। ৩১
এইরূপ আরো বহু যজ্ঞ বেদে পা'বে,
কর্মজই সব, জানি' জ্ঞানে মুক্ত হ'বে। ৩২
দ্রব্য যজ্ঞ হ'তে শ্রেয়ঃ জ্ঞান যজ্ঞ যত,
যত কর্ম হয় সব জ্ঞানে পরিণত। ৩৩
প্রণিপাতে সেবা যত্নে তত্ত্ব জিজ্ঞাসাতে,
পা'বে জ্ঞান উপদেশ তত্ত্বদর্শী হ'তে। ৩৪
হেন ভাবে লব্ধ জ্ঞানে মোহ দূরে যা'বে,
আমাতে ও নিজমধ্যে সর্বভূতে পা'বে। ৩৫

শ্রেয়ঃ কারণ সমস্ত কর্মই নিঃশেষে জ্ঞানে পরিণত হয় (৩৪) জ্ঞানীর চরণে নত হইয়া ভক্তি, শ্রদ্ধা ও সেবার দ্বারা তাঁহাকে তুষ্ট করিয়া পক্ষে বিপক্ষে নানাবিধ প্রশ্ন করিয়া আত্মতত্ত্বজ্ঞান লাভ করিবে, তত্ত্বদর্শী তোমাকে সেই উপদেশ দিবেন (৩৫) হে পাণ্ডব এইভাবে লব্ধ জ্ঞানে বন্ধু বধের জন্য মোহগ্রস্ত হইবেনা এবং আমাতে ও নিজমধ্যে সর্বভূতকে অভিন্ন দেখিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপি চেদসি পাপেভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্ব্বং জ্ঞান-প্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি॥ ৩৬
যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা॥ ৩৭
ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ং যোগ-সংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি॥ ৩৮
শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি॥ ৩৯
অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি।
নায়ং লোকোঽস্তি ন পরো ন সুখং সংশয়াত্মনঃ॥ ৪০
যোগ-সংন্যস্তকর্ম্মাণং জ্ঞান - সংছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়॥ ৪১
তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ।
ছিত্ত্বৈনং সংশয়ং যোগমাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত॥ ৪২

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে জ্ঞানযোগো নাম চতুর্থোঽধ্যায়ঃ।

(৩৬) যদি তুমি সকলের চেয়ে বেশী পাপাচারী হও তবু জ্ঞানরূপ তরণী দ্বারা পাপসমুদ্র উত্তীর্ণ হইতে পারিবে (৩৭) অগ্নি যেমন কাষ্ঠকে ভস্ম করে জ্ঞানাগ্নিও তেমনি কর্ম বন্ধনকে ক্ষয় করে (৩৮) জ্ঞানতুল্য শুদ্ধিকর কিছুই নাই, যোগসিদ্ধ ব্যক্তি যথাকালে আত্মজ্ঞান আপনিই পায় (৩৯) একনিষ্ঠ শ্রদ্ধাবান ও জিতেন্দ্রিয় ব্যক্তি জ্ঞান দ্বারা পরম শান্তি পায় (৪০)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি হও সব চেয়ে বেশী পাপাচারী,
জ্ঞান-তরী চড়ি', দিবে পাপার্ণবে পাড়ি। ৩৬
জ্বলন্ত অগ্নিতে যথা কাষ্ঠ ভস্ম হয়,
জ্ঞানাগ্নিতে সর্বকর্ম করে তথা ক্ষয়। ৩৭
জ্ঞান সম সুপবিত্র কিছু নাহি ভবে,
কর্মযোগী যথাকালে আত্মজ্ঞান লভে। ৩৮
শ্রদ্ধাবান ব্রহ্মনিষ্ঠ জিতেন্দ্রিয় জন,
জ্ঞান লভি' পায় শীঘ্র পরা শান্তি ধন। ৩৯
শ্রদ্ধাহীন সংশয়াত্মা অজ্ঞ ধ্বংসে ধায়,
ইহ-পরলোকে, সুখ সংশয়ী না পায়। ৪০
সংশয় নাশে যে জ্ঞানে, কর্ম অর্পে যোগে,
সে আত্মজ্ঞ কভু নাহি কর্মবন্ধ ভোগে। ৪১
তাই পার্থ, ওঠ, কর কর্মযোগাশ্রয়,
জ্ঞানে নাশি' হৃদয়ের অজ্ঞান সংশয়। ৪২

জ্ঞা যোগ নাম চতুর্থ অধ্যায় সমাপ্ত।

জ্ঞানহীন, স শয়ী ও অ নষ্ট হয়, সংশয়ী ইহ-পরলোকে বা সুখ পায় না। ৪১ সম বুদ্ধিযোগে স ক যে ব্রহ্মে অর্পণ করে, আত্মজ্ঞানে যাহার সংশয় বিদূরিত সে কর্মবন্ধ মুক্ত (৪২) তাই পার্থ, ওঠো, আত্মজ্ঞান দ্বারা হৃদয়ের অজ্ঞান জাত সংশয় নাশ করিয়া কর্মযোগ আশ্রয় কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

সন্ন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ! পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্॥ ১

শ্রীভগবানুবাচ।

সন্ন্যাসঃ কর্ম্ম-যোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্ম-সন্ন্যাসাৎ কর্ম্ম-যোগো বিশিষ্যতে॥ ২
জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে॥ ৩
সাংখ্যযোগৌ পৃথক্ বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্ব্বিন্দতে ফলম্॥ ৪
যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি॥ ৫
সন্ন্যাসস্তু মহাবাহো! দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি॥ ৬
যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে॥ ৭

(১) অর্জুন কহিলেন, কর্ম-সন্ন্যাস ও কর্মযোগ দুইই বলিতেছ, ইহার মধ্যে যাহা শ্রেয়ঃ তাহা বল (২) শ্রীকৃষ্ণ কহিলেন. কর্ম-সন্ন্যাস ও কর্মযোগ উভয়ই মোক্ষপ্রদ, তবে এর মধ্যে কর্মযোগই শ্রেষ্ঠ (৩) ইচ্ছা-দ্বেষশূন্য ব্যক্তি নিত্য সন্ন্যাসী, সেই মুক্তি পায় (৪) জ্ঞান ও কর্মকে বালকেরা ভিন্ন দেখে, বস্তুতঃ একের আশ্রয়ে দুয়েরই ফল হয় (৫) সাংখ্য তত্ত্বজ্ঞানীর যে গতি হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

কহিছ সন্ন্যাস পুনঃ কর্মযোগ মোরে,
এ দু'য়ে শ্রেয়ঃ যা' তাই কহ স্থির ক'রে। ১
কহে হরি, উভে শুভ তবু মোর মতে,
কর্মযোগ শ্রেয়ঃ পার্থ, কর্মত্যাগ হ'তে। ২
সে নিত্যসন্ন্যাসী যা'র ইচ্ছা-দ্বেষ নাই,
সহজে বন্ধন মুক্ত নির্দ্বন্দ্ব সে তাই। ৩
জ্ঞান কর্ম ভিন্ন ভিন্ন বালকেরা বলে,
একের সাধনে ফল উভয়েরি ফলে। ৪
সাংখ্যজ্ঞানে কিম্বা যোগে এক সিদ্ধি লভে,
এক দেখে সত্যদর্শী সাংখ্যে যোগে উভে। ৫
যোগের আশ্রয় বিনা সন্ন্যাস কঠিন,
যোগযুক্ত মুনি শীঘ্র হয় ব্রহ্মে লীন। ৬
ভূতে আত্মজ্ঞানী, যোগী, শুদ্ধাত্মা, সংযত,
জিতেন্দ্রিয় নহে লিপ্ত থাকি' কর্মে রত। ৭

কর্মযোগীরও জ্ঞান দ্বারা তাহাই হয়. সন্ন্যাস ও কর্মযোগকে তত্ত্বদর্শী একই দেখে (৬) কর্মযোগ ব্যতীত সন্ন্যাস কঠিন! কর্মযোগী চিত্ত-শুদ্ধি হেতু সন্ন্যাসী হইয়া শীঘ্র ব্রহ্ম লাভ করে (৭) যোগযুক্ত, শুদ্ধচিত্ত, জিতেন্দ্রিয়, আত্মজয়ী, এবং সর্বজীবে সমদর্শী ব্যক্তি কর্ম করিয়াও নির্লিপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্॥ ৮
প্রলপন্ বিসৃজন্ গৃহ্নন্ উন্মিষন্ নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্॥ ৯
ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥ ১০
কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥ ১১
যুক্তঃ কর্ম্ম-ফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কাম-কারেণ ফলে সক্তো নিবধ্যতে॥ ১২
সর্ব্ব-কর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ ন কারয়ন্॥ ১৩
ন কর্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্ম-ফল-সংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে॥ ১৪

(৮,৯) দেখা, শুনা, স্পর্শ, গমন, ভোজন, বলা, ধরা, নিদ্রা, শ্বাস, প্রশ্বাস, উন্মেষ নিমেষাদি কর্ম করিয়াও জ্ঞানী ভাবে আমি কিছুই করিনা, এ সবই ইন্দ্রিয়ের কার্য (১০) ঈশ্বরে কর্মফল সঁপিয়া নিস্পৃহ হইয়া যে কর্ম করে সে জলে পদ্ম পত্রের ন্যায় পাপে লিপ্ত হয় না (১১) চিত্ত শুদ্ধির জন্য অনাসক্ত যোগী নির্লিপ্ত ইন্দ্রিয় ও দেহ বুদ্ধি মন দ্বারা কর্ম করে (১২) যোগযুক্ত ব্যক্তি কর্মফল ছাড়িয়া আত্যন্তিক শান্তি পায় কিন্তু অযুক্ত ফলাসক্ত ব্যক্তি বন্ধনদশাগ্রস্ত হয় (১৩) জিতচিত্ত দেহী বিবেকযুক্ত মন দ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"আমি করি" নাহি ভাবে জ্ঞানী কভু মনে,
দেখা শুনা স্পর্শ ঘ্রাণে গমনে ভোজনে,
উন্মেষে নিমেষে শ্বাসে কথা নিদ্রা ত্যাগে,
গ্রহণেও জ্ঞানী জানে ইন্দ্রিয় তা' ভোগে। ৮,৯
নিঃসঙ্গ যে করে কর্ম ব্রহ্মে সঁপি' ফল,
নির্লিপ্ত সে পাপে যথা পদ্মপত্রে জল। ১০
কেবল ইন্দ্রিয় আর দেহ-বুদ্ধি-মনে,
শুদ্ধি তরে করে কর্ম অনাসক্ত জনে। ১১
কর্ম ফল ছাড়ি' যোগে নিষ্ঠা শান্তি হয়,
যে অযুক্ত ফলাসক্ত বন্ধনে সে রয়। ১২
নবদ্বার দেহে যোগী মনে কর্ম ছেড়ে,
রহে সুখে, না করে, না করায় অন্যেরে। ১৩
কর্তৃত্ব বা কর্ম কিম্বা কর্মফল যত,
প্রভু নাহি সৃজে উহা প্রকৃতিতে জাত। ১৪

সর্ব কর্ম সংকল্প ছাড়িয়া চক্ষু কর্ণাদি নবদ্বার যুক্ত ঘরে, অভিমান ছাড়িয়া অতিথির মত বাস করে। দেহ প্রকৃতির দ্বারা কৃত কর্মে তাহার কোন অভিমান থাকে না, সে নিজে কিছু করে না, এবং ইন্দ্রিয়ের কর্মের প্রবর্তকও নয় (১৪) প্রভু জীবের দেহাদির কর্তৃত্ব বা কর্ম করেননা, কর্মফলও দেন না, প্রকৃতিই সব কর্ম করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥ ১৫
জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্ জ্ঞানং প্রকাশয়তি তৎপরম্॥ ১৬
তদ্ বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎ-প রা য় ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞান - নির্ধূত - কল্মষাঃ॥ ১৭
বিদ্যা-বিনয়-সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥ ১৮
ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ ব্রহ্মণি তে স্থিতাঃ॥ ১৯
নপ্রহৃষ্যেৎপ্রিয়ংপ্রাপ্য নোদ্বিজেৎপ্রাপ্যচাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ॥ ২০
বাহ্যস্পর্শেষসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্।
স ব্রহ্ম-যোগ-যুক্তাত্মা সু খ ম ক্ষ য় ম শ্নু তে॥ ২১
যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয়, ন তেষু রমতে বুধঃ॥ ২২

(১৫) বিভু কাহারও পাপ নেন না, জীব অজ্ঞান তাই ভ্রমে পড়ে (১৬) আত্মজ্ঞান অজ্ঞানকে নাশিয়া ব্রহ্ম জ্ঞানকে সূর্যবৎ প্রকাশ করে (১৭) ব্রহ্মেই যাহার বুদ্ধি গতি নিষ্ঠা প্রাণ মন তাহার পাপ জ্ঞানে ধৌত হয়, সে জন্মমুক্ত (১৮) ব্রাহ্মণ চণ্ডাল গরু হস্তী কুকুরাদি সর্ব জীবে জ্ঞানীর সমদৃষ্টি। (১৯) সমভাবী সংসার মায়া মুক্ত, নির্দোষ ব্রহ্মই সম তাই সে ব্রহ্মভাবেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভু কা'রো পুণ্য পাপ কখনো না ল'ন,
অজ্ঞানে আচ্ছন্ন তাই মুগ্ধ জীবগণ। ১৫
কিন্তু যেথা আত্মজ্ঞানে সে অজ্ঞান যায়,
জ্ঞান-রবি পর-তত্ত্ব প্রকাশে তথায়। ১৬
তাহে যা'র বুদ্ধি-গতি-নিষ্ঠা-প্রাণ-মন,
জ্ঞানে ধৌত পাপ তা'র নাহি আবর্তন। ১৭
পণ্ডিতেরা বিদ্যানম্র ব্রাহ্মণে কুক্কুরে,
চণ্ডালে গ'রুতে গজে সমজ্ঞান করে। ১৮
সমজ্ঞানে যোগী করে সংসারকে জয়,
নির্দোষ ব্রহ্মই সম জানি' ব্রহ্মে রয়। ১৯
প্রিয়াপ্রিয়ে সে ব্রহ্মজ্ঞ তুষ্ট-ক্ষুব্ধ নয়,
মোহহীন স্থির বুদ্ধি ব্রহ্মেতে যে রয়। ২০
বাহ্যস্পর্শে নিস্পৃহ যে আত্মানন্দে রয়,
ব্রহ্মযুক্ত হ'য়ে সুখ লভে সে অক্ষয়। ২১
সংস্পর্শেতে জাত ভোগে দুঃখ সৃষ্ট হয়,
অস্থায়ী সে সুখে কভু বিজ্ঞ তৃপ্ত নয়। ২২

থাকে (২০) মোহমুক্ত স্থিরবুদ্ধি যোগী ব্রহ্মবেত্তা, সে প্রিয়াপ্রিয়ে তুষ্ট-ক্ষুব্ধ নয় (২১) বাহ্যস্পর্শে যে নিস্পৃহ সে আত্মানন্দে থাকে আর ব্রহ্মযুক্ত হইলে তাহা অক্ষয় হয় (২২) বিষয় ও ইন্দ্রিয়যোগে সুখ অস্থায়ী তাহাতে জ্ঞানী তৃপ্ত নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শক্নোতীহৈব যঃ সোঢুং প্রাক্‌শরীরবিমোক্ষণাৎ।
কামক্রোধোদ্ভবং বেগং স যুক্তঃ স সুখী নরঃ॥ ২৩
যোঽন্তঃ সুখোঽন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোঽধিগচ্ছতি॥ ২৪
লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্ব-ভূত-হিতে রতাঃ॥ ২৫
কামক্রোধ - বিযুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্॥ ২৬
স্পর্শান্ কৃত্বা বহির্ব্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ॥ ২৭
যতেন্দ্রিয় - মনো - বুদ্ধির্মুনির্মোক্ষ - পরায়ণঃ।
বিগতেচ্ছাভয় ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ॥ ২৮
ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোক মহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তি মৃচ্ছতি॥ ২৯

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে কর্ম্মসন্ন্যাসযোগো নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

---

(২৩) যে আমরণ কামক্রোধের বেগ ধারণক্ষম সেই প্রকৃত যোগী, সেই সুখী (২৪) যে অন্তরে ব্রহ্মভাবে মগ্ন থাকিয়া সুখী, যাহার অন্তরেই বিহার অন্তরেই জ্যোতিঃ দীপ্ত, ব্রহ্মস্বরূপ সেই যোগী মোক্ষ পায় (২৫) যে নিষ্পাপ দ্বিধাহীন আত্মজয়ী ও সর্বভূতহিতে রত সে সর্বদা মুক্ত (২৬) কামক্রোধ মুক্ত সংযত আত্মতত্ত্বজ্ঞ সন্ন্যাসী জীবিত কি মৃত সর্বাবস্থায় মুক্ত (২৭,২৮) মন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাম-ক্রোধ বেগ যেই আমরণ সহে,
জেনো সেই যুক্তযোগী সেই সুখে রহে। ২৩
অন্তরেতে শান্ত সুখী অন্তর্দৃষ্টি যা'র,
ব্রহ্মে রত ব্রহ্মনিষ্ঠ ব্রহ্মগতি তা'র। ২৪
ক্ষীণপাপ দ্বিধাহীন চিত্তজয়ী ঋষি,
সর্ব ভূত হিতে রত মুক্ত দিবানিশি। ২৫
সুসংযত আত্মজ্ঞানী কাম-ক্রোধ নাই,
জীবিত কি মৃত তা'র নির্বাণ সদাই। ২৬
বাহ্য চিন্তা দূর করি' ভ্রূ'তে দৃষ্টি স্থাপি,'
সম করি' প্রাণাপান নাসা পথ চাপি,' ২৭
যতেন্দ্রিয়-মন-বুদ্ধি মুক্তিকামী মুনি,
ইচ্ছা-ভয়-ক্রোধ ছাড়ি'সদা মুক্ত জানি। ২৮
তপোযজ্ঞ ভোক্তা আমি লোকমহেশ্বর,
সর্বভূত সুহৃদ্ জানি' লভে শান্তি নর। ২৯

কর্মসন্ন্যাসযোগ নামে ৫ম অধ্যায় সমাপ্ত।

হইতে বাহ্যচিন্তা ছাড়িয়া চক্ষুদ্বয় ভ্রূ'মধ্যে স্থাপিয়া প্রাণাপান বায়ু নাসা মধ্যে সংযত করিয়া ইন্দ্রিয় মন বুদ্ধিকে যে জয় করিতে সক্ষম, ইচ্ছা ভয় ক্রোধ যাহার বশীভূত সে সদামুক্ত (২৯) আমাকে সর্ব তপ-যজ্ঞের পালক, সর্বকর্মের ভোক্তা, মহেশ্বর ও সর্বভূতের সুহৃদ জানিয়া মানব শান্তি পায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ ।

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ ॥ ১

যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব ।
ন হ্যসংন্যস্তসঙ্কল্পো যোগী ভবতি কশ্চন ॥ ২

আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে ।
যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে ॥ ৩

যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে ।
সর্ব্ব-সঙ্কল্প সন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে ॥ ৪

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ ॥ ৫

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ ।
অনাত্মনস্তু শত্রুত্বে বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ ॥ ৬

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ ।
শীতোষ্ণ সুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ ॥ ৭

(১) যজ্ঞ-ক্রিয়া ছাড়িলেই যে সন্ন্যাসী ও যোগী হইবে তাহা নহে ফলাশা ছাড়িয়া যে নিত্য কৃত্য করে সেই প্রকৃত সন্ন্যাসী ও যোগী (২) যাহা সন্ন্যাস, ফলত্যাগ হেতু তাহাই যোগ, ফলত্যাগী না হইলে সে জ্ঞাননিষ্ঠ বা কর্মনিষ্ঠ যাহাই হউক যোগী নহে (৩) যোগপথকামীর পক্ষে কর্মই কারণ, আর জ্ঞাননিষ্ঠের পক্ষে কর্মত্যাগই পরম সাধন (৪) ভোগে যাহার স্পৃহা নাই, কর্মে বন্ধন নাই, যে কামনা মুক্ত সেই যোগারূঢ় (৫) বিবেকশক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

যজ্ঞ-ক্রিয়া ত্যাগী হ'লে নাহি হয় ত্যাগী,
ফল-ত্যাগী হ'লে তবে সন্ন্যাসী ও যোগী। ১
সন্ন্যাস ও কর্মযোগ উভে এক হয়,
না হ'লে কামনা ত্যাগ যোগী কভু নয়। ২
যোগারোহে ইচ্ছু পক্ষে কর্মই কারণ,
যোগারূঢ় পক্ষে কর্ম ত্যাগই কারণ। ৩
নাহি ভোগে তৃষ্ণা, নাহি কর্মেতে বন্ধন,
সর্ব কাম মুক্ত সদা যোগারূঢ় জন। ৪
ক'রো যত্নে আত্মোন্নতি অবসাদ ছাড়ি',
আত্মা তব নিজ বন্ধু আত্মা তব অরি। ৫
আত্মজয়ী যোগী পক্ষে আত্মা বন্ধু হয়,
আত্মজ্ঞান হীন পক্ষে আত্মা শত্রু কয়। ৬
প্রশান্ত জিতাত্মা থাকে সমাহিত মনে,
শীত উষ্ণ সুখ দুঃখ মান অপমানে। ৭

যুক্ত হইয়া নিজের দ্বারাই নিজেকে উদ্ধার কর, নিজেকে অধঃপাতিত করিও না। নিজেই নিজের বন্ধু, নিজেই শত্রু, দুঃখে ডুবিবার হেতু (৬) মনকে যে বশ করিয়াছে সে নিজের বন্ধু, যে অক্ষম সে শত্রু (৭) আত্মজয়ী প্রশান্ত ব্যক্তি শীত উষ্ণ, সুখদুঃখ এবং মান অপমানে সর্বদা স্থির থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞান-বিজ্ঞান-তৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ॥ ৮
সুহৃদ্-মিত্রার্য্যুদাসীন মধ্যস্থ-দ্বেষ্য-বন্ধুষু।
সাধুষপি চ পাপেষু সমবুদ্ধির্ব্বিশিষ্যতে॥ ৯
যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যত- চিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ॥ ১০
শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতি নীচং চেলা-জিন কুশোত্তরম্॥ ১১
তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়-ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্ম বিশুদ্ধয়ে॥ ১২
সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্যনাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্॥ ১৩
প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ॥ ১৪

(৮) জ্ঞান (শাস্ত্র উপদেশ জাত), বিজ্ঞান (তত্ত্বের প্রত্যক্ষ অনুভূতি), দ্বারা যাহার চিত্ত পরিতৃপ্ত, বিষয়স্পর্শেও যে নির্বিকার, জিতেন্দ্রিয় এবং যে স্বর্ণ ও প্রস্তরে সমদর্শী সেই যোগীই যুক্ত (যোগসিদ্ধ) (৯) সুহৃৎ, মিত্র, শত্রু, উদাসীন, মধ্যস্থ, দ্বেষ্য বন্ধু সাধু ও পাপী সকলের প্রতি যে সমবুদ্ধি সম্পন্ন সেই প্রশংসনীয় (১০) একাকী নির্জন স্থানে থাকিয়া, সংযতচিত্ত, সংযত-দেহ, আকাঙ্খাশূন্য ও পরিগ্রহ শূন্য হইয়া যোগী সর্বদা সমাহিত থাকিবে (১১,১২) আত্মশুদ্ধির জন্য যোগী নাতিউচ্চ নাতিনিম্ন শুদ্ধস্থানে কুশাসনের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানে ও বিজ্ঞানে তৃপ্ত স্থির সুসংযত,
স্বর্ণ লোষ্ট্রে সমজ্ঞানী যোগারূঢ় খ্যাত। ৮
সুহৃদ্ বন্ধু উদাসীন মধ্যস্থ ও হেয়,
সাধু পাপী শত্রু মিত্রে সমজ্ঞানী শ্রেয়ঃ। ৯
ছাড়ি' স্পৃহা-পরিগ্রহ একাকী নির্জনে,
জিতচিত্তে র'বে যোগী সমাহিত মনে। ১০
নাতি উচ্চ নাতি নিম্ন স্থির শুদ্ধ স্থানে,
কুশোপরে মৃগচর্ম তাহে বস্ত্রাসনে, ১১
বসিয়া একাগ্র মনে, র'বে যোগাভ্যাসে,
বশে রাখি' চিত্তেন্দ্রিয় আত্মশুদ্ধি আশে। ১২
দৃঢ় যত্নে সোজা রাখি' দেহ গ্রীবা শিরে,
নাসা অগ্রে দৃষ্টি রাখি' অন্য দৃষ্টি ছেড়ে, ১৩
শান্তচিত্তে সংযত ও ব্রহ্মচারী হ'য়ে,
মন্নিষ্ঠ মদ্গত যুক্ত থাকিবে নির্ভয়ে। ১৪

উপর মৃগচর্ম এবং তদুপরি বস্ত্রাসন স্থাপিয়া সুস্থির ভাবে বসিয়া ইন্দ্রিয় ও চিত্ত ক্রিয়া বশে রাখিয়া একাগ্র মনে যোগাভ্যাস করিবে (১৩) দেহ গ্রীবা ও মস্তক সযত্নে সরল ও নিশ্চল রাখিয়া ভ্রূযুগল মধ্যস্থলে দৃষ্টি নিবদ্ধ রাখিয়া এদিক ওদিক না তাকাইয়া (১৪) নির্ভয়ে প্রশান্ত চিত্তে সংযত ও ব্রহ্মচারী থাকিয়া মদ্গত চিত্ত ও মৎপরায়ণ হইয়া সর্বদা যোগে থাকিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়ত মানসঃ।
শান্তিং নির্ব্বাণ-পরমাং মৎসংস্থামধিগচ্ছতি॥ ১৫
নাত্যশ্নতস্তু যোগোঽস্তি ন চৈকান্তমনশ্নতঃ।
ন চাতি স্বপ্নশীলস্য জাগ্রতো নৈব চার্জ্জুন॥ ১৬
যুক্তাহার-বিহারস্য যুক্ত চেষ্টস্য কর্ম্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা॥ ১৭
যদা বি নি য় তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিঃস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা॥ ১৮
যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ॥ ১৯
যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগ-সেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি॥ ২০
সুখমাত্যন্তিকং যৎতদ্ বুদ্ধি-গ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ॥ ২১

(১৫) এইরূপে সর্বদা চিত্তকে সমাহিত করিয়া স্থিরচিত্ত যোগী নির্বাণ রূপ পরম শান্তি লাভ করে যাহা একমাত্র আমাতেই প্রাপ্তব্য (১৬) অতিভোজনশীল ব্যক্তির বা অনাহারীর যোগ হয় না, অতিনিদ্রাশীল, অতি জাগরণশীলের যোগ হয় না (১৭) যাহার আহার ও বিহার নিয়মিত এবং পরিমিত, যে সর্বকর্মে পরিমিত, নিয়মিত চেষ্টাশীল. নিদ্রা জাগরণ পরিমিত তাহার যোগ দুঃখ নাশক হয় (১৮) যাহার চিত্ত সংযত হইয়া আত্মাতে সমাহিত থাকে, সর্ব কাম্য বিষয়ে যে নিস্পৃহ সেই যোগীই যোগসিদ্ধ (১৯)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এভাবে যে যোগে সদা করে চিত্ত জয়,
লভে সে নির্বাণ শান্তি আমাতে যা' রয়। ১৫
অনাহার অত্যাহার অতি নিদ্রা যা'র,
জাগরণ অতি যা'র নাহি যোগ তা'র। ১৬
পরিমিত ভোগাহার কর্ম-চেষ্টা আর,
মিত নিদ্রা জাগরণে হয় যোগ তা'র। ১৭
যে জন সংযত চিত্ত আত্ম সমাহিত,
সর্ব কামে যে নিস্পৃহ যুক্ত সে নিশ্চিত। ১৮
শান্ত বায়ু স্থানে যথা দীপ নাহি টলে,
যোগীর না টলে চিত্ত আত্ম যুক্ত হ'লে। ১৯
যোগাভ্যাসে রুদ্ধ চিত্ত লভি' উপরতি,
শুদ্ধ চিত্তে আত্ম জ্ঞানে আত্ম তৃপ্ত মতি, ২০
বুদ্ধিগ্রাহ্য অতীন্দ্রিয় সুখ অতিশয়,
লভি' আত্মজ্ঞান হ'তে বিচলিত নয়, ২১

শান্তবায়ুতে দীপশিখা চঞ্চল হয় না, আত্মযোগ যুক্ত যোগীর চিত্তও তদ্রূপ সংযত (২০) যে অবস্থায় যোগাভ্যাস করিতে করিতে রুদ্ধচিত্ত বিষয় হইতে নিবৃত্ত হয়. যে অবস্থায় বিশুদ্ধ মনে আত্মদর্শন করিয়া যোগী আত্মাতেই আনন্দে থাকে তাই যোগ (২১) যাহাতে বোঝা যায়, বলা যায় না এমন আত্যন্তিক সুখ অনুভূত হয় ও আত্মতত্ত্বে চিত্তস্থির থাকে তাহাই যোগ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে॥ ২২
তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্ব্বিণ্ণচেতসা॥ ২৩
সংকল্প-প্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ॥ ২৪
শনৈঃ শনৈরুপরমেদ্ বুদ্ধ্যা ধৃতি-গৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ॥ ২৫
যতো যতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরম্।
ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েৎ॥ ২৬
প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্।
উপৈতি শান্ত-রজসং ব্রহ্ম-ভূতমকল্মষম্॥ ২৭
যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্ম-সংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে॥ ২৮

(২২) যে অবস্থা হইলে অন্য সব লাভই তুচ্ছ বোধ হয় যে অবস্থায় স্থিতি লাভ করিলে দুঃসহ দুঃখেও চিত্ত বিচলিত হয় না (২৩) যে অবস্থায় দুঃখ সংযোগের বিয়োগ হয়, দুঃখ লেশ শূন্য সেই অবস্থার নামই যোগ। সুস্থির ভাবে সন্তুষ্ট চিত্তে এই যোগ নিয়ত অভ্যাস করিবে (২৪) সংকল্প জাত সমস্ত কামনাকে পরিত্যাগ করিয়া নিঃশেষে ইন্দ্রিয় সমূহকে বশ করিয়া (২৫) ধৈর্যযুক্ত স্থিরবুদ্ধি দ্বারা মনকে ধীরে ধীরে নিরুদ্ধ করিয়া আত্মাতে স্থাপন করিবে, অন্য কিছুই চিন্তা করিবে না (২৬) চঞ্চল ও অস্থির মন যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা লভি' অন্য লাভে তুচ্ছ জ্ঞান হয়,
গুরুতর দুঃখে কভু অভিভূত নয়, ২২
দুঃখযোগ স্পর্শ মাত্র বিয়োগ যাহাতে,
তাই যোগ, যোগাশ্রয় কর স্থির চিতে। ২৩
সঙ্কল্প সঞ্জাত সর্ব কামনা ত্যজিয়া,
নিঃশেষে ইন্দ্রিয় গ্রাম সংযত করিয়া, ২৪
ধীরে ধীরে ধৈর্য যুক্ত স্থির বুদ্ধি দিয়া,
আত্মসংস্থ কর মন, কিছু না চিন্তিয়া। ২৫
চঞ্চল অস্থির মন যে যে দিকে ধায়,
সেথা হ'তে আত্মবশে আন টানি' তায়। ২৬
পাপমুক্ত ব্রহ্মে মগ্ন রজোগুণ হীন,
প্রশান্ত সে যোগী রহে ব্রহ্মানন্দে লীন। ২৭
নিষ্পাপ সে যোগী থাকি' যুক্ত এই ভাবে,
ব্রহ্মস্পর্শ সুখামৃত অনায়াসে লভে। ২৮

যেদিকে ধাবিত হয়, তাহা হইতে তাহাকে ফিরাইয়া আত্মাতেই সুস্থির করিয়া রাখিবে (২৭) ভোগ ব্যাকুলতাহীন পাপমুক্ত প্রশান্ত চিত্ত এবং ব্রহ্ম-ভাবে নিমগ্ন এইরূপ যোগসিদ্ধ যোগী নির্মল ব্রহ্মানন্দে তন্ময় হইয়া থাকে (২৮) এইভাবে যোগযুক্ত নিষ্পাপ সেই যোগী অনায়াসে ব্রহ্মস্পর্শ সুখামৃত লাভ করিয়া থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্ব-ভূতস্থমাত্মানং সর্ব্ব - ভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ॥ ২৯
যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি॥ ৩০
সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে॥ ৩১
আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ॥ ৩২

অর্জ্জুন উবাচ।

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্॥ ৩৩
চঞ্চলং হি মনঃ কৃষ্ণ! প্রমাথি বলবদ্ দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্॥ ৩৪

শ্রীভগবানুবাচ।

অসংশয়ং মহাবাহো! মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে॥ ৩৫

(২৯) যোগী সর্বভূতে সমদর্শী হয়, সে আত্মাকে সর্বভূতস্থিত দেখে, সর্বভূতকে আত্মাতে দেখে (৩০) যে আমাতে সকলকে এবং আমাকে সর্বত্র দেখে, আমি তাহার অদৃশ্য নহি, সেও আমার অদৃশ্য নয় (৩১) অভেদে সর্বভূতস্থিত আমায় যে ভজে, সে যেথা বই থাকুক না আমাতেই থাকে। (৩২) সুখে দুঃখে সর্বজীবকে যে আত্মতুল্য দেখে সেই সেমদর্শীযোগীই আমার মতে শ্রেষ্ঠ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitized by Gangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগযুক্ত সর্বভূতে সমদর্শী হয়,
দেখে সর্বভূতে আত্মা, ভূত আত্মাময়। ২৯
সবারে আমাতে দেখে, সবেতে আমারে,
না হারায় মোরে আমি না হারাই তা'রে। ৩০
সর্বভূতে স্থিত মোরে এক জানি' ভজে,
যে ভাবেই থাকুক সে আমাতে বিরাজে। ৩১
সুখে দুঃখে আত্মতুল্য দেখে সর্বভূতে,
সমদর্শী সেই যোগী শ্রেষ্ঠ মোর মতে। ৩২

অর্জুন কহিলেন,

সাম্যযোগ যা' কহিলে তা' মধুসূদন,
না দেখি চঞ্চল মনে স্থায়ী বেশীক্ষণ। ৩৩
চঞ্চল দুর্জয় বলী ক্ষোভকারী মন,
বায়ু সম নিগ্রহে তা' কষ্ট বিলক্ষণ। ৩৪
কহে হরি, মন বটে সত্যই দুর্জয়,
অভ্যাসে বৈরাগ্যে কিন্তু বশীভূত হয়। ৩৫

(৩৩) অর্জুন কহিলেন, সাম্যরূপ যোগের বিষয় এখন যাহা কহিলে, চঞ্চল মনে তাহার স্থায়িত্ব দেখিনা (৩৪) মন দেহেন্দ্রিয় ক্ষোভকারী, বলবান, দুর্জয় এবং চঞ্চল, বায়ুকে রোধ করার মত মনকে বশীভূত করাও কষ্টকর। (৩৫) শ্রীকৃষ্ণ কহিলেন, হে অর্জুন, মন সত্য সত্যই দুর্জয়, কিন্তু অভ্যাস ও দৃঢ় বৈরাগ্য দ্বারা এই মনও বশ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ॥ ৩৬

অর্জ্জুন উবাচ।

অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি॥ ৩৭
কচ্চিন্নোভয়-বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো! বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি॥ ৩৮
এতন্মে সংশয়ং কৃষ্ণ! ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে॥ ৩৯

শ্রীভগবানুবাচ।

পার্থ! নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।
ন হি কল্যাণকৃৎকশ্চিদ্ দুর্গতিং তাত গচ্ছতি॥ ৪০
প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে॥ ৪১
অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্॥ ৪২

(৩৬) অসংযত মনে সহজে যোগ হয় না, যত্ন ও অভ্যাস দ্বারা সংযত ব্যক্তির যোগ হয় (৩৭) অর্জুন কহিলেন, শ্রদ্ধা সহকারে যে যোগে প্রবৃত্ত হইয়াছে; পরে অসংযমে সিদ্ধি-ভ্রষ্ট হইলে তাহার কি গতি হইবে (৩৮) জ্ঞান ও কর্ম উভয় পথভ্রষ্ট নিরাশ্রয় কি ছিন্নমেঘের মত নষ্ট হইবে (৩৯) কৃপা করিয়া এই সংশয় দূর কর। তুমি ভিন্ন আমার এই সংশয় দূর করিবার আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসংযত মনে যোগ সহজে না হয়,
যত্নাভ্যাসে লভ্য তা'র সংযত যে রয়। ৩৬
কহে পার্থ, যোগে যা'র শ্রদ্ধাযুক্ত মতি,
অসংযমে সিদ্ধিভ্রষ্ট কিবা তা'র গতি। ৩৭
জ্ঞান কর্ম উভ পথ ভ্রষ্ট নিরাশ্রয়,
ছিন্নমেঘ সম মূঢ় বিনষ্ট কি হয়। ৩৮
কৃপা করি' নাশ মোর এ সংশয় হরি,
তুমি ভিন্ন নাহি অন্য দ্বৈধ-নাশকারী। ৩৯

শ্রীকৃষ্ণ কহিলেন,

কভু তা'র নাহি নাশ ইহ-পর লোকে,
কল্যাণকারীর পার্থ, দুর্গতি না থাকে। ৪০
যোগভ্রষ্ট বহুবর্ষ পুণ্য লোকে রয়,
সদাচারী ধনী ঘরে পরে জন্ম লয়। ৪১
অথবা সংসারে পুনঃ জ্ঞান-যোগী ঘরে,
পুণ্যবলে সুদুর্লভ জন্ম লাভ করে। ৪২

কেহই নাই (৪০) শ্রীকৃষ্ণ কহিলেন, শুভকর্মে মতি থাকিলে সেই পুণ্যাত্মা যোগভ্রষ্ট হইলেও ইহলোকে বা পরলোকে কখন বিনষ্ট হয় না, তাহার দুর্গতি হয় না (৪১) সে বহুবর্ষ স্বর্গলোকে থাকে পরে পবিত্র ধনীর ঘরে জন্মে (৪২) অথবা সে পুণ্যবলে জ্ঞানযোগীর ঘরে সুদুর্লভ জন্ম লাভ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন॥ ৪৩
পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে॥ ৪৪
প্রযত্নাদ্ যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেক জন্ম সংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্॥ ৪৫
তপস্বিভ্যোঽধিকোযোগী জ্ঞানিভ্যোপিমতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী, তস্মাদ্ যোগী ভবার্জ্জুন॥ ৪৬
যোগিনামপি সর্ব্বেষাং মদ্‌গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥ ৪৭

ইতি শ্রীমদ্ভগবদ্‌গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে অভ্যাসযোগো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

(৪৩) পূর্বজন্মের বুদ্ধিবৃত্তি পাইয়া এই জন্মে মোক্ষের জন্য সে পুনরায় যত্নশীল হয় (৪৪) পূর্বজন্মের যোগাভ্যাস জনিত শুভ সংস্কার বশতঃ সে অবশে যোগপথে আকৃষ্ট হয়, যে কেবল কর্মযোগের স্বরূপ জিজ্ঞাসু, সেও শব্দব্রহ্ম অর্থাৎ বেদের কাম্যকর্মফল অতিক্রান্ত হইয়া শ্রেষ্ঠফল পায়। (৪৫) সেই যোগী পূর্বাপেক্ষা অধিকতর যত্ন করিয়া ক্রমে যোগাভ্যাস দ্বারা নিষ্পাপ হইয়া অনেক জন্ম সঞ্চিত যোগ দ্বারা সম্যক্ সিদ্ধি লাভ করিয়া পরম-গতি লাভ করে (৪৬) যোগী তপস্বিগণ অপেক্ষা শ্রেষ্ঠ, জ্ঞানিগণ অপেক্ষা শ্রেষ্ঠ, কর্মিগণ অপেক্ষাও শ্রেষ্ঠ, অতএব অর্জুন। তুমি যোগাশ্রয় কর (৪৭) যে যোগী শ্রদ্ধাবান্ হইয়া মদ্‌গত চিত্তে আমাকে ভজনা করে, সকল যোগী মধ্যে আমার মতে সেই যোগীই শ্রেষ্ঠ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লভি' পূর্ব-দেহ-বৃত্তি নব জন্মে এবে,
মুক্তি তরে পুনঃ তা'র যত্ন নিষ্ঠা হ'বে। ৪৩
পূর্বাভ্যাসে সে অবশে যোগনিষ্ঠ রয়,
জিজ্ঞাসুও শব্দব্রহ্ম অতিক্রান্ত হয়। ৪৪
জন্ম জন্ম সাধনায় হ'লে পাপ ক্ষয়,
বহু জন্মে লভি' সিদ্ধি পরে মুক্ত হয়। ৪৫
তপস্বীর বড় যোগী, জ্ঞানীর' সে বড়,
কর্মীর চেয়েও বড়, তাই যোগ ধর। ৪৬
মদ্‌গত অন্তরে মোরে যে ভজে শ্রদ্ধায়,
সর্বযোগি মধ্যে গণি শ্রেষ্ঠযোগী তা'য়। ৪৭

অভ্যাসযোগ নামে ৬ষ্ঠ অধ্যায় সমাপ্ত।



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

ময্যাসক্তমনাঃ পার্থ! যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু॥ ১
জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্জ্ঞাতব্যমবশিষ্যতে॥ ২
মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ॥ ৩
ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনোবুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥ ৪
অপরেয়মিত স্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো! যয়েদং ধার্য্যতে জগৎ॥ ৫

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, হে পার্থ, তুমি আমাতে আসক্ত চিত্ত হইয়া এবং আমার আশ্রিত হইয়া যোগাভ্যাস করিয়া সমগ্র আমাকে নিঃসংশয় ভাবে যাহাতে জানিতে পার তাহা শুন (২) আমি তোমাকে বিজ্ঞানের সহিত এই জ্ঞান-তত্ত্ব সম্যকভাবে বলিব যাহা জানিলে ইহলোকে পুনরায় অন্য কিছু জ্ঞাতব্য অবশিষ্ট থাকিবেনা (৩) সহস্র সহস্র মানবের মধ্যে বহু জন্ম কৃত সুকৃতির ফলে কোনও পুণ্যবান ব্যক্তি সৌভাগ্য বশতঃ সত্ত্বশুদ্ধি দ্বারা জ্ঞান লাভের চেষ্টা করে। আবার সেই জ্ঞানসিদ্ধ পূর্বজন্মার্জিত পুণ্যকারী যত্নশীল সাধকদের মধ্যেও ক্বচিৎ কেহবা পরমাত্মা স্বরূপ আমাকে প্রকৃষ্টরূপে জানিতে পারে। (৪) ভূমি, জল, অগ্নি, বায়ু, নভঃ, মন বুদ্ধি ও অহঙ্কার এই বিভিন্ন আকৃতি অষ্ট প্রকারে আমার প্রকৃতি বিভক্ত। ভূমি, জল, অগ্নি, বায়ু, ও নভঃ এই পঞ্চমহাভূত এবং ইহারই পঞ্চবিষয়, যথা—গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ। মন—অহঙ্কার হইতে জাত, সংশয় ও বিচারকারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

শুন পার্থ, আমা'গত চিত্তে যোগাশ্রয়ে,
জানিবে সমগ্র মোরে যা'তে অসংশয়ে। ১
এই জ্ঞান সবিজ্ঞান বলি সমুদয়,
জানিলে যা' আর কিছু জ্ঞাতব্য না রয়। ২
সহস্রের মধ্যে কেহ লয় যত্ন জ্ঞানে,
সিদ্ধ মধ্যে ক্বচিৎ কেহ ঠিক মোরে জানে। ৩
ভূমি জল অগ্নি বায়ু নভঃ বুদ্ধি আর,
অহং মন এই অষ্ট প্রকৃতি আমার। ৪
'অপরা' প্রকৃতি ইহা ভিন্ন মোর 'পরা',
জীবভূতা প্রকৃতি সে যা'তে ধৃত ধরা। ৫

দশেন্দ্রিয় নিয়ন্তা, রূপরসাদি বিষয় গ্রহণে বুদ্ধির সাহায্যকারী। বুদ্ধি—মহৎ-তত্ত্ব, ব্যক্তের ইহাই আদিতত্ত্ব, নিশ্চয়াত্মিকা শক্তি বিশিষ্ট, সত্ত্বগুণ প্রধান। অন্তঃকরণ মধ্যে ইহাই প্রধান ও জীবগুণ ধর্মী। অহঙ্কার—বুদ্ধি হইতে অহং তত্ত্বের উৎপত্তি ইহার সাহায্যেই বুদ্ধির কর্তৃত্ব অভিমানাদি হইয়া থাকে। অহঙ্কার হইতেই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয়, মন এবং পঞ্চ তন্মাত্র প্রকাশিত হইয়া থাকে জানিবে। পঞ্চ তন্মাত্র হইতেই পঞ্চ মহাভূত উৎপন্ন হয় এবং এই পঞ্চ মহাভূতের সংমিশ্রণেই দেহ জাত। প্রকৃতি=মায়া, সংসার বন্ধনের হেতুভূতা ত্রিগুণময়ী মায়া, শক্তি। (৫) উক্ত অষ্টধা প্রকৃতি অপরা। আমার চৈতন্যময়ী পরাপ্রকৃতি উহা হইতে ভিন্ন, যাহা সমস্ত জগৎকে ধারণ করিয়া আছে। অপরা=জড়া, নিকৃষ্টা, পরা-প্রকৃতি=শ্রেষ্ঠপ্রকৃতি, জীবভূতা, জীবস্বরূপা, চিন্ময়ী প্রকৃতি, আত্মা, পুরুষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতদ্ যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয়।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥ ৬
মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব॥ ৭
রসোঽহমপ্সু কৌন্তেয়! প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু॥ ৮
পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্ব ভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু॥ ৯
বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্।
বুদ্ধির্বুদ্ধি-মতামস্মি তেজস্তেজস্বিনামহম্॥ ১০
বলং বলবতামস্মি কামরাগ-বিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ॥ ১১

(৬) যে অষ্ট প্রকার প্রকৃতির কথা বলা হইল তাহা জড়া, পরের জন্য প্রবৃত্ত, সংসার বন্ধনের হেতুভূতা বলিয়া নিকৃষ্টা। ইহাই ক্ষেত্রস্বরূপা অপরা প্রকৃতি। ক্ষেত্রজ্ঞরূপা পরাপ্রকৃতি অপরাপ্রকৃতির অভ্যন্তরে অনুপ্রবিষ্ট থাকিয়া সর্ব্বদা সমস্ত জগৎকে ধারণ করিয়া আছে। পরা ও অপরা এই উভয় প্রকার প্রকৃতির সম্মিলনে জগতে যত কিছু সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের সম্ভব হইতেছে। (৭) হে ধনঞ্জয়, আমা' অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই। মণি যেইভাবে সূত্রে গ্রথিত থাকে, সেইরূপ দৃশ্য-অদৃশ্য সমস্ত কিছুই আমাতে গ্রথিত রহিয়াছে, আমাকে অবলম্বন করিয়াই সবকিছু স্থিতি করিতেছে জানিবে। (৮) জল মধ্যে রস রূপে এবং চন্দ্র সূর্যে প্রভা রূপে আমিই বিরাজ করি, আমিই সমুদয় বেদের মূলস্বরূপ প্রণব—ওঙ্কার। আমিই আকাশে শব্দরূপে অবস্থিত এবং আমিই পুরুষের উত্তম অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'অপরা' ও 'পরা' মোর দু'টি প্রকৃতিতে,
ভবে যত সৃষ্টি-লয় সব আমা' হ'তে। ৬
শ্রেষ্ঠ আর কিছু পার্থ,নাহি আমা' হ'তে,
আমা' গাঁথা সব যথা মণি গাঁথা সূতে। ৭
চন্দ্র-সূর্যে প্রভা আমি পুরুষে উদ্যম,
নভে শব্দ জলে রস বেদ মধ্যে ওম্। ৮
তপস্বিতে তপঃ আমি ভূ-এ পুণ্য ঘ্রাণ,
অগ্নি মধ্যে তেজঃ আমি সর্বভূতে প্রাণ। ৯
সনাতন বীজ আমি জেনো ভূতগণে,
তেজস্বিতে তেজঃ আমি বুদ্ধি বুদ্ধিমানে। ১০
কাম স্পৃহা হীন বল আমি বলবানে,
ধর্ম অবিরুদ্ধ কাম সর্বজীব মনে। ১১

মনুষ্য মধ্যে আমিই পৌরুষ স্বরূপে বিদ্যমান থাকি জানিবে (৯) আমিই পৃথিবীতে পবিত্র গন্ধ, অগ্নিতে তেজঃ, সমস্তভূতের জীবনও আমি, তপস্বিগণের শীতোষ্ণাদি দ্বন্দ্ব সহন রূপ তপস্যা স্বরূপে আমিই স্থিতি করিয়া থাকি (১০) হে পার্থ, আমাকে সর্বভূতের সনাতন বীজ বলিয়া জানিও আমিই বুদ্ধিমানদিগের বুদ্ধি এবং তেজস্বিগণের তেজঃ স্বরূপ (১১) আমিই বলবানদিগের কাম ও স্পৃহা বিবর্জিত বল, অর্থাৎ স্বধর্মানুষ্ঠান সমর্থ সাত্ত্বিক বল এবং আমিই সর্বভূতের মধ্যে ধর্মের অবিরুদ্ধ কাম, অর্থাৎ দেহ ধারণাদির উপযোগী শাস্ত্র অনুমোদিত গার্হস্থ্য ধর্মের অনুকূল বিষয়ে ও [illegible] অভিলাষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি॥ ১২
ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥ ১৩
দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ ১৪
ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥ ১৫
চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ॥ ১৬
তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ॥ ১৭
উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্॥ ১৮

(১২) শম-দমাদি সাত্ত্বিক ভাব, হর্ষ দর্প-লোভাদি রাজসিকভাব এবং শোক-মোহাদি তামসিক ভাব সমূহ আমা' হইতেই জাত কিন্তু আমি এই সকলের অধীন নহি, গুণসমূহ কিন্তু আমার অধীন (১৩) এই তিন গুণের প্রভাবে জগৎ মোহিত, তাই এই সকল গুণের অতীত ও নির্বিকার আমাকে কেহই বুঝিতে পারে না (১৪) এই ত্রিগুণময়ী দৈবীমায়া অতিক্রম করা অতি কষ্টসাধ্য। তবে আমার শরণাগত হইয়া অচলা ভক্তি দ্বারা আমাকে ভজিলে ইহা অতিক্রম করা যায় (১৫) মায়া দ্বারা অপহৃত জ্ঞান নরাধম, মূঢ় ও পাপিগণ আমাকে কখনও ভজনা করে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্ত্ব রজঃ তমঃ ভাব আমা' হ'তে হয়,
আমি তাহে নহি কিন্তু আমাতে তা' রয়। ১২
ত্রিগুণের ভাবে মুগ্ধ জীব এই ভবে,
নির্বিকার নিত্য মোরে নাহি জানে সবে। ১৩
গুণময়ী দৈবীমায়া ছাড়া কষ্টকর,
মমাশ্রিত হ'লে তবে মায়া তরে নর। ১৪
মায়া-হৃত-জ্ঞান মূঢ় নরাধম পাপী,
অসুর ভাবেতে মোরে ভজে না কদাপি। ১৫
ভজে মোরে চতুর্বিধ পুণ্যবান প্রাণী,
আর্ত ও জিজ্ঞাসু আর অর্থার্থী ও জ্ঞানী। ১৬
এ'তে শ্রেষ্ঠ মোর ভক্ত নিত্যযুক্ত জ্ঞানী,
আমি তা'র অতি প্রিয় তা'কে প্রিয় জানি। ১৭
উদার সকলে এরা জ্ঞানী মোর প্রাণ,
আমি তা'র পরাগতি আমি তা'র স্থান। ১৮

(১৬) আর্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও ব্রহ্মজ্ঞানী এই চতুর্বিধ পুণ্যবান ব্যক্তিই আমাকে আরাধনা করিয়া থাকে (১৭) ইহাদের মধ্যে নিত্যযুক্ত জ্ঞানীই শ্রেষ্ঠ। আমি তাহার অতি প্রিয় আর সেও আমার প্রিয় (১৮) আমার প্রতি ভক্তিতে ইহারা সকলেই উদার কিন্তু জ্ঞানী আমার প্রাণ স্বরূপ, যেহেতু সে আমাতেই সমর্পিত চিত্ত এবং এইজন্য সে সর্বোৎকৃষ্ট পরাগতি স্বরূপ আমাতেই অবস্থিত থাকে।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ॥ ১৯
কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া॥ ২০
যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্॥ ২১
স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্॥ ২২
অন্তবৎ তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি॥ ২৩
অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্॥ ২৪
নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়া সমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্॥ ২৫

---

(১৯) জন্ম জন্ম সঞ্চিত পুণ্যবলে বহু জন্মের পরে জ্ঞানবান হইয়া সমস্ত জগৎই বাসুদেবময় দৃষ্টিতে জ্ঞানিগণ আমাকে ভজনা করে, তবে এইরূপ মহাত্মা জগতে বিরল (২০) ধন মানাদির কামনায় যাহাদের বিবেক অপহৃত হইয়াছে তাহারা নিজ নিজ স্বভাবের বশীভূত হইয়া যথানিয়মে অন্যান্য দেবতাদের ভজনা করে (২১) যে ব্যক্তি যে মূর্তিকে ভজিতে চাহে, তাহার শ্রদ্ধা সেই মূর্তিতেই আমি দৃঢ় করিয়া দেই (২২) সেই অচলা শ্রদ্ধা দ্বারা বাঞ্ছিত দেবতাকে ভজনা করিয়া তাহারা আমার বিধানেই বাঞ্ছিত ফল লাভ করে (২৩) কিন্তু সেই অল্পজ্ঞদের বাঞ্ছিত ফল ক্ষণস্থায়ী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বহু জন্ম অন্তে জ্ঞানী ভজে মোরে, সব,
বাসুদেবময় বোধে, সে জ্ঞানী দুর্লভ। ১৯
নানা কামনাতে যা'র জ্ঞান অপহৃত,
সংস্কারে সে অন্য দেবে ভজে বিধিমত। ২০
ভক্তিতে ভজিতে চাহে যে মূর্তিকে যেই,
তাঁহাতেই তা'র শ্রদ্ধা দৃঢ় ক'রে দেই। ২১
আমার বিধানে লব্ধ অচলা শ্রদ্ধায়,
তাঁ'কেই ভজিয়া তা'রা ইষ্ট ফল পায়। ২২
ক্ষণস্থায়ী ফল সেই অল্পজ্ঞরা পায়,
দেবযাজী লভে দেবে মদ্ভক্ত আমায়। ২৩
না জানি' পরম ভাব উত্তম অব্যয়,
অব্যক্ত আমাকে অজ্ঞ ব্যক্তভাবে লয়। ২৪
যোগ-মায়া বৃত আমি অজ ও অব্যয়,
মায়া-মূঢ় নরে মোর রূপ ব্যক্ত নয়। ২৫

দেবার্চ্চনায় তাহারা দেবতাকে পায়, আমার ভক্তগণ আমাকে পায় (২৪) অল্পবুদ্ধি ব্যক্তিগণ আমার অব্যয়, উত্তম ও পরম ভাব না জানিতে পারাতে অব্যয়-অব্যক্ত- আমাকে ব্যক্ত রূপধারী বলিয়া মনে করে (২৫) আমি ত্রিগুণময়ী যোগমায়ায় সমাচ্ছন্ন থাকায় সকলের নিকট প্রকাশিত হইনা, অতএব বিমূঢ় চিত্ত ব্যক্তিগণ, আমাকে জন্মহীন এবং অব্যয় বলিয়া অবগত হইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।
ভবিষ্যাণি চ ভূতানি মান্তু বেদ ন কশ্চন॥ ২৬
ইচ্ছা-দ্বেষ সমুত্থেন দ্বন্দ্ব-মোহেন ভারত।
সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ॥ ২৭
যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্ব-মোহ-নির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ॥ ২৮
জরা-মরণ-মোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্॥ ২৯
সাধিভূতাধিদৈবং মাং সাধি-যজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণ কালেঽপি চ মাং তে বিদুর্যুক্ত চেতসঃ॥ ৩০

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে জ্ঞানবিজ্ঞানযোগো নাম সপ্তমোঽধ্যায়ঃ।

(২৬) হে অর্জুন, আমি অতীত, বর্তমান ও ভবিষ্যৎ এই তিন কালেরই সমস্ত স্থাবর জঙ্গমাত্মক ভূতগণকে জানি, কিন্তু পরমাত্ম স্বরূপ আমাকে কেহই জ্ঞাত নহে (২৭) হে ভারত, সৃষ্টিকালে স্থূলদেহ উৎপন্ন হইলেই জীব পূর্বসংস্কার বশে ইচ্ছা-দ্বেষ জনিত সুখদুঃখাদির দ্বন্দ্ব কর্তৃক মোহগ্রস্ত হইয়া হতজ্ঞান হয় (২৮) কিন্তু পুণ্য কর্মের দ্বারা যাহাদের পাপ বিনষ্ট হইয়াছে, সেই সকল দ্বন্দ্ব-মোহ মুক্ত দৃঢ়ব্রত ভক্তগণ আমাকে ভজনা করে (২৯) যাহারা আমাতে চিত্ত সমাহিত করিয়া জরা-মরণ হইতে মুক্তি লাভের জন্য আমার সাধনা করে, তাহারা সনাতন ব্রহ্ম, সমগ্র অধ্যাত্ম-বিষয় এবং সমস্ত কর্মতত্ত্ব অবগত হয় (৩০) যাহারা অধিভূত, অধিদৈব, এবং অধিযজ্ঞের সহিত আমাকে জানে, অর্থাৎ আমার সমুদয় বিভাব সহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি ভূত ভবিষ্যত্‌ বর্তমান জানি,
আমা'তত্ত্ব নাহি জানে ভবে কোন প্রাণী। ২৬
সৃষ্টি হ'তে কর্ম-বশে জীব সমুদয়,
ইচ্ছা-দ্বেষ জাত দ্বন্দ্বে মোহ মুগ্ধ হয়। ২৭
কিন্তু যেই পুণ্যকারী, পাপ যা'র গত,
ভজে মোরে মোহমুক্ত হেন দৃঢ়-ব্রত। ২৮
মমাশ্রয়ে ভজে যেই জরা-মৃত্যু ত্রাণে,
অধ্যাত্ম বিষয়, ব্রহ্ম, কর্মাদি সে জানে। ২৯
অধিভূত অধিদৈব অধিযজ্ঞ মোরে,
জ্ঞাত যেই অন্তেও সে যোগী মোরে স্মরে। ৩০

জ্ঞানবিজ্ঞানযোগ নামে ৭ম অধ্যায় সমাপ্ত।

সমগ্র আমাকে জানে, সেই সমস্ত জ্ঞানী ব্যক্তি আমাতে আসক্তচিত্ত হওয়ায় মৃত্যুকালেও আমাকে জানিতে পারে। তখন ইন্দ্রিয় সমূহ অবশ হইলেও, সেই অজ্ঞান অবস্থায়ও তাহারা আমাকে বিস্মৃত হয় না জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও অর্জ্জুন উবাচ। ও

কিং তদ্‌ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম।
অধিভূতং চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে॥ ১
অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ॥ ২

শ্রীভগবানুবাচ।

অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।
ভূত-ভাবোদ্ভব-করো বিসর্গঃ কর্ম্ম সংজ্ঞিতঃ॥ ৩
অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্।
অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাংবর॥ ৪
অন্ত কালে চ মামেব স্মরন্ মুক্ত্বা কলেবরম্।
যঃ প্রয়াতি স মদ্‌ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥ ৫

(১) অর্জুন কহিলেন, ব্রহ্ম কি, অধ্যাত্মই বা কি? অধিভূত ও অধিদৈব কাহাকে বলে (২) এই দেহে কে অধিযজ্ঞ, কিরূপে এই দেহে তিনি থাকেন, মৃত্যুকালে সংযত চিত্ত ব্যক্তি কি উপায়ে তোমায় জানিতে পারে (৩) শ্রীকৃষ্ণ কহিলেন, যিনি পরম অক্ষর, যিনি জগতের মূল কারণ তিনিই ব্রহ্ম। অক্ষর—যাহার ক্ষরণ নাই। অধ্যাত্ম—স্বভাব, আত্মভাব, ব্রহ্ম ভাব। দেবতার উদ্দেশ্যে জীবের সৃষ্টি-বৃদ্ধিকর দান যজ্ঞাদি রূপ নিঃস্বার্থ ত্যাগাহুতি, যাহাতে মনে সর্বদা আত্মভাব জাগ্রত হয় তাহাই কর্ম। (৪) দেহাদি ক্ষর বা নশ্বর পদার্থই অধিভূত—যেহেতু তাহারা ভূত-মাত্রকেই অধিকার করিয়া আছে। সূর্য মণ্ডল মধ্যবর্তী যে বিরাট পুরুষ প্রাণী মাত্রকেই অধিকার করিয়া আছেন এবং যিনি আমারই অংশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

কিবা ব্রহ্ম কি অধ্যাত্ম কিবা কর্ম হয়,
অধিভূত অধিদৈব কহ কা'কে কয়। ১
এ দেহে কে অধিযজ্ঞ, কি কাজ তাঁহার,
মৃত্যুক্ষণে স্থিতপ্রজ্ঞ কিসে পায় পার। ২

শ্রীকৃষ্ণ কহিলেন,

পরম অক্ষর যিনি সেই ব্রহ্ম হয়,
অধ্যাত্ম স্বভাব তাঁ'র ব্রহ্মভাব কয়।
ভূত সৃষ্টি-বৃদ্ধি-কারী দান-যজ্ঞ যত,
দেবোদ্দেশে ত্যাগাহুতি তাই কর্ম খ্যাত। ৩
অধিভূত ক্ষরভাব দেহ আদি যত,
ভূতস্থ পুরুষ নিত্য অধিদৈব খ্যাত।
সর্বদেহে জেনো পার্থ, অধিযজ্ঞ আমি,
যজ্ঞ-কর্ম ফল দাতা আমি অন্তর্যামী। ৪
অন্তকালে স্মরি' মোরে দেহ ত্যজে যা'রা,
মমভাব নিঃসংশয়ে জেনো লভে তা'রা। ৫

সম্ভূত সমস্ত দেবতার অধিপতি তিনিই অধিষ্ঠাত্রী দেবতা বা অধিদৈব, আর (৪) আমি সকলের দেহে যজ্ঞফল দাতা রূপে এবং অন্তর্যামী রূপে অবস্থিত অধিযজ্ঞ—বাসুদেব (৫) মৃত্যুকালে যে আমাকে স্মরণপূর্বক দেহত্যাগ করিয়া প্রয়াণ করে সে নিঃসন্দেহে আমার ভাব প্রাপ্ত হয়।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্ ।
তং তমেবৈতি কৌন্তেয় ! সদা তদ্ভাবভাবিতঃ ॥ ৬
তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ ।
ময্যর্পিতমনোবুদ্ধির্মামেবৈষ্যস্যসংশয়ম্ ॥ ৭
অভ্যাস-যোগ-যুক্তেন চেতসা নান্যগামিনা ।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্থানুচিন্তয়ন্ ॥ ৮
কবিং পুরাণমনুশাসিতারমণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ ।
সর্ব্বস্য ধাতারমচিন্ত্যরূপমাদিত্য বর্ণং তমসঃ পরস্তাৎ ॥ ৯
প্রয়াণকালে মনসাঽচলেন, ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব ।
ভ্রুবোর্ম্মধ্যে প্রাণমাবেশ্য সম্যক্ স তং পরংপুরুষমুপৈতিদিব্যম্ ॥
যদক্ষরং বেদবিদো বদন্তি বিশন্তি যদ্ যতয়ো বীতরাগাঃ ।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি তত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে ॥১১
সর্ব্ব দ্বারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ ।
মূর্দ্ধ্ন্যাধায়াত্মনঃ প্রাণমাস্থিতো যোগধারণাম্ ॥ ১২
ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্ ।
যঃ প্রয়াতি ত্যজন্দেহং স যাতি পরমাং গতিম্ ॥ ১৩

(৬) মৃত্যুকালে যে ভাবকে স্মরিয়া যে দেহ ত্যজে, সে সেই ভাবকেই পায় (৭) তাই আমাকে স্মরিয়া যুদ্ধ কর, মন বুদ্ধি আমাকে দিলে, আমায় ঠিক পাইবে (৮) সতত পরমাত্ম চিন্তা দ্বারা অভ্যাসযোগে একচিত্ত হইলে সেই পরম পুরুষকে পাইবে (৯,১০) যিনি কবি (সর্বজ্ঞ), অনাদি, সর্বনিয়ন্তা, সূক্ষ্মাতিসূক্ষ্ম, যিনি সবার বিধাতা, যিনি অচিন্ত্য, মন বুদ্ধির অগোচর, সূর্যবৎ স্বপ্রকাশ ও পর প্রকাশ, যিনি প্রকৃতির উর্দ্ধে স্থিত, তাঁহাকে মৃত্যুকালে এক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেই ভাব মনে করি' যবে যেই মরে,
মন মগ্ন যা'তে যা'র লভে অন্তে তাঁ'রে। ৬
তাই সদা স্মরি' মোরে যুদ্ধ করি' যা'বে,
দিলে মোরে মন বুদ্ধি মোরে অন্তে পা'বে। ৭
অভ্যাসযোগে যে যুক্ত এক মন ধ্যানে,
পা'বে সে পরম দিব্য পুরুষ রতনে। ৮
অনাদি, নিয়ন্তা, ধাতা, কবি, সূক্ষ্মতম,
অচিন্ত্য তমসাতীত আদিত্যের সম, ৯
সে পরম পুরুষেরে স্মরি' অন্তে পা'বে,
ভ্রূ'তে প্রাণ স্থাপি' স্থির যোগে ভক্তিভাবে। ১০
বেদজ্ঞ অক্ষর বলে, চাহে ত্যাগী যতি,
শুন তা' যে জন্য নর ব্রহ্মচর্য্য-ব্রতী। ১১
শান্ত রাখি' ইন্দ্রিয়াদি, হৃদে রোধি' মন,
করি' যোগে ধৈর্য্যাশ্রয় শিরে স্থাপি' প্রাণ, ১২
অন্তে যেই স্মরি' মোরে ওম উচ্চারয়,
দেহ ত্যজি' পরাগতি সেই প্রাপ্ত হয়। ১৩

মনে ভক্তিভাবে যোগযুক্ত হইয়া ভ্রূ'তে প্রাণবায়ু স্থাপিয়া স্মরিলে পাইবে (১১) বেদজ্ঞ যাহাকে অক্ষর বলে, ত্যাগী যতিগণ যাহাতে মন দেয়, যেজন্য নর ব্রহ্মচারী হয় তাহা শুন (১২,১৩) ইন্দ্রিয় ও মন বশ করিয়া, যোগধৈর্য্য সহ প্রাণবায়ু ভ্রূ'তে স্থাপিয়া আমায় স্মরিয়া ওম্ উচ্চারিয়া দেহ ত্যজিলে মুক্তি হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ ।
তস্যাহং সুলভঃ পার্থ ! নিত্যযুক্তস্য যোগিনঃ ॥ ১৪
মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্ ।
নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥ ১৫
আব্রহ্ম ভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন ।
মামুপেত্য তু কৌন্তেয় ! পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥ ১৬
সহস্র যুগ পর্য্যন্ত মহর্যদ্ ব্রহ্মণো বিদুঃ ।
রাত্রিং যুগ সহস্রান্তাং তেঽহোরাত্রবিদো জনাঃ ॥ ১৭
অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে ।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে ॥ ১৮
ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে ।
রাত্র্যাগমেঽবশঃ পার্থ ! প্রভবত্যহরাগমে ॥ ১৯
পরস্তস্মাত্তু ভাবোঽন্যোঽব্যক্তোঽব্যক্তাৎসনাতনঃ ।
যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥ ২০
অব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্ ।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥ ২১

(১৪) সতত অনন্যচিত্তে যে আমাকে স্মরে, নিত্যযুক্ত সেই যোগীর পক্ষে আমি সুলভ (১৫) মুক্তসিদ্ধ মহাত্মাগণ আমাকে পাইয়া দুঃখপূর্ণ এই অনিত্য সংসারে আর জন্মে না (১৬) ভূলোক হইতে ব্রহ্মলোক পর্য্যন্ত সর্ব লোকবাসীরই পুনর্জন্ম হয়, কেবল আমায় পাইলে আর পুনর্জন্ম নাই (১৭ সহস্রটি দিব্যযুগে ব্রহ্মার একদিন বা একরাত্রি, মানবের ৪৩২ কোটি বৎসর (১৮) ব্রহ্মার দিন হইলে বিশ্ব সৃষ্ট হয়, রাত্রে লয় হয় (১৯) এইভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সতত অনন্য চিত্তে আমাকে যে স্মরে,
জেনো আমি সুলভ সে যুক্তযোগী তরে। ১৪
লভি' মোরে সে মহাত্মা মুক্ত-সিদ্ধ হ'য়ে,
ফিরে না অনিত্য এই ভব-দুঃখালয়ে। ১৫
আব্রহ্ম ভূলোক হ'তে ফিরে জীব সবে,
মোরে লভি' আর কভু জন্ম নাহি পা'বে। ১৬
সহস্রটি দিব্য-যুগে ব্রহ্ম-দিন গণে,
গণে রাত্রি সমযুগে জ্ঞানী তত্ত্ব জানে। ১৭
দিন হ'লে ব্রহ্মা ব্যক্ত, জীব সৃষ্টি হয়,
রাত্রিকালে অব্যক্ত সে তা'তে জীব লয়। ১৮
হেনরূপে দিনে জন্ম রাত্রে হয় লয়,
কর্মবশে সবাকার পুনর্জন্ম হয়। ১৯
রহে হেন অব্যক্তের উর্দ্ধে সনাতন,
মরিলেও সর্বভূত তিনি নিত্য র'ন। ২০
সে অব্যক্ত অক্ষরকে পরাগতি কয়,
সেই মম ধামে গেলে জন্ম মুক্ত হয়। ২১

বারবার বিশ্ব দিনে উদ্ভব ও রাত্রে লয় হয়, কর্মবশে সকলে পুনর্জন্ম পায়। (২০) এই অব্যক্তের উর্দ্ধে অন্য যে অব্যক্ত আছে, সর্বভূত নষ্ট হইলেও তাহার বিনাশ নাই (২১) এই অব্যক্ত অক্ষরকে পরাগতি বলে, ইহাই আমার পরম ধাম, এখানে গেলে আর কখনও জন্ম লইতে হয় না জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষঃ স পরঃ পার্থ! ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যাঃন্তঃ-স্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্॥ ২২
যত্র কালে ত্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ।
প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্ষভ॥ ২৩
অগ্নির্জ্জ্যোতিরহঃ শুক্লঃ ষণ্মাসা উত্তরায়ণম্।
তত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ॥ ২৪
ধূমো রাত্রি স্তথা কৃষ্ণঃ ষণ্মাসা দক্ষিণায়নম্।
তত্র চন্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে॥ ২৫
শুক্ল কৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে।
একয়া যা ত্য না বৃ ত্তি ম ন্য য়া ব র্ত্ত তে পুনঃ॥ ২৬
নৈতে স্বতী পার্থ! জানন্ যোগী মুহ্যতি কশ্চন।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভবার্জ্জুন॥ ২৭
বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্।
অত্যেতি তৎসর্বমিদং বিদিত্বা যোগী পরং স্থানমুপৈতি চাদ্যম্॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে অক্ষরব্রহ্মযোগো নাম অষ্টমোঽধ্যায়ঃ।

---

(২২) ভূতগণ যাঁহার মধ্যে স্থিত, যিনি সর্বব্যাপ্ত, তিনি কেবল এক-ভক্তিতেই নিত্য লভ্য (২৩) যে কালে মৃত্যু হইলে মোক্ষ বা পুনর্জন্ম হয় তাহা শুন (২৪) যেস্থানে অগ্নি, জ্যোতিঃ, দিবা, শুক্লপক্ষ, ছ'মাস উত্তরায়ণাদি দেবতার বাস, মরণান্তে সেই দেবযান পথে গিয়া ব্রহ্মজ্ঞগণ ক্রমে ব্রহ্ম লাভ করে (২৫) যে স্থানে ধূম, রাত্রি, কৃষ্ণপক্ষ, ছ'মাস দক্ষিণায়নাদি দেবতার বাস, সেইপথে কর্মিগণ দেবলোকে গিয়া স্বর্গ ভোগান্তে মর্ত্তে পুনরাগমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূতগণ যাঁ'র মধ্যে, সর্বব্যাপ্ত যিনি,
অনন্য ভক্তিতে কিন্তু নিত্য লভ্য তিনি। ২২
যে কালে মরিলে পার্থ, পায় যোগিগণ,
মোক্ষ কিম্বা পুনর্জন্ম কহি তা' এখন। ২৩
অগ্নি, জ্যোতিঃ, দিবা, শুক্ল, উত্তর অয়ন,
পথে ব্রহ্মজ্ঞানী ক্রমে লভে ব্রহ্ম ধন। ২৪
ধূম, রাত্রি, কৃষ্ণপক্ষ দক্ষিণ অয়ন,
পথে কর্মী লভি' স্বর্গ করে আবর্তন। ২৫
শুক্ল কৃষ্ণ দু'টি পথে গতি চিরন্তন,
শুক্ল পথে হয় মোক্ষ কৃষ্ণে আবর্তন। ২৬
যোগী জ্ঞাত হ'য়ে পার্থ, এই দু'টি পথ,
নাহি হয় মোহগ্রস্ত, ধর যোগ মত। ২৭
বেদে যজ্ঞে তপে দানে পুণ্যফল ছেড়ে,
ইহা জানি' যোগী শ্রেষ্ঠগতি লাভ করে। ২৮

অক্ষরব্রহ্মযোগ নামে ৮ম অধ্যায় সমাপ্ত।

করে (২৬) শুক্ল ও কৃষ্ণ দুইটি গতিপথ জগতে শাশ্বত বলিয়া গণ্য, শুক্লে মোক্ষ ও কৃষ্ণে পুনর্জন্ম হয় (২৭) শুক্ল, কৃষ্ণ পথ দুইটি জানিয়া কোন যোগীই আর মোহগ্রস্ত হয় না, তাই পার্থ, তুমি যোগাশ্রয় কর (২৮) বেদেতে যজ্ঞে তপে ও দানাদিতে যে পুণ্যফল নির্দিষ্ট আছে, এই তত্ত্ব জানিয়া,যোগিগণ সেই সমস্ত পরিত্যাগ করিয়া শ্রেষ্ঠগতি লাভ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ ।

ইদন্তু তে গুহ্য-তমং প্রবক্ষ্যাম্যনসূয়বে ।
জ্ঞানংবিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বামোক্ষ্যসেঽশুভাৎ ॥ ১
রাজবিদ্যা রাজগুহ্যং পবিত্রমিদমুত্তমম্ ।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ম্ ॥ ২
অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যু-সংসার-বর্ত্মনি ॥ ৩
ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা ।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ ॥ ৪
ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্ ।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥ ৫
যথাকাশ স্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্ ।
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয় ॥ ৬
সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্ ।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্ ॥ ৭

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, অর্জুন, তুমি দোষ দৃষ্টি হীন, তাই তোমাকে জ্ঞান ও সাধনার অতি গুহ্যতত্ত্ব বলিব যাহাতে দুঃখে ত্রাণ পাওয়া যায় (২) ইহা অতিগুহ্য, বিদ্যাশ্রেষ্ঠ, উত্তম, পবিত্র, সাক্ষাৎ ফলপ্রদ ধর্মসঙ্গত, সুখসাধ্য ও অক্ষয় (৩) ইহাতে যে শ্রদ্ধাহীন সে আমাকে না পাইয়া মৃত্যুময় ভবপথে বারবার ঘোরে। (৪) আমি অব্যক্ত রূপে সর্বব্যাপ্ত, ভূতগণ আমাতে অবস্থিত কিন্তু আমি কিছুতেই নহি (৫) আমার আত্মাদ্বারা সমস্ত ভূত ধৃত ও পুষ্ট কিন্তু যোগৈশ্বর্য্য দেখ, আমিও ভূতে নহি, ভূতগণও আমাতে নহে—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

গুহ্যতম তত্ত্ব শুন জ্ঞান সবিজ্ঞান,
অনসূয় তুমি যা'তে পা'বে দুঃখে ত্রাণ। ১
অতিগুহ্য রাজবিদ্যা ইহা ধর্মময়,
সুখসাধ্য অপরোক্ষ পবিত্র অক্ষয়। ২
এ জ্ঞানে যে শ্রদ্ধাহীন, না পেয়ে সে মোরে,
মৃত্যুময় ভবপথে পুনঃ পুনঃ ঘোরে। ৩
অব্যক্ত স্বরূপে আমি সর্বব্যাপ্ত ভবে,
ভূতে আমি নহি লিপ্ত আমা' স্থিত সবে। ৪
সর্বভূত ধৃত পুষ্ট আমার আত্মাতে,
দেখ যোগ, নহি ভূতে, ভূত না আমাতে। ৫
সর্বগামী বায়ু সদা স্থিত নভোময়,
জেনো তথা সর্বভূত আমা' স্থিত রয়। ৬
কল্পক্ষয়ে প্রকৃতিতে ভূত হয় লয়,
কল্পারম্ভে পুনঃ করি সর্বভূতোদয়। ৭

কারণ আমার সত্তায় জগৎ সত্তা, তাই বলা যায় ইহারা আমাতেই স্থিত কিন্তু আমি নির্গুণ, নিঃসঙ্গ, নিরবয়ব, আমাতে কিছুই থাকে না, অথচ বোধ হয় যেন আছে (৬) যেমন সর্বত্র গমনশীল মহান বায়ু সমস্ত আকাশেই স্থিত কিন্তু তাহাতে সংশ্লিষ্ট নহে (৭) কল্পক্ষয়ে ভূতগণ আমার ত্রিগুণময়ী মায়া প্রকৃতিতে বিলীন থাকে, কল্পারম্ভে উহাদের আবার আমি সৃষ্টি করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃপুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্ব্বশাৎ॥ ৮
ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু॥ ৯
ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।
হেতুনানেন কৌন্তেয়! জগদ্ বিপরিবর্ত্ততে॥ ১০
অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্॥ ১১
মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ॥ ১২
মহাত্মানস্তু মাং পার্থ! দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্॥ ১৩
সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়-ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে॥ ১৪

(৮) আমি আমার মায়া প্রকৃতিতে অধিষ্ঠিত থাকিয়া জন্মগত স্বভাবের বশীভূত ভূতগণকে বারবার সৃজন করিয়া থাকি (৯) হে ধনঞ্জয়, আমাকে ঐ সকল সৃজনাদি কর্ম কখনও আবদ্ধ করিতে পারে না কারণ আমি ঐ সকল কর্মে অনাসক্ত ও উদাসীনবৎ অবস্থিত (১০) হে কৌন্তেয়, আমার অধিষ্ঠান বশতঃই প্রকৃতি এই চরাচর বিশ্ব সৃজন করিতেছে, তাই জগৎ বারবার উৎপন্ন হইতেছে (১১) অবিবেকী মূঢ় ব্যক্তিগণ সর্বভূতের মহেশ্বর স্বরূপ আমার পরমভাব অবগত না হইয়া মনুষ্য-দেহধারী আমাকে অবজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিষ্ঠান করি' পার্থ, মায়াতে আমার,
কর্মাধীন ভূতগণে সৃজি বার বার। ৮
সৃষ্টি কর্মে অনাসক্ত উদাসীন মোরে,
কৃতকর্ম কভু পার্থ, নাহি বদ্ধ করে। ৯
প্রকৃতিই সৃজে বিশ্ব মম অধিষ্ঠানে,
পুনঃ পুনঃ বিশ্ব সৃষ্টি হয় এ কারণে। ১০
না জানি' পরম ভাব, আমি মহেশ্বর,
নররূপী মোরে, তুচ্ছ করে মূঢ়নর। ১১
আশা-কর্ম-জ্ঞানে ব্যর্থ তা'রা অজ্ঞতায়,
মোহকর রাক্ষসত্ব অসুরত্ব পায়। ১২
কিন্তু দৈবী প্রকৃতির বশে মহাজন,
একমনে ভজে জানি' মোরে সনাতন। ১৩
সতত কীর্তনে ভজে, ভজে দৃঢ়ব্রতে,
ভক্তিতে প্রণমি' ভজে, ভজে যুক্তচিতে। ১৪

করিয়া থাকে (১২) উহাদের আশা ব্যর্থ, কর্ম নিষ্ফল, জ্ঞান নিরর্থক এবং চিত্ত বিক্ষিপ্ত হওয়ায় উহারা বুদ্ধি ভ্রংশকরী রাক্ষসী ও আসুরী প্রকৃতি ধরে (১৩) কিন্তু দৈবীভাবাশ্রিত মহাত্মাগণ আমাকে সর্বভূতের আদি ও অব্যয় জানিয়া একমনে আমাকে পূজে (১৪) উহাদের কেহ কীর্তনে, কেহ দৃঢ়-ব্রতে, কেহ ভক্তি-প্রণামে, কেহবা নিত্যযুক্ত হইয়া আমাকে পূজা করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞান- যজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্॥ ১৫
অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্।
মন্ত্রোঽহমহমেবাজ্য মহমগ্নিরহং হুতম্॥ ১৬
পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ॥ ১৭
গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্॥ ১৮
তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতং চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন॥ ১৯
ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তেপুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোকমশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান॥
তে তংভুক্ত্বা স্বর্গলোকংবিশালং ক্ষীণেপুণ্যেমর্ত্ত্যলোকংবিশন্তি
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না গতাগতং কামকামা লভন্তে॥ ২১

(১৫) জ্ঞানযোগ আশ্রয়ে অন্য কেহবা আমাকেই ভজে, আর কেহ 'একমেব পরংব্রহ্ম' স্বরূপে অভেদ ভাবনায়, কেহ 'আমি দাস তিনি প্রভু' রূপে ভিন্নত্বে, কেহবা 'ব্রহ্মা বিষ্ণু শিব' সর্বাত্মক রূপে আমাকে ভজে (১৬) আমি ক্রতু, আমি যজ্ঞ, আমি স্বধা, আমি ঔষধ, আমিই মন্ত্র, ঘৃত, অগ্নি, আমিই হোম (১৭) আমি জগতের পিতা, মাতা, বিধাতা, পিতামহ, আমি জ্ঞেয়বস্তু, আমি বিশুদ্ধি সাধক, আমি ওঙ্কার, আমি ঋক্, সাম ও যজুর্বেদ স্বরূপ (১৮) আমি গতি, ভর্তা, প্রভু, সাক্ষী, স্রষ্টা, আমিই রক্ষী, স্থান, সুহৃৎ, নিত্যবীজ, গৃহ, আমিই প্রলয়, আমিই নিধান (১৯) আমিই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮ জ্ঞানযোগাশ্রয়ে অন্যে আমাকেই ভজে,
একত্বে ভিন্নত্বে আর বহুভাবে পূজে। ১৫
আমি ক্রতু আমি যজ্ঞ স্বধা অন্ন আমি,
আমি মন্ত্র আমি ঘৃত অগ্নি হোম আমি। ১৬
বিশ্বের পিতা ও বেদ্য পিতামহ মাতা,
ঋক্ সাম যজুঃ ওম্ পবিত্র ও ধাতা। ১৭
গতি ভর্তা প্রভু সাক্ষী স্রষ্টা রক্ষী স্থান,
সুহৃদ্ নিত্যবীজ গৃহ প্রলয় নিধান। ১৮
৯দেই তাপ আকর্ষি ও বর্ষি আমি জল,
জীবন্মৃত্যু দৃশ্যাদৃশ্য আমিই সকল। ১৯
চাহে স্বর্গ বেদ-নিষ্ঠ যজ্ঞ-সোমে পূত,
ইন্দ্রলোক লভি' ভোগে দেবভোগ যত।
ভোগি' স্বর্গ পুণ্যক্ষয়ে পুনর্জন্ম পায়,
সতত সকাম হেন ভবে আসে যায়। ২০,২১

জল বর্ষণ করি, আকর্ষণও করি, আমিই জীবন, আমিই মৃত্যু, আমিই দৃশ্যাদৃশ্য সব কিছু (২০,২১) বেদত্রয়ে বর্ণিত যজ্ঞাদি কর্মপরায়ণ ব্যক্তিগণ যজ্ঞাদি দ্বারা আমার পূজা করিয়া যজ্ঞশেষ সোমরস পানে নিষ্পাপ হইয়া স্বর্গ কামনা করে এবং স্বর্গপ্রাপ্ত হইয়া দিব্য দেবভোগ সমূহ ভোগ করিয়া থাকে কিন্তু পুণ্য ক্ষয় হইলে পুনরায় মর্ত্যে পুনর্জন্ম পায় এইভাবে সকাম ব্যক্তিগণ সংসারে বারবার গতায়াত করে, মুক্তি পায় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥ ২২
যেঽপ্যন্যদেবতা-ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয়! যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥ ২৩
অহং হি সর্ব্ব যজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে॥ ২৪
যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তিপিতৃব্রতাঃ।
ভূতানিযান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোঽপিমাম্॥ ২৫
পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যাপ্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ॥ ২৬
যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যৎ তপস্যসি কৌন্তেয়! তৎ কুরুষ্ব মদর্পণম্॥ ২৭
শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ।
সন্ন্যাস-যোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি॥ ২৮

(২২) যে ভক্ত অনন্যচিত্তে আমায় চিন্তা করিতে করিতে আমায় ভজে, নিত্যযুক্ত সেই ভক্তের যোগক্ষেম আমি নিজে বহন করি (তাহার অলব্ধ বস্তুর সংস্থান ও লব্ধ বস্তুর রক্ষণ করি) (২৩) অন্য দেবতায় ভক্তিযুক্ত হইয়া শ্রদ্ধাসহ যে তাহাকে ভজে সেও আমাকেই ভজে কিন্তু অবিধি পূর্বক (২৪) আমি সর্বযজ্ঞের ভোক্তা ও প্রভু, কিন্তু সে আমাকে স্বরূপতঃ জানেনা তাই সংসারে বারবার ঘোরে (২৫) দেবযাজী দেবলোক পায়, শ্রাদ্ধাদিতে পিতৃলোক পায়, ভূতযাজী ভূতলোক পায় কিন্তু আমার ভক্ত আমাকে পায়। (২৬) ভক্তিসহ যে আমাকে পত্র পুষ্প ফল জল প্রদান করে, আমি সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্য মনে যে চিন্তে সেবে নিত্য মোরে,
আমি বহি যোগক্ষেম হেন ভক্ত তরে। ২২
যেই ভক্ত শ্রদ্ধাসহ ভজে অন্য দেবে,
ভজে কিন্তু মোরেই সে বিধিহীন ভাবে। ২৩
সর্ব যজ্ঞে প্রভু ভোক্তা আমি যজ্ঞেশ্বর,
তত্ত্ব নাহি জানে অজ্ঞ ঘোরে ভব ঘর। ২৪
দেবযাজী যায় স্বর্গে, শ্রাদ্ধে পিতৃলোকে,
ভূতযাজী পায় ভূতে, মদ্ভক্ত আমাকে। ২৫
পত্র পুষ্প ফল জলে সংযতাত্মা জন,
দিলে পূজা ভক্তি ভরে করি তা' গ্রহণ। ২৬
তব যত কর্ম ভোজ্য তপঃ যজ্ঞ দান,
কর মোরে সমর্পণ সর্ব অনুষ্ঠান। ২৭
শুভাশুভ ফল হ'তে এ'তে মুক্ত হ'বে,
এ হেন সন্ন্যাসে মুক্ত হ'য়ে মোরে পা'বে। ২৮

সংযত ভক্তের অর্পিত অর্ঘ্য গ্রহণ করি (২৭) হে পার্থ, তুমি যাহা কিছু কর, যাহা কিছু আহার কর, হোম কর, দান কর এবং যাহা কিছু তপস্যা কর সেই সবই আমাকে তুমি অর্পণ করিও (২৮) এই ভাবে আমাকে সর্বকর্ম অর্পণে শুভাশুভ ফলজাত কর্মবন্ধন হইতে মুক্ত হইয়া সন্ন্যাসযোগযুক্ত চিত্ত হইয়া তুমি আমাকে পাইবে।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্॥ ২৯
অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ ব্যবসিতো হি সঃ॥ ৩০
ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয়! প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি॥ ৩১
মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রা স্তেঽপি যান্তি পরাংগতিম্॥ ৩২
কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা।
অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্॥ ৩৩
মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ॥ ৩৪

ইতি শ্রীমদ্ভগবদগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে রাজবিদ্যারাজগুহ্যযোগো নাম নবমোঽধ্যায়ঃ।

(২৯) আমি সকলকে সমান দেখি, কেহ আমার প্রিয় বা হেয় নাই, ভক্তিতে যে আমাকে ভজে আমি সেই ভক্তগণে থাকি, তাহারাও আমাতে থাকে (৩০) দুরাচারীও যদি আমাকে একমনে ভজনা করে, তাহার চেষ্টা সাধু তাই তাহাকে সাধু জানিবে (৩১) সে শীঘ্রই ধর্মাত্মা হইয়া নিত্য-শান্তি পায়, হে কৌন্তেয়, আমার ভক্ত কখনও নষ্ট হয় না, ইহা তুমি নিঃশঙ্ক চিত্তে প্রতিজ্ঞা করিয়া বলিতে পার (৩২) পাপযোনি প্রাপ্ত জন কিম্বা বৈশ্য, শূদ্র বা নারীও আমাকে আশ্রয় করিলে নিশ্চিতই পরাগতি পায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম আমি সবে, কেহ প্রিয়াপ্রিয় নয়,
যেই ভজে আমি তা'তে আমাতে সে রয়। ২৯
এক মনে দুরাচারী যদি ভজে মোরে,
চেষ্টা-নিষ্ঠাসাধু তা'র জেনো সাধু তা'রে। ৩০
ধর্মাত্মা হ'য়ে সে শীঘ্র নিত্য সুখে রয়,
নিঃশঙ্কে বলিও, ভক্ত বিনষ্ট না হয়। ৩১
পাপযোনি প্রাপ্ত কিম্বা বৈশ্য শূদ্র নারী,
পরাগতি পায় ধ্রুব মমাশ্রয় ধরি'। ৩২
ভক্ত যত রাজর্ষি ও বিপ্র পুণ্যাত্মায়,
মমাশ্রয়ে পা'বে মোরে সন্দেহ কি তা'য়।
শুন পার্থ! অনিত্য এ দুঃখপূর্ণ ভবে,
লভি' জন্ম যত্নে তুমি ভজ মোরে তবে। ৩৩
মচ্চিত্ত মদ্ভক্ত হও ভজ নম মোরে,
মৎপর মদ্‌যুক্ত হ'য়ে লভিবে আমারে। ৩৪

রাজবিদ্যারাজগুহ্যযোগ নামে ৯ম অধ্যায় সমাপ্ত।

(৩৩) তবে পুণ্যাত্মা ব্রাহ্মণগণ অথবা ভক্ত রাজর্ষিগণ যে মুক্ত হইবে ইহাতে আর বিচিত্র কি! অতএব পার্থ! অনিত্য ও দুঃখপূর্ণ এই সংসারে যখন জন্মিয়াছ তখন সযত্নে আমাকে ভজনা কর (৩৪) চিত্ত আমাতে সমর্পণ কর, আমাতে ভক্তিমান হও, আমাকে পূজা কর, প্রণাম কর, এইভাবে আমা'পরায়ণ হইলে ও আমা'যুক্ত হইলে নিশ্চয়ই তুমি আমাকে পাইবে।

৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

ভূয় এব মহাবাহো! শৃণু মে পরমং বচঃ।
যত্তেঽহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া॥ ১
ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ।
অহমাদির্হি দেবানাং মহর্ষীণাং চ সর্ব্বশঃ॥ ২
যো মামজমনাদিং চ বেত্তি লোক-মহেশ্বরম্।
অসংমূঢ়ঃ স মর্ত্ত্যেষু সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ৩
বুদ্ধির্জ্ঞানমসম্মোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
সুখং দুঃখং ভবোঽভাবো ভয়ং চাভয়মেব চ॥ ৪
অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোঽযশঃ।
ভবন্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথগ্‌বিধাঃ॥ ৫
মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা।
মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ॥ ৬
এতাং বিভূতিং যোগং চ মম যো বেত্তি তত্ত্বতঃ।
সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ॥ ৭

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, হে মহাবাহো! পুনরায় পরমার্থ কথা শুন, শুনিয়া অত্যন্ত প্রীত হও তাই তোমার হিতেচ্ছায় বলিতেছি (২) ইন্দ্রাদি দেবতাগণ কিম্বা ভৃগু প্রভৃতি মহর্ষিগণ কেহই আমার আবির্ভাব জানে না, যেহেতু আমিতাঁহাদের সর্বপ্রকারেই আদি (৩) যে আমাকে জন্মশূন্য অনাদি ও সর্বলোক-মহেশ্বর জানে, সে মর্তলোকে সর্বপাপ হইতে মুক্তি লাভ করে (৪,৫) বুদ্ধি, জ্ঞান, সত্য, ক্ষমা, অমূঢ়তা, দম, সুখ, দুঃখ, জন্ম, মৃত্যু, যশ, নিন্দা, সমতা, শম, তুষ্টি, তপঃ, দান, ভয়, অভয়, প্রভৃতি পৃথক্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

শুন পার্থ! পরমার্থ কথা পুনরায়,
শুনে প্রীত হও তাই কহি হিতেচ্ছায়। ১
উদ্ভব না জানে মোর মহর্ষি-দেবাদি,
যেহেতু তা'দের আমি সর্বরূপে আদি। ২
মোরে অজ অনাদি ও লোক মহেশ্বর
যে জানে সে জ্ঞানী মর্তে পাপ মুক্ত নর। ৩
বুদ্ধি জ্ঞান অমূঢ়তা ক্ষমা সত্য শম,
সুখ দুঃখ যশ নিন্দা জন্ম মৃত্যু দম,
অহিংসা সমতা তুষ্টি তপঃ দান ভয়,
অভয়াদি জীবভাব আমা' হ'তে হয়। ৪,৫
মনুগণ, সপ্তঋষি, পূর্বে ঋষি চার,
মম ভাবে মনে জাত সবে প্রজা যা'র। ৬
যে মোর বিভূতিযোগ তত্ত্বতঃ বিদিত,
সংশয়বিহীন যোগে যুক্ত সে নিশ্চিত। ৭

পৃথক্ জীবভাব সমূহ আমা'হইতেই সৃষ্ট (৬) স্বায়ম্ভুবাদি চৌদ্দ মনু, ভৃগু প্রভৃতি সপ্ত মহর্ষি এবং তাহাদেরও পূর্বতন সনকাদি চারি মহর্ষি সকলেই আমার ভাবযুক্ত এবং সঙ্কল্পজাত, তোমরা সকলে ইহাদেরই সন্তান সন্ততি। (৭) আমার এই বিভূতি এবং ঐশ্বর্য্য লক্ষণ যোগ যে সম্যক্‌রূপে অবগত সে নিঃসন্দেহে যোগযুক্ত জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥ ৮
মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥ ৯
তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥ ১০
তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা॥ ১১

অর্জ্জুন উবাচ।

পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্॥ ১২
আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ং চৈব ব্রবীষি মে॥ ১৩
সর্ব্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব।
ন হি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দ্দেবা ন দানবাঃ॥ ১৪

(৮) আমা'হইতেই বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্ট ও সব কিছু প্রবর্তিত, ইহা জানিয়া ভাবসমন্বিত হইয়াই জ্ঞানিগণ আমাকে ভজে (৯) তাহারা আমাতে মন-প্রাণ সমর্পণ করিয়া পরস্পরে আমার প্রসঙ্গ আলোচনায় ও নামকীর্তনে শান্তি তৃপ্তি পায় (১০) সেই সদাযুক্ত প্রিয় ভক্তদিগকে আমি বুদ্ধি দেই, যাহাতে তাহারা আমাকে সহজে পায় (১১) আমি কৃপা করিয়া তাহাদের বুদ্ধিবৃত্তিতে থাকিয়া জ্ঞানরূপ প্রদীপের উজ্জ্বল আভায় তাহাদের অজ্ঞান দূর করি (১২) অর্জুন কহিলেন, তুমি আদিদেব, মোক্ষ, পবিত্র, জন্মশূন্য, দিব্য;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমা' হ'তে বিশ্ব সৃষ্টি সর্ব প্রবর্তন,
জানি' মোরে প্রীতিভরে ভজে জ্ঞানিগণ। ৮
পরস্পরে মন-প্রাণ সঁপিয়া আমায়,
প্রসঙ্গে, কীর্তনে মোর শান্তি তৃপ্তি পায়। ৯
সেই সব সদাযুক্ত প্রিয় ভক্তগণে,
দেই বুদ্ধিযোগ যাহে চাহে মোরে প্রাণে। ১০
তাহাদের বুদ্ধি পরে থাকি' করুণায়,
অজ্ঞানজ তমঃ নাশি জ্ঞান দীপাভায়। ১১

অর্জুন কহিলেন,

পর ব্রহ্ম পর ধাম অজ দিব্য পূত,
আদিদেব তুমি বিভু পুরুষ শাশ্বত। ১২
তুমিও কহিছ, যাহা সর্ব ঋষি বলে,
দেবর্ষি নারদে ব্যাসে অসিত দেবলে। ১৩
কহিলে যা' হে কেশব, সত্য বটে সব,
নহে জ্ঞাত দেব-দৈত্য তব সমুদ্ভব। ১৪

বিভু, ব্রহ্ম এবং শাশ্বত পুরুষ (১৩) নারদ, ব্যাস, অসিত ও দেবলাদি ঋষিগণ তোমাকে যাহা বলেন তুমি নিজেও ঐরূপই বলিতেছ (১৪) হে কেশব! আমাকে যাহা বলিতেছ, ঐ সকলই আমি সত্য বলিয়া মনে করি; যেহেতু হে ভগবান্! তোমার আবির্ভাব সম্বন্ধে দেবতাগণ অথবা দানবগণ কেহই কিছু জানেন না।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বয়মেবাত্মনাত্মানং বেত্থ ত্বং পুরুষোত্তম।
ভূতভাবন ভূতেশ দেব-দেব জগৎপতে॥ ১৫
বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
যাভির্বিভূতিভির্লোকানিমাংস্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি॥ ১৬
কথং বিদ্যামহং যোগিংস্ত্বাং সদা পরিচিন্তয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ময়া॥ ১৭
বিস্তরেণাত্মনো যোগং বিভূতিং চ জনার্দ্দন।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্॥ ১৮

শ্রীভগবানুবাচ।

হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্য মে॥ ১৯
অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যং চ ভূতানামন্ত এব চ॥ ২০
আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী॥ ২১

(১৫) হে পুরুষোত্তম! ভূতপালক, ভূতস্রষ্টা, দেবনিয়ন্তা, জগৎপতি তুমি নিজেই নিজেকে জান (১৬) যে যে বিভূতিতে তুমি সর্বব্যাপ্ত, তাহা খুলিয়া বল (১৭) হে ভগবান, তুমি কি কি ভাবে চিন্তনীয়, হে যোগিন্ সর্বদাকি চিন্তা করিলে তোমার জ্ঞান পাইব (১৮) পুনরায় যোগ এবং বিভূতি বিস্তৃতভাবে বল, তোমার কথামৃত শুনিয়া আমার পরিতৃপ্তি হইতেছে না (১৯) শ্রীকৃষ্ণ কহিলেন, অর্জুন! আমার দিব্য বিভূতির শেষ নাই, তবে প্রধান প্রধান কয়েকটি বলিতেছি শুন (২০) আমি সমস্ত ভূত-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমা' হে পুরুষোত্তম, তুমি নিজে জান,
দেব দেব জগৎপতে ভূতেশ ভাবন। ১৫
ব্যাপ্ত তুমি ত্রিলোকেতে যে বিভূতি সহ,
সে আত্ম বিভূতি দিব্য বিস্তারিয়া কহ। ১৬
কি কি ভাবে চিন্তনীয় তুমি ভগবান,
কি চিন্তিলে সদা যোগিন্, পা'ব তব জ্ঞান। ১৭
বিস্তৃত বিভূতি-যোগ পুনঃ জনার্দন,
কহ শুনি সে অমৃতে নহে তৃপ্ত মন। ১৮

শ্রীকৃষ্ণ কহিলেন,

প্রধানতঃ বলি দিব্য বিভূতি আমার,
এ বিভূতি বাহুল্যের অন্ত নাহি আর। ১৯
সর্বভূত মধ্যে আত্মা, আমি অন্তর্যামী,
উহাদের আদি - মধ্য - অন্ততেও আমি। ২০
আদিত্যের মধ্যে বিষ্ণু, সূর্য জ্যোতিষ্কেতে,
বায়ু মধ্যে মরীচি ও চন্দ্র নক্ষত্রেতে। ২১

গণের অন্তঃকরণে অবস্থিত আত্মা, তাহাদের আদি, মধ্য এবং অন্তও আমি অর্থাৎ আমি ভূতগণের উৎপত্তি,] স্থিতি ও সংহার স্বরূপ (২১) দ্বাদশ আদিত্যের মধ্যে আমি বিষ্ণু, প্রকাশকবর্গের মধ্যে আমি সূর্য, উনপঞ্চাশ বায়ু মধ্যে আমি মরীচি এবং নক্ষত্রগণের অধিপতি আমিই চন্দ্রমা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদানাং সামবেদোঽস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা॥ ২২
রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বসূনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্॥ ২৩
পুরোধসাং চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ॥ ২৪
মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরম্।
যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ॥ ২৫
অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাং চ নারদঃ।
গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ॥ ২৬
উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাং চ নরাধিপম্॥ ২৭
আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্।
প্রজনশ্চাস্মি কন্দর্পঃ সর্পাণামস্মি বাসুকিঃ॥ ২৮

(২২) সমস্ত বেদের মধ্যে আমি সামবেদ, দেবতাগণের মধ্যে আমি ইন্দ্র, আমিই ইন্দ্রিয় প্রবর্ত্তক মন এবং ভূতগণের চেতনা (২৩) একাদশ রুদ্র মধ্যে আমি শঙ্কর, যক্ষ, রক্ষ মধ্যে আমি কুবের, অষ্টবসু মধ্যে আমি অগ্নি এবং পর্বতের মধ্যে আমি সুমেরু পর্বত (২৪) আমাকে পুরোহিতগণের মধ্যে প্রধান বৃহস্পতি জানিবে, সেনাপতিগণের মধ্যে আমি দেবসেনাপতি কার্ত্তিকেয়, জলাশয় মধ্যে আমি সমুদ্র (২৫) মহর্ষিগণের মধ্যে আমি ভৃগু, বাক্য মধ্যে আমি একাক্ষর ওঙ্কার, যজ্ঞের মধ্যে আমি জপযজ্ঞ এবং স্থাবর মধ্যে আমি হিমালয় (২৬) বৃক্ষ মধ্যে আমি অশ্বথ বৃক্ষ, দেবর্ষিগণের মধ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদ মধ্যে সাম আমি বাসব দেবেতে,
ইন্দ্রিয়ের মধ্যে মন, চেতনা জীবেতে। ২২
গিরিতে সুমেরু, যক্ষ - রক্ষে ধনেশ্বর,
বসু মধ্যে অগ্নি আমি রুদ্রেতে শঙ্কর। ২৩
জেনো মোরে বৃহস্পতি মুখ্য পুরোহিতে,
জলাশয়ে সমুদ্র ও স্কন্দ সেনানীতে। ২৪
মহর্ষির মধ্যে ভৃগু, বাক্যে একাক্ষর,
যজ্ঞে আমি জপযজ্ঞ, হিমাদ্রি স্থাবর। ২৫
নারদ দে ব র্ষি গ ণে, অশ্বত্থ বৃক্ষেতে,
গন্ধর্বেতে চিত্ররথ, কপিল সিদ্ধেতে। ২৬
অশ্বে আমি উচ্চৈঃশ্রবা মন্থন সঞ্জাত,
নর মধ্যে নৃপ আমি গজে ঐরাবত। ২৭
ধেনু মধ্যে কাম ধেনু, শস্ত্রে বজ্র নাম,
সর্প মধ্যে বাসুকী ও সৃজনেতে কাম। ২৮

বৈষ্ণব চূড়ামণি নারদ আমি, দেবগায়ক গন্ধর্বগণের মধ্যে আমি চিত্ররথ; সিদ্ধগণ মধ্যে আমি কপিলমুনি (২৭) অশ্বগণের মধ্যে অমৃত হেতু সমুদ্র মন্থন কালে উদ্ভূত উচ্চৈঃশ্রবা অশ্ব বলিয়া আমাকে জানিও, হস্তী মধ্যে আমি ঐরাবৎ, নর মধ্যে আমি নরপতি (২৮) অস্ত্রের মধ্যে আমি দধীচির অস্থি সম্ভূত বজ্র, ধেনুগণের মধ্যে আমি কামধেনু, সৃজনেতে আমি কন্দর্প এবং সর্পগণের মধ্যে আমি সর্পরাজ বাসুকি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৄণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্॥ ২৯
প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাং চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাম্॥ ৩০
পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহম্।
ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী॥ ৩১
সর্গাণামাদিরন্তশ্চ মধ্যং চৈবাহমর্জ্জুন।
অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহম্॥ ৩২
অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাঽহং বিশ্বতোমুখঃ॥ ৩৩
মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্।
কীর্ত্তিঃ শ্রীর্ব্বাক্ চ নারীণাং স্মৃতির্ম্মেধা ধৃতিঃ ক্ষমা॥ ৩৪
বৃহৎসাম তথা সাম্নাং গায়ত্রী ছন্দসামহম্।
মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ॥ ৩৫

(২৯) নাগগণের মধ্যে আমি নাগরাজ অনন্ত, জলচরের মধ্যে আমি জলাধিপতি বরুণ, পিতৃপুরুষগণের মধ্যে আমি রাজা অর্যমা এবং সংযমকারিগণের মধ্যে আমি যম (৩০) দৈত্যগণের মধ্যে আমি প্রহ্লাদ, গণনায় আমি কাল, পশুগণের মধ্যে সিংহ এবং পক্ষী মধ্যে আমি গরুড় (৩১) বেগগামীর মধ্যে আমি বায়ু, শস্ত্রধারিগণের মধ্যে আমি রাম, মৎস মধ্যে মকর এবং নদীর মধ্যে আমি জাহ্নবী (৩২) সৃষ্ট পদার্থসমূহের আমি আদি, মধ্য এবং অন্ত, বিদ্যা মধ্যে আমি অধ্যাত্মবিদ্যা এবং বাদিগণের মধ্যে মীমাংসা মূলক তর্কবাদ (৩৩) অক্ষরের মধ্যে আমি অকার, সমাসের মধ্যে আমি দ্বন্দ্ব সমাস,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জলচরে বরুণ ও অনন্ত নাগেতে,
পিতৃগণে অর্যমা ও যম দমনেতে। ২৯
গণনায় কাল আমি প্রহ্লাদ দৈত্যেতে,
পশু মধ্যে সিংহ আমি গরুড় পক্ষিতে। ৩০
বেগগামী মধ্যে বায়ু, মকর মীনেতে,
শস্ত্রী মধ্যে রাম আমি, জাহ্নবী নদীতে। ৩১
আদি মধ্য অন্ত আমি সৃষ্ট পদার্থের,
বিদ্যা মধ্যে আত্মবিদ্যা, বাদ বাদিদের। ৩২
আমিই অক্ষয়-কাল, ধাতা সবাকার,
সমাসেতে দ্বন্দ্ব আমি অক্ষরে অকার। ৩৩
আমি মৃত্যু, ভাবী সৃষ্টি, নারী মধ্যে ধৃতি,
কীর্তি ও শ্রীবাক্ ক্ষমা মেধা আর স্মৃতি। ৩৪
ঋতুতে বসন্ত, মাসে মার্গশীর্ষ নাম,
ছন্দেতে গায়ত্রী আমি সামে বৃহৎ সাম। ৩৫

আমিই অক্ষয় কাল এবং কর্মফল দাতা বিধাতা (৩৪) আমি সংহার কারী মৃত্যু. আমিই ভাবী সৃষ্টির কারণ, নারীর মধ্যে আমি কীর্তি, শ্রী, বাক্, স্মৃতি, মেধা. ধৃতি ও ক্ষমা এই সপ্তদেবী রূপে বিদ্যমান (৩৫) আমি সাম বেদীয় মন্ত্র সমূহের মধ্যে বৃহৎসাম ও ছন্দোবিশিষ্ট মন্ত্র সমূহের মধ্যে আমি গায়ত্রী, মাসের মধ্যে আমি অগ্রহায়ণ এবং ঋতুর মধ্যে আমি বসন্ত ঋতু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্।
জয়োঽস্মি ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহম্॥ ৩৬
বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ।
মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনাঃ কবিঃ॥ ৩৭
দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্।
মৌনং চৈবাস্মি গুহ্যানাং জ্ঞানং জ্ঞানবতামহম্॥ ৩৮
যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন।
ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরম্॥ ৩৯
নান্তোঽস্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ।
এষ তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্ব্বিস্তরো ময়া॥ ৪০
যদ্যদ্ বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্॥ ৪২
অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ॥ ৪২

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে বিভূতিযোগো নাম দশমোঽধ্যায়ঃ।

(৩৬) প্রবঞ্চকগণের দ্যূতক্রীড়া রূপ ছল আমি, আমি তেজস্বীর তেজঃ, বিজয়ীর জয়, অধ্যবসায়ীর উদ্যম এবং আমিই সাত্ত্বিকগণের সত্ত্বগুণ (৩৭) আমি বৃষ্ণি বংশে বাসুদেব, পাণ্ডবগণের মধ্যে ধনঞ্জয়, মুনিগণের মধ্যে ব্যাসদেব এবং কবির মধ্যে শুক্রাচার্য (৩৮) আমি শাসকগণের দণ্ড, জয়েচ্ছুগণের রাজনীতি, গুহ্য বিষয়ে মৌনভাব, আমি তত্ত্বজ্ঞের জ্ঞান। (৩৯) আমিই সর্বভূত সৃষ্টির বীজ, আমা'বিনা চরাচর বিশ্বে সৃষ্টি হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেজস্বিতে তেজঃ আমি, দ্যূত বঞ্চকের,
আমি জয়, আমি চেষ্টা, সত্ত্ব সাত্ত্বিকের। ৩৬
মুনি মধ্যে ব্যাস আমি, কৃষ্ণ বৃষ্ণি কুলে,
কবি মধ্যে শুক্রাচার্য, পার্থ পাণ্ডু কুলে। ৩৭
জয়েচ্ছুর নীতি আমি, জ্ঞান তত্ত্বজ্ঞের,
গুহ্য মধ্যে মৌন আমি, দণ্ড শাসকের। ৩৮
সর্বভূত বীজ যাহা তাও জেনো মোরে,
মোরে ছাড়ি' কিছু নাহি থাকে চরাচরে। ৩৯
মম দিব্য বিভূতির কোন অন্ত নাই,
তোমা' তরে কহিলাম সারতত্ত্ব তাই। ৪০
প্রভাব - বিভূতি - বল - শ্রী স ম্পন্ন যাহা,
জেনো সৃষ্ট ভবে মোর তেজঃ অংশে তাহা। ৪১
আর বহু জানি' পার্থ, কিবা হ'বে ফল,
ধ'রে আছি সর্ব জগৎ একাংশে কেবল। ৪২

বিভূতিযোগ নামে ১০ম অধ্যায় সমাপ্ত।

পারে এমন কিছুই নাই (৪০) আমার দিব্য বিভূতির অন্ত নাই সংক্ষেপে বিভূতিতত্ত্ব তোমাকে বলিলাম (৪১) প্রভাব-বিভূতি-বল এবং শ্রীসম্পন্ন যাহা কিছু দেখ তাহা আমারই তেজঃ অংশে সৃষ্ট জানিবে (৪২) অতএব অর্জুন, আর বেশী জানার কি প্রয়োজন, তবে জানিয়া রাখ আমি আমার একাংশ মাত্র দ্বারা সমগ্র চরাচর জগৎ ধারণ করিয়া আছি।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্ম সংজ্ঞিতম্।
যৎ ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতো মম॥ ১
ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতৌ বিস্তরশো ময়া।
ত্বত্তঃ কমলপত্রাক্ষ! মাহাত্ম্যমপি চাব্যয়ম্॥ ২
এবমেতদ্ যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম॥ ৩
মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো।
যোগেশ্বর ততো মে-ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্॥ ৪

শ্রীভগবানুবাচ।

পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথঃ সহস্রশঃ।
নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ॥ ৫
পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা।
বহূন্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত॥ ৬
ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্।
মম দেহে গুড়াকেশ যচ্চান্যদ্ দ্রষ্টুমিচ্ছসি॥ ৭

(১) অর্জুন কহিলেন, গুহ্যতম অধ্যাত্মতত্ত্বকথা যাহা কৃপা করিয়া বলিলে তাহাতে আমার মোহ দূরীভূত হইল (২) হে কমলপত্রাক্ষ, ভূতগণের সৃষ্টি প্রলয়ের কথা ও তোমার অব্যয় মাহাত্ম্য শুনিলাম (৩) তোমার স্বরূপ যাহা বর্ণনা করিলে তাহা ঠিকই বটে তবু তোমার বলবীর্যশালী ঐশীমূর্তি দেখিতে আমি ইচ্ছা করি (৪) হেপ্রভো, দেখার যোগ্য হইলে হে যোগেশ্বর, আমাকে ঐ অব্যয় মূর্তি দেখাও (৫) শ্রীকৃষ্ণ কহিলেন, দেখ পার্থ, কত দিব্য নানাবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

অধ্যাত্ম নামক তত্ত্ব বাক্য গুহ্যতম,
কহিলে যা' সে কৃপায় গত মোহ মম। ১
তব মুখে কমলাক্ষ! শুনি সৃষ্টি-লয়,
শুনিলাম কত তব মাহাত্ম্য অব্যয়। ২
স্বরূপ কহিলে যাহা সত্য বটে হরি,
দেখিতে সে ঐশী মূর্তি আমি ইচ্ছা করি। ৩
দেখা যোগ্য মোরে প্রভো যদি মনে হয়,
দেখাও হে যোগেশ্বর, সে রূপ অব্যয়। ৪

শ্রীকৃষ্ণ কহিলেন,

হের পার্থ, কত দিব্য এ মূর্তি আমার,
কত শত নানা বিধ নানা বর্ণাকার। ৫
দেখ বায়ু আদিত্যাদি দেখ অশ্বিদ্বয়,
বসু রুদ্র আরো দৃশ্য পূর্বে দৃষ্ট নয়। ৬
এ দেহে একত্রে দেখ বিশ্ব চরাচর,
দেখ অন্ত গুড়াকেশ, যা' ইচ্ছা অপর। ৭

নানাবর্ণ ও আকারযুক্ত শতসহস্র আমার এই মূর্তি (৬) আমার দেহে দ্বাদশ আদিত্য, অষ্টবসু, একাদশ রুদ্র, অশ্বিনীকুমারদ্বয় ও উনপঞ্চাশবায়ু দেখ, আর দেখ নাই এমন কতশত দৃশ্য এখন দেখ (৭) আমার দেহে একত্রে অবস্থিত বিশ্ব-চরাচর দেখ এবং অন্য যাহাকিছু দেখিতে চাও তাহাও দেখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা।
দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্॥ ৮

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ।
দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্॥ ৯
অনেকবক্ত্রনয়নমনেকাদ্ভুতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্॥ ১০
দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনম্।
সর্ব্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখম্॥ ১১
দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্ যুগপদুত্থিতা।
যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ ভাসস্তস্য মহাত্মনঃ॥ ১২
তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা।
অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা॥ ১৩
ততঃ স বিস্ময়াবিষ্টো হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ।
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত॥ ১৪

(৮) কিন্তু তোমার ঐ চর্মচক্ষু দ্বারা আমার এই বিশ্বরূপ দেখিতে তুমি সমর্থ হইবে না, তাই তোমাকে আমি দিব্যচক্ষু দান করিতেছি, ইহা দ্বারা হে পার্থ। তুমি আমার সমস্ত যোগৈশ্বর্য দেখ (৯) সঞ্জয় কহিলেন, হে রাজন! এই বলিয়া যোগেশ্বর শ্রীহরি তখন তাহার ঐশীমূর্তি অর্জুনকে দেখাইলেন। (১০,১১) সেই মূর্তি বহু বদনযুক্ত, বহু চক্ষুযুক্ত, বহুদৃশ্যযুক্ত, বহু দিব্য আভরণযুক্ত, বহু উদ্যত অস্ত্রযুক্ত, বহুদিব্য বস্ত্র-মাল্য-গন্ধ ও অনুলেপনযুক্ত, সর্ব আশ্চর্যময় দীপ্ত এবং সর্বত্র বদন বিশিষ্ট (১২) সহস্রটি সূর্যের প্রভা একসঙ্গে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তব চর্মচক্ষে মোরে দেখা অসম্ভব,
দিব্য চক্ষু দেই হের যোগৈশ্বর্য সব। ৮

সঞ্জয় কহিলেন,

এত বলি' হে রাজন্। যোগেশ্বর হরি,
পার্থে দেখা দেন দিব্য ঐশী মূর্তি ধরি'। ৯
বহু নেত্র বহু মুখ দৃশ্য কত শত,
অস্ত্র শস্ত্র আভরণ দিব্য রূপে কত। ১০
দিব্য গন্ধে লিপ্ত দিব্য মাল্য-বস্ত্র ধারী,
সর্বাশ্চর্য ময় প্রভু সর্বাত্মক হরি। ১১
সহস্রটি সূর্য প্রভা যদি নভে মিলে,
তবে হেন মহাত্মার তুল্য তেজঃ বলে। ১২
দেব-দেব-দেহে এবে দেখে ধনঞ্জয়,
নানা ভাগে ভাঙ্গা বিশ্ব একত্রিত রয়। ১৩
সবিস্ময়ে পার্থ এবে রোমাঞ্চিত দেহে,
নত শিরে নমি' দেবে করজোড়ে কহে। ১৪

যদি আকাশে উদিত হয় তবেই তাহা এই মহাত্মার প্রভাবের সমতুল্য হইতে পারে (১৩) সেই দেবাদিদেবের বিরাট দেহে বহুরূপে বিভক্ত নিখিল জগৎকে অর্জুন তখন একত্র অবস্থায় দেখিতে পাইলেন (১৪) এবং সবিস্ময়ে রোমাঞ্চিত শরীরে অবনত মস্তকে তাঁহাকে প্রণাম করিয়া করজোড়ে কহিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ ।

পশ্যামি দেবাংস্তব দেব দেহে সর্ব্বাংস্তথা ভূতবিশেষসঙ্ঘান্ ।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থ মৃষীংশ্চ সর্ব্বানুরগাংশ্চ দিব্যান্ ॥ ১৫
অনেকবাহূদরবক্ত্রনেত্রং পশ্যামি ত্বাং সর্ব্বতোঽনন্তরূপম্ ।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ ॥ ১৬
কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ তেজোরাশিং সর্ব্বতোদীপ্তিমন্তম্ ।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তাদ্দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ম্ ॥ ১৭
ত্বমক্ষরং পরমং বেদিতব্যং ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্ ।
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥১৮
অনাদিমধ্যান্তমনন্তবীর্য্য ম ন স্ত বা হুং শশিসূর্য্য নেত্রম্ ।
পশ্যামি ত্বাং দীপ্তহুতাশবক্ত্রং স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥১৯
দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ ।
দৃষ্ট্বাদ্ভুতং রূপমুগ্রং তবেদং লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ॥২০
অমী হি ত্বাং সুরসঙ্ঘা বিশন্তি কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি ।
স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসঙ্ঘাঃ স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ ॥২১

(১৫) অর্জুন কহিলেন, হে দেব, তোমার দেহে আমি সমস্ত দেবতাকে, জরায়ুজ-অণ্ডজ-স্বেদজ এবং উদ্ভিজ্জাদি সমস্ত ভূতকে, বশিষ্ঠাদি সমস্ত ঋষি, তক্ষকাদি সমস্ত সর্প এবং কমলাসনস্থ ব্রহ্মাকে দেখিতেছি (১৬) তোমাকে সর্বত্র উদর-নেত্র-মুখ-বাহুময় দেখিতেছি, কিন্তু তোমার আদি, মধ্য ও অন্ত দেখি না (১৭) তোমাকে চূড়া-গদা-চক্রধারী রূপে দীপ্ত ও সর্বব্যাপ্ত দেখিতেছি, তেজে তুমি অগ্নি-সূর্য তুল্য, তোমাকে দেখা-মাপা অসাধ্য (১৮) তুমিই সেই জ্ঞাতব্য, অক্ষর, সর্বাশ্রয়, ধর্মরক্ষক, অব্যয়, সনাতনপুরুষ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

হে দেব তোমার দেহে দেখি দেবগণে,
সর্বভূত - ঋষি - সর্প, ব্রহ্মা পদ্মাসনে। ১৫
সর্বত্র উদর নেত্র মুখ বাহু রয়,
দেখি তব বিশ্বরূপ আদি - অন্ত নয়। ১৬
চূড়া - গদা - চক্র - ধারী তেজে সূর্যানল,
দেখা - মাপা সাধ্য নয় সর্বতঃ উজ্জ্বল। ১৭
সনাতন দেব তুমি অক্ষর অব্যয়,
ধর্মরক্ষাকারী ব্রহ্ম জ্ঞেয় সর্বাশ্রয়। ১৮
অনন্ত শক্তি ও বাহু, রবি শশী - আঁখি,
দীপ্তানল - মুখ তেজে দহে বিশ্ব দেখি। ১৯
অন্তরীক্ষমাঝে ব্যাপ্ত একা সর্বদিকে,
ত্রিলোকের ভয় তব উগ্রমূর্তি দে'খে। ২০
পশি' দেবে ভয়ে কেহ ভজে যুক্তকরে,
সিদ্ধ, ঋষি স্বস্তি কহি' দিব্য স্তুতি পড়ে। ২১

ব্রহ্ম (১৯) অনন্ত শক্তি ও বাহু তোমার, চন্দ্র-সূর্য তোমার চক্ষুদ্বয় এবং দীপ্ত বহ্নিসম তোমার মুখ-তেজে সমস্ত জগৎ সন্তপ্ত (২০) স্বর্গ ও মর্তের মধ্যে শূন্যস্থান এবং সর্বদিক তোমা' দ্বারাই ব্যাপ্ত, এই অদ্ভুত উগ্ররূপ দেখিয়া ত্রিলোক সন্ত্রস্ত (২১) দেবগণ তোমার শরণ লইতেছে, কেহ ভয়ে করজোড়ে ভজন করিতেছে, মহর্ষি ও সিদ্ধগণ স্বস্তিবাক্য উচ্চারণ করিয়া বহু উৎকৃষ্ট স্তব-স্তুতি পাঠ করিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা বিশ্বেঽশ্বিনৌমরুতশ্চোষ্মপাশ্চ।
গন্ধর্ব্ব যক্ষাসুর সিদ্ধ সঙ্ঘা বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্ব্বে॥২২
রূপং মহৎ তে বহুবক্ত্রনেত্রং মহাবাহো বহু বাহূরুপাদম্।
বহূদরং বহুদংষ্ট্রাকরালং দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহম্॥২৩
নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং ব্যাত্তাননং দীপ্তবিশালনেত্রম্।
দৃষ্ট্বা হি ত্বাংপ্রব্যথিতান্তরাত্মা ধৃতিং ন বিন্দামি শমঞ্চ বিষ্ণো॥২৪
দংষ্ট্রাকরালানি চ তে মুখানি দৃষ্ট্বৈব কালানলসন্নিভানি।
দিশো ন জানে ন লভে চ শর্ম্ম প্রসীদ দেবেশ জগন্নিবাস॥২৫
অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ সর্ব্বে সহৈবাবনিপালসঙ্ঘৈঃ।
ভীষ্মো দ্রোণঃ সূতপুত্রস্তথাসৌ সহাস্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ॥২৬
বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি দংষ্ট্রাকরালানি ভয়ানকানি।
কেচিদ্বিলগ্না দশনান্তরেষু সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ॥২৭
যথা নদীনাং বহবোঽম্বুবেগাঃ সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।
তথাতবামীনরলোকবীরা বিশন্তি বক্ত্রাণ্যভিতো জ্বলন্তি॥২৮

(২২) একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, অষ্টবসু, ঊনপঞ্চাশ বায়ু, সাধ্যগণ, বিশ্বদেবগণ, অশ্বিনীকুমারদ্বয়, উষ্মপা (পিতৃগণ), গন্ধর্ব-যক্ষ-রক্ষ-অসুরগণ, এবং সিদ্ধগণ সকলেই বিস্মিত হইয়া তোমাকে দেখিতেছেন (২৩) তোমার বহু নেত্র-বাহু-উরু-পাদ-দন্ত-উদরযুক্ত বিরাট মূর্তি দেখিয়া লোক সকল ভয়ে ভীত, আমিও ব্যথিত (২৪) তোমার নভস্পর্শী, বহুবর্ণযুক্ত, দীপ্ত, বিস্তৃত বদন ও রুদ্র নেত্র মূর্তি দেখিয়া আমি ধৈর্য-সুখ হারা হইয়াছি (২৫) তোমার এই প্রলয়াগ্নি তুল্য বদন ও হিংস্র দন্ত দেখিয়া আমি দিশা-সুখ হারা হইয়াছি, তুমি প্রসন্ন হও (২৬,২৭) ধৃতরাষ্ট্রের পুত্রগণ, ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও অন্যান্যরাজগণ এবং আমাদের পক্ষেরও কত যোদ্ধা তোমার ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুদ্রাদিত্য বসু বিশ্ব সাধ্য বায়ু যত,
পিতৃগণ গন্ধর্ব ও যক্ষাসুর কত,
অশ্বিনীকুমারদ্বয়, সিদ্ধ অগণিত,
দেখি' তব রূপ এরা সবাই বিস্মিত। ২২
তব বহু উরু বাহু পাদ মুখ চোখ,
উদরেও দন্তে ভীত আমি ও ত্রিলোক। ২৩
নভঃস্পর্শী বহু বর্ণ দীপ্ত-ব্যাত্ত মুখ,
রুদ্রনেত্ররূপে ভীত, নাহি ধৈর্য-সুখ। ২৪
প্রলয়াগ্নি সম মুখ হিংস্র দন্ত হেরি',
দিশা-সুখ হারা আমি, হও তুষ্ট হরি। ২৫
ধৃতরাষ্ট্র পুত্রাদি ও অন্য নৃপ যত,
ভীষ্ম দ্রোণ কর্ণ সহ আমাদের' কত। ২৬
পশে দ্রুত তব হিংস্র দন্ত যুক্ত মুখে,
চূর্ণ মুণ্ড কারো লগ্ন রহে দন্ত ফাঁকে। ২৭
নদী-জল বেগে যথা সিন্ধু মুখে ধায়,
যত নরবীর তব অগ্নি মুখে যায়। ২৮

হিংস্র দন্তযুক্ত বদনে দ্রুতবেগে প্রবেশ করিতেছে, কাহারও বা চূর্ণীকৃত মস্তক তোমার ঐ দন্ত সন্ধিতে সংলগ্ন রহিয়াছে (২৮) নদীর জল যেমন সবেগে সমুদ্রে পড়ে, তেমনি যত নরলোক বীর অতি দ্রুতবেগে তোমার ঐ অগ্নিমুখে প্রবেশ করিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ।
তথৈব নাশায় বিশন্তি লোকাস্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ ॥২৯
লেলিহ্যসে গ্রসমানঃ সমন্তাল্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলদ্ভিঃ।
তেজোভিরাপূর্য্য জগৎসমগ্রং ভাসস্তবোগ্রাঃ প্রতপন্তি বিষ্ণো ॥৩০
আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো নমোঽস্তু তে দেববর প্রসীদ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবন্তমাদ্যং ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥৩১

শ্রীভগবানুবাচ।

কালোঽস্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো লোকান্ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ।
ঋতেঽপি ত্বাং ন ভবিষ্যন্তি সর্ব্বে যেঽবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ ॥
তস্মাত্ত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব জিত্বা শত্রূন্ ভুঙ্ক্ষ্ব রাজ্যং সমৃদ্ধম্।
ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ ॥৩৩
দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ কর্ণং তথান্যানপি যোধবীরান্।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্ ॥৩৪

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা বচনং কেশবস্য কৃতাঞ্জলির্ব্বেপমানঃ কিরীটী।
নমস্কৃত্বা ভূয় এবাহ কৃষ্ণং সগদ্গদং ভীতভীতঃ প্রণম্য ॥৩৫

(২৯) মরণের জন্য পতঙ্গ যেমন অগ্নিতে ঝাঁপ দেয়, তদ্রূপ এই নরগণ মৃত্যুর জন্য বেগে তোমার মুখে প্রবেশ করিতেছে (৩০) জ্বলন্ত বদন বিস্তার করিয়া তুমি সব গ্রাস করিতেছ, তোমার তীব্র-দীপ্ততেজে সব দগ্ধ হইল। (৩১) হে উগ্রমূর্তি, তুমি কে বল, তোমায় নমস্কার করি, তুমি তুষ্ট হও, কহ হে আদি দেব, কি কাজে তুমি প্রবৃত্ত হইয়াছ (৩২) শ্রীকৃষ্ণ কহিলেন, আমি মহাকাল, লোকক্ষয়কারী, তুমি না মারিলেও উহারা মরিবে (৩৩) তাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনলে পতঙ্গ দ্রুত পশে মৃত্যু তরে,
তথা নর তব মুখে দ্রুত পশি' মরে। ২৯
বিস্তারিয়া অ গ্নি মু খ লেহ, গ্রাসো নরে,
তীব্র দীপ্ত তেজে তব সর্ব দগ্ধ করে। ৩০
কেগো উগ্র মুর্তি তুমি, কহ, তুষ্ট হও,
নমি তোমা' আদিদেব, কিসে রত কও। ৩১

শ্রীকৃষ্ণ কহিলেন,

উগ্র মহা-কাল আমি লোকক্ষয় কারী,
তুমি না বধিলে তবু মরে তব অরি। ৩২
লও জয়ে যশ মারি' মেরেছি যে আমি,
ওঠ সব্যসাচী। হও উপলক্ষ তুমি। ৩৩
ভীষ্ম দ্রোণ জয়দ্রথ কর্ণ আদি যত,
নির্ভয়ে বধিও, এ'রা হ'য়ে আছে হত। ৩৪

সঞ্জয় কহিলেন,

শুনি' ভয়ে কম্পমান পার্থ যুক্ত করে,
নমি' কৃষ্ণে কহে পুনঃ গদ গদ স্বরে। ৩৫

পার্থ, ওঠো শত্রুজয় কর, যশ লও, উহাদের আমিই মারিয়া রাখিয়াছি, তুমি হে সব্যসাচী, উপলক্ষ মাত্র হও (৩৪) ভীষ্ম, দ্রোণ, জয়দ্রথ, কর্ণাদিকে নির্ভয়ে বধ কর, ইহারা মরিয়াই আছে (৩৫) সঞ্জয় কহিলেন, ইহা শুনিয়া ভয়ে কম্পমান পার্থ করজোড়ে শ্রীকৃষ্ণকে নম করিয়া গদগদ স্বরে পুনঃ কহিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসঙ্ঘাঃ॥৩৬
কস্মাচ্চ তে ন নমেরন্ মহাত্মন্ গরীয়সে ব্রহ্মণোঽপ্যাদি কর্ত্রে।
অনন্ত দেবেশ জগন্নিবাস ত্বমক্ষরং সদসৎ তৎ পরং যৎ॥৩৭
ত্বমাদিদেবঃ পুরুষঃ পু রা ণ স্ত্ব ম স্য বিশ্বস্য পরং নিধানম্।
বেত্তাসি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ॥৩৮
বায়ুর্যমোঽগ্নির্ব্বরুণঃ শশাঙ্কঃ প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ।
নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ পুনশ্চ ভূয়োঽপি নমো নমস্তে॥৩৯
নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে নমোঽস্তু তে সর্ব্বত এব সর্ব্ব।
অনন্তবীর্য্যামিতবিক্রমস্ত্বং সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্বঃ॥
সখেতি মত্বা প্রসভং যদুক্তং হে কৃষ্ণ হে যাদব হে সখেতি।
অজানতা মহিমানং তবেদং ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি॥৪১
যচ্চাবহাসার্থমসৎকৃতোঽসি বিহার-শয্যাসন-ভোজনেষু।
একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং তৎক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্॥৪২

(৩৬) অর্জুন কহিলেন, হে হৃষীকেশ! তোমার মাহাত্ম্য শ্রবণে ও কীর্তনে সমস্ত জগৎবাসী যে পরিতৃপ্ত, সাধুগণ তোমাকে যে প্রণাম করে এবং রাক্ষসগণ যে ভয়ে ও ত্রাসে পলায়ন করে, ইহা বাস্তবিকই যুক্তি যুক্ত। (৩৭) তুমি দৃশ্য, তুমি অদৃশ্য, তুমি সর্বশ্রেষ্ঠ, তুমি বিশ্বমূল, তুমি ব্রহ্ম. ব্রহ্মা হইতেও শ্রেষ্ঠ, সকলে কেন তোমাকে নমস্কার করিবে না (৩৮) তুমি আদিদেব, অনাদি পুরুষ, তুমি মোক্ষ, তুমি সর্বব্যাপ্ত, তুমি জ্ঞাতব্য, জ্ঞেয়, তুমিই পরম নিধান (৩৯) তুমি বায়ু, যম, অগ্নি, চন্দ্র বরুণ, তুমি পিতামহ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

জগৎ সন্তুষ্ট তব নাম গান করি',
নমে সিদ্ধ, ধায় রক্ষ, ইহা যোগ্য হরি। ৩৬
দৃশ্যাদৃশ্য তদতীত তুমি ব্রহ্ম ভবে,
ব্রহ্মার' যে আদি কেন নমিবেনা সবে। ৩৭
তুমি মোক্ষ আদিদেব পুরুষ পুরাণ,
সর্বতঃ জ্ঞাতব্য জ্ঞাতা পরম নিধান। ৩৮
প্রজাপতি বরুণাগ্নি চন্দ্র বায়ু যম,
প্রপিতামহও তুমি নমি সর্বোত্তম। ৩৯
সর্ব! তোমা' অগ্রে পৃষ্ঠে সর্ব দিকে নমি,
অনন্ত - বিক্রম - বীর্য সর্বব্যাপ্ত তুমি। ৪০
মহিমা না জানি' তব সখা ভাবে যত,
'হে যাদব কৃষ্ণ সখে' বাক্য ব্যহৃত। ৪১
ক্ষম তাহা, প্রমাদে বা প্রণয়েতে মাখা,
ভোগাহারে শয্যাসনে প্রকাশ্যে বা একা। ৪২

প্রপিতামহ, তোমাকে শতশত নমস্কার করি (৪০) হে সর্ব। অগ্রে, পৃষ্ঠে, সর্বদিকে তোমাকে নমস্কার করি, তুমি অনন্ত বীর্য-বিক্রমশালী এবং সর্বব্যাপ্ত (৪১,৪২) না জানিয়া আমি তোমাকে সখাভাবে ভোগাহারে, শয্যাসনে কখনও প্রকাশ্যে, কখনও বা একা, ভ্রমে ও প্রণয়ে, হে কৃষ্ণ, হে যাদব হে সখে ইত্যাদি যাহা বলিয়াছি, তাহার জন্য আমাকে ক্ষমা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতাসি লোকস্য চরাচরস্য ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্।
নত্বৎসমোঽস্ত্যভ্যধিকঃকুতোঽন্যোলোকত্রয়েঽপ্যপ্রতিমপ্রভাব
তস্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং প্রসাদয়ে ত্বামহমীশমীড্যম্।
পিতেব পুত্রস্য সখেব সখ্যুঃপ্রিয়ঃ প্রিয়ায়ার্হসি দেব সোঢ়ুম্॥৪৪
অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেব রূপং প্রসীদ দেবেশ জগন্নিবাস॥৪৫
কিরীটিনং গদিনং চক্র হস্তমিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহং তথৈব।
তেনৈব রূপেণ চতুর্ভুজেন সহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে॥৪৬

শ্রীভগবানুবাচ।

ময়া প্রসন্নেন তবার্জ্জুনেদং রূপং পরং দর্শিতমাত্মযোগাৎ।
তেজোময়ং বিশ্বমনন্তমাদ্যং যন্মে ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বম্॥৪৭
ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈ র্ন চ ক্রিয়াভির্ন তপোভিরুগ্রৈঃ।
এবং রূপঃ শক্য অহং নৃলোকে দ্রষ্টুং ত্বদন্যেন কুরুপ্রবীর॥৪৮
মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো দৃষ্ট্বারূপং ঘোরমীদৃঙ্মমেদম্।
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং তদেব মে রূপমিদং প্রপশ্য॥৪৯

(৪৩) তুমি বিশ্বপিতা, পূজ্য, গুরুশ্রেষ্ঠ, ত্রিলোকে তোমা'তুল্য কেহ নাই, শ্রেষ্ঠ কোথায় (৪৪) হে পূজ্য, আমি সাষ্টাঙ্গে প্রণাম করিয়া তোমাকে সন্তুষ্ট করিতেছি, পিতা পুত্রের, পতি পত্নীর, মিত্র মিত্রের দোষ যেমন ক্ষমা করে, তুমি তদ্রূপ আমাকে ক্ষমা কর (৪৫) তোমার অদৃষ্টপূর্ব মূর্তি দেখিয়া আমি আনন্দিত কিন্তু ত্রস্ত, তুমি সন্তুষ্ট হও, আমাকে সেই পূর্বমূর্তি দেখাও (৪৬) বিশ্বরূপ ছাড়িয়া চূড়া-গদা-চক্রধারী মূর্তি ধর (৪৭) শ্রীকৃষ্ণ কহিলেন, তোমার পরমাত্মনিষ্ঠায়সন্তুষ্ট হইয়া আমি এখন আত্মযোগে যে বিশ্বরূপ দেখাইলাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বপিতা তুমি পূজ্য গুরুশ্রেষ্ঠ ভবে,
নাহি ভবে তুল্য তব, কোথা শ্রেষ্ঠ তবে। ৪৩
নমিয়া সাষ্টাঙ্গে তুষ্ট করি পূজ্য তোমা',
ক্ষম মোরে যথা পিতা করে পুত্রে ক্ষমা,
সতত প্রিয়ারে প্রিয় যথা সহ্য করে,
মিত্র সহে মিত্রে তথা কর সহ্য মোরে। ৪৪
এ অপূর্ব রূপে হৃষ্ট কিন্তু ত্রাসে মরি,
হও তুষ্ট দাও দেখা পূর্ব মূর্তি ধরি'। ৪৫
ধর মূর্তি চতুর্ভুজ বিশ্বরূপ ছাড়ি',
চূড়া - গদা - চক্র ধারী রূপ ইচ্ছা করি। ৪৬

শ্রীকৃষ্ণ কহিলেন,

আত্মযোগে, বিশ্বরূপ আমি কৃপা ক'রে,
দেখানু যা' তুমি ভিন্ন দেখেনি অপরে। ৪৭
তপঃ যজ্ঞ ক্রিয়া দানে বেদ অধ্যয়নে,
তবু নাহি কেহ ইহা দেখে তুমি বিনে। ৪৮
উগ্ররূপ দর্শনের ব্যথা - ভীতি ছাড়,
নির্ভয়ে ও প্রীত মনে পূর্ব মূর্তি হের। ৪৯

ইহা তুমি ভিন্ন অন্য কেহ দেখে নাই (৪৮) বেদপাঠ, যজ্ঞ, ক্রিয়া, দান অথবা তপস্যায় তুমি ভিন্ন এই বিশ্বে অন্যে আমার এই বিশ্বরূপ দেখিতে অক্ষম। (৪৯) উগ্রমূর্তি দেখার ব্যথা-ভীতি ছাড়, নির্ভয়ে, প্রীতমনে পূর্বমূর্তি দেখ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় উবাচ।

ইত্যর্জ্জুনং বাস্বদেবস্তথোক্ত্বা স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং ভূত্বা পুনঃ সৌম্যবপুর্ম্মহাত্মা ॥ ৫০

অর্জ্জুন উবাচ।

দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্যং জনার্দ্দন।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ ॥ ৫১

শ্রীভগবানুবাচ।

সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম।
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ ॥ ৫২
নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া।
শক্য এবং-বিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা ॥ ৫৩
ভক্ত্যা ত্বনন্যয়া শক্য অহমেবং বিধোঽর্জ্জুন।
জ্ঞাতুং দ্রষ্টুং চ তত্ত্বেন প্রবেষ্টুং চ পরন্তপ ॥ ৫৪
মৎ কর্ম্ম কৃৎ মৎ পরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ।
নির্ব্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডব ॥ ৫৫

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে বিশ্বরূপদর্শনযোগো নাম একাদশোঽধ্যায়ঃ।

(৫০) সঞ্জয় কহিলেন, হে রাজন! ইহা বলিয়া বাসুদেব তখন আবার সৌম্যমূর্তি ধারণ করিয়া ভীত অর্জুনকে আশ্বস্ত করিলেন (৫১) অর্জুন কহিলেন, হে জনার্দন! তোমার প্রশান্ত মানুষ মূর্তি দেখিয়া আমি এখন সুস্থ ও প্রকৃতিস্থ হইলাম (৫২) শ্রীকৃষ্ণ কহিলেন, তুমি যে মূর্তি দেখিলে তাহা একান্ত দুর্লভ, দেবতারাও সর্বদা ইহা দর্শনের আকাঙ্খা করিয়া থাকেন। (৫৩) আমাকে যে মূর্তিতে দেখিলে তাহা বেদপাঠে, যজ্ঞে, দানে অথবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় কহিলেন,

হে রাজন ! হেন ভীত পার্থকে শ্রীহরি,
করে শান্ত পুনঃ নিজ সৌম্যমূর্তি ধরি'। ৫০

অর্জুন কহিলেন,

তব সৌম্য নর মূর্তি হেরি' জনার্দন,
আমি সুস্থ প্রকৃতিস্থ হয়েছি এখন। ৫১

শ্রীকৃষ্ণ কহিলেন,

যে দুর্লভ রূপ তুমি দেখিলে এখন,
সতত দেখিতে চা'ন তাহা দেবগণ। ৫২
কেহ যজ্ঞে, বেদপাঠে, দানে, তপস্যায়,
তব দৃষ্ট হেন রূপ দেখিতে না পায়। ৫৩
আমাতেই একনিষ্ঠা ভক্তি যা'র হয়,
দেখে মোরে জানে তত্ত্ব আমাতে সে রয়। ৫৪
মৎপর মদ্ভক্ত যেই মম কর্মকারী,
পায় মোরে আসক্তি ও জীবহিংসা ছাড়ি'। ৫৫

বিশ্বরূপদর্শনযোগ নামে ১১শ অধ্যায় সমাপ্ত।

তপস্যায় দেখা যায় না (৫৪) হে অর্জুন! কেবল অনন্য ভক্তিবলেই আমাকে জানা যায়, দেখা যায় এবং আমাতে থাকা যায় (৫৫) হে পাণ্ডব! যে আমা'-পরায়ণ, আমার ভক্ত, যে কেবল আমার জন্যই কর্ম করে, যে সর্বকামনা বর্জিত এবং যে সর্বভূতে শত্রুভাবহীন সেইরূপ ভক্তই আমাকে প্রাপ্ত হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ॥ ১

শ্রীভগবানুবাচ।

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ॥ ২
যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্॥ ৩
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ॥ ৪
ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে॥ ৫
যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥ ৬
তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যু-সংসার-সাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ! ময্যাবেশিত চেতসাম্॥ ৭

(১) অর্জুন কহিলেন, যে নিত্যযুক্ত ভক্ত সর্বকর্ম তোমায় অর্পণ করিয়া ভজে, আর যে তোমার অব্যক্ত অক্ষর রূপের ধ্যান করে, ইহার মধ্যে কে শ্রেষ্ঠ (২) শ্রীকৃষ্ণ কহিলেন, হে অর্জুন! মদগত ও মদ্যুক্ত থাকিয়া যে অনন্য ভক্তিযোগে আমাকে সর্বদা ভজনা করে সেই শ্রেষ্ঠ (৩,৪) আর সংজ্ঞাতীত, অব্যক্ত, কূটস্থ, অচল, অচিন্ত্য, সর্বব্যাপ্ত অক্ষরকে যে ভজে সেই জিতেন্দ্রিয়, সর্বভূত হিতেরত-মন সমদর্শীগণও আমাকে প্রাপ্ত হয় (৫) তবে অব্যক্তের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

সতত ভজে যে ভক্ত তোমা' সঁপি' প্রাণ,
যে ভজে অব্যক্তাক্ষরে, দু'য়ে কে প্রধান। ১

শ্রীকৃষ্ণ কহিলেন,

আমাতে অর্পিতচিত্ত একনিষ্ঠ মন,
ভক্তিতে যে ভজে মোরে সেই শ্রেষ্ঠ জন। ২
ভ'জেও অব্যক্তাক্ষর সর্বব্যাপী স্থিত,
কূটস্থ অচিন্ত্যাচল ধ্রুব সংজ্ঞাতীত, ৩
আমাকেই লভে সেই জিতেন্দ্রিয়গণ,
সর্বভূত-হিতে রত সমদর্শী মন। ৪
অব্যক্তের উপাসনা ক্লেশাধিক্য ময়,
তা'তে নর লভে গতি দুঃখে অতিশয়। ৫
কিন্তু সর্ব কর্ম মোরে করি' সমর্পণ,
আমাকেই পূজে যেই আমা' গত মন, ৬
নিবেদিতপ্রাণ সেই ভক্তকে আমার,
সংসার সাগর হ'তে দ্রুত করি পার। ৭

উপাসনা দেহাভিমানী জীবের পক্ষে ক্লেশসাধ্য, কেন না, দেহাত্মবোধ দূর না হইলে নির্গুণভাবে স্থিতি লাভ করা যায় না (৬,৭) কিন্তু আমাকে সর্বকর্ম সঁপিয়া, মচ্চিত্ত হইয়া ভক্তিভাবে যে আমার ব্যক্ত রূপকে ভজে আমি নিবেদিত প্রাণ সেই ভক্তকে সংসার সাগর হইতে দ্রুত ত্রাণ করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত উৰ্দ্ধং ন সংশয়ঃ॥ ৮
অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্।
অভ্যাস-যোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয়॥ ৯
অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎ কর্ম্ম পরমো ভব।
মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি॥ ১০
অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্ যোগমাশ্রিতঃ।
সর্ব্ব-কর্ম্মফল-ত্যাগং ততঃ কুরু যতাত্মবান্॥ ১১
শ্রেয়োহিজ্ঞানমভ্যাসাজ্ জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্ম্মফল ত্যা গ স্ত্যা গা চ্ছান্তিরনন্তরম্॥ ১২
অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সম দুঃখ সুখঃ ক্ষমী॥ ১৩
সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিত মনোবুদ্ধির্যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ॥ ১৪

(৮) তাই আমাতেই মনবুদ্ধি স্থির রাখ, তবে দেহান্তে আমাকে অবশ্য পাইবে (৯) যদি আমাতে চিত্ত স্থির রাখিতে না পার তবে অভ্যাসযোগ দ্বারা বিক্ষিপ্ত চিত্তকে বিষয় হইতে পুনঃ পুনঃ প্রত্যাহৃত করিয়া আমাতে সমাহিত করিতে চেষ্টা কর (১০) অভ্যাসেও না পারিলে আমার প্রীতির জন্য সাধুসঙ্গ, শাস্ত্রপাঠ, উপবাস, ব্রত, পূজার্চনা, সেবা ও নাম কীর্তনাদি যে সমস্ত কর্ম বিহিত আছে তাহাতে আসক্ত হও, এইভাবে কর্মানুষ্ঠানেও ক্রমশঃ মুক্তি পাইবে। (১১) আর যদি ইহাতেও অক্ষম হও তবে একমাত্র আমারই শরণ লও, সর্বকর্ম আমাতে অর্পণ কর, সংযত চিত্ত হইয়া সর্বকর্মফলাশা ত্যাগ কর। (১২) অভ্যাসের চেয়ে জ্ঞান শ্রেয়ঃ, তত্ত্বে অজ্ঞ হইলে নাম জপাদি অভ্যাসের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাতেই মন বুদ্ধি রাখ ধনঞ্জয়,
লভিবে দেহান্তে মোরে, নাহিক সংশয়। ৮
যদি না আমাতে তব চিত্ত স্থির হয়,
অভ্যাসযোগে সে চেষ্টা কর ধনঞ্জয়। ৯
অভ্যাসে না পার মোর কর্মনিষ্ঠ হও,
মোর প্রীতিতরে কর্ম করি' সিদ্ধি লও। ১০
তাও যদি নাহি পার চিত্ত শান্ত কর,
আমা'যুক্ত থাকি' সর্ব কর্ম-ফল ছাড়। ১১
অভ্যাসের বড় জ্ঞান, ধ্যান বড় তা'র,
ফলত্যাগ তা'র বড় ত্যাগে শান্তি সার। ১২
সুখ-দুঃখে সম, অহং-মমত্ব বিহীন,
দয়া-মৈত্রী-ক্ষমাযুক্ত, ভূতে দ্বেষহীন। ১৩
সদাতুষ্ট, দৃঢ়ব্রত, যোগী, জিতেন্দ্রিয়,
অর্পে মোরে মন বুদ্ধি সেই ভক্ত প্রিয়। ১৪

চেয়ে তত্ত্বালোচনা ভাল, জ্ঞানের বাহ্যালোচনার চেয়ে গুরু মুখে জানা ইষ্টবস্তুর ধ্যান আরও ভাল, তবে ফলাসক্তিতে চিত্ত দূষিত থাকিলে ইষ্ট বস্তুতে চিত্ত তন্ময় হয় না, তাই ফলাশা ছাড়িয়া কর্ম করাই শ্রেষ্ঠ, ত্যাগেই শান্তি আসে (১৩,১৪) যে দয়ালু, মিত্রভাবাপন্ন, ক্ষমাশীল, ভূতেদ্বেষহীন, সুখ-দুঃখে সমজ্ঞানী, মমত্ব ত্যাগী, নিরহঙ্কারী, যোগী, জিতেন্দ্রিয়, সদাতুষ্ট, দৃঢ়ব্রত, যে ভক্ত, যে আমাতে মন বুদ্ধি স'পিয়াছে সে আমার প্রিয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্ম্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥ ১৫
অনপেক্ষঃ শুচির্দক্ষ উদাসীনো গতব্যথঃ ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৬
যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি ।
শুভাশুভ পরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥ ১৭
সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ ।
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ ॥ ১৮
তুল্য নিন্দাস্তুতির্ম্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ ।
অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্ মে প্রিয়ো নরঃ ॥ ১৯
যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে ।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ ॥ ২০

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ভক্তিযোগো নাম দ্বাদশোঽধ্যায়ঃ ।

(১৫) যে ব্যক্তি নিজে কোন কারণেই উদ্বিগ্ন হয় না, অপর কাহাকেও উদ্বিগ্ন করে না, আর যে ব্যক্তি হর্ষ, পরশ্রীকাতরতা, ভয় এবং ক্ষোভ হইতে সম্পূর্ণ মুক্ত এমন মদ্ভক্ত ব্যক্তি আমার প্রিয় (১৬) যে ব্যক্তি পবিত্র—বাহ্য ও আভ্যন্তরিক শৌচ সমন্বিত, অনলস, উদাসীন—পক্ষপাত শূন্য, নিস্পৃহ, [illegible]হীন, স[illegible] উদ্যম পরিত্যাগী এবং যে আমার ভক্ত সে আমার প্রিয় (১৭) যে প্রিয় বস্তু লাভে পুলকিত হয় না, অপ্রিয় সংঘটনে বিষণ্ণ হয় না, যে ইষ্টবিনাশে শোক করে না এবং যে শুভ-অশুভ, পাপ-পুণ্য পরিত্যাগ করিয়াছে এমন ভক্ত আমার প্রিয় (১৮,১৯) যে শত্রু-মিত্রে সম ভাবাপন্ন, যে মান-অপমানে অবিকৃত, শীত-উষ্ণে, সুখ-দুঃখে নির্বিকারচিত্ত, নিন্দা ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদ্বিগ্ন না করে যেই উদ্বেগে না রয়,
হর্ষ - ঈর্ষা - ভয়োদ্বেগ মুক্ত প্রিয় হয়। ১৫
প্রিয় সর্বারম্ভ ত্যাগী, স্পৃহা - ব্যথা হীন,
পবিত্র ও অনলস, ভক্ত, উদাসীন। ১৬
নাহি হর্ষ-দ্বেষ, নাহি শোক-লিপ্সা যা'র,
শুভাশুভ ত্যাগী, ভক্ত, প্রিয় সে আমার। ১৭
নিন্দা-স্তুতি, শত্রু-মিত্র, মান-অপমান,
শীত-উষ্ণ, সুখ-দুঃখ, যাহার সমান,
স্থিরমতি, অল্পেতুষ্ট, গৃহশূন্য যেই,
অনাসক্ত, মৌনী, ভক্ত, মোর প্রিয় সেই। ১৮,১৯
যেই ভক্ত শ্রদ্ধাযুক্ত, আমা'গত মন,
সেবে ধর্মামৃত মোর অতি প্রিয় জন। ২০

ভক্তিযোগ নামে ১২শ অধ্যায় সমাপ্ত।

প্রশংসা যাহার নিকট সমান, যে মৌনী—সংযত বাক্, যে অল্পে তুষ্ট—যথালব্ধ অর্থে সন্তুষ্ট, যে নির্দ্দিষ্ট বাসস্থানহীন এবং স্থিরমতিসম্পন্ন এমন ভক্তিমান ব্যক্তি আমার প্রিয় (২০) যে সব মুক্তিকামী ব্যক্তিগণ অমৃতের আস্বাদযুক্ত এই ধর্মের অনুশীলন করিয়া থাকে, অক্ষরব্রহ্ম রূপী আমিই যাহাদের একমাত্র গম্যস্থল এমন মৎপরায়ণ এবং শ্রদ্ধাসম্পন্ন ব্যক্তিগণই আমার অত্যন্ত প্রিয় জানিবে। ভক্তি=আনন্দময়ের অনুভূতির জন্য একান্ত শরণাগতি। সবচেয়ে ভালবাসার পাত্র ভগবানকে মনের প্রবল ইচ্ছা সহ কায় - মন - বাক্যে আপন জ্ঞানে ধ্যান করাই ভক্তি। ইহার আকর্ষণী শক্তিতেই অপ্রাকৃত বস্তুর সংযোগ ঘটায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

প্রকৃতিং পুরুষং চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ং চ কেশব॥ ১

শ্রীভগবানুবাচ।

ইদং শরীরং কৌন্তেয়! ক্ষেত্রমিত্যভিধীয়তে।
এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ॥ ২
ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি সর্ব্ব ক্ষেত্রেষু ভারত।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্ জ্ঞানং মতং মম॥ ৩
তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চ যদ্বিকারি যতশ্চ যৎ।
স চ যো যৎ প্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু॥ ৪
ঋষিভির্ব্বহুধা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মসূত্র পদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতৈঃ॥ ৫
মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকং চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ॥ ৬
ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সংঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্॥ ৭

(১) অর্জুন কহিলেন, হে কেশব! ক্ষেত্র কি, কে ক্ষেত্রজ্ঞ? আর প্রকৃতি, পুরুষ, জ্ঞান এবং জ্ঞেয় কি? তাহা সব বল, শুনিব (২) শ্রীকৃষ্ণ কহিলেন, হে কৌন্তেয়! জীবের শরীরই ক্ষেত্র, আর "এই দেহ আমার", এই অভিমান যাহার তিনিই ক্ষেত্রজ্ঞ (আত্মা) (৩) সমস্ত ক্ষেত্রে আমিই ক্ষেত্রজ্ঞ রূপে বিদ্যমান, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের জ্ঞানই আমার মতে প্রকৃত জ্ঞান (৪) কে ক্ষেত্র, কি তাহার রূপ, কি ভাবে তাহার উদ্ভব, সে কি কি বিকারযুক্ত, কে ক্ষেত্রজ্ঞ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

শুনিতে চাহি কে ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ কেশব,
প্রকৃতি, পুরুষ, জ্ঞান আর জ্ঞেয় সব। ১

শ্রীকৃষ্ণ কহিলেন,

এ শরীর হে কৌন্তেয়! ক্ষেত্র নামে খ্যাত,
জ্ঞানী বলে, ক্ষেত্রজ্ঞ সে ইহা যিনি জ্ঞাত। ২
সমস্ত ক্ষেত্রেই জেনো ক্ষেত্রজ্ঞ আমায়,
এ দু'য়ের যেই জ্ঞান, জ্ঞান বলি তা'য়। ৩
কে ক্ষেত্র, কি তা'র রূপ, উদ্ভব, বিকার,
কে ক্ষেত্রজ্ঞ কি প্রভাব শুন তত্ত্ব সার। ৪
ব্রহ্মসূত্র পদে, বেদে ভিন্ন ভিন্ন পথে,
ঋষিগণ ক্ষেত্রতত্ত্ব গাহে ভিন্ন মতে। ৫
মহাভূত, অব্যক্ত ও বুদ্ধি, অহঙ্কার,
শব্দাদি বিষয়, মন, দশেন্দ্রিয় আর, ৬
ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, শরীর, চেতনা,
আর ধৈর্য সবিকারে ক্ষেত্রের বর্ণনা। ৭

তাহার কিরূপ প্রভাব, সংক্ষেপে শুন (৫) ব্রহ্মসূত্র পদে এবং বেদে ঋষিগণ ক্ষেত্রতত্ত্ব বিভিন্ন ভাবে বর্ণনা করিয়াছেন (৬,৭) পঞ্চ মহাভূত, পঞ্চ বিষয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয়, মন, বুদ্ধি, অহঙ্কার, অব্যক্ত (মূলপ্রকৃতি) ও সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, শরীর, চেতনা, ধৈর্যই সংক্ষেপে সবিকারে ক্ষেত্র.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জবম্।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ॥ ৮
ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ।
জন্ম-মৃত্যু-জরা-ব্যাধি দুঃখ দোষানুদর্শনম্॥ ৯
অসক্তিরনভিষ্বঙ্গঃ পুত্রদারগৃহাদিষু।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিষু॥ ১০
ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জ্জনসংসদি॥ ১১
অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্।
এতজ্‌জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা॥ ১২
জ্ঞেয়ং যৎ তৎ প্রবক্ষ্যামি যজ্‌জ্ঞাত্বামৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম ন সত্তন্নাসদুচ্যতে॥ ১৩
সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥ ১৪

(৮) অভিমান শূন্যতা, দম্ভ বর্জন, অহিংসা, ক্ষমাশীলতা, সরলতা, গুরু-সেবা, পবিত্রতা—বাহ্য ও আভ্যন্তরিক শুচিতা, সৎকর্মে দৃঢ়নিষ্ঠা, আত্মসংযম (৯) বিষয়ে বৈরাগ্য, নিরহঙ্কার, জরা-ব্যাধি-জন্ম-মৃত্যু-দুঃখে দোষ দর্শন (১০) নিস্পৃহতা, দারা-পুত্র-গৃহে অনাসক্তি, ইষ্ট বা অনিষ্ট প্রাপ্তিতে সমচিত্ততা, (১১) ঐকান্তিক নিষ্ঠা সহকারে আমাতে ভক্তিমান থাকা, বিশুদ্ধ ও চিত্ত প্রসাদকর নির্জন স্থানে বসতি, জনসঙ্গে অনাগ্রহ (১২) আত্মজ্ঞানপরায়ণতা এবং তত্ত্বজ্ঞান উপলব্ধি অর্থাৎ মোক্ষের সর্বোৎকৃষ্টতা পরিচিন্তন এই সমস্তই জ্ঞানের লক্ষণ, ইহার অন্যথাই অজ্ঞান বলিয়া জানিবে (১৩) যাহা জ্ঞেয় তাহা বলিতেছি শুন—যাহা জানিলে পরম আনন্দ লাভ হয়, পরাগতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহিংসা, স্থিরতা, শুদ্ধি, গুরু পূজা করা,
সংযম, সারল্য, ক্ষমা, শ্লাঘা-দম্ভ ছাড়া, ৮
বিষয়ে বৈরাগ্য আর অহং ত্যাগ করা,
জরা-ব্যাধি-জন্ম-মৃত্যু দুঃখে দোষ ধরা, ৯
নিস্পৃহতা, অনাসক্তি দারা পুত্র ঘরে,
সমচিত্তে থাকা নিত্য শুভাশুভ পরে, ১০
ঐকান্তিক নিষ্ঠা সহ ভক্তি মোর প্রতি,
জনসঙ্গে অনাগ্রহ, নির্জনে বসতি, ১১
আত্মজ্ঞানে নিত্যস্থিতি, তত্ত্বার্থ সন্ধান,
ইহাই জানিবে জ্ঞান, অন্যথা অজ্ঞান। ১২
শুন জ্ঞেয়, অমৃতত্ব যা'তে লাভ হয়,
অনাদি সে পরব্রহ্ম সদসৎ নয়। ১৩
হস্ত, পদ, শির, মুখ সর্বত্রই রয়,
সর্বত্র নেত্র ও কর্ণ, সর্বগ সে হয়। ১৪

লাভ হয়—তাহা অনাদি পরম্ ব্রহ্ম জানিবে। তাহা সৎও নহে আবার অসৎও নহে, অর্থাৎ বিধিমুখে অথবা নিষেধ মুখে প্রমাণের অতীত, অর্থাৎ তিনি আছেন এমন প্রমাণ নাই, আবার তিনি নাই এমন অপ্রমাণও নাই, অতএব উভয় প্রমাণেরই বিলক্ষণ বস্তু তিনি (১৪) সেই জ্ঞেয় বস্তু—পর ব্রহ্মের হস্ত, পদ, নেত্র, মস্তক, বদন এবং কর্ণ সর্বত্রই বিদ্যমান, অর্থাৎ তিনি সমস্ত বিশ্ব ব্রহ্মাণ্ড ব্যাপিয়া অবস্থান করিতেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বেন্দ্রিয় গুণাভাসং সর্ব্বেন্দ্রিয় বিবর্জ্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ॥ ১৫
বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাৎ তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ॥ ১৬
অবিভক্তং চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ॥ ১৭
জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্॥ ১৮
ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্ বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে॥ ১৯
প্রকৃতিং পুরুষং চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্॥ ২০
কার্য্য - কারণ - কর্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে॥ ২১

(১৫) তিনি সর্বেন্দ্রিয় বর্জিত অথচ তিনি সমস্ত ইন্দ্রিয় বৃত্তিতে ভাসমান, সম্বন্ধহীন-নিঃসঙ্গ হইয়াও তিনি সমস্ত বস্তুর আধারভূত, তিনি নির্গুণ অথচ সত্বাদি ত্রিগুণের ভোক্তা বা পালক (১৬) সমস্ত প্রাণীদেহের অন্তরে এবং বাহিরেও তিনি অবস্থিত, স্থাবর জঙ্গমেও তিনি, সূক্ষ্ম হইতেও তিনি সূক্ষ্ম, তাই অজ্ঞানের পক্ষে অবিজ্ঞেয় বলিয়া দূরবর্তী, কিন্তু জ্ঞানীর পক্ষে নিকট হইতেও নিকটে (১৭) তিনি সর্বভূতে অবিভক্ত থাকিয়াও প্রত্যেক প্রাণীতে ভিন্ন ভিন্ন বলিয়া অনুমিত, তাঁহাকে সর্বভূতের সৃষ্টি কর্তা, পালন ও সংহার কর্তা বলিয়া জানিবে (১৮) তিনি সূর্যাদির জ্যোতিঃ স্বরূপ, তমসার অতীত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয় আভাস আছে ইন্দ্রিয় বিহীন,
অসঙ্গ সে সর্বাশ্রয়, ভোক্তা গুণহীন। ১৫
থাকে ভূতে বাহ্যান্তরে চরাচর জুড়ে,
সূক্ষ্ম তাই অবিজ্ঞেয় নিকটে সে দূরে। ১৬
অবিভক্ত সর্বভূতে ভিন্ন বোধ হয়,
তাঁহা হ'তে সর্বভূত সৃষ্টি-স্থিতি-লয়। ১৭
তমসার উর্দ্ধে তিনি জ্যোতিষ্কের জ্যোতিঃ,
জ্ঞান, জ্ঞেয়, জ্ঞানগম্য, সর্ব হৃদে স্থিতি। ১৮
ক্ষেত্র, জ্ঞান, জ্ঞেয় এই কহিনু পাণ্ডব,
মম ভাব পায় ভক্ত জানিলে এসব। ১৯
প্রকৃতি ও পুরুষেরে জানিবে অনাদি,
প্রকৃতি হইতে জাত গুণ বিকারাদি। ২০
প্রকৃতি কর্তৃত্বে হেতু কার্য-কারণের,
পুরুষ ভোক্তৃত্বে হেতু দুঃখ ও সুখের। ২১

তিনি বুদ্ধিবৃত্তিতে প্রকাশমান জ্ঞান, তিনি জ্ঞেয়, তিনি জ্ঞানগম্য, তিনি বুদ্ধিরূপে সকলের হৃদয়ে অবস্থিত (১৯) ক্ষেত্র, জ্ঞান এবং জ্ঞেয়তত্ত্ব সংক্ষেপে কথিত হইল, ভক্তগণ ইহা জানিয়া আমার ভাব প্রাপ্ত হ'ন (২০) প্রকৃতি এবং পুরুষ উভয়কে অনাদি বলিয়া জানিবে, দেহেন্দ্রিয়াদি বিকার সমূহ এবং সুখ দুঃখ মোহাদি গুণ সমূহ প্রকৃতি হইতেই উৎপন্ন হইয়াছে জানিবে (২১) শরীর ও ইন্দ্রিয়গণের কর্তৃত্ব বিষয়ে প্রকৃতিই কারণ এবং সুখ-দুঃখ ভোগের বিষয়ে পুরুষই (ক্ষেত্রজ্ঞ) কারণ বলিয়া উক্ত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষঃপ্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্‌গুণান্‌।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু॥ ২২
উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্‌ পুরুষঃপরঃ॥ ২৩
য এবং বেত্তি পুরুষং প্রকৃতিং চ গুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি ন স ভূয়োঽভিজায়তে॥ ২৪
ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাঙ্খ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে॥ ২৫
অন্যে ত্বেবমজানন্তঃ শ্রুত্বান্যেভ্য উপাসতে।
তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতি-পরায়ণাঃ॥ ২৬
যাবৎ সংজায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবর-জঙ্গমম্‌।
ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ সংযোগাৎ তদ্‌ বিদ্ধি ভরতর্ষভ॥ ২৭
সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্‌।
বিনশ্যৎ-স্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি॥ ২৮

(২২) পুরুষ প্রকৃতিতে অবস্থান করিয়া প্রকৃতিজাত গুণসমূহ সুখ-দুঃখাদি ভোগ করেন এবং এই গুণ সমূহের সংসর্গই পুরুষের ভাল-মন্দ জন্মের কারণ হয় (২৩) এই দেহে যে পরম পুরুষ আছেন, তিনি দেহে থাকিয়াও দেহ হইতে ভিন্ন, তিনি উপদ্রষ্টা—সমীপে থাকিয়া সাক্ষী, অনুমন্তা—অনুগ্রাহক, ভর্ত্তা—বিধানকর্ত্তা, ভোক্তা, মহেশ্বর ও পরমাত্মা বলিয়া উক্ত হ'ন (২৪) যে এই প্রকার পুরুষতত্ত্ব এবং বিকারাদি গুণ সহিত প্রকৃতিতত্ত্ব অবগত হয় সে যে অবস্থায়ই থাকুক না কেন তাহাকে আর পুনরায় জন্ম লইতে হয় না (২৫) কেহ কেহ ধ্যানযোগে এই দেহেই আত্মাকে মন দ্বারা দেখে, কেহ বা সাংখ্য-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষ প্রকৃতি জাত গুণ ভোগ করে,
ভাল মন্দ জন্ম লভে গুণ সঙ্গ তরে। ২২
দ্রষ্টা, অনুমন্তা, ভর্তা, ভোক্তা, মহেশ্বর,
পরমাত্মা এই দেহে সে পুরুষ পর। ২৩
গুণ সহ প্রকৃতি ও পুরুষেরে জানি',
যে ভাবেই থাকুক্ না মুক্ত সেই জ্ঞানী। ২৪
কেহ কর্মযোগে কেহ জ্ঞানে কেহ ধ্যানে,
শুদ্ধ চিত্তে বুদ্ধিতে সে আত্মাকেই জানে। ২৫
এ সব না জানি' কেহ পর মুখে শুনে,
ভজি' সেও মৃত্যুভীতি তরে শ্রদ্ধা গুণে। ২৬
স্থাবর ও জঙ্গমাদি সৃষ্ট বস্তু যত,
ক্ষেত্র আর ক্ষেত্রজ্ঞের যোগ হ'তে জাত। ২৭
সর্বভূতে ঈশ্বরে যে দেখে সম স্থিত,
নশ্বরেও নিত্য দেখে, সে দেখা প্রকৃত। ২৮

জ্ঞানে আর কেহবা কর্মযোগে এই আত্মাকে দেখে (২৬) আবার কেহ কেহ আমাকে এইভাবে না বুঝিয়া গুরুমুখে শুনিয়া উপাসনা করে এবং শ্রদ্ধাগুণে-মৃত্যু-ভীতি অতিক্রম করে (২৭) হে ভরতর্ষভ, স্থাবরজঙ্গম যতকিছু চরাচর পদার্থ উৎপন্ন হয় তাহা সমস্তই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের অর্থাৎ প্রকৃতি ও পুরুষের সংযোগ হইতে হয় জানিবে (২৮) যে আত্মাকে সর্বভূতে সমভাবে অবস্থিত দেখে এবং নশ্বর পদার্থেও অবিনশ্বর পরমাত্মাকে দর্শন করে সে যথার্থদর্শী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমং পশ্যন্ হি সর্ব্বত্র সমবস্থিতমীশ্বরম্।
ন হিনস্ত্যাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্॥ ২৯
প্রকৃত্যৈব চ কর্ম্মাণি ক্রিয়মাণানি সর্ব্বশঃ।
যঃ পশ্যতি তথাত্মানমকর্ত্তারং স পশ্যতি॥ ৩০
যদা ভূত পৃথগ্ ভাবমেকস্থ মনুপশ্যতি।
তত এব চ বিস্তারং ব্রহ্ম সম্পদ্যতে তদা॥ ৩১
অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মায়মব্যয়ঃ।
শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে॥ ৩২
যথা সর্ব্বগতং সৌক্ষ্মাদাকাশং নোপলিপ্যতে।
সর্ব্বত্রাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে॥ ৩৩
যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত॥ ৩৪
ক্ষেত্র - ক্ষেত্রজ্ঞয়োরেবমন্তরং জ্ঞানচক্ষুষা।
ভূত প্রকৃতিমোক্ষং চ যে বিদুর্যান্তি তে পরম্॥ ৩৫

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিভাগযোগো নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ।

(২৯) ঈশ্বর সর্বভূতে সমান ও সমভাবে অবস্থিত এইবোধ যাহার, সে আত্মহিংসা মুক্ত, তাই সে পরাগতি পায় (৩০) প্রকৃতিই সমস্ত-প্রকারে সমস্ত কর্ম করে এবং আত্মা অকর্তা, ইহা যে জ্ঞাত সে সত্যদর্শী (৩১) ভূতগণের ভিন্ন ভিন্ন চৈতন্যকে যে এক চৈতন্যভূত ভাবে ও সেই এক চৈতন্য হইতেই সর্বভূত চৈতন্যের বিস্তার হইয়াছে বুঝিতে পারে সে ব্রহ্ম লাভ করে (৩২) পরমাত্মা অবিকারী, অনাদি ও নির্গুণ, দেহে থাকিয়াও তিনি নিষ্ক্রিয় এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'ঈশ্বর সর্বত্র সম' এই বোধ যা'র,
আত্ম হিংসা মুক্ত তাই পরাগতি তা'র। ২৯
প্রকৃতিই সর্ব কর্ম করে সম্পাদন,
আত্মারে অকর্তা দেখে সত্যদর্শিগণ। ৩০
একেতেই স্থিত যত ভিন্ন ভূত ভাব,
তা' হ'তে বিস্তার সব হেরি' ব্রহ্মলাভ। ৩১
পরমাত্মা অবিকারী অনাদি নির্গুণ,
নিষ্ক্রিয় নির্লিপ্ত তিনি দেহেও অর্জুন। ৩২
সুক্ষ্মাকাশ থাকি' সর্বে যথা লিপ্ত নয়,
আত্মাও না লিপ্ত দেহে থাকি' দেহময়। ৩৩
এক সূর্য সারা বিশ্ব করে আলোকিত,
আত্মা তথা সর্ব দেহ করে প্রকাশিত। ৩৪
যে ক্ষেত্র ক্ষেত্রজ্ঞে ভেদ, জীবের প্রকৃতি,
মোক্ষ দেখে জ্ঞানচক্ষে লভে পরাগতি। ৩৫

ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিভাগযোগ নামে ১৩শ অধ্যায় সমাপ্ত।

নির্লিপ্ত (৩৩) আকাশ সমস্ত বস্তুগত থাকিয়াও কিছুতে মিশে না, তেমনি আত্মা দেহে থাকিযাও নির্লিপ্ত (৩৪) এক সূর্য সমস্ত বিশ্ব আলোকিত করে, আত্মাও তেমনি সমস্ত দেহকে (ক্ষেত্র) প্রকাশিত করে (৩৫) যাহারা জ্ঞানচক্ষু দ্বারা ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের প্রভেদ, জীবের প্রকৃতি এবং মুক্তির উপায় সম্পূর্ণ জ্ঞাত তাহারা পরাগতি লাভ করে জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্ ।
যজ্ জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ ॥ ১
ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ ॥ ২
মম যোনির্ম্মহদ্ ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্ ।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত ॥ ৩
সর্ব্বযোনিষু কৌন্তেয় ! মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ ।
তাসাং ব্রহ্ম মহদ্ যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥ ৪
সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ ।
নিবধ্নন্তি মহাবাহো ! দেহে দেহিনমব্যয়ম্ ॥ ৫
তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রাকাশকমনাময়ম্ ।
সুখ সঙ্গেন বধ্নাতি জ্ঞান সঙ্গেন চানঘ ॥ ৬
রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গ সমুদ্ভবম্ ।
তন্নিবধ্নাতি কৌন্তেয় ! কর্ম্ম সঙ্গেন দেহিনম্ ॥ ৭

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, তোমাকে জ্ঞানের মধ্যে সর্বোত্তম জ্ঞানের কথা বলিব, যাহাতে মুনিগণ মুক্তি পাইয়া থাকেন (২) এই জ্ঞান আশ্রয় করিয়া যাহারা আমার সাধর্ম্য লাভ করিয়া গুণাতীত হয়, তাহারা সৃষ্টিকালেও পুনরায় জন্মে না, আর প্রলয়কালেও ব্যথিত হয় না (৩) হে ভারত ! প্রকৃতিই আমার গর্ভাধান স্থান, তাহাতেই আমি গর্ভাধান করি, তাহাতেই সর্বভূতের সৃষ্টি হয় (৪) যতভূত সৃষ্টি হয়, প্রকৃতিই তাহাদের মাতা এবং আমি গর্ভাধান কর্তা পিতা (৫) প্রকৃতিজাত সত্ত্ব, রজঃ, তমঃ এই গুণত্রয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

আরো বলি জ্ঞান মধ্যে সর্বশ্রেষ্ঠ জ্ঞান,
যে জ্ঞানেতে মুনিগণ পরাসিদ্ধি পান। ১
এ জ্ঞান আশ্রয়ে তা'রা মদ্ভাবস্থ হ'য়ে,
জন্মে না সৃষ্টিতে, নহে ব্যথিত প্রলয়ে। ২
মম যোনি মহৎ ব্রহ্ম তা'তে গর্ভ দেই,
ভূত মাত্রে যত সৃষ্টি সর্ব তাহাতেই। ৩
যত সৃষ্টি দেখ পার্থ, মহৎব্রহ্ম মাতা,
জেনো আমি সবাকার বীজপ্রদ পিতা। ৪
প্রকৃতিজ সত্ত্ব, রজঃ, তমঃ গুণত্রয়,
অব্যয় দেহীকে দেহে ভোগে বাঁধি' লয়। ৫
নির্মলত্ব হেতু সত্ত্ব শান্ত-দীপ্ত রহে,
বাঁধে সুখ-জ্ঞান সঙ্গে আত্মাকে সে দেহে। ৬
তৃষ্ণা সঙ্গ জাত রজঃ আসক্তি জন্মায়,
দেহীকে দেহেতে বাঁধে কর্ম কামনায়। ৭

দেহের মধ্যে অব্যয় আত্মাকে সুখ-দুঃখাদিতে যুক্ত করিয়া বাঁধিয়া রাখে (৬) হে অর্জুন! ত্রিগুণের মধ্যে সত্ত্বগুণ নির্মল বলিয়া শান্ত ও প্রকাশক, উহা সুখাসক্তি ও জ্ঞানাসক্তি দ্বারা জীবকে দেহে বদ্ধ করে, অর্থাৎ আমি সুখী, আমি জ্ঞানী এইরূপ বোধ জন্মায় (৭) রজোগুণ অনুরাগাত্মক, তৃষ্ণা এবং আসক্তি জন্মায়, উহাই জীবগণকে সদা-সর্বদা কাম্যকর্মে আবদ্ধ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্।
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত॥ ৮
সত্ত্বং সুখে সঞ্জয়তি রজঃ কর্ম্মণি ভারত।
জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত॥ ৯
রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত।
রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা॥ ১০
সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্ বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত॥ ১১
লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্ম্মণামশমঃ স্পৃহা।
রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্ষভ॥ ১২
অপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চ প্রমাদো মোহ এব চ।
তমস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন॥ ১৩
যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভৃৎ।
তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতিপদ্যতে॥ ১৪

(৮) হে ভারত! তমোগুণ অজ্ঞান হইতে জাত জানিবে, উহা জীবের মোহ স্রষ্টা, তমোগুণ জীবকে প্রমাদ (অনবধানতা), আলস্য, নিদ্রা (চিত্তের অবসাদ) দ্বারা আবদ্ধ করে (৯) সত্ত্বগুণ জীবকে সুখে আসক্ত করে, রজোগুণ জীবকে কর্ম্মে আসক্ত করে, আর তমোগুণ জীবের জ্ঞানকে আচ্ছাদিত করিয়া প্রমাদ (কর্তব্যবিমূঢ়তা) উৎপন্ন করে এবং আলস্য ও মোহাদিতেও সংযোজিত করে (১০) কোন সময় রজোগুণ ও তমোগুণকে অভিভূত করিয়া সত্ত্বগুণ প্রবল হয়, কখনও বা সত্ত্বগুণ ও তমোগুণকে অভিভূত করিয়া রজোগুণ প্রবল হয়, আর কখনও বা সত্ত্বগুণ ও রজোগুণকে অভিভূত করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজ্ঞানজ তমোগুণ মোহের কারণ,
নিদ্রালস্য ভ্রমে করে জীবেরে বন্ধন। ৮
সত্ত্বগুণে আত্মা তুষ্ট, কর্মাসক্ত রজে,
জ্ঞানাচ্ছন্ন হ'য়ে তমে প্রমাদেতে মজে। ৯
রজঃ তমঃ অতিক্রমি' কা'রো সত্ত্ব জাগে,
কভু রজঃ জাগে, কভু তমঃ যায় আগে। ১০
সর্ব দেহ দ্বারে হ'লে জ্ঞান প্রকাশিত,
সত্ত্ব সেথা বৃদ্ধিপ্রাপ্ত জানিও নিশ্চিত। ১১
চঞ্চলতা, কর্মোদ্যম, স্পৃহা কিম্বা লোভ,
রজোগুণে বৃদ্ধিপায়, আরো বাড়ে ক্ষোভ। ১২
অপ্রবৃত্তি ভ্রম কিম্বা মোহ, অপ্রকাশ,
যেথা বৃদ্ধি জেনো সেথা তমঃ করে বাস। ১৩
সত্ত্বগুণ বৃদ্ধি কালে যা'র মৃত্যু হয়,
ব্রহ্মজ্ঞের দিব্যলোক লভে সে নিশ্চয়। ১৪

তমোগুণ প্রবল হয় (১১) যখন দেহের সমস্ত ইন্দ্রিয় দ্বারে নির্মল জ্ঞান প্রকাশ পাইবে, তখন সত্ত্বগুণ প্রবল হইয়াছে জানিবে (১২) রজোগুণ প্রবল হইলে বিষয়স্পৃহা, কর্মপ্রবৃত্তি, অস্থিরতা, লোভ এবং ক্ষোভ সৃষ্ট হয় জানিবে। (১৩) হে কুরুনন্দন! আর তমোগুণ প্রবল হইলে অনুদ্যম, কর্তব্যে বিস্মৃতি, ভ্রম, বিমূঢ়তা ও অজ্ঞানতা সৃষ্ট হয় (১৪) সত্ত্বগুণ বৃদ্ধিকালে দেহত্যাগ করিলে মানব ব্রহ্মজ্ঞের প্রকাশময় দিব্যলোক প্রাপ্ত হয় জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রজসি প্রলয়ং গত্বা কর্ম্মসঙ্গিষু জায়তে।
তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে॥ ১৫
কর্ম্মণঃ সুকৃতস্যাহুঃ সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্।
রজসস্তু ফলং দুঃখমজ্ঞানং তমসঃ ফলম্॥ ১৬
সত্ত্বাৎ সঞ্জায়তে জ্ঞানং রজসো লোভ এব চ।
প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ॥ ১৭
ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্যগুণবৃত্তিস্থা অধো গচ্ছন্তি তামসাঃ॥ ১৮
নান্যং গুণেভ্যঃ কর্ত্তারং যদা দ্রষ্টানুপশ্যতি।
গুণেভ্যশ্চ পরং বেত্তি মদ্ভাবং সোঽধিগচ্ছতি॥ ১৯
গুণানেতানতীত্য ত্রীন্ দেহী দেহ-সমুদ্ভবান্।
জন্ম - মৃত্যু - জরা - দুঃখৈর্বিমুক্তোঽমৃতমশ্নুতে॥ ২০

অর্জ্জুনউবাচ।

কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানেতানতীতো ভবতি প্রভো।
কিমাচারঃ কথং চৈতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততে॥ ২১

(১৫) রজোগুণের বৃদ্ধিকালে মৃত্যু হইলে নরলোকে জন্ম হয়, তমোগুণ বৃদ্ধিকালে মৃত্যু হইলে পশ্বাদি মূঢ়যোনিতে জন্ম হয় (১৬) সাত্ত্বিক কর্ম্মফল নির্ম্মল সুখ, রাজসিক কর্ম্মের ফল দুঃখ এবং তামসিক কর্ম্মের ফল অজ্ঞান। (১৭) সত্ত্বগুণ হইতে জ্ঞান উৎপন্ন হয়, রজোগুণ হইতে লোভ এবং তমোগুণ হইতে অজ্ঞান, প্রমাদ ও মোহ উৎপন্ন হয় (১৮) সত্ত্বগুণ প্রধান ব্যক্তি ঊর্দ্ধলোকে অর্থাৎ স্বর্গাদি লোকে গমন করে, রজঃ প্রধান ব্যক্তিগণ মধ্য-লোকে—ভূলোকে অবস্থান করে আর তমোগুণী ব্যক্তিগণ জঘন্য বৃত্তিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রজো বৃদ্ধিকালে ম'লে নরলোকে যায়,
তমো বৃদ্ধি কালে ম'লে মূঢ়যোনি পায়। ১৫
সাত্ত্বিক কর্মের ফল সুখ সুনির্মল,
রজে দুঃখ, তমো গুণে অজ্ঞানতা ফল। ১৬
সত্ত্বগুণে জ্ঞানোদয়, লোভ রজোগুণে,
প্রমাদ, অজ্ঞান, মোহ তমোগুণে আনে। ১৭
সত্ত্বে পায় উর্দ্ধলোক, রজে মধ্য পায়,
তমোগুণে জীবগণ অধঃপাতে যায়। ১৮
সর্ব কর্মে জানি' কর্তা শুধু গুণত্রয়,
জানি' আত্মা গুণাতীত মদ্ভাবে সে রয়। ১৯
দেহ হেতু ত্রিগুণেরে অতিক্রমি' তবে,
জন্ম-মৃত্যু-দুঃখ মুক্ত দেহী মোক্ষ লভে। ২০

অর্জুন কহিলেন,

বল প্রভো! গুণাতীত কি লক্ষণ ধরে,
কি আচারে কিসে তা'রা গুণমায়া তরে। ২১

থাকিয়া অধোগামী হয় (১৯) সর্ব কর্মের ব্যাপারে গুণত্রয়ই কর্তা, আত্মা গুণের অতীত, ইহা যে সম্যক্ জ্ঞাত সে আমার ভাব প্রাপ্ত হয় জানিবে (২০) দেহহেতু এই গুণত্রয়কে অতিক্রম করিয়া জন্ম-মৃত্যু-জরা-দুঃখ মুক্ত হইয়া মানব পরমানন্দ প্রাপ্ত হয় (২১) অর্জুন কহিলেন, হে প্রভো! গুণাতীতের লক্ষণ কি? কিরূপে কি আচারে মানব এই গুণত্রয়কে অতিক্রম করে?

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

প্রকাশং চ প্রবৃত্তিং চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সম্প্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি॥ ২২
উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেবং যোঽবতিষ্ঠতি নেঙ্গতে॥ ২৩
সম দুঃখসুখঃ স্বস্থঃ সমলোষ্ট্রাশ্ম কাঞ্চনঃ।
তুল্য প্রিয়াপ্রিয়ো ধীর স্তুল্য নিন্দাত্মসংস্তুতিঃ॥ ২৪
মানাপমানয়ো স্তুল্যস্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভ পরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে॥ ২৫
মাঞ্চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে॥ ২৬
ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ।
শাশ্বতস্য চ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্য চ॥ ২৭

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে গুণত্রয়বিভাগযোগো নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

(২২) শ্রীকৃষ্ণ কহিলেন, হে পাণ্ডব! জ্ঞান কিম্বা কামনা অথবা মোহ উদয় হইলেও যে ব্যক্তি উহাতে আসক্ত হয় না, বিরক্তও হয় না, সেই ব্যক্তি গুণাতীত (২৩) দেহে গুণের নিজ নিজ কার্য চলিতে থাকিলেও যে উদাসীনের মত সাক্ষী স্বরূপে অবস্থান করে, কখনও বিচলিত হয় না, সেই ব্যক্তিই গুণাতীত জানিবে (২৪,২৫) যে ব্যক্তি সুখ-দুঃখে, প্রিয় ও অপ্রিয়ে, স্তুতি-নিন্দায়, মান-অপমানে, শত্রু-মিত্রে সমদর্শী, স্বর্ণ, লোষ্ট্র এবং প্রস্তর যাহার নিকট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

শুন পার্থ ! জ্ঞানে কিম্বা কামনা বা মোহে,
ইচ্ছা-দ্বেষ মুক্ত ভাব গুণাতীতে রহে। ২২
স্বকর্মেতে লিপ্ত গুণে দেখি' স্থির রয়,
গুণে থাকি' উদাসীন বিচলিত নয়। ২৩
স্বর্ণ-লোষ্ট্রে সুখ-দুঃখে সম, আত্মবান,
নিন্দা-স্তুতি প্রিয়াপ্রিয়ে তুল্য, যে ধীমান। ২৪
তুল্য মানে-অপমানে শত্রু-মিত্রে যেই,
যে সর্ব উদ্যম ত্যাগী, গুণাতীত সেই। ২৫
যে অনন্য ভক্তিযোগে মোরে সেবা করে,
গুণাতীত হ'য়ে সেই ব্রহ্মভাব ধরে। ২৬
ব্রহ্মের প্রতিষ্ঠা আমি অমৃত অব্যয়,
শাশ্বত ও মূর্ত ধর্ম পূর্ণানন্দময়। ২৭

গুণত্রয় বিভাগযোগ নামে ১৪শ অধ্যায় সমাপ্ত।

সমান, স্বরূপ অবস্থায় যাহার স্থিতি, যে ব্যক্তি ধীর, ধীমান, যে সর্বারম্ভ পরিত্যাগী সে ত্রিগুণাতীত (২৬) যে ব্যক্তি ঐকান্তিক ভক্তিযোগ সহকারে আমার সেবা করে, সে ত্রিগুণকে অতিক্রম করিয়া ব্রহ্ম স্বরূপতা লাভে সমর্থ হয়। (২৭) আমি ব্রহ্মের প্রতিমা স্বরূপ—বাসুদেব, অমৃত স্বরূপ, অব্যয় স্বরূপ, আমি শাশ্বত ও মূর্তিমান ধর্ম স্বরূপ এবং আমি পূর্ণানন্দময়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ ।

ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্ ।
ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ ॥ ১
অধশ্চোর্দ্ধং প্রসৃতাস্তস্য শাখা গুণ-প্রবৃদ্ধা বিষয় প্রবালাঃ ।
অধশ্চ মূলান্যনুসন্ততানি কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোকে ॥ ২
ন রূপমস্যেহ তথোপলভ্যতে নান্তো ন চাদির্ন চ সম্প্রতিষ্ঠা ।
অশ্বত্থমেনং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্ত্বা ॥ ৩
ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ ;
তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে যতঃ প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাণী ॥ ৪
নির্ম্মানমোহা জিতসঙ্গদোষা অধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ ।
দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈর্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥ ৫
ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ ।
যদ্ গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ ধাম পরমং মম ॥ ৬

(১) শ্রীকৃষ্ণ কহিলেন, সংসার রূপ অশ্বত্থ বৃক্ষ উর্দ্ধমূল, যেহেতু পরমাত্মা হইতেই এই মূল উৎপন্ন, এই সংসার বৃক্ষ অব্যয়, কারণ ইহা অনাদিকাল হইতে প্রবৃত্ত, এই জগৎপ্রপঞ্চ বৃক্ষের শাখা স্থানীয়, তাই বৃক্ষের শাখা অধোদিকে, বেদত্রয় বৃক্ষের পত্র স্বরূপ, কেন না পত্র সমূহ যেমন বৃক্ষের আচ্ছাদন হেতু রক্ষার কারণ, সেইরূপ বেদত্রয় ধর্মাধর্ম প্রতিপাদন দ্বারা ছায়ার ন্যায় সর্বজীবের রক্ষক, এই বৃক্ষকে যে জানে সে বেদজ্ঞ, কারণ সমূল সংসার বৃক্ষকে জানিলে জীব, জগৎ ও ব্রহ্ম এই তিনের জ্ঞান হয় (২) এই বৃক্ষের শাখা নিম্নে ও উর্দ্ধে বিস্তৃত, সত্ত্বাদিগুণে বৃক্ষের পুষ্টি, শব্দাদি বিষয় ইহার পল্লব, বাসনা রূপ মূল নিম্নে ও উর্দ্ধে অনুস্যূত, এই বাসনাই মনুষ্য দেহে পাপপুণ্য জনক হইয়া অনুবন্ধ রূপে অবস্থিত (৩) ইহার স্থিতি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

অধঃ শাখা ঊর্দ্ধমূল অশ্বত্থ অব্যয়,
পত্র বেদ এ যে জ্ঞাত বেদজ্ঞ সে হয়। ১
শাখা তা'র ঊর্দ্ধে কিম্বা অধোদিকে ধায়,
বিষয় পল্লব তা'র গুণে বৃদ্ধি পায়।
কর্ম অনুবন্ধ রূপে হ'য়ে প্রসারিত,
অধোদিকে মর্তে মূল রহে অবস্থিত। ২
স্থিতি রূপ আদি অন্ত নাহি জানা যায়,
কাটি' মূল বৈরাগ্যের দৃঢ় শস্ত্র-ঘায়। ৩
খোঁজ সেই পদ যা'তে নাহি আবর্তন,
প্রবৃত্তির উৎস যিঁনি সঁপি' তাঁ'তে মন। ৪
মোহ-মান-কাম মুক্ত, আত্মজ্ঞান ময়,
সঙ্গ-দ্বন্দ্ব হীন জ্ঞানী সেই পদে রয়। ৫
সূর্য চন্দ্র অগ্নি যাঁ'রে প্রকাশে অক্ষম,
সে মোর পরম ধাম যা'হরে জনম। ৬

রূপ, আদি, অন্ত কিছুই জানা নাই, বৈরাগ্যের দৃঢ় অস্ত্রাঘাতে ইহার মূল ছিন্ন করিয়া (৪) সেই পরম পদ খোঁজ কর, যাহা পাইলে আর জন্ম হয় না। যিনি সমস্ত প্রবৃত্তির উৎস, তাঁহাতে মন অর্পণ কর (৫) যে অভিমান, বিষয়-মত্ততা ও আসক্তি মুক্ত, যে সুখদুঃখাদি দ্বন্দ্ব মুক্ত, আত্মজ্ঞানময়, সেই ব্যক্তিই পরমপদে স্থান পায় (৬) সূর্য, চন্দ্র ও অগ্নি যাঁহাকে প্রকাশে অক্ষম, সেই আমার পরমধাম, যাহাতে আশ্রয় লইলে আর কখনও জন্ম লইতে হয় না।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি॥ ৭
শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ।
গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ॥ ৮
শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনং চ রসনং ঘ্রাণমেব চ।
অধিষ্ঠায় মনশ্চায়ং বিষয়ানুপসেবতে॥ ৯
উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতম্।
বিমূঢ়া নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ॥ ১০
যতন্তো যোগিনশ্চৈনং পশ্যন্ত্যাত্মন্যবস্থিতম্।
যতন্তোঽপ্যকৃতাত্মানো নৈনং পশ্যন্ত্যচেতসঃ॥ ১১
যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলম্।
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্॥ ১২
গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা।
পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ॥ ১৩
অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ।
প্রাণাপান সমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্ব্বিধম্॥ ১৪

---

(৭) আমারই অংশভূত সনাতন জীবাত্মা প্রকৃতিতে বিলীন মন এবং জ্ঞান বৃত্তিকে সংসারে ভোগার্থে আকর্ষণ করে (৮) সে কর্মবশে যখন যে দেহ আশ্রয় করে বা যে দেহ হইতে বহির্গত হয়, বায়ুর গন্ধ বহনের মত সেই দেহ হইতে মন ও ইন্দ্রিয় বৃত্তিকে বহন করে (৯) এবং মন ও জ্ঞানেন্দ্রিয়ের আশ্রয়ে জীবদেহে শব্দাদি বিষয় সমূহ ভোগ করে (১০) দেহান্তরগামী বা দেহেস্থিত বা ভোগে গুণে রত আত্মাকে জ্ঞানচক্ষে দেখা যায়, বিমূঢ় ব্যক্তি দেখে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবরূপে অংশ মম আত্মা সনাতন,
আকর্ষে প্রকৃতি স্থিত জ্ঞানেন্দ্রিয় মন। ৭
ইন্দ্রিয়াদি নিয়ে জীব ধরে - ছাড়ে কায়,
বায়ু যথা গন্ধ নিয়ে স্থানান্তরে যায়। ৮
নেত্র কর্ণ নাসা জিহ্বা ত্বক মন যোগে,
শব্দাদি বিষয় পঞ্চ দেহেতে সে ভোগে। ৯
উৎক্রান্ত বা দেহে স্থিত, ভোগে - গুণে রত,
আত্মারে না দেখে অজ্ঞ, জ্ঞানী শুধু জ্ঞাত। ১০
দেহস্থ আত্মারে দেখে যত্নযুক্ত যোগী,
কভু চেষ্টা সত্যেও না দেখে অজ্ঞ ভোগী। ১১
সূর্য চন্দ্র অগ্নি দেখ বিশ্বে তেজোময়,
আমারি সে তেজোরাশি জেনো ধনঞ্জয়। ১২
ধরায় পশিয়া ভূতে স্বীয় বলে ধরি,
রসময় চন্দ্ররূপে শস্য পুষ্ট করি। ১৩
প্রাণাপান যোগে দেহে বৈশ্বানর হ'য়ে,
জঠরেতে করি পাক খাদ্য চতুষ্টয়ে। ১৪

(১১) যোগিগণ আত্মাকে দেখে, অজ্ঞ শত চেষ্টায়ও দেখে না (১২) সূর্য, চন্দ্র ও অগ্নির যে তেজঃ দেখ, তাহা আমারই (১৩) আমি ধরায় প্রবেশ করিয়া স্বীয়তেজে ভূতগণকে ধারণ করি, রসময় চন্দ্র রূপে শস্যাদি পুষ্ট করি (১৪) অগ্নিরূপে প্রাণাপান বায়ুযোগে জীবজঠরে চতুর্বিধ ভুক্তদ্রব্য জীর্ণ করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনঞ্চ।
বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যো বেদান্তকৃদ্বেদবিদেব চাহম্॥ ১৫
দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে॥ ১৬
উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ।
যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ॥ ১৭
যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ॥ ১৮
যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমম্।
স সর্ব্ববিদ্ ভজতি মাং সর্ব্বভাবেন ভারত॥ ১৯
ইতি গুহ্য-তমং শাস্ত্রমিদমুক্তং ময়ানঘ।
এতদ্ বুদ্ধ্বা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত॥ ২০

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে পুরুষোত্তমযোগো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

(১৫) আমি সকলেরই হৃদয়ে অন্তর্যামী রূপে অবস্থিত, আমা'হইতেই সর্বজীবের পূর্বানুভূত বিষয়ের স্মৃতি, জ্ঞান এবং এতদুভয়ের অভাবও জন্মিয়া থাকে, আমিই বেদের জ্ঞাতব্য বিষয়, আমিই বেদান্ত কর্তা এবং বেদজ্ঞ জানিবে (১৬) ইহলোকে ক্ষর ও অক্ষর নামে দুই ভাবের পুরুষ আছে, জীবাত্মা অবিবেকী বা বদ্ধ অবস্থায় ক্ষর পুরুষ আর বিবেকী বা মুক্ত অবস্থায় অক্ষর পুরুষ বলিয়া কথিত হইয়া থাকে (১৭) এই উভয় হইতে ভিন্ন অন্য এক উত্তম পুরুষ আছেন যিনি পরমাত্মা নামে খ্যাত, সেই অব্যয় ঈশ্বরই ত্রিলোকে থাকিয়া সমস্ত ভূতকে পালন করেন (১৮) যেহেতু আমি ক্ষরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তর্যামী রূপে আমি সর্ব হৃদে স্থিত,
আমা' হ'তে স্মৃতি জ্ঞান বিস্মৃতিও জাত,
সমগ্র বেদের আমি জ্ঞাতব্য বিষয়,
আমিই বেদান্তকর্তা বেদজ্ঞ অব্যয়। ১৫
দু'ভাবে পুরুষ ভবে আছে ক্ষরাক্ষর,
সর্বভূত ক্ষর আর কূটস্থ অক্ষর। ১৬
এ'রো পর পুরুষেরে পরমাত্মা কয়,
ত্রিলোক পালেন সেই ঈশ্বর অব্যয়। ১৭
অক্ষরেরো শ্রেষ্ঠ যিনি ক্ষর ভাবাতীত,
আমি সে পুরুষোত্তম লোকে বেদে গীত। ১৮
আমায় পুরুষোত্তম জানে অসম্মূঢ়,
সর্বজ্ঞ সে সর্বভাবে ভজি' মোরে দৃঢ়। ১৯
গুহ্যতম শাস্ত্র বলা হ'ল ধনঞ্জয়,
যা' জানি' মানব জ্ঞানী, কৃতকৃত্য হয়। ২০

পুরুষোত্তমযোগ নামে ১৫শ অধ্যায় সমাপ্ত।

অতীত এবং অক্ষর অপেক্ষা উত্তম, এজন্য লোকে ও বেদে আমি পুরুষোত্তম নামে খ্যাত (১৯) যে-মোহহীন ব্যক্তি আমাকে পুরুষোত্তম বলিয়া জানে, সে সর্বভাবে আমাকে ভজন করিয়া সর্বজ্ঞ হয় (২০) গুহ্যতম শাস্ত্রকথা তোমাকে বলিলাম, যাহা জানিয়া যে কোন ব্যক্তি সম্যক্ জ্ঞানী এবং কৃত কৃতার্থ হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগব্যবস্থিতিঃ ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপ আর্জ্জবম্ ॥ ১
অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্ ।
দয়া ভূতেষ্বলোলুপ্ত্বং মার্দ্দবং হ্রীরচাপলম্ ॥ ২
তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা ।
ভবন্তি সম্পদং দৈবীমভি-জাতস্য ভারত ॥ ৩
দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ-পারুষ্যমেব চ ।
অজ্ঞানং চাভিজাতস্য পার্থ ! সম্পদমাসুরীম্ ॥ ৪
দৈবী সম্পদ্ বিমোক্ষায় নিবন্ধায়াসুরী মতা ।
মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব ॥ ৫
দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আসুরং পার্থ মে শৃণু ॥ ৬
প্রবৃত্তিং চ নিবৃত্তিং চ জনা ন বিদুরাসুরাঃ ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেষু বিদ্যতে ॥ ৭
অসত্যমপ্রতিষ্ঠং তে জগদাহুরনীশ্বরম্ ।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহৈতুকম্ ॥ ৮

শ্রীকৃষ্ণ কহিলেন, নির্ভিকতা, প্রসন্নতা, আত্মজ্ঞানার্জন, শাস্ত্রপাঠ, সরলতা, দম, তপঃ, দান (২) অহিংসা, নির্লোভ, লজ্জা, অক্রোধ, নম্রতা, ত্যাগ, দয়া, শান্তি, স্থৈর্য, সত্য, অচপলতা (৩) তেজঃ, ক্ষমা, ধৈর্য, শুদ্ধি, নিরভিমান ও অবিরোধ এই সব দৈবী সম্পদ (৪) নিষ্ঠুরতা, ক্রোধ, দম্ভ, দর্প, অজ্ঞানতা ও অভিমান বোধ আসুরী সম্পদ (৫) দৈবীতে মোক্ষ আর আসুরীতে বন্ধন, তুমি দৈবী বীজ জাত, তোমার শোক বৃথা (৬) দৈবী ও আসুরী দু'ভাবের নর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ কহিলেন,

অভয়, সারল্য, তুষ্টি, আত্ম জ্ঞানার্জন,
তপঃ, যজ্ঞ, দান, দম, শাস্ত্র অধ্যয়ন; ১
অহিংসা, নির্লোভ, লজ্জা, সত্য, অখলতা,
ত্যাগ, দয়া, শান্তি, স্থৈর্য, অক্রোধ, নম্রতা, ২
তেজঃ, ক্ষমা, ধৈর্য, শুদ্ধি, অবিরোধ আর,
অমানিত্ব জেনো দৈবী সম্পদেতে সার। ৩
আসুরী সম্পদে জেনো অভিমান বোধ,
দম্ভ, দর্প, অজ্ঞানতা, নিষ্ঠুরতা, ক্রোধ। ৪
দেব ভাব মোক্ষ তরে, আসুরী বন্ধনে,
দৈবী লভি' এবে তব দুঃখ কি কারণে। ৫
দু'ভাবের নর ভবে দেবাসুর জেনো,
অনেক বলেছি দৈবী, আসুরিক শুন। ৬
প্রবৃত্তি বা নিবৃত্তিকে অসুরে না জানে,
সদাচার, সত্য, শুদ্ধি থাকে না সে প্রাণে। ৭
সত্য-ধর্ম-ঈশ্বর না কভু মানে তা'রা,
স্ত্রীপুরুষ সম্ভোগেই কহে সৃষ্ট ধরা। ৮

আছে, দৈবী বহু বলিয়াছি, আসুরীর কথা শুন (৭) আসুরী ভাবের নর প্রবৃত্তি, নিবৃত্তি বুঝে না, সত্য, শুদ্ধি, সদাচার তাহাদের থাকে না (৮) তাহারা কখনও সত্য, ধর্ম ও ঈশ্বর মানে না, নরনারীর মিলনই বিশ্বসৃষ্টির হেতু কহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাত্মানোঽল্পবুদ্ধয়ঃ।
প্রভবন্ত্যুগ্রকর্ম্মাণঃ ক্ষয়ায় জগতোঽহিতাঃ॥ ৯
কামমাশ্রিত্য দুষ্পূরং দম্ভমান মদান্বিতা।
মোহাদ্‌গৃহীত্বাঽসদ্‌গ্রাহান্ প্রবর্ত্তন্তেঽশুচিব্রতাঃ॥ ১০
চিন্তামপরিমেয়াং চ প্রলয়ান্তা মুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ॥ ১১
আশাপাশশতৈর্ব্বদ্ধাঃ কাম-ক্রোধ পরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্যায়েনার্থ সঞ্চয়ান্॥ ১২
ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্‌স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্॥ ১৩
অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোঽহমহং ভোগী সিদ্ধোঽহং বলবান্ সুখী॥ ১৪
আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞান বিমোহিতাঃ॥ ১৫
অনেক-চিত্ত-বিভ্রান্তা মোহজাল সমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ॥ ১৬

(৯) এই দৃষ্টিযুক্ত নষ্টমতি অল্পবুদ্ধি নরগণ সৃষ্টি ধ্বংসের জন্যই জগতে জন্ম লয় (১০) দম্ভ-মান-মদে মত্ত হইয়া কাম বশে দুরাশায় অবিবেক বশতঃ অশুচিগ্রস্ত হইয়া ইহারা দুরাগ্রহে প্রবৃত্ত হয় (১১) আমরণ কাল ইহারা কাম চিন্তায় মত্ত থাকে, কামভোগই জীবনের সার ভাবে (১২) শত আশা পাশে বদ্ধ থাকিয়া ইহারা ঘোর কাম-ক্রোধ পরায়ণ হইয়া সুখ-ভোগের জন্য অন্যায় পথে অর্থ সঞ্চয়ে মন দেয় (১৩) ভাবে, আজ ইহা পাইলাম, এই ইচ্ছাও পূর্ণ হইবে, ইহা আছে, আবার এই ধন হইবে (১৪) ইহাদের বধিলাম, অন্যদেরও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হেন দৃষ্টি নষ্ট মতি অল্পবুদ্ধি জন,
ধ্বংস তরে করে ভবে জনম গ্রহণ। ৯
কাম বশে মান মদে দম্ভে দুরাশায়,
শুচিহীন ভাবে মোহে দুরাগ্রহে ধায়। ১০
আমরণ মূঢ়গণ কাম চিন্তা করে,
কাম ভোগ মাত্র এ'রা সার জানি' মরে। ১১
শত আশা পাশে বাঁধা কাম-ক্রোধে মন,
ভোগার্থে অন্যায় পথে চাহে তা'রা ধন। ১২
ভাবে অদ্য ইহা হ'ল, এ ইচ্ছা পূরিবে,
ইহা আছে, পুনঃ মোর এই ধন হ'বে। ১৩
এই শত্রু বধিলাম, বধিব অপর,
বলী-সুখী-সিদ্ধ-ভোগী আমিই ঈশ্বর। ১৪
কুলে শ্রেষ্ঠ ধনবান কেবা মোর মত,
দানে যজ্ঞে শ্রেষ্ঠ, তুষ্ট ভাবে অজ্ঞানতঃ। ১৫
মোহজাল বৃত হেন কাম-ভোগ রত,
অশুচি নরকে পড়ে ভ্রান্তমতি যত। ১৬

বধিব, আমি বলবান, সুখী, সিদ্ধ, ভোগী এবং আমিই ঈশ্বর (১৫) আমি ধনবান, কুলীন, যাগ-যজ্ঞ-দানে আমি শ্রেষ্ঠ, আমি তুষ্ট, আমার সমান এ বিশ্বে আর কে আছে (১৬) এইরূপ ভ্রান্তচিত্ত ব্যক্তিগণ মোহগ্রস্ত ও কামভোগে আসক্ত হইয়া অশুচি নরকে পতিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-সম্ভাবিতাঃ স্তব্ধা ধন মান মদান্বিতাঃ।
যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্॥ ১৭
অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ॥ ১৮
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥ ১৯
আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্॥ ২০
ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ॥ ২১
এতৈর্ব্বিমুক্তঃ কৌন্তেয়! তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্॥ ২২
যঃ শাস্ত্র বিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্॥ ২৩
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্র বিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি॥ ২৪

ইতি শ্রীমদ্‌ভগবদ্‌গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে দৈবাসুরসম্পদবিভাগযোগো নাম ষোড়শোঽধ্যায়ঃ।

(১৭) আত্মশ্লাঘী, উদ্ধত সেই নরগণ ধন-মান-মদে, দম্ভে, নাম যশার্থে বিধিহীন যজ্ঞ করে (১৮) কাম-ক্রোধ আশ্রয়ে বল-দর্প-অহঙ্কারে আমাকে ও আমার ভক্তগণকে ইহারা দোষারোপ করে (১৯) এইরূপ ক্রূর, ধর্মদেষী, পাপাধম নরকে আমি বারবার আসুরী যোনিতে নিক্ষেপ করি (২০) জন্মে জন্মে আসুরী যোনিগত থাকিয়া ঐ মূঢ়গণ আমাকে না পাইয়া আরও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধন - মান - মদে মত্ত আত্মশ্লাঘী জন,
বিধি ছাড়ি' পূজে দম্ভে যশের কারণ। ১৭
অহঙ্কার - বল - দর্প - কাম - ক্রোধ বশে,
নিজ-পর দেহস্থিত মোরে এ'রা দ্বেষে। ১৮
হেন যে অধম ক্রূর ধর্মদ্বেষী, তা'রে,
আসুরী যোনিতে ভবে ক্ষেপি বারে বারে। ১৯
আসুরী যোনিতে জন্মি' সদা মূঢ়মতি,
আমারে না পেয়ে আরো পায় অধোগতি। ২০
কাম-ক্রোধ-লোভ তিন নরকের দ্বার,
এ আত্ম নাশক ত্রয় কর পরিহার। ২১
এই তিন মোহদ্বার মুক্ত হ'য়ে তবে,
হিতকর্ম করি' তব পরাগতি হ'বে। ২২
শাস্ত্রবিধি ছাড়িয়া যে করে স্বেচ্ছাচার,
সিদ্ধি-সুখ-পরাগতি নাহি ঘটে তা'র। ২৩
কর্মাকর্ম নির্ণয়েতে শাস্ত্রই প্রমাণ,
শাস্ত্র জ্ঞাত হ'য়ে কর কর্ম অনুষ্ঠান। ২৪

দৈবাসুরসম্পদবিভাগযোগ নামে ১৬শ অধ্যায় সমাপ্ত।

অধোগতি পায় (২১) কাম-ক্রোধ-লোভ তিনটি নরকের দ্বার, সর্বদা এই ত্রিপাপকে বর্জন করিবে (২২) এই মোহদ্বার মুক্ত হইয়া, হিতকর্ম করিয়া মুক্তি পাইবে (২৩) শাস্ত্রবিধি ছাড়িয়া স্বেচ্ছাচার করিলে সিদ্ধি-সুখ-মুক্তি হয় না (২৪) কর্মাকর্ম নির্ণয়ে শাস্ত্রই প্রমাণ, শাস্ত্র জানিয়া কর্ম করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

যে শাস্ত্র বিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ! সত্ত্বমাহো রজস্তমঃ॥ ১

শ্রীভগবানুবাচ।

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু॥ ২
সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ॥ ৩
যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ॥ ৪
অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ॥ ৫
কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাঞ্চৈবান্তঃ শরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্॥ ৬
আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু॥ ৭

(১) অর্জুন কহিলেন, হে কৃষ্ণ! যাহারা শাস্ত্রবিধি লঙ্ঘন করিয়া শ্রদ্ধাপূর্ব্বক পূজা করে, গুণত্রয়ে তাহাদের নিষ্ঠা কিরূপ (২) শ্রীকৃষ্ণ কহিলেন, স্বভাবজাত প্রকৃতি ভেদে জীবের শ্রদ্ধাও সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিবিধ (৩) জীবের শ্রদ্ধা নিজ নিজ অন্তঃকরণ বৃত্তির অনুরূপ, যে পুরুষ যেরূপ শ্রদ্ধাযুক্ত সে সেই রূপই হয় (৪) সত্ত্বগুণী দেবতার আরাধনা করে, রজোগুণী যক্ষরক্ষদের পূজা করে, আর তমোগুণী ভূত প্রেতকে ভজে (৫,৬) যাহারা কামনা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,
শাস্ত্রবিধি ছাড়িয়া যে ভজে শ্রদ্ধা সহ,
গুণত্রয়ে তা'র নিষ্ঠা কিরূপ তা' কহ। ১
শ্রীকৃষ্ণ কহিলেন,
শুন পার্থ! জীবে শ্রদ্ধা স্বভাব সঞ্জাত,
সত্ত্ব রজঃ তমঃ ভেদে তিন ভাবে খ্যাত। ২
মনোবৃত্তি অনুরূপ জীবে শ্রদ্ধা রয়,
যাহার যেমন শ্রদ্ধা তেমন সে হয়। ৩
সাত্ত্বিকী শ্রদ্ধায় নর দেবতাকে পূজে,
রজঃ যক্ষ-রক্ষে, তমঃ ভূত-প্রেতে ভজে। ৪
দম্ভ-দর্প ভাব নিয়ে কাম-ভোগ-রাগে,
মত্ত হ'য়ে শাস্ত্র ছাড়া ঘোর যজ্ঞ-যাগে, ৫
করে কৃশ দেহকেও দেহস্থ আমাকে,
আসুরী শ্রদ্ধাই জেনো বলে পার্থ তা'কে। ৬
শ্রদ্ধাভেদে খাদ্য তথা তপঃ যজ্ঞ দান,
তাহাও ত্রিবিধ, পার্থ! কর অবধান। ৭

ও আসক্তি পরায়ণ হইয়া এবং বলশালী হইয়া দম্ভ অহঙ্কারে অশাস্ত্র বিহিত ঘোর তপস্যা করিয়া নিজের দেহ ও দেহস্থিত আমাকে কৃশ করে তাহাদের সেই শ্রদ্ধা আসুরী (৭) মানুষের প্রিয় আহারও রুচিভেদে তিন রূপ হয়, সেইরূপ তপঃ, যজ্ঞ, দানও ত্রিবিধ, ইহাদের প্রভেদের কথা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আয়ুঃ-সত্ত্ব-বলারোগ্য-সুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ॥ ৮
কট্বম্ললবণাত্যুষ্ণ-তীক্ষ্ণ-রুক্ষ-বিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ॥ ৯
যাতযামং গতরসং পূতি পর্য্যুষিতং চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্॥ ১০
অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ॥ ১১
অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্॥ ১২
বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে॥ ১৩
দেব দ্বিজ গুরু প্রাজ্ঞ পূজনং শৌচমার্জ্জবম্।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে॥ ১৪

(৮) যাহাতে আয়ু, উৎসাহ, বল, আরোগ্য, সুখ, প্রীতি, বৃদ্ধি পায়, যাহা রসযুক্ত, স্নেহযুক্ত, যাহা দেহে সারাংশ রূপে দীর্ঘকাল স্থায়ী এবং মনোহর সেই রকম যে সকল খাদ্য, তাহাই সাত্ত্বিক প্রকৃতির লোকের প্রিয় খাদ্য (৯) কটু, অম্ল, লোন্তা, উষ্ণ, তীক্ষ্ণ, রুক্ষ এবং দাহকারী খাদ্যাদি অধিক পরিমাণে ভোজনে রোগ, শোক এবং দুঃখ প্রদান করে, এইরূপ খাদ্যই রাজসিক প্রকৃতির লোকের প্রিয় খাদ্য (১০) নীরস শীতল, বাসি, ভুক্তাবশিষ্ট, দুর্গন্ধযুক্ত অভক্ষ্য খাদ্যই তামসিক প্রকৃতির লোকের প্রিয় খাদ্য, (১১) ফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ করিয়া কেবল মাত্র কর্তব্যবোধে বিধিমত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আয়ু-সত্ত্ব - বলারোগ্য - প্রীতি - সুখকারী,
রস্য, স্নিগ্ধ, স্থির, হৃদ্য খাদ্য সাত্ত্বিকেরি। ৮
রোগ-শোক-দুঃখপ্রদ, কটু, অম্ল অতি,
লোন্তা, উষ্ণ, তীক্ষ্ণ, রুক্ষ, ঝালে রজোমতি। ৯
উচ্ছিষ্ট, দুর্গন্ধ, ঠাণ্ডা, বাসি বা নীরস,
অপবিত্র খাদ্যে তুষ্ট সতত তামস। ১০
ফলাকাঙ্ক্ষা বিবর্জিত ধর্ম-প্রণোদিত,
বিধিমত কৃত যজ্ঞ সাত্ত্বিক বিদিত। ১১
ফলাকাঙ্ক্ষা তরে যজ্ঞ দম্ভে অনুষ্ঠিত,
রাজস বলিয়া হেন যজ্ঞ সুনিশ্চিত। ১২
নাহি বিধি - শ্রদ্ধা - মন্ত্র, অন্নদান নয়,
দক্ষিণা বিহীন হেন যজ্ঞ তমোময়। ১৩
দেব-দ্বিজ-গুরু-প্রাজ্ঞ পূজা, শৌচাহিংসা,
সারল্য ও ব্রহ্মচর্য দৈহিক তপস্যা। ১৪

যে যজ্ঞ অনুষ্ঠিত হয় তাহাকেই বলে সাত্ত্বিক যজ্ঞ (১২) কর্মফলের আশায়, যশোলিপ্সায় যে যজ্ঞ অনুষ্ঠিত হয়, তাহাই রাজসিক যজ্ঞ নামে কথিত হয়। (১৩) বিধিহীন, অন্নদানহীন, মন্ত্রহীন, দক্ষিণাবিহীন এবং শ্রদ্ধাশূন্য যে সকল যজ্ঞ অনুষ্ঠিত হয় তাহাই তামসিক যজ্ঞ বলিয়া বিদিত হয় (১৪) দেবতা, ব্রাহ্মণ, গুরু এবং জ্ঞানীর পূজা করা, শুদ্ধি, অহিংসা, সরলতা এবং ব্রহ্মচর্য পালনই শারীরিক তপস্যা নামে অভিহিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতং চ যৎ।
স্বাধ্যায়াভ্যাসনং চৈব বাঙ্‌ময়ং তপ উচ্যতে॥ ১৫
মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতৎতপো মানসমুচ্যতে॥ ১৬
শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তৎ ত্রিবিধং নরৈঃ।
অফলাকাঙ্ক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে॥ ১৭
সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবম্॥ ১৮
মূঢ়গ্রাহেণাত্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তৎতামসমুদাহৃতম্॥ ১৯
দাতব্যমিতি যৎ দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতম্॥ ২০
যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তৎ দানং রাজসং স্মৃতম্॥ ২১
অদেশকালে যৎ দানমপাত্রেভ্যশ্চ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তৎ তামসমুদাহৃতম্॥ ২২

(১৫) অন্যের উদ্বেগ হয় না এরূপ সত্যবাক্য প্রয়োগ, শ্রোতার প্রিয় এবং পরিণামে হিতকর বাক্য প্রয়োগ আর শাস্ত্র অধ্যয়ন বাঙ্ময় তপস্যা (১৬) মৌন, সৌম্য, প্রসন্ন, সরল ও সংযতভাব যুক্ত তপস্যাই মানসিক তপঃ (১৭) ফলত্যাগী একাগ্রচিত্ত নর শ্রদ্ধা সহ যে উক্ত ত্রিবিধ তপস্যা করে তাহাই সাত্ত্বিক তপস্যা (১৮) যশ, মান ও পূজা লাভের আশায় দম্ভে কৃত ক্ষণফলপ্রদ তপস্যা রাজসিক (১৯) অবিবেক জনিত দুরাগ্রহে আত্মপীড়নে বা

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রিয় সত্য হিত বাক্য অ নু দ্বে গ ম য়,
বেদাদি শাস্ত্রের চর্চ্চা তপস্যা বাঙ্ময়। ১৫
প্রশান্ত প্রসন্ন মৌন সরল সংযত,
ভাবময় তপস্যাই মানসিক খ্যাত। ১৬
শ্রদ্ধাসহ ফল ছাড়ি' উক্ত তপঃ ত্রয়,
নিষ্ঠা ভক্তি যোগে শুধু সাত্ত্বিকেই হয়। ১৭
যশ-মান-পূজা আশে দম্ভে অনুষ্ঠিত,
ক্ষণ ফল প্রদ তপঃ রাজস নিশ্চিত। ১৮
মোহবশে তপঃ যা'তে দেহে পীড়া হয়,
কিম্বা পর নাশে তপঃ তামস নিশ্চয়। ১৯
প্রতিদান আশা ছাড়ি' দাতব্যের তরে,
দেশ কাল পাত্রে দান সত্ত্বগুণী করে। ২০
প্রতিদান আশায় বা স্বর্গ প্রাপ্তি তরে,
কিম্বা ক্ষুণ্ণমনে দান রজোগুণী করে। ২১
দেশ কাল পাত্র দেখি' যেথা দান নয়,
অসৎকারে অবজ্ঞায় দান তমোময়। ২২

অন্যের উৎসাদনার্থে অভিচারাদি তপস্যা তামসিক (২০) প্রত্যুপকারের আশা ছাড়িয়া দাতব্যবোধে বা স্থান, কাল, পাত্র বিচারে দান সাত্ত্বিক (২১) প্রত্যুপকারের আশায় বা স্বর্গ লাভার্থে, মনোকষ্টে দান রাজস (২২) দেশ, কাল, পাত্র নির্বিচারে বা অসম্মানে অবজ্ঞায় দানই তামস দান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ তৎ সদিতি নির্দ্দেশো ব্রহ্মণ স্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা॥ ২৩
তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞ দান তপঃ ক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্॥ ২৪
তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞ তপঃ ক্রিয়াঃ।
দান ক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ॥ ২৫
সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ! যুজ্যতে॥ ২৬
যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে॥ ২৭
অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতং চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ! ন চ তৎ প্রেত্য নো ইহ॥ ২৮

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে শ্রদ্ধাত্রয়বিভাগযোগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ।

---

(২৩) ওঁ, তৎ, সৎ এই ত্রিবিধ শব্দ ব্রহ্ম বা পরমাত্মা প্রতিপাদক। সৃষ্টির প্রথমে ব্রহ্মা এই ত্রিবিধ নাম দ্বারাই যজ্ঞকর্তা ব্রাহ্মণ, যজ্ঞের হেতু বেদ এবং যজ্ঞ রূপ কর্ম সৃষ্টির নির্দেশ দিয়াছিলেন (২৪) এই কারণেই ওঁ শব্দ উচ্চারণ পূর্বক অনুষ্ঠিত ব্রহ্মবাদিগণের দান ও তপস্যা সর্বদা সর্বাঙ্গ-সম্পূর্ণভাবে সম্পন্ন হইয়া থাকে (২৫) মোক্ষার্থিগণ কর্মফলের আকাঙ্ক্ষা বর্জন করিয়া তৎ শব্দ উচ্চারণ করিয়া যজ্ঞ, দান এবং তপস্যাদি অনুষ্ঠান করিয়া থাকে (২৬) হে পার্থ! নিত্যত্ব ও শ্রেষ্ঠত্ব বুঝাইতে এবং শুভ ও মাঙ্গলিক

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওম্ তৎ সৎ জেনো ব্রহ্ম সংজ্ঞাত্রয়,
বেদ-বিপ্র-যজ্ঞ সৃষ্টি এতদ্দৃষ্টে হয়। ২৩
তাই সদা ওম্ শব্দ করি' উচ্চারণ,
তপঃ যজ্ঞ দান করে ব্রহ্মবাদিগণ। ২৪
কর্মফল ছাড়ি' যত মোক্ষকামিগণ,
তপঃ যজ্ঞ দানে করে তৎ উচ্চারণ। ২৫
নিত্যত্বে, শ্রেষ্ঠত্বে, শুভ কর্মে ধনঞ্জয়,
সৎশব্দ জেনো সদা ব্যবহৃত হয়। ২৬
তপঃ যজ্ঞ দানে নিষ্ঠা সৎ নামে খ্যাত,
ব্রহ্মভাব হেতু কর্ম সৎ শব্দে জ্ঞাত। ২৭
অশ্রদ্ধায় হয় যত তপঃ যজ্ঞ দান,
নহে সৎ নাহি করে কোনলোকে ত্রাণ। ২৮

শ্রদ্ধাত্রয়বিভাগযোগ নামে ১৭শ অধ্যায় সমাপ্ত।

কর্মেও 'সৎ' এই শব্দ সর্বদা ব্যবহৃত হইয়া থাকে (২৭) যজ্ঞ, দান ও তপস্যায় যে নিষ্ঠা তাহাও সৎ নামে অভিহিত, ঈশ্বরের উদ্দেশ্যে অনুষ্ঠিত কর্মমাত্রই সৎ নামে কথিত হইয়া থাকে (২৮) হে অর্জুন। অশ্রদ্ধা সহকারে যে যজ্ঞ, দান ও তপস্যা অনুষ্ঠিত হয় অথবা অন্য যাহা কিছু অনুষ্ঠিত হয়, সেই সমুদয়ই অসৎ বলিয়া অভিহিত হয় এবং তাহাতে ইহলোক বা পরলোক কোথাও ফল হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

সন্ন্যাসস্য মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্।
ত্যাগস্য চ হৃষীকেশ পৃথক্ কেশিনিসূদন॥ ১

শ্রীভগবানুবাচ।

কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্ব-কর্ম্ম-ফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ॥ ২
ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ।
যজ্ঞ দান তপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে॥ ৩
নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ॥ ৪
যজ্ঞদানতপঃ-কর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্॥ ৫
এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ! নিশ্চিতং মতমুত্তমম্॥ ৬
নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাৎ তস্য পরিত্যাগ স্তামসঃ পরিকীর্ত্তিতঃ॥ ৭

(১) অর্জুন কহিলেন. হে কেশিনিসূদন! সন্ন্যাস এবং ত্যাগতত্ত্ব পৃথক্ ভাবে জানিতে বাসনা (২) শ্রীকৃষ্ণ কহিলেন, অর্জুন! জ্ঞানিগণ কাম্যকর্ম ত্যাগকে সন্ন্যাস বলিয়া জানে কিন্তু বিচক্ষণেরা সর্বকর্ম ফলত্যাগকেই ত্যাগ বলিয়া থাকে (৩) কর্মে বন্ধনদোষ আছে জানিয়া কেহ কেহ কর্মকে ত্যাজ্য কহে. আবার কেহ কেহ বলে তপঃ যজ্ঞ, দান কখনও ত্যাজ্য নহে (৪) এই বিষয়ে আমার সিদ্ধান্ত ত্রিবিধ, তাহা শুন (৫) তপঃ, যজ্ঞ, দান কখনও ত্যাজ্য

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জুন কহিলেন,

সন্ন্যাস ও ত্যাগ তত্ত্ব, কেশিনিসূদন,
জানিতে পৃথক্ ভাবে করেছি মনন। ১

শ্রীকৃষ্ণ কহিলেন,

জ্ঞানিরা 'সন্ন্যাস' জানে কাম্যকর্ম ত্যাগে,
বিচক্ষণ কহে ত্যাগ, কর্মফল ত্যাগে। ২
কর্মে দোষ জানি' কেহ কর্ম ত্যজ্য কহে,
অন্যে কহে তপঃ যজ্ঞ দান ত্যজ্য নহে। ৩
ত্যাগ তত্ত্বে সুসিদ্ধান্ত শুন ধনঞ্জয়,
মোর মতে ত্যাগ জেনো গুণভেদে ত্রয়। ৪
তপঃ-যজ্ঞ-দান কৃত্য, কভু ত্যজ্য নয়,
ওতে পার্থ! মনীষীর চিত্ত শুদ্ধি হয়। ৫
আসক্তি ও ফল ছাড়ি' কৃত্য এই সব,
এই মোর শ্রেষ্ঠ মত জানিও পাণ্ডব। ৬
নিত্য কৃত্যকর্ম ত্যাগ জেনো অযৌক্তিক,
মোহ বশে হেন ত্যাগ খ্যাত তামসিক। ৭

নহে, ইহা অবশ্য করণীয়, কারণ ইহা মনীষীদের চিত্তশুদ্ধিকর (৬) আসক্তি এবং কর্মফলাশা ছাড়িয়া ইহা করণীয়, ইহাই আমার শ্রেষ্ঠ মত জানিবে। (৭) নিত্যকর্ম ত্যাগ করা কখনও উচিত নহে, মোহ বশে ইহা ত্যাগ করাই তামসিক ত্যাগ জানিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ॥ ৮
কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলং চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ॥ ৯
ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ॥ ১০
ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্ম ফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে॥ ১১
অনিষ্টমিষ্টং মিশ্রং চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগীনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ॥ ১২
পঞ্চেমানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্॥ ১৩
অধিষ্ঠানং তথা কর্ত্তা করণং চ পৃথগ্‌বিধম্।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্॥ ১৪
শরীরবাঙ্‌মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ॥ ১৫

(৮) কর্ম দুঃখজ বোধে কায়ক্লেশ ভয়ে যে নিত্যকর্ম ত্যজে, তাহার এই নিস্ফল ত্যাগ রাজস (৯) কর্তব্য বোধে আসক্তি ও ফলাশা ছাড়িয়া যে নিত্য কর্ম হয় তাহা সাত্ত্বিক (১০) সত্ত্বগুণী স্থিরবুদ্ধিযুক্ত, দ্বিধাহীন, সে কষ্টকর্মে রুষ্ট নয়, সুখকর কর্মেও পুলকিত নয় (১১) দেহী সর্বকর্ম কখনও ছাড়িতে পারে না, যে ফলাশা ছাড়ে সেই প্রকৃত ত্যাগী (১২) ইষ্টানিষ্ট মিশ্র ভেদে কর্মফল ত্রিবিধ, তাহা সকাম দেহান্তে ভোগে, সন্ন্যাসী ভোগে না (১৩) সাংখ্য-

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কায়ক্লেশ ভয়ে কর্ম দুঃখবোধে ছাড়ে,
নাহি ত্যাগ ফল, জেনো রাজস তাহারে। ৮
ফলাসক্তি ত্যজি' করে নিত্য নৈমিত্তিক,
কর্তব্যের বোধে কৃত্য, সে ত্যাগ সাত্ত্বিক। ৯
সত্ত্বগুণী স্থিরবুদ্ধি, দ্বিধাহীন, ত্যাগী,
কৃচ্ছ্র কর্মে না তিক্ত না সুখে অনুরাগী। ১০
দেহী কভু সর্বকর্ম ছাড়িতে না পারে,
কর্মফল ছাড়ে যেই ত্যাগী কহে তা'রে। ১১
ইষ্টানিষ্ট মিশ্র ভেদে কর্মফল ত্রয়,
দেহান্তে সকাম ভোগে, সন্ন্যাসীরা নয়। ১২
কর্মসিদ্ধি তরে সাংখ্য-বেদান্তের কথা,
পঞ্চবিধ হেতু তত্ত্ব শুন পার্থ! যথা। ১৩
দেহ - কর্তা - করণাদি - চেষ্টা সমুদয়,
তা'তে দৈবযোগে পঞ্চ, কর্মহেতু হয়। ১৪
কায়-মন-বাক্যে কর্ম যত কিছু হয়,
ভাল কিম্বা মন্দে এই পঞ্চ হেতু রয়। ১৫

বেদান্ত মতে পাঁচটি কারণে সর্বকর্ম সিদ্ধ হয় (১৪) দেহ ; কর্তা = অহঙ্কার ; করণাদি = চক্ষুকর্ণাদি ইন্দ্রিয় ; চেষ্টা = প্রাণাপানাদির কার্য এবং দৈব = অনুগ্রাহক—অন্তর্যামী ; এই পাঁচটি কর্মের হেতু (১৫) কায়-মন-বাক্যে সদসৎ যত কিছুকর্ম হয় এই পাঁচটিই তাহার হে।

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ ন স পশ্যতি দুর্ম্মতিঃ॥ ১৬
যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাঁল্লোঁকান্ ন হন্তি ন নিবধ্যতে॥ ১৭
জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ॥ ১৮
জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণ-সংখ্যানে যথাবচ্ছৃণু তান্যপি॥ ১৯
সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষ্যতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্॥ ২০
পৃথক্‌ত্বেন তু যজ্‌জ্ঞানং নানাভাবান্ পৃথগ্‌বিধান্।
বেত্তি সর্ব্বেষু ভূতেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি রাজসম্॥ ২১
যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পং চ তৎ তামসমুদাহৃতম্॥ ২২
নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যৎ তৎ সাত্ত্বিকমুচ্যতে॥ ২৩

(১৬) তবু উদাসীন আত্মাকে যে কর্তা ভাবে সে দুর্মতি আত্মা জ্ঞাত নয় (১৭) যে কর্মে নির্লিপ্ত, নিরহঙ্কারী সে সমস্ত বধিলেও বধজনিত ফলে আবদ্ধ হয় না (১৮) জ্ঞান, জ্ঞেয়, জ্ঞাতা কর্ম সৃষ্টির হেতু, জ্ঞান—যদ্বারা জানিবে—করণ ; জ্ঞেয়—যাহাকে জানিবে—কর্ম ; জ্ঞাতা—যে জানিবে—কর্তা। এই তিনটি কর্মে প্রেরণা দেয়, করণ, কর্ম ও কর্তার আশ্রয়ে কর্ম হয় (১৯) সাংখ্য ও বেদান্ত মতে জ্ঞান, কর্ম ও কর্তা গুণভেদে ত্রিবিধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাসীন আত্মারে যে তবু কর্তা কয়,
বুদ্ধিভ্রমে সে দুর্মতি আত্মা জ্ঞাত নয়। ১৬
কর্মে লিপ্ত নহে বুদ্ধি নাহি অহঙ্কার,
নহে হন্তা নহে বদ্ধ বধি'সে সংসার। ১৭
জ্ঞান জ্ঞেয় জ্ঞাতা তিনে কর্ম সৃষ্ট হয়,
করণ কর্ম ও কর্তা কর্মের আশ্রয়। ১৮
জ্ঞান কর্ম কর্তা জেনো গুণ ভেদে ত্রয়,
সাংখ্য মতে ব্যক্ত ইহা শুন ধনঞ্জয়। ১৯
ভিন্ন ভিন্ন ভাবে ভূতে এক আত্মা রয়,
হেন দৃষ্টি যে জ্ঞানেতে সাত্ত্বিক তা' হয়। ২০
সর্বভূতে এক আত্মা বহু দৃষ্ট হয়,
যেই জ্ঞানে জেনো তাহা রাজস নিশ্চয়। ২১
জড় দৃষ্ট বিষয়কে পূর্ণ বোধে লয়,
তত্ত্বে অন্ধ সেই তুচ্ছ জ্ঞান তমোময়। ২২
রাগ-দ্বেষ-স্পৃহা শূন্য, নিত্য অনুষ্ঠিত,
নিষ্কামের কৃত-কর্ম সাত্ত্বিক নিশ্চিত। ২৩

(২০) সর্বভূতে ভিন্ন ভাবে একই আত্মা থাকে, এই দৃষ্টি যে জ্ঞানে হয় তাহা সাত্ত্বিক (২১) সর্বভূতে একই আত্মা বহু দৃষ্ট হয় রাজস জ্ঞানে (২২) যে যুক্তিহীন জ্ঞানে স্থূল পদার্থে মানব পূর্ণতত্ত্ব আরোপ করে তাহা তামস। (২৩) নিষ্কামের ইচ্ছা-দ্বেষ-স্পৃহাহীন নিত্যকৃতকর্ম সাত্ত্বিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্ রাজসমুদাহৃতম্॥ ২৪

অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম্ম যৎ তৎ তামসমুচ্যতে॥ ২৫

মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে॥ ২৬

রাগী কর্ম্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ॥ ২৭

অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামস উচ্যতে॥ ২৮

বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্ত্বেন ধনঞ্জয়॥ ২৯

প্রবৃত্তিং চ নিবৃত্তিং চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী॥ ৩০

যয়া ধর্ম্মমধর্ম্মং চ কার্য্যং চাকার্য্যমেব চ।
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী॥ ৩১

(২৪) কামেচ্ছায়, অহঙ্কারে অথবা বহুক্লেশে কৃতকর্ম রাজস জানিবে। (২৫) পরিণাম, বিত্তক্ষয়, হিংসা, সামর্থ্য নির্বিচারে মোহবশে কৃতকর্ম তামস (২৬) যে কর্তা অহঙ্কারমুক্ত, ধীর, স্থির, ফলাশাত্যাগী নিস্পৃহ এবং চেষ্টাশীল সে সাত্ত্বিক কর্তা (২৭) যে কর্তা লোভী, হিংস্র, হর্ষযুক্ত, অশুচি, শোকযুক্ত, অনুরাগী সে রাজস কর্তা (২৮) যে কর্তা চঞ্চল, অলস, মূঢ়, অবিনয়ী, শঠ, ক্রূর, দুঃখী এবং দীর্ঘসূত্রী সে তামস কর্তা (২৯) গুণভেদে

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামেচ্ছায়, অহঙ্কারে, বহু ক্লেশে কৃত,
কর্ম যত রাজসিক নামে অভিহিত। ২৪
না ভাবিয়া পরিণাম, শক্তি, হিংসা, ক্ষয়,
মোহ বশে কৃত-কর্ম তামস নিশ্চয়। ২৫
ফলাফলে নির্বিকার, ধৈর্য - চেষ্টান্বিত,
স্পৃহা-অহং মুক্ত কর্তা সাত্ত্বিক বিদিত। ২৬
অশুচি, ফলার্থী, লোভী, হর্ষ-শোকান্বিত,
স্পৃহাযুক্ত, হিংস্র কর্তা রাজস নিশ্চিত। ২৭
চঞ্চল, অনম্র, মূঢ়, বঞ্চক, অলস,
জড়, দুঃখী, ক্রূর কর্তা জানিবে তামস। ২৮
বুদ্ধি কিম্বা ধৃতি হয় গুণভেদে ত্রয়,
কহি তত্ত্ব ভিন্ন ভাবে শুন ধনঞ্জয়। ২৯
যে বুদ্ধিতে জ্ঞাত মোক্ষ, বন্ধ, ভয়াভয়,
ইচ্ছানিচ্ছা, কর্মাকর্ম তা' সাত্ত্বিকী কয়। ৩০
যে বুদ্ধিতে ধর্মাধর্ম, কর্মাকর্ম ঠিক,
নাহি থাকে, হেন বুদ্ধি জেনো রাজসিক। ৩১

বুদ্ধি এবং ধৈর্যও তিন রকমের হইয়া থাকে, ইহা পৃথক ভাবে বলিতেছি শ্রবণ কর (৩০) যে বুদ্ধিতে প্রবৃত্তি, নিবৃত্তি, কার্য, অকার্য, ভয়, অভয় বন্ধন ও মোক্ষ জানা যায় তাহা সাত্ত্বিকী বুদ্ধি (৩১) আর যে বুদ্ধিতে ধর্ম, অধর্ম এবং কার্য, অকার্য ঠিক বুঝা যায় না তাহাই রাজসী বুদ্ধি জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী॥ ৩২
ধৃত্যা যয়া ধারয়তে মনঃ প্রাণেন্দ্রিয় ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী॥ ৩৩
যয়া তু ধর্ম্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জ্জুন।
প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী॥ ৩৪
যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্ম্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী॥ ৩৫
সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ।
অভ্যাসাদ্রমতে যত্র দুঃখান্তং চ নিগচ্ছতি॥ ৩৬
যৎ তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্।
তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্॥ ৩৭
বিষয়েন্দ্রিয়সংযোগাদ্ যত্তদগ্রেঽমৃতোপমম্।
পরিণামে বিষমিব তৎ সুখং রাজসং স্মৃতম্॥ ৩৮
যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ।
নিদ্রালস্যপ্রমাদোত্থং তৎ তামসমুদাহৃতম্॥ ৩৯

(৩২) যে অজ্ঞানাবৃত বুদ্ধি অধর্মকে ধর্ম ভাবে এবং সবকিছুকেই উল্টা বোঝে তাহা তামসী বুদ্ধি (৩৩) যে ধৈর্য মন, প্রাণ ও ইন্দ্রিয় কর্মকে একমুখী করে তাহা সাত্ত্বিক ধৈর্য (৩৪) যে ধৈর্যে ধর্ম, অর্থ, কাম মুখ্যভাবে অনুভূত হয় এবং ফলের আকাঙ্ক্ষা জন্মায়, তাহাই রাজসী ধৈর্য (৩৫) যে ধৈর্যে মূঢ়গণ নিদ্রা, ভয়, শোক, গর্ব ও বিষাদ ত্যাগ করিতে পারে না তাহাকেই তামসী ধৈর্য বলে (৩৬) ত্রিবিধ সুখতত্ত্ব শ্রবণ কর, যাহা অভ্যাসে আনন্দ দেয় এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্মকে ধর্ম ভাবে অহিতকে হিত,
তামসিক বুদ্ধি জেনো সব বিপরীত। ৩২
প্রাণেন্দ্রিয়-মন ক্রিয়া একমুখী হয়,
নিষ্ঠাযোগে যে ধৃতিতে সাত্ত্বিকী তা' কয়। ৩৩
যে ধৃতিতে হয় মুখ্য ধর্ম অর্থ কাম,
প্রসঙ্গতঃ ফলাকাঙ্ক্ষী তা' রাজসী নাম। ৩৪
ছাড়ে না বিষাদ, নিদ্রা, শোক, দম্ভ, ভয়,
দুর্মতির যে ধৃতিতে তামসী তা' কয়। ৩৫
শুন পার্থ! সুখতত্ত্ব গুণ ভেদে ত্রয়,
অভ্যাসে আনন্দ যা'তে দুঃখ অন্ত হয়। ৩৬
অগ্রে বিষ, অন্তে সুধা যে সুখে পাণ্ডব,
যাহা আত্ম তৃপ্তিকর, সাত্ত্বিক সে সব। ৩৭
বিষয় ইন্দ্রিয় যোগে সুখ সাময়িক,
অগ্রে সুধা অন্তে বিষ তাহা রাজসিক। ৩৮
আলস্য ও নিদ্রা ভ্রমে যত সুখ জাত,
আদি-অন্ত মোহকর তামসিক খ্যাত। ৩৯

দুঃখ অন্ত হয় (৩৭) যে সুখ প্রথমে বিষের মত, শেষে অমৃততুল্য ; যাহা আত্মতৃপ্তিকর তাহাই সাত্ত্বিক সুখ (৩৮) বিষয় এবং ইন্দ্রিয় যোগে সুখ প্রথমে অমৃততুল্য কিন্তু শেষে বিষবৎ তাহাই রাজস সুখ (৩৯) যে সুখ আদ্যন্ত মোহকর, নিদ্রা, আলস্য ও ভ্রমজাত তাহাই তামস সুখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাৎত্রিভিগুণৈঃ॥ ৪০
ব্রাহ্মণ ক্ষত্রিয় বিশাং শূদ্রাণাং চ পরন্তপ।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাব প্রভবৈগুণৈঃ॥ ৪১
শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্॥ ৪২
শৌর্য্যং তেজো ধৃতির্দ্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্॥ ৪৩
কৃষি গোরক্ষ্যবাণিজ্যং বৈশ্য-কর্ম্ম স্বভাবজম্।
পরিচর্য্যাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজম্॥ ৪৪
স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ।
স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু॥ ৪৫
যতঃ প্রবৃত্তিভূর্তানাং যেন সর্ব্বমিদং ততম্।
স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ॥ ৪৬
শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্॥ ৪৭

(৪০) স্বর্গে, মর্ত্তে বা দেবমাঝে এমন কেহ নাই যে প্রকৃতিজ গুণত্রয় হইতে মুক্ত (৪১) ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের কর্ম প্রকৃতিজ গুণভেদে ভিন্ন (৪২) শম, দম, তপঃ, শৌচ, ক্ষমা, সারল্য, জ্ঞান, বিজ্ঞান ও আস্তিক্য ব্রাহ্মণের স্বাভাবিক কর্ম (৪৩) প্রভুত্ব, দান, দক্ষতা, শৌর্য, ধৈর্য, তেজঃ, রণে অপলায়ন ক্ষত্রিয়ের কর্ম (৪৪) কৃষি, গোপালন ও বাণিজ্য বৈশ্যের আর সেবা শূদ্রের স্বাভাবিক কর্ম (৪৫) স্ব স্ব কর্মে নিষ্ঠাবান ব্যক্তি সিদ্ধি লাভ

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবে স্বর্গে দেব মাঝে যত জীব রয়,
প্রকৃতিজ গুণ হ'তে কেহ মুক্ত নয়। ৪০
ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র কর্ম যত,
গুণ ভেদে প্রবিভক্ত হয় স্বভাবতঃ। ৪১
ব্রাহ্মণের কর্ম ক্ষমা, তপঃ, শুদ্ধি, দম,
আস্তিক্য, বিজ্ঞান, জ্ঞান, সারল্য ও শম। ৪২
প্রভুত্ব ও দান, দাক্ষ্য, শৌর্য, ধৈর্য, তেজঃ,
সমরে দৃঢ়তা ক্ষত্র কর্ম স্বভাবজ। ৪৩
বৈশ্য কর্ম বাণিজ্য ও কৃষি গোপালন,
স্বভাবজ সেবা ধর্মী হয় শূদ্রগণ। ৪৪
নিজ নিজ কর্ম করি' নর সিদ্ধি পায়,
শুন পার্থ! নিজ কর্মে যা'তে লভে তা'য়। ৪৫
যাহা হ'তে কর্ম চেষ্টা সর্বব্যাপ্ত যেবা,
পা'বে সিদ্ধি স্বকর্মেই করি' তাঁ'রে সেবা। ৪৬
স্বধর্মে ত্রুটিও শ্রেয়ঃ পরধর্ম হ'তে,
স্বভাবজ কর্মে পাপ নাহি কোন মতে। ৪৭

করে, স্বকর্তব্য কর্মে রত থাকিয়াও যে ভাবে সিদ্ধি পাওয়া যায় তাহা শুন। (৪৬) যাহা হইতে জীবের সর্বকর্মচেষ্টা স্পষ্ট, যিনি সর্বব্যাপ্ত, তাঁহাকে পূজিলে স্বকর্মে থাকিয়াই সিদ্ধি লাভ হয় (৪৭) স্বধর্ম অসম্পূর্ণ হইলেও অন্যের অনুষ্ঠিত ধর্ম অপেক্ষা শ্রেয়ঃ, স্বভাবজ কর্মে পাপভাগী হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহজং কর্ম্ম কৌন্তেয়! সদোষমপি ন ত্যজেৎ।
সর্ব্বারম্ভা হি দোষেণ ধূমেনাগ্নিরিবাবৃতাঃ ॥ ৪৮
অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ।
নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং পরমাং সন্ন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯
সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাপ্নোতি নিবোধ মে।
সমাসেনৈব কৌন্তেয়! নিষ্ঠা জ্ঞানস্য যা পরা ॥ ৫০
বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো ধৃত্যাত্মানং নিয়ম্য চ।
শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা রাগদ্বেষৌ ব্যুদস্য চ ॥ ৫১
বিবিক্তসেবী লঘ্বাশী যতবাক্কায়মানসঃ।
ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ ॥ ৫২
অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্।
বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫৩
ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ৫৪
ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥ ৫৫

(৪৮) ত্রুটি সত্ত্বেও স্বাভাবিক কর্ম ছাড়িতে নাই, অগ্নি যেমন ধূমাবৃত কর্মও তেমনি দোষাবৃত (৪৯) সর্ব বিষয়ে অনাসক্ত, জিতেন্দ্রিয়, নিস্পৃহ ব্যক্তি নিষ্কাম কর্ম দ্বারা সিদ্ধি পায়, কর্মফল ত্যাগে কর্মমুক্ত হয় (৫০) সিদ্ধি পাইলে কিরূপে ব্রহ্মলাভ হয় সেই শ্রেষ্ঠজ্ঞান সংক্ষেপে শুন (৫১) ধৈর্যসহ শুদ্ধ বুদ্ধিতে, স্থিরচিত্তে, ইন্দ্রিয় সংযম দ্বারা রাগদ্বেষাদি ছাড়িয়া শুদ্ধস্থানে (৫২) মিতাহারে থাকিয়া, স্থির কায়-মন-বাক্যে, বৈরাগ্যে, ধ্যানাশ্রয়ে (৫৩)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বকর্মে হ'লেও ত্রুটি তবু ত্যাজ্য নয়,
অগ্নি যথা ধূমাবৃত কর্মে ত্রুটি রয়। ৪৮
জিতাত্মা, নিস্পৃহ, পূর্ণ অনাসক্ত যেই,
সে পরা নৈষ্কর্ম্য সিদ্ধি লভে সন্ন্যাসেই। ৪৯
সিদ্ধি প্রাপ্ত যোগী যা'তে ব্রহ্মভাব লভে,
সংক্ষেপে শুন তা' পার্থ! শ্রেষ্ঠজ্ঞান ভবে। ৫০
ধৈর্যে চিত্ত স্থির করি' শুদ্ধ বুদ্ধি ধরি',
শব্দাদি বিষয় ত্যজি'. রাগ-দ্বেষ ছাড়ি', ৫১
মিতভোজী হ'য়ে থাকি' সুপবিত্র স্থানে,
স্থির কায়-বাক্য-মনে বৈরাগ্য ও ধ্যানে, ৫২
অহং - দর্প - পরিগ্রহ-বল-কাম - ক্রোধ,
মমত্ব ত্যজি' সে শান্ত লভে ব্রহ্মবোধ। ৫৩
ব্রহ্মভূত প্রসন্নের শোক- লিপ্সা নাই,
সর্বভূত সাম্যে লভে পরাভক্তি তাই। ৫৪
আমি যা যেরূপ জানে পরাভক্তি বশে,
তত্ত্বতঃ জানিয়া মোরে আমাতে সে পশে। ৫৫

অহঙ্কার, বল, দর্প, মমত্ব, কাম, ক্রোধ ও গ্রহণ ছাড়িয়া শান্তযোগী ব্রহ্মভাব পায় (৫৪) ব্রহ্ম প্রাপ্ত যোগীর শোক-লিপ্সা থাকে না, সে সর্বভূতে সমদর্শী হইয়া আমার পরাভক্তি লাভ করে (৫৫) আমি যাহা এবং যেরূপ, তাহা সেই পরাভক্তি বলে সম্যক জানিয়া সে আমাতে প্রবেশ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্॥ ৫৬
চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব॥ ৫৭
মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি॥ ৫৮
যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈব ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি॥ ৫৯
স্বভাবজেন কৌন্তেয়! নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ॥ ৬০
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া॥ ৬১
তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎপরাংশান্তিংস্থানংপ্রাপ্স্যসিশাশ্বতম্॥ ৬২
ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু॥ ৬৩

(৫৬) সদা নিত্যকর্ম করিয়া আমা' পরায়ণ যোগী আমার কৃপায় শাশ্বত অব্যয়পদ পায় (৫৭) সর্বকর্ম আমায় স'পিয়া আমা' পরায়ণ হও এবং বুদ্ধি যোগাশ্রয়ে আমাতে চিত্তঅর্পণ কর (৫৮) তবে আমার কৃপায় দুঃখ দূর হইবে, অহঙ্কারে কথা না শুনিলে অশেষ দুঃখ পাইবে (৫৯) রণত্যাগের চেষ্টা করিলে তাহা ব্যর্থ হইবে কারণ ক্ষত্রিয় প্রকৃতিই তোমাকে রণে প্রবর্তিত করিবে (৬০) বুদ্ধির ভুলে অনিচ্ছুক হইলেও পূর্বসংস্কার অবশে

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহি কৃত্যকর্মে সদা করি' মমাশ্রয়,
মোর বরে লভে পদ শাশ্বত অব্যয়। ৫৬
আমাতে নিবিষ্ট মনে দাও কর্ম মোরে,
আমা'চিত্ত হও পার্থ! বুদ্ধিযোগ ধ'রে। ৫৭
আমা'যুক্ত হ'লে চিত্ত হ'বে দুঃখ শেষ,
অহং জ্ঞানে না শুনিলে পা'বে পরে ক্লেশ। ৫৮
অহঙ্কারে রণত্যাগে চেষ্টা বৃথা হ'বে,
প্রকৃতির বশে তুমি রণে লিপ্ত র'বে। ৫৯
বুদ্ধি ভ্রমে যদি রণে ইচ্ছা নাহি হয়,
স্বভাবে অবশে তাহা করিবে নিশ্চয়। ৬০
সর্বজীব হৃদে থাকি' ঈশ্বর চালায়,
দেহ যন্ত্রারূঢ় জীবে মোহিয়া মায়ায়। ৬১
তাঁহারি শরণ পার্থ! লহ সর্বভাবে,
পরাশান্তি নিত্যধাম কৃপা বলে পা'বে। ৬২
বলা হ'ল জ্ঞানতত্ত্ব অতি গুহ্য তর,
ভালভাবে চিন্তা করি' যাহা ইচ্ছা কর। ৬৩

যুদ্ধ করাইবে (৬১) ঈশ্বর সর্বজীবের হৃদয়ে থাকিয়া দেহযন্ত্রে সমাসীন সমস্ত জীবকে মায়ায় মোহিত করিয়া সর্বদা ঘুরাইতেছেন (৬২) সর্বভাবে তাঁহার শরণ লও, তাঁহারই কৃপায় পরম শান্তি ও শাশ্বত ধাম পাইবে (৬৩) অতি গুহ্যতর জ্ঞানতত্ত্ব বলিলাম, ভালভাবে চিন্তা করিয়া যাহা ইচ্ছা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্॥ ৬৪
মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে॥ ৬৫
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥ ৬৬
ইদন্তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
না চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি॥ ৬৭
য ইদং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ॥ ৬৮
ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি॥ ৬৯
অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ॥ ৭০
শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপিমুক্তঃশুভাল্লোঁকান্‌প্রাপ্নুয়াৎপুণ্যকর্ম্মণাম্॥ ৭১

(৬৪) তুমি আমার অতি প্রিয়, তাই তোমার কল্যাণার্থে সর্ব গুহ্যতম হিতকথা বলি শুন (৬৫) তুমি মদ্‌গত, মদ্‌চিত্ত হও, মদ্‌ভক্ত হও, আমাকে ভজ, নমস্কার কর, তুমি প্রিয়, তোমায় অঙ্গীকারে বলি আমাকে পাইবে। (৬৬) সর্বধর্ম ত্যাগ করিয়া একমাত্র আমাকেই আশ্রয় কর, শোক করিও না, তোমার সর্বপাপ আমি মুক্ত করিব (৬৭) যে ধর্ম-ভক্তি-সেবা শূন্য, যে আমাকে নিন্দা করে, তাহাকে এই গুহ্যতম কথা বলিওনা (৬৮) ভক্তকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতি প্রিয় তুমি মম তব হিতে পুনঃ,
সর্ব গুহ্যতম বাক্য কহি পার্থ শুন। ৬৪
মচ্চিত্ত মদ্ভক্ত হও ভজ নম মোরে,
প্রিয় তুমি পা'বে মোরে কহি অঙ্গীকারে। ৬৫
সর্ব ধর্ম ছাড়ি' ধর এক মাত্র মোরে,
ছাড় শোক সর্ব পাপ দিব মুক্ত ক'রে। ৬৬
ধর্ম-ভক্তি-সেবা শূন্য যেবা নিন্দে মোরে,
বলিওনা কভু এই গুহ্যকথা তা'রে। ৬৭
যে শুনাবে ভক্তজনে গু হ্য ক থা হেন,
ভক্তিবলে সে আমারে পাবে স্থির জেনো। ৬৮
কেহ নাহি প্রিয় মোর তা'র চেয়ে ভবে,
কোনকালে ছিল না বা কোন দিন হ'বে। ৬৯
আমাদের এই ধর্ম কথা অ ধ্য য় নে,
জ্ঞানযজ্ঞে ভজে মোরে ইহা করি মনে। ৭০
দ্বেষ ছাড়ি' একথা যে শোনেও শ্রদ্ধায়,
পাপ মুক্ত হ'য়ে সেও পুণ্যলোকে যায়। ৭১

এই গুহ্যতম তত্ত্বকথা যে শুনাইবে ভক্তিবলে সে আমাকে ঠিক পাইবে (৬৯) তাহার চেয়ে প্রিয় আমার কেহ নাই বা ছিল না (৭০) ইহা যে পড়িবে সে জ্ঞানযজ্ঞে আমার ভজিবে ইহা আমার মত (৭১) অনসূয়, ও শ্রদ্ধাবানব্যক্তি ইহা শুনিলেও নিষ্পাপ হইয়া পুণ্যাত্মার শুভলোক পাইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কচ্চিদেতৎ শ্রুতং পার্থ! ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রণষ্টস্তে ধনঞ্জয়॥ ৭২

অর্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব॥ ৭৩

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণম্॥ ৭৪
ব্যাসপ্রসাদাৎ শ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্॥ ৭৫
রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ॥ ৭৬
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ॥ ৭৭
যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম॥ ৭৮

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে মোক্ষযোগো নাম অষ্টাদশোঽধ্যায়ঃ।

(৭২) হে অর্জ্জুন, একমনে সব কথা শুনিয়াছ কি? অজ্ঞানজ মোহ কাটিল কি (৭৩) অর্জুন কহিলেন, হে অচ্যুত, তোমার কৃপায় এখন আমি মোহ-দ্বিধা হীন ও সুস্থির, তোমার আদেশ আমি পালিব (৭৪) সঞ্জয় কহিলেন, হে রাজন্, এইরূপে শ্রীকৃষ্ণার্জুনের অদ্ভুত রোমাঞ্চকর আলাপন শুনিয়াছি (৭৫) ব্যাসের কৃপায় দিব্যেন্দ্রিয় পাইয়া যোগেশ্বর শ্রীকৃষ্ণের শ্রীমুখবাণী স্ব-কর্ণে শুনিলাম (৭৬) সেই অতি অদ্ভুত কৃষ্ণার্জুন বাণী স্মরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক মনে সব কথা শুনিলে কি মোর,
কাটিল কি অজ্ঞানজ তব মোহ ঘোর। ৭২

অর্জুন কহিলেন,

কৃপায় লভিনু স্মৃতি, মোহ-দ্বিধা গত,
স্থির এবে, তব আজ্ঞা পালিব অচ্যুত। ৭৩

সঞ্জয় কহিলেন,

এইরূপে কৃষ্ণার্জুন গুহ্য আলাপন,
অত্যদ্ভুত রোমাঞ্চক শুনেছি রাজন। ৭৪
ব্যাস বরে দিব্যেন্দ্রিয় লভি' নিজে শুনি,
যোগেশ্বর শ্রীকৃষ্ণের শ্রীমুখের বাণী। ৭৫
অত্যদ্ভুত কৃষ্ণার্জুন বাণী হে রাজন্‌,
স্মরণেতে ঘন ঘন পুলকিত মন। ৭৬
অত্যদ্ভুত ঐ শ্রী মূর্তি পরম বিস্ময়,
স্মরিয়া স্মরিয়া হর্ষ মুহুর্মুহু হয়। ৭৭
যোগেশ্বর কৃষ্ণ আর পার্থ যোদ্ধা যেথা,
জয় লক্ষ্মী বৃদ্ধি নীতি স্থিতি স্থির সেথা। ৭৮

মোক্ষযোগ নামে ১৮শ অধ্যায় সমাপ্ত।

মাত্রই মন ঘন ঘন পুলকিত হয় (৭৭) শ্রীহরির সেই অতি অদ্ভুত বিশ্বরূপ উদয় পরম বিস্ময়কর, তাহা স্মরিয়া মুহুর্মুহু মন হর্ষোৎফুল্ল হইতেছে (৭৮) যেখানে যোগেশ্বর শ্রীকৃষ্ণ, যেখানে অর্জুনের মত ধনুর্দ্ধর, সেখানে জয়, লক্ষ্মী, উন্নতি এবং সেইখানেই অচলা ধর্মবুদ্ধি, ইহাই আমার মত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শৌনক ঋষি উবাচ।

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত! মে বদ।
পুরা নারায়ণক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্॥ ১

সূত উবাচ।

ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরম্।
শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমম্॥ ২
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তীসুতঃফলম্।
ব্যাসো বা ব্যাসপুত্রো বা যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ॥ ৩
অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সঙ্কীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতম্॥ ৪
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৫
সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥ ৬
সংসারসাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ॥ ৭
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্যতাম্॥ ৮
যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতা—শাস্ত্রমহর্নিশম্।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ॥ ৯

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শৌনক ঋষি কহিলেন,

ওহে সূত! কহ গীতা মাহাত্ম্যের কথা,
নারায়ণ ক্ষেত্রে ব্যাস করে উক্তি যথা। ১
কহে সূত, অতি গুহ্য সে মাহাত্ম্য গাঁথা,
কা'র সাধ্য করে ব্যক্ত, পূত তত্ত্ব কথা। ২
কৃষ্ণ জ্ঞাত সব কিছু, আর জ্ঞাত এ'কে,
জনক ও ব্যাস, পার্থ, যাজ্ঞবল্ক্য, শুকে। ৩
শুনি' লোকে কিছু বলে, তাই বলি তবে,
ব্যাস মুখে শুনা কথা বলা কিন্তু হ'বে। ৪
সর্বোপনিষদ্ ধেনু, দোহে নন্দ সুত,
পার্থ বৎস, সুধী ভোক্তা, দুগ্ধ গীতামৃত। ৫
পার্থের সারথি হ'য়ে দেন পার্থে হরি,
বিশ্বহিতে গীতামৃত, তাঁ'কে নম করি। ৬
ভব ঘোর মহাসিন্ধু তরিতে যে চায়,
সহজে সে গীতাতরী বাহি' পার পায়। ৭
যদি কেহ যোগাভ্যাসে থাকি' মুক্তি আশে,
নাহি শুনে গীতা তবে শিশু শুনি' হাসে। ৮
অহোরাত্র গীতা যা'রা পাঠ করে শুনে,
দেবতুল্য নর তা'রা নিষ্ঠা-ভক্তি গুণে। ৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায় বৈ।
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং চাথ নির্গুণম্॥ ১০
সোপানাষ্টাদশৈরেবং ভক্তি মুক্তি সমুচ্ছ্রিতৈঃ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ প্রেম ভক্ত্যাদি কর্ম্মসু॥ ১১
সাধোর্গীতাম্ভসি স্নানং সংসার মলনাশনম্।
শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তীস্নানং বৃথৈব তৎ॥ ১২
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্।
স এব মানুষে লোকে মোঘকর্ম্মকরো ভবেৎ॥ ১৩
যস্মাদ্ গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্য মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাম্॥ ১৪
গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্ গৃহাশ্রমম্॥ ১৫
গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ প্রারব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং দানং মহত্তমম্॥ ১৬
গীতাশাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিস্ফলং জগুঃ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপোযশঃ॥ ১৭
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরো জনঃ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং তদ্বিদ্ধ্যাদসুর সম্মতম্।
তন্মোঘং ধর্ম্মরহিতং বেদবেদান্তগর্হিতম্॥ ১৮

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাজ্ঞান যাহা কৃষ্ণ দিলেন অর্জুনে,
তাহা শ্রেষ্ঠ ভক্তিতত্ত্ব সগুণে নিগুর্ণে। ১০
অষ্টাদশ সর্গে গীতা ভক্তি-মুক্তি গাঁথা,
প্রেম-ভক্তি-কর্ম ক্রমে চিত্তশুদ্ধি কথা। ১১
গীতাস্নানে সাধুজন সুপবিত্র হয়,
শ্রদ্ধাহীনে বৃথা স্নান হস্তীস্নান কয়। ১২
নাহি জানে পড়িতে বা পড়াতে যে গীতা,
নরলোকে হেন নর করে কর্ম বৃথা। ১৩
কে অধম তা'র চেয়ে গীতা যে না জানে,
ধিক্ তা'র কুলে শীলে, ধিক্ জ্ঞানে মানে। ১৪
নাহি যা'র গীতাজ্ঞান নরাধম সেই,
দেহ, গেহ, শীল, ধনে, হিতে ধিক্ দেই। ১৫
ধিক্ সে অধমে, তা'র পূজা, খ্যাতি, দানে,
প্রারব্ধে, মহত্ত্বে তা'র গীতা যে না জানে। ১৬
জ্ঞানদাতা, ব্রত, নিষ্ঠা সব বৃথা তা'র,
তপে, যশে ধিক্, নাহি গীতা মতি যা'র। ১৭
গীতা ছাড়ি' খোঁজে জ্ঞান, সে অধমে ধিক্,
বেদ-ধর্ম গর্হিত তা', ব্যর্থ, আসুরিক। ১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞান প্রযোজিকা।
সর্ব্ব শাস্ত্র সার ভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে॥ ১৯
যোঽধীতে বিষ্ণু পর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রচ্চলংস্তিষ্ঠন্ শত্রুভির্ন স হীয়তে॥ ২০
শালগ্রামে শীলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নদ্যাং পঠেদ্ গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্॥ ২১
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতা পাঠেন তুষ্যতি।
যথা ন বেদৈর্দ্দানেন যজ্ঞ তীর্থ ব্রতাদিভিঃ॥ ২২
গীতাধীতা চ যে নাপি ভক্তিভাবেন চেতসা।
বেদশাস্ত্র পুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ॥ ২৩
যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎ সভাস্থ চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্তাগ্রে পঠন্ সিদ্ধিং পরাংলভেৎ॥ ২৪
গীতাপাঠং চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ॥ ২৫
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রয়াতি পরং পদম্॥ ২৬
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ॥ ২৭

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্বজ্ঞান প্রদায়িনী ধর্মময়ী গীতা,
নিত্য-শুদ্ধ তত্ত্ব গীতা শাস্ত্র সার ভূতা। ১৯
পাঠে গীতা বিষ্ণুপর্বে, একাদশী দিনে,
চলা, বসা, জাগা, ঘুমে রহে শত্রু বিনে। ২০
দেবালয়ে, শিবালয়ে, শালগ্রাম ধারে,
নদীতীরে তীর্থে গীতা পাঠে ভাগ্য বাড়ে। ২১
হরি যত পরিতুষ্ট গীতা পাঠে হয়,
দান, যজ্ঞ, বেদ, তীর্থ, ব্রতে তত নয়। ২২
ভক্তিযুক্ত ভাবে গীতা পাঠ করে যা'রা,
বেদ পুরাণাদি শাস্ত্রে জ্ঞান লভে তা'রা। ২৩
যোগপীঠে, শিলাস্থানে, সাধুসভা স্থলে,
ভক্ত-যজ্ঞ স্থানে গীতা পাঠে সিদ্ধি ফলে। ২৪
নিত্য গীতা শ্রবণে বা অধ্যয়ন হ'লে,
স-দক্ষিণ অশ্বমেধ যজ্ঞ - ফল ফলে। ২৫
গীতার্থ শুনিলে কিম্বা শুনালে অপরে,
অথবা কীর্তনে ভক্ত মুক্তি লাভ করে। ২৬
বিধি ভক্তি সহকারে শুদ্ধ গীতা দানে,
ভার্যা তা'র প্রিয়তমা হয় পুণ্যগুণে। ২৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখমশ্নুতে॥ ২৮
অভিচারোদ্ভবং দুঃখং বরশাপাগতং চ যৎ।
নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে॥ ২৯
তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎক্বচিৎ।
ন শাপো নৈব পাপং চ দুর্গতির্নরকং ন চ॥ ৩০
বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্যং ভক্তিংচাব্যভিচারিণীম্॥ ৩১
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্ধং ভুঞ্জতো বাপি গীতাভ্যাসরতস্য চ।
স মুক্তঃ স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে॥ ৩২
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা॥ ৩৩
অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদি কৃতং চ যৎ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পৃশ্য স্পর্শজং তথা॥ ৩৪
জ্ঞানাজ্ঞান কৃতং নিত্যমিন্দ্রিয়ৈর্জ্জনিতং চ যৎ।
তৎ সর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ॥ ৩৫
সর্ব্বত্র প্রতিভোক্তা চ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো ন লিপ্যতে কদাচন॥ ৩৬

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাগ্য, যশ, স্বাস্থ্য লভি' নিশ্চিত সে নর,
ভার্যা-প্রিয় হ'য়ে সুখ ভোগে নিরন্তর। ২৮
অবিচার জাত দুঃখ, বর, শাপ সেথা,
প্রবেশে না, হয় নিত্য গীতার্চনা যেথা। ২৯
নাহি সেথা ত্রিতাপের পীড়া, ব্যাধি, শাপ,
নাহি ভোগে নরকের দুর্গতি ও পাপ। ৩০
বিষফোঁড়া হ'তে পীড়া দেহে নাহি হয়,
কৃষ্ণপদে দাস্য ভাবে শুদ্ধা ভক্তি রয়। ৩১
প্রারব্ধের বাধ্য তবু গীতাতে যে রয়,
জীবে সখ্য কর্মমুক্ত ভবে তুষ্ট হয়। ৩২
মহাপাপীরাও যদি গীতাধ্যায়ী হয়,
পদ্ম পত্রে জল তুল্য পাপে লিপ্ত নয়। ৩৩
অনাচার জাত পাপ কুকথার তাপ,
স্পর্শদোষে, ভোজনেতে সৃষ্ট যত পাপ, ৩৪
ইন্দ্রিয়াদি জাত কিম্বা অজ্ঞানে বা জ্ঞানে,
নিত্যকৃত সর্বপাপ মুক্ত গীতাধ্যানে। ৩৫
যেথা সেথা ভোজনে ও দান নিয়ে তবু,
গীতার পাঠক পাপে নহে লিপ্ত কভু। ৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধ স্ফটিকবৎ সদা॥ ৩৭
যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ॥ ৩৮
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ॥ ৩৯
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠং চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে॥ ৪০
নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহ রক্ষকাঃ॥ ৪১
গোপালো বালকৃষ্ণোঽপি নারদ-ধ্রুবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে॥ ৪২
যত্র গীতা বিচারশ্চ পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধয়া সহ॥ ৪৩

শ্রীভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্॥ ৪৪
গীতা মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ॥ ৪৫

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাপ পথে রত্নপূর্ণা মহীভোগকারী,
নিষ্পাপ, কলঙ্কহীন হয় গীতা পড়ি'। ৩৭
গীতা পাঠে যা'র প্রাণে সদানন্দ হয়,
সাগ্নিক সে জপকারী বিজ্ঞ ক্রিয়াময়। ৩৮
রূপবান, ধনবান, যোগী কিম্বা জ্ঞানী,
পুরোহিত, বেদবিদ্ গীতাধ্যায়ী জানি। ৩৯
যেথা গীতা থাকে নিত্য গীতাপাঠ যেথা,
প্রয়াগাদি সর্বতীর্থ বিদ্যমান সেথা। ৪০
দেবঋষি, যোগী থাকে গীতাধ্যায়ী দেহে,
দেহান্তেও তা'রা তা'র হিতাকাঙ্ক্ষী রহে। ৪১
ধ্রুব আদি ভক্তসহ নারদের সনে,
বালকৃষ্ণ শ্রীগোপাল আসে গীতাস্থানে। ৪২
গীতাচিন্তা, অধ্যাপনা, পাঠ যেথা হয়,
রাধা সহ কৃষ্ণ সেথা মহানন্দে রয়। ৪৩
কহে হরি, পার্থ। মোর গীতাই হৃদয়,
গীতা মোর জ্ঞান সার উত্তম অব্যয়। ৪৪
গীতাই পরম পদ গীতা শ্রেষ্ঠ স্থান,
গীতা মোর শ্রেষ্ঠ গুরু গীতা গুহ্য জ্ঞান। ৪৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্ ।
গীতা জ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকং পালয়াম্যহম্ ॥ ৪৬

গীতা মে পরমাবিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ ।
অর্দ্ধমাত্রা পরানিত্যমনির্ব্বাচ্য - পদাত্মিকা ॥ ৪৭

গীতানামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব ।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ ॥ ৪৮

গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা ।
ব্রহ্মাবলি র্ব্রহ্মবিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী ॥ ৪৯

অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী ।
বেদত্রয়ী পরাবন্দ্যা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী ॥ ৫০

ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদম্ ॥ ৫১

পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ৫২

ত্রিভাগং পঠমানস্তু সোম যাগ ফলং লভেৎ ।
ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নানং ফলং লভেৎ ॥ ৫৩

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাশ্রয়ে থাকি, মোর গীতা নিকেতন,
গীতা জ্ঞানাশ্রয়ে করি ত্রিলোক পালন। ৪৬
ব্রহ্ম-রূপা পরাবিদ্যা ভবে মোর গীতা,
জড় বুদ্ধি হরা সদা নিত্য বাক্যাতীতা। ৪৭
শুন পার্থ, গীতা কত গুহ্য নাম ধরে,
গীতা নাম কীর্তনেতে সর্ব পাপ হরে। ৪৮
ভবঘ্নী, ত্রিসন্ধ্যা, গঙ্গা, ব্রহ্মবিদ্যা, গীতা,
অর্দ্ধমাত্রা, বেদত্রয়ী, সাবিত্রী ও সীতা,
চিদানন্দা, পরাবন্দ্যা, বিমুক্তি-গেহিনী,
পতিব্রতা, ব্রহ্মাবলি, ভ্রান্তি-বিনাশিনী,
সত্যা ও তত্ত্বার্থ জ্ঞানমঞ্জরী নামেতে,
জেনো মোর শুদ্ধ গীতা খ্যাত ত্রিলোকেতে। ৪৯,৫০
গীতা নাম জপে নিত্য স্থিরচিত্তে যা'রা,
নিত্য জ্ঞান সিদ্ধি লভি' অন্তে মুক্ত তা'রা। ৫১
সর্ব গীতা নাহি পার অর্দ্ধ পাঠ কর,
গো-দানের তুল্য ফল পা'বে যদি পড়। ৫২
তিনভাগ গীতা পাঠে সোম-যজ্ঞ ফলে,
ষষ্ঠাংশেতে ফলে যথা স্নানে গঙ্গাজলে। ৫৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্।
ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ ধ্রুবম্॥ ৫৪
একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্॥ ৫৫
অধ্যায়ার্দ্ধঞ্চ পাদং বা নিত্যং যো হি পঠেৎ জনঃ।
প্রাপ্নোতি রবিলোকং স মন্বন্তরসমাঃ শতম্॥ ৫৬
গীতায়াঃ শ্লোক দশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
ত্রিদ্ব্যেকমেকমর্দ্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।
চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং তথা॥ ৫৭
গীতার্থ-মেকপাদং চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্ত্যক্ত্বা জনো দেহং প্রয়াতি পরমং পদম্॥ ৫৮
গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ॥ ৫৯
গীতা পুস্তক সংযুক্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা প্রয়াতি যঃ।
স বৈকুণ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে॥ ৬০
গীতাধ্যায় সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্॥ ৬১
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ॥ ৬২

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্য পাঠে দু' অধ্যায় ইন্দ্রলোকে যায়,
এক কল্পকাল ভক্ত সেথা শান্তি পায়। ৫৪
নিত্য পাঠে একাধ্যায় রুদ্রলোকে যায়,
গণ হ'য়ে চিরকাল রহে ভক্ত তা'য়। ৫৫
অধ্যায়ের অর্দ্ধ কিম্বা সিকি পাঠে নর,
সূর্যলোকে করে বাস শত মন্বন্তর। ৫৬
দশ সাত পাঁচ চারি তিন দুই একে,
শ্লোকার্দ্ধে অযুতবর্ষ থাকে চন্দ্রলোকে। ৫৭
অধ্যায়ের এক শ্লোক কিম্বা অর্থ তা'র,
চিন্তা নিয়ে দেহত্যাগে পায় মোক্ষ সার। ৫৮
অন্তে যে গীতার্থ কিম্বা গীতা পাঠ শুনে,
মহাপাপী হ'লেও সে মুক্ত শ্রদ্ধাগুণে। ৫৯
গীতা যুক্ত থাকিয়া যে প্রাণবায়ু ছাড়ে,
বৈকুণ্ঠে সে বিষ্ণুসহ সুখে বাস করে। ৬০
যদি অন্তে দেহে থাকে গীতা একাধ্যায়,
নর হ'য়ে, পুনঃ গীতা পাঠে মুক্তি পায়। ৬১
দেহ অন্ত হ'লে করি' গীতা উচ্চারণ,
পরাগতি প্রাপ্ত হয় সেই ভক্তজন। ৬২

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদ্ যৎ কর্ম্ম চ সর্ব্বত্র গীতাপাঠ প্রকীর্ত্তিমৎ।
তত্তৎ কর্ম্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ॥ ৬৩
পিতৃনুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতা পাঠং করোতি হি।
সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্ যান্তি স্বর্গতিম্॥ ৬৪
গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধতর্পিতাঃ।
পিতৃলোকং প্রয়ান্ত্যেব পুত্রাশীর্ব্বাদ তৎপরাঃ॥ ৬৫
গীতাপুস্তকদানং চ ধেনুপুচ্ছ সমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ॥ ৬৬
পুস্তকং হেম সংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবম্॥ ৬৭
শতপুস্তকদানং চ গীতায়াঃ প্রকোরতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তি দুর্ল্লভম্॥ ৬৮
গীতাদান প্রভাবেন সপ্তকল্পমিতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা সহ মোদতে॥ ৬৯
সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ।
তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্॥ ৭০
দেহং মানুষমাশ্রিত্য চাতুর্ব্বর্ণ্যেষু ভারত।
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্।
হস্তাৎ ত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে॥ ৭১

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুভ সর্ব অনুষ্ঠানে গীতা পাঠ হ'লে,
অনুষ্ঠান দোষমুক্ত সুসম্পন্ন বলে। ৬৩
শ্রাদ্ধে গীতা পাঠে তুষ্ট পিতৃগণ যত,
পাপমুক্ত হ'য়ে রহে স্বর্গ ভোগে রত। ৬৪
গীতা পাঠে পিতৃগণ পরিতৃপ্ত হয়,
পুত্রে করি' আশীর্বাদ পিতৃলোকে রয়। ৬৫
চামরের সাথে যেবা করে গীতা দান,
সম্ভ লভে কৃতার্থতা সেই ভাগ্যবান। ৬৬
বিদ্বান্ বিপ্রকে গীতা স্বর্ণসহ দান,
করি' নর পুনর্জন্ম হ'তে পায় ত্রাণ। ৬৭
একশত গীতা দানে ব্রহ্মলোকে রয়,
ভবে তা'র কভু নাহি পুনর্জন্ম হয়। ৬৮
গীতাদানে দেহান্তে সে বিষ্ণুলোকে যায়,
বিষ্ণুসহ সপ্তকল্প আনন্দে কাটায়। ৬৯
গীতার্থ সম্যক্ শুনি' করে গীতাদান,
প্রীত হ'য়ে হরি তা'র কামনা পূরান। ৭০
ব্রাহ্মণাদি চারিবর্ণে গীতা যে না পড়ে,
সুধা ফেলি' সেই নর বিষ পান করে। ৭১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জনঃ সংসার দুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ।
পীত্বা গীতামৃতং লোকে লব্ধা ভক্তিং সুখী ভবেৎ॥ ৭২

গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্দ্ধূতকল্মষা লোকে গতাস্তে পরমং পদম্॥ ৭৩

গীতাসু ন বিশেষোঽস্তি জনেষূচ্চারকেষু চ।
জ্ঞানেম্বেব সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী॥ ৭৪

যোঽভিমানেন গর্ব্বেণ গীতানিন্দাং করোতি চ।
স মেতি নরকং ঘোরং যাবদাহূতসংপ্লবম্॥ ৭৫

অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে।
কুম্ভীপাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ॥ ৭৬

গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমীপতঃ।
স শূকর-ভবাং যোনিমনেকামধিগচ্ছতি॥ ৭৭

চৌর্য্যং কৃত্বা চ গীতায়াঃ পুস্তকং যঃ সমানয়েৎ।
ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনং চ বৃথা ভবেৎ॥ ৭৮

যঃ শ্রুত্বা নৈব গীতার্থং মোদতে পরমার্থতঃ।
নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ॥ ৭৯

গীতাং শ্রুত্বা হিরণ্যং চ ভোজ্যং পট্টাম্বরং তথা।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ॥ ৮০

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভব-জ্বালা-ক্লান্ত জন লভি' গীতাজ্ঞান,
ভক্তি-সুধা পানে শান্ত করে মনপ্রাণ। ৭২
গীতাশ্রয়ে জনকাদি বহু নরপতি,
পাপমুক্ত হ'য়ে ভবে লভে পরাগতি। ৭৩
গীতাজ্ঞানে নাহি ভেদ উচ্চনীচ জনে,
গীতা ব্রহ্ম স্বরূপিণী তুল্য সর্ব জ্ঞানে। ৭৪
গীতা নিন্দা করে গর্বে, অভিমানে যা'রা,
থাকে ঘোর নরকেতে আ-প্রলয় তা'রা। ৭৫
অহঙ্কারে গীতার্থ যে নাহি মান্য করে,
কল্পাবধি পচে মূঢ় কুম্ভীপাকে প'ড়ে। ৭৬
গীতাপাঠস্থানে থাকি' শুনে না যে গীতা,
শূকর কুলে সে বহু জন্ম লভে বৃথা। ৭৭
গীতা পুঁথি চুরি করি' আনে যেই ঘরে,
গীতা পাঠে ফল তা'র কভু নাহি ধরে। ৭৮
গীতা অজ্ঞ যদি বলে ব্রহ্মানন্দ পায়,
পাগলের মত তা'র উক্তি বৃথা যায়। ৭৯
গীতা শুনি' শ্রীহরির প্রীতির কারণ,
স্বর্ণ, ভোজ্য, পট্টবস্ত্র ক'রো নিবেদন। ৮০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাচকং পূজয়েদ্‌ভক্ত্যা দ্রব্য-বস্ত্রাদ্যুপস্করৈঃ ।
অনেকৈর্ব্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ ॥ ৮১

স্থত উবাচ ।

মাহাত্ম্যমেতদ্ গীতায়াঃ কৃষ্ণ প্রোক্তং পুরাতনম্ ।
গীতান্তে পঠতে যস্তু যথোক্তফলভাগ্ ভবেৎ ॥ ৮২
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ ।
বৃথা পাঠফলং তস্য শ্রম এব উদাহৃতঃ ॥ ৮৩
এতন্মাহাত্ম্য সংযুক্তং গীতাপাঠং করোতি যঃ ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ॥ ৮৪
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ ।
তস্য পুণ্য ফলং লোকে ভবেৎ সর্ব্ব সুখাবহম্ ॥ ৮৫

ইতি শ্রীবৈষ্ণবীয় তন্ত্রসারে শ্রীমদ্‌ভগবদ্‌গীতামাহাত্ম্যম্ ।

ওঁ নমো ব্রহ্মণ্য দেবায় গো ব্রাহ্মণ হিতায় চ ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥

হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে ।
গোপেশ গোপিকাকান্ত রাধাকান্তনমোঽস্তুতে ॥

ওঁ তৎ সৎ শ্রীশ্রীকৃষ্ণায় সমর্পিতমস্তু ॥

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বক্তাকে দ্রব্যাদি দিয়ে পূজো ভক্তি মনে,
শ্রীহরি সন্তুষ্ট হেন প্রীতি প্রদর্শনে। ৮১
সূত কহে, কৃষ্ণ উক্ত মাহাত্ম্যের কথা,
গীতান্তে, পাঠের ফল, ফলে উক্ত যথা। ৮২
গীতা পাঠ করিয়া যে মাহাত্ম্য না পড়ে,
গীতা পাঠ বৃথা তা'র বৃথা শ্রম করে। ৮৩
গীতা সাথে মাহাত্ম্য যে পড়ে কিম্বা শুনে,
পরাগতি লভিবে সে হেন শ্রদ্ধা গুণে। ৮৪
অর্থ সহ গীতা শুনি' মাহাত্ম্য যে শুনে,
সর্ব সুখ লভে ভক্ত হেন পুণ্য গুণে। ৮৫

বৈষ্ণবীয় তন্ত্রসারোক্ত গীতামাহাত্ম্য সমাপ্ত।

গীতাপাঠের ভুলভ্রান্তির জন্য ক্ষমাপ্রার্থনা :

যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনং চ যদ্ ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎ প্রসাদাৎ জনার্দ্দন॥

হে কৃষ্ণ! হে ভগবান! এই কর্ম্মফল,
তোমাকে অর্পিণু, হো'ক তোমাতে সফল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তশ্লোকীগীতা

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রযাতি ত্যজন্‌দেহং স যাতি পরমাং গতিম্॥
৮।১৩

স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ॥
১১।৩৬

সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষি শিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥
১৩।১৪

কবিং পুরাণমনুশাসিতারমণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ।
সর্ব্বস্য ধাতারমচিন্ত্যরূপমাদিত্য বর্ণং তমসঃ পরস্তাৎ॥
৮।৯

ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্।
ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ॥
১৫।১

সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো মত্তঃস্মৃতির্জ্ঞানমপোহনং চ।
বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যো বেদান্তকৃৎবেদবিদেব চাহম্॥
১৫।১৫

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎ পরায়ণঃ॥
৯।৩৪

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দার্থ

অকর্ম=কর্মশূন্যতা। অচল=স্পন্দনহীন। অজ=জন্মহীন। অতীন্দ্রিয়=ইন্দ্রিয় গ্রাহ্য নহে। অর্দ্ধমাত্রা=পরাপ্রকৃতি বিষয়ক জ্ঞান। অধিদৈব=অধিষ্ঠাত্রী দেবতা, আত্মা। অধিভূত=নশ্বর স্থূল ভূত। অধিযজ্ঞ=অন্তর্যামী, বাসুদেব। অনন্তবিজয়=যুধিষ্ঠিরের শঙ্খ। অনসূয়=দোষদৃষ্টিহীন। অনুমন্তা=অনুমোদনকারী। অনুবন্ধ=অবিচ্ছেদ্য। অচিন্ত্য =চিন্তার অতীত। অর্থার্থী=ধনপ্রত্যাশী। অধ্যাত্ম= আত্মভাব, স্বভাব, ব্রহ্মভাব। অব্যক্ত=অপ্রকাশ। অপরোক্ষ =স্বপ্রত্যক্ষ। অপরা=নিকৃষ্টা। অপরাপ্রকৃতি=ক্ষেত্র, দেহ। অপর্যাপ্ত=প্রচুর। অর্পণ=যজ্ঞপাত্র। অপ্রমেয়= সাক্ষাৎ প্রমাণাতীত। অব্যয়=ব্যয়হীন। অবিরুদ্ধ= অনুমোদিত। অভ্যাস=পুনঃপুনঃ যত্ন লওয়া। অভিচার= অন্যের ক্ষতির জন্য তন্ত্রোক্ত মারণ, উচ্চাটনাদি হিংসাকর প্রক্রিয়া। অমৃতত্ব=মোক্ষ। অর্যমা=পিতৃলোকের রাজা। অয়ন=পথ। অসৎ=যাহার অস্তিত্ব নাই, কল্পিত বস্তু। অষ্টবসু=অষ্টগণদেবতা—আপ, ধ্রুব, সোম, ধর, অনিল, অনল প্রত্যূষ, প্রভাস। অস্বর্গ্য=অসুখকর। অসম্মূঢ়= মোহহীন, জ্ঞানী। অহঙ্কার=অহং ভাব, আমিত্ব। অক্ষর= ব্রহ্ম, যাহার ক্ষরণ নাই। আততায়ী=হিংস্রশত্রু, যে গৃহদাহকারী, বধার্থে বিষদাতা, অস্ত্রদ্বারা বধোদ্যত এবং ভূমি, পত্নী ও ধনসম্পত্তি অপহারক। আনক= নাগড়া। আর্ত=রোগ-শোক-দুঃখগ্রস্ত। আত্মবান=

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঈশ্বরনিষ্ঠ। আবর্ত্তন=পুনর্জন্ম। আভরণ=ভূষণ। আস্তিক্য=ঈশ্বর, পরলোক ও পুনর্জন্মে বিশ্বাস। আপ্রলয় =প্রলয়পর্য্যন্ত। ইচ্ছা=রাগ, অনুরাগ। ইন্দ্রত্ব=স্বর্গরাজ্য। উত্তরায়ণ=মাঘ মাসের প্রথম ভাগ হইতে আষাঢ়ের শেষ ভাগ পর্য্যন্ত সূর্য কিছু কিছু করিয়া উত্তর দিকে সরিতে থাকে, ইহাকে সূর্যের উত্তরায়ণ বলে। উদাসীন=শত্রু মিত্র, সুখ দুঃখাদির দ্বন্দ্ব উপেক্ষাকারী। উপনিষদ্=আত্মা ও ব্রহ্ম বিষয়ক বিদ্যা। একাদশ রুদ্র=একাদশ গণদেবতা-অজ, একপাদ, অহিব্রধ্ন, বিরূপাক্ষ, সুরেশ্বর, জয়ন্ত, বহুরূপ, ত্র্যম্বক, অপরাজিত, বৈবস্বত, হর। একাক্ষর=প্রণব, ওঙ্কার। কবি=সর্বজ্ঞ। কর্ম=পূজা, আরাধনা; ভজন, অর্চ্চন, হোম যজ্ঞাদি বিহিত যে সব নিঃস্বার্থ প্রক্রিয়াদ্বারা জীবের আত্মভাব জাগ্রত হয় তাহাই কর্ম। কর্মত্যাগ= কর্ম সন্ন্যাস। কর্মযোগ=কর্মানুষ্ঠান। কপিল মুনি=সাংখ্য দর্শনের প্রণেতা। কম্প=বিচলিত হওয়া। কল্প=যে পর্য্যন্ত একবার সৃষ্টি বা একবার প্রলয় থাকে, ব্রহ্মার এক দিন বা এক রাত্রি; মানুষের ৪৩২ কোটি বৎসর। কল্পক্ষয়ে=প্রলয় কালে। কল্পারম্ভে=সৃষ্টি কালে। কূর্ম=কচ্ছপ। কূটস্থ= নির্বিকার, আত্মা। ক্রতু=বেদোক্ত অগ্নি ষ্টোমাদি যজ্ঞ। ক্রোধ=বিষয় নাশে বিনষ্টকারীর প্রতি বিদ্বেষ। ক্লৈব্য= কাতরতা। খিন্ন=বিষণ্ণ। গতি=পরিণাম। গণ=আদিত্য, বসু, বায়ু ইত্যাদি গণদেবতা। গন্ধর্ব=দেব গায়ক।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গাণ্ডীব=অগ্নি প্রদত্ত অর্জুনের ধনু। গোমুখ=শিঙ্গা। জ্ঞান =শাস্ত্রার্থ উপলব্ধি। জ্ঞানী=ব্রহ্মজ্ঞ। জ্ঞেয়=জ্ঞাতব্য, যাহাকে জানিবে, ব্রহ্ম। জ্ঞাতা=যে জানিবে। ছিন্নমেঘ= টুক্‌রা টুক্‌রা মেঘ। জন্মবন্ধ=পুনর্জন্মের দুঃখ। জিজ্ঞাসু= আত্মজ্ঞান অভিলাষী। তপঃ=কায়িক, বাচিক ও মানসিক ত্রিবিধ তপস্যা। ত্যাগ=কর্মফল ত্যাগ। তামসিক=তমো- গুণযুক্ত ব্যক্তি। ত্রস্ত=ভীত। ত্রিতাপ=ত্রিবিধ দুঃখ; সর্পদংশনাদি ভৌতিক দুঃখ; রোগ শোকাদি লৌকিক দুঃখ; বন্যা, বজ্রপাত, ভূমিকম্প, প্রভৃতি দৈবিক দুঃখ। ত্রৈগুণ্য=বেদোক্ত সত্ত্ব, রজঃ, তমঃ ত্রিগুণাত্মক কর্ম ও কর্মফল। দম=ইন্দ্রিয় সংযম। দক্ষ=অনলস। দক্ষিণায়ন= শ্রাবণ মাসের প্রথম ভাগ হইতে পৌষের শেষ ভাগ পর্যন্ত সূর্য দক্ষিণে যাইতে থাকে বলিয়া ইহাকে সূর্যের দক্ষিণায়ন বলে। দ্বন্দ্ব=সুখদুঃখ, ইচ্ছাদ্বেষাদি মানসিক দ্বন্দ্ব। দান= মূল্যবান দ্রব্যাদি অসংকোচে সৎপাত্রে অর্পণ। দ্বাদশ আদিত্য=গণদেবতা :—ধাতা, মিত্র, অর্য্যমা, রুদ্র, বরুণ, সূর্য্য, ভগ, বিবস্বান, পূষা, সবিতা, ত্বষ্টা, বিষ্ণু। দিব্য= ঐশ্বর। দেহী=আত্মা। দেবদত্ত=অগ্নিপ্রদত্ত অর্জুনের শঙ্খ। দ্রব্য যজ্ঞ=অর্ঘ্য, নৈবেদ্যাদি দ্রব্য উৎসর্গ রূপ যজ্ঞ। ধ্যান=গভীর চিন্তা। ধাতা=পালন কর্তা। ধৃতি=ধৈর্য। নিগৃহীত=দমিত, সংযত। নিরাশ্রয়=অহংমুক্ত। নির্বিকার =বিকার বিহীন। নিষ্ঠা=অনুরক্তি, অভিনিবেশ। নৈষ্কর্ম্য-

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিদ্ধি=কর্মবন্ধন মুক্ত হওয়া, যে অবস্থায় কর্ম করিলে ও কর্মফল ভোগ করিতে হয় না। পনব=ঢোল। পর=শ্রেষ্ঠ। পরাপ্রকৃতি=আত্মা। পরিগ্রহ=দান গ্রহণ, ভোগোপকরণ, ঠাট। প্রজ্ঞা=সম্যক্ আত্ম জ্ঞান। প্রত্যবায়=দোষ। প্রাণাপান=দেহের প্রাণ এবং অপান নামক বায়ুদ্বয়। দেহে পঞ্চ বায়ু থাকে ঃ—হৃদয়ে প্রাণ, গুহ্যদেশে অপান, কণ্ঠে উদান, নাভি স্থানে সমান, সর্বদেহে ব্যান বায়ু। প্রাণায়াম=কুম্ভক, রেচক প্রভৃতি প্রক্রিয়া দ্বারা শ্বাস প্রশ্বাসের গতি সংযম। প্রমাথী=ইন্দ্রিয় বিক্ষোভকারী। পাঞ্চজন্য=শ্রীকৃষ্ণের শঙ্খ, পঞ্চজন নামক দৈত্যের অস্থি হইতে তৈরী। পাঠ=বেদাদি শাস্ত্র অধ্যয়ন। প্রারব্ধ=পূর্ব জন্মের কর্মফল ও সংস্কার। পূত=পবিত্র, বিশুদ্ধ। পৌণ্ড্র=ভীমের শঙ্খ। বর্ণসঙ্কর=অসবর্ণজাত সন্তান। বশী=জিতেন্দ্রিয়। বসু=অষ্ট গণদেবতা। ব্রহ্মবিদ্যা=উপনিষদ্। বাঙ্ময়=বাক্যময়। বাদ=যথার্থ বিচার, সত্য নির্ণয়ের জন্য উভয় পক্ষে যে বিচার, তর্কশাস্ত্রে তাহার নাম বাদ। বাসব=ইন্দ্র। ব্রাহ্মীনিষ্ঠা=সর্বদা ঈশ্বরে মন লগ্ন রাখা। বিকর্ম=নিষিদ্ধ কর্ম। বিকার=রূপান্তর। বিজ্ঞান=তত্ত্বানুভূতি। বিভু=ঈশ্বর। বিভূতি=অলৌকিক ঐশী শক্তি। বীতরাগ=ভোগাসক্তি হীন। বুদ্ধি=জ্ঞানযোগ, সাংখ্যযোগ। বুদ্ধিযোগ=ব্যবসায় বুদ্ধি পূর্বক কর্মযোগ, ঈশ্বরার্পিত নিষ্কাম কর্মদ্বারাই মোক্ষ হয় এইরূপ দৃঢ় নিশ্চয় ব্যবসায় বুদ্ধিযুক্ত

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া নিষ্কাম কর্ম করিলে তাহাতেই পাপপুণ্য হইতে মুক্ত হওয়া যায়। ব্যূহ=প্রণালী বদ্ধ সেনা সমাবেশ। বৃহৎসাম=সপ্ত সামের একটি। বেদ্য=জ্ঞাতব্য। বেত্তা=জ্ঞানী। বৈরাগ্য=বিষয় ভোগে অনিচ্ছা। বৈশ্বানর=অগ্নি। ভর্তা=ভরণকারী। ভবঘ্নী=ভব বন্ধন নাশিনী। ভয়=বিষয় নাশের আশঙ্কা। ভাবন=স্রষ্টা। ভূতেশ্বর=মানুষ, পশু, পক্ষী, সর্প, মৎস্য, কীট, পতঙ্গ, উদ্ভিদ, প্রস্তর, স্থাবর জঙ্গমাদি সর্ব ভূতের ঈশ্বর। ভেরী=রণঢাক। মদ্ভাব=মোক্ষ। মধ্যস্থ=বিবদমান উভয় পক্ষের হিতৈষী। মন্ত্র=দেবতাদির উপাসনা উপযোগী রহস্য কথা। ইহা বিষদ ভাবে হইলে বিষদ মন্ত্র, আক্ষরিক হইলে বীজমন্ত্র। মন্বন্তর=মনুর শাসন কাল, মানুষের ৪১ কোটি বৎসর। মণিপুষ্প=সহদেবের শঙ্খ। মরীচি=উনপঞ্চাশ বায়ু মধ্যে প্রধান বায়ু। মহৎব্রহ্ম=ত্রিগুণময়ী প্রকৃতি। মহারথ=মহারথী=যে নিজেকে, সারথিকে এবং অশ্বকে রক্ষা করিয়া যুদ্ধ করিতে সক্ষম। মহী=পৃথিবী। মায়া=অঘটন ঘটন শক্তি। মাত্রাস্পর্শ=রূপ রসাদি বিষয়ের সহিত চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়ের সংযোগ, ইহাতেই সুখ দুঃখাদির অনুভূতি জন্মে। মূঢ়যোনি=মনুষ্যেতর হীনযোনি, প্রজ্ঞাহীন অবস্থা, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, উদ্ভিদ, প্রস্তর প্রভৃতি। যজ্ঞ=পূজা, স্মৃতি শাস্ত্রোক্ত পঞ্চ যজ্ঞাদি, বিষ্ণু। যত=সংযত। যতি=মুনি। যতেন্দ্রিয়=সংযমী। যাজ্ঞবল্ক্য=ধর্মশাস্ত্র প্রণেতা মুনি বিশেষ।

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাজী=যজ্ঞকর্তা, যাজক। যুক্ত=যোগযুক্ত, যোগারূঢ়, যে যোগে আরোহণ করিয়াছে এবং চিত্ত যাহার শুদ্ধ হইয়াছে। যোগক্ষেম=অপ্রাপ্ত বস্তু প্রাপ্তি এবং প্রাপ্ত বস্তু রক্ষার্থ যত্ন। যোগমায়া=সংসার মায়া, ত্রিগুণময়ী বিষ্ণু মায়া। যোগযজ্ঞ=যম নিয়মাদি প্রক্রিয়া মাধ্যমে চিত্তবৃত্তি নিরোধ। রক্ষঃ=রাক্ষস। রজোগুণহীন=ভোগ ব্যাকুলতা যাহার শান্ত। রাগ=অনুরাগ, বিষয়ানুরাগ। রাজর্ষি= রাজা অথচ ঋষি। রাজসিক=রজোগুণসম্পন্ন ব্যক্তি। রুদ্র=শিব, ১১শ গণদেবতা। লোক সংগ্রহ=যাহারা মানবত্বের অমৃত আস্বাদন করে নাই তাহাদের মনুষ্যত্বের মহিমায় সকল মানবের সঙ্গে একাত্মবোধে একত্র করা। শম=মনঃ সংযম। শব্দব্রহ্ম=বেদ, বেদোক্ত কাম্য কর্মফল। শুক=ব্যাসদেবের পুত্র। শৌচ=বাহ্য ও অভ্যন্তর শুদ্ধি। শৌর্য=পরাক্রম, বলবানকে আঘাত করিবার শক্তি ও প্রবৃত্তি। শ্রদ্ধা=শাস্ত্র ও গুরুবাক্যে অটল বিশ্বাস। শ্রুত= বেদের কর্মফল প্রশস্তি। শ্রুতি=বেদ। শ্রোতব্য=বেদোক্ত ভাবী কর্মফল। সঙ্কর=বিশৃঙ্খলা। সৎ=নিত্যবস্তু, শাশ্বত বস্তু। সত্ত্বস্থ=সত্ত্বগুণযুক্ত। সদসৎ=যাহার অস্তিত্ব আছে কিন্তু বস্তুভাব নাই। সন্ন্যাস=কাম্যকর্ম ত্যাগ। সব্য- সাচী=উভয় হস্তেই সমভাবে বাণক্ষেপে সমর্থ অর্জুন। সর্বগ=সর্বব্যাপী। সমাধি=ধ্যানে তন্ময়তা। সাত্ত্বিক= সত্ত্বগুণযুক্ত ব্যক্তি। সাংখ্য=আত্মতত্ত্বজ্ঞান। সিদ্ধ=

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধু। সুঘোষ=নকুলের শঙ্খ। সুহৃদ্=প্রত্যুপকার না চাহিয়া যে স্বভাবতই উপকার করে। সূত=নৈমিষারণ্যের ঋষি রোমহর্ষকের পুত্র। সেবা=সুখ বিধান। সোম=সোমরস সুরা। স্কন্দ=কার্ত্তিকেয়। স্বর্গ=সুরলোক। স্বধা=শ্রাদ্ধের জল পিণ্ড দানের মন্ত্র। স্বভাব=আত্মভাব, প্রকৃতি। স্বস্তি=শুভ, মঙ্গল। স্থিতপ্রজ্ঞ=অভ্রান্ত জ্ঞানসম্পন্ন ব্যক্তি। স্ব-মায়ায়=নিজ শুদ্ধ সত্ত্বময়ী প্রকৃতির আশ্রয়ে। হন্তা=ঘাতক। হস্তীস্নান=বৃথাস্নান, স্নানের পর হস্তী পুনরায় অঙ্গে ধূলি মাখে, মলিনতা বাড়ায়। হবিঃ=ঘৃত। হিত=শুভ। হোতা=যজ্ঞকারী। হৃদ্য=হৃদয়গ্রাহী। ক্ষমা=শক্তি থাকা সত্ত্বেও ক্রোধ নিরোধে সামর্থ্য। ক্ষর=নাশশীল। ক্ষেত্র=দেহ।

কৃতজ্ঞতা স্বীকার :

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীকালীপদ তর্কাচার্য, পণ্ডিত শ্রীত্বিষাম্পতি কাব্যতীর্থ, কবিরাজ শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুরশাস্ত্রী পঞ্চতীর্থ, কবিরাজ শ্রীবীরেন্দ্র চন্দ্র রায় কাব্যব্যাকরণতীর্থ, পণ্ডিত শ্রীহৃষীকেশ শাস্ত্রী মহাশয়গণ অনুগ্রহপূর্বক এই গীতাগ্রন্থ খানির আদ্যন্ত দেখিয়া দিয়াছেন ও প্রয়োজনীয় পরিবর্তন পরিবর্জনের নির্দেশ দিয়াছেন। এইজন্য তাঁহাদের নিকট আমি আন্তরিক কৃতজ্ঞ। ইতি—

শ্রীসুধীরচন্দ্র সেনগুপ্ত

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহামহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য্য মহাশয়ের অভিমত :

"………গীতাগ্রন্থের প্রভূত গদ্যপদ্যময় অনুবাদ প্রকাশিত হইলেও কল্পতরুগীতার বিলক্ষণ বৈশিষ্ট্য আমাকে সাতিশয় আকৃষ্ট করিয়াছে। এই অনুবাদ গ্রন্থে অনুবাদক সংক্ষিপ্ত ভাষায় সুমধুর শব্দ বিন্যাসে অখণ্ড শ্লোকানুগত ভাবরাজি অনায়াসে অভিব্যক্ত করিয়া অনুবাদ বিষয়ে স্বীয় অনন্যসাধারণ নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন।

অনুবাদের বহু স্থানে মূল ব্যবহৃত শব্দসম্ভার গৃহীত হওয়ায় এবং সর্বত্র প্রতি অনুবাদের পার্শ্বে মূল শ্লোকসমূহ সন্নিবেশিত থাকায় পদ্যানুবাদ পাঠের সঙ্গে সঙ্গে মূলশ্লোক স্মৃতিপটে জাগরিত হইবার সুযোগ রহিয়াছে। উহা অনুবাদের প্রতি পাঠকবৃন্দের সুদৃঢ় শ্রদ্ধা উৎপাদনে বিশেষ অনুকূল হইবে সন্দেহ নাই। অনুবাদ সংক্ষিপ্ত হইলেও গীতার সমগ্র জটিল তত্ত্বই ইহাতে যথাসম্ভব আত্মপ্রকাশ লাভ করিয়াছে। ……" ইতি-

শ্রীকালীপদ তর্কাচার্য্য
শান্তিনগর, পোঃ ভদ্রকালী, হুগলী।

মহামহোপাধ্যায় শ্রীযোগেন্দ্রনাথ বেদান্ততীর্থ মহাশয়ের অভিমত :

……এইরূপ সরল অনুবাদ পূর্ব্বে কেহ করিয়াছেন কিনা জানিনা, ইহা এত সরল ও প্রাঞ্জল হইয়াছে যে অল্পজ্ঞ ব্যক্তিও অনায়াসে গীতার প্রতিপাদ্য বস্তু বুঝিতে সমর্থ হইবেন। ইহা পাঠে স্ত্রী পুরুষ সকলেই বিশেষ আনন্দিত হইবেন।

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার মত উপাদেয় গ্রন্থ পৃথিবীর সভ্যতায় আর দ্বিতীয় নাই। হিন্দু শাস্ত্রের এই অমূল্য গ্রন্থ এইরূপ সরল বাংলা পদ্যে যত অধিক প্রচারিত হইবে ততই দেশের কল্যাণ। আমি অত্যন্ত আনন্দিতচিত্তে দৃঢ়তার সহিত বলিতেছি, এই গ্রন্থখানি হিন্দুমাত্রেরই অবশ্যপাঠ্য হওয়া উচিত। এইরূপ সরল অনুবাদ বিদ্যালয়সমূহের ছাত্রদেরও পাঠ্য হওয়া উচিত। আমি আশা করি শিক্ষা বিভাগের কর্তৃপক্ষ গ্রন্থখানিকে বিদ্যালয়ের পাঠ্যরূপে নির্দ্দেশ করিয়া জনগণের ধর্মশিক্ষার সহায়ক হইবেন।...... ইতি—

শ্রীযোগেন্দ্রনাথ বেদান্ততীর্থ
২৯, আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা-৯

মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য শ্রীহরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের অভিমত :

শ্রীসুধীরচন্দ্র সেনগুপ্ত কৃত শ্রীমদ্ভগবদ্গীতার পদ্য ও গদ্যে বঙ্গানুবাদ —"কল্পতরু শ্রীমদ্ভগবদ্গীতা" শুনিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলাম। অনুবাদ দুইটি সর্বত্রই মূলের অনুগামী হইয়াছে, কোথাও মূলকে পরিত্যক্ত, বিকৃত বা অতিরঞ্জিত করা হয় নাই। আমার ধারণা, সকল শ্রেণীর পাঠকই এই গ্রন্থ পাঠ করিয়া আনন্দ লাভ করিবেন। বিশেষতঃ সঙ্গে সঙ্গে মূল শ্লোকগুলি সন্নিবেশিত থাকায় কোন্ শ্লোকের কি অনুবাদ তাহা বুঝিবার পক্ষে বিশেষ সুবিধা হইয়াছে।

আমি ইহা সাহস করিয়া বলিতে পারি যে এই অনুবাদ দুইটি বাঙ্গালা ভাষার সাহিত্যকে গৌরবান্বিত করিবে। ইতি—২৭ বৈশাখ, ১৩৬৮ সাল।

শ্রীহরিদাস সিদ্ধান্তবাগীশ
৪১, দেবলেন, কলিকাতা—১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বঙ্গীয় ব্রাহ্মণসভার সম্পাদক ও অধ্যাপক শ্রীনরেন্দ্রনাথ পঞ্চতীর্থ সিদ্ধান্তশাস্ত্রী মহাশয়ের অভিমত :

"......ইহা মূল গীতার সুললিত বঙ্গভাষায় মধুর ছন্দে নিবদ্ধ অনুবাদ। গীতার জটিল রহস্যজাল ভেদ করিয়া গূঢ়তত্ত্বসমূহ অনুবাদক নিপুণতার সহিত অভিব্যক্ত করিয়াছেন। ইহাতে বহুল পরিমাণে গীতায় প্রযুক্ত শব্দ ব্যবহৃত হওয়ায় মূল শ্লোক স্মৃতিপথে উদিত হয়।

ছন্দের লালিত্যে ও পদ প্রয়োগের সৌষ্ঠবে আকৃষ্ট হইয়া সুকোমলমতি বালক বালিকাগণও ইহার পাঠাভ্যাসে উৎসাহিত হইবে এবং পাঠ করিতে করিতে ক্রমে ইহার দুরূহত্ব ঘুচিয়া যাইবে ও গীতার অলৌকিক মহিমা উপলব্ধি করিতে সমর্থ হইবে।" ইতি—

শ্রীনরেন্দ্রনাথ পঞ্চতীর্থ সিদ্ধান্তশাস্ত্রী
৪।এ, ডি, এল, রায় ষ্ট্রীট, কলিকাতা-৬

"......বাঙ্গালীর ঘরে ঘরেই গীতাগ্রন্থ থাকে বটে কিন্তু দুর্বোধ্য বলিয়া অনেকে তাহাতে আনন্দলাভে অসমর্থ। এই গ্রন্থখানি সে অভাব পূরণ করিয়াছে।......" ইতি—

শ্রীদেবেন্দ্রচন্দ্র কাব্যসাংখ্যস্মৃতিতীর্থ
২৩৭ এ, মুক্তারামবাবু ষ্ট্রীট, কলিকাতা—৭

"......গ্রন্থখানির সংক্ষিপ্ততায়, সারল্যে ও মাধুর্য্যে "কল্পতরু" নাম সার্থক হইয়াছে। ইহাই ইহার তুলনা।" ইতি—

শ্রীশ্রীপদপঙ্কজ কাব্যস্মৃতিতীর্থ
৩০, মহেন্দ্র গোস্বামী লেন, কলি-৬

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"......গীতার এরূপ অনুবাদ বোধহয় এই প্রথম প্রকাশিত হইল। মূল সংস্কৃত শ্লোক পূর্বপৃষ্ঠায়, পরপৃষ্ঠায় মূলানুগত অনুদিত বাংলা পদ্যগুলি দুই লাইনে পদাঙ্কসহ প্রকাশিত হইয়াছে। অনুদিত পদ্যে মূল শ্লোকার্থ ভিন্ন অবান্তর কোন কথা না থাকায় ইহা ঠিক অনুবাদই হইয়াছে। রচনা নৈপুণ্য অতুলনীয়।......" ইতি—

কবিরাজ শ্রীসুরেন্দ্রনাথ চক্রবর্ত্তী কবিভূষণ
১৬৩, বলরাম দে ষ্ট্রীট, কলিকাতা-৬

"......অল্পকথায় সহজবোধ্য ভাষায় মূল গীতার প্রতি শ্লোকের অবিকল বঙ্গানুবাদ দেখিয়া অত্যন্ত বিস্মিত ও প্রীত হইয়াছি। এরূপ চিত্তাকর্ষক গীতাগ্রন্থ বঙ্গভাষায় আর দেখি নাই। ইহা জনসাধারণের নিকট সমাদৃত হইবে সন্দেহ নাই।" ইতি—

শ্রীরাজেন্দ্রনাথ তর্কতীর্থ
২১, ভূপেন রায় রোড, বেহালা, কলিকাতা-৩৪

"আনন্দবাজার" ৯০৮।৬৩ রবিবার, ২১শে কার্তিক, ১৩৬৩ সাল : "......মূলগীতার সহজ সুন্দর পদ্যছন্দে বাংলায় অনুবাদ। গীতাগ্রন্থের গদ্য পদ্য অনুবাদ ইতিপূর্বে আরও প্রকাশিত হইয়াছে, কিন্তু আলোচ্য গ্রন্থখানার বৈশিষ্ট্য লক্ষ্য করিবার মতো। ইহাতে অতিশয় সহজ ভাষায় অল্পকথায় মূল গীতার প্রতিশ্লোকের অবিকল পদ্যছন্দে অনুবাদ করা হইয়াছে। অনুবাদক সংক্ষিপ্তভাবে গীতার অখণ্ড শ্লোকানুগত ভাব ও তাৎপর্য প্রতিটি শ্লোকের পাশে পাশে পদ্য অনুবাদে সম্পূর্ণ প্রকাশে সমর্থ হইয়াছেন। অনুবাদে মূল সংস্কৃত শব্দ বহুস্থলে অব্যাহত রহিয়াছে। মূল শ্লোকের পাশে পাশে গদ্য অনুবাদ পড়িতে পড়িতে মূল শ্লোকগুলিও পাঠকের নিকটে সহজবোধ্য ও উজ্জ্বল

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া উঠে। ফুটনোটে প্রতিপৃষ্ঠার গীতার মূল শ্লোকের সুন্দর গদ্যানুবাদ সন্নিবেশিত হইয়াছে।......"

"যুগান্তর" ১৬-১২-৫৬ "......শ্রীমদ্ভগবদ্গীতার সরল ও সহজবোধ্য অনুবাদ করিয়া সম্পাদক সাধারণের উপকারই করিয়াছেন! গ্রন্থখানি পাঠ করিলে অনায়াসে গীতার প্রতিপাদ্য বিষয়বস্তু বুঝিতে পারা যায়।" (৬২৩)

"প্রবাসী" ১৩৬৩ পৌষ ৩৮২ পৃষ্ঠা "......পাশাপাশি সংস্কৃত ও বাংলা পদ্যানুবাদ কল্পতরুগীতাতেই দেখা গেল। শ্লোকগুলি মূলানুযায়ী, ব্যাখ্যা প্রাঞ্জল, কবিতাগুলিও ভাবমাধুর্য্যে ভরা।......"

'দেশ' সম্পাদক শ্রীবঙ্কিমচন্দ্র সেন মহাশয়ের অভিমত :

"......গীতা মধুর হইতেও মধুর। ভক্তের আন্তরিক শ্রদ্ধার অবদানে সে বাণী মধুরতর হইয়াছে। অনুবাদে মূলের তাৎপর্য ও মাধুর্য সর্বতোভাবে ধ্বনিত হইয়াছে। গ্রন্থকারের উজ্জ্বল অনুভূতিই ইহার মূলে রহিয়াছে।" ইতি—

শ্রীবঙ্কিমচন্দ্র সেন
৭-ডি, রামকৃষ্ণ লেন, বাগবাজার, কলিকাতা-৩

"দেশ" ১৫।১২।৫৬"... . অনুবাদের বিশেষত্ব এই যে, ইহা সরল এবং মধুর। ভাষায় ভাবের গাম্ভীর্যে একটি পবিত্র প্রতিবেশের স্পর্শ পাওয়া যায়। প্রধানতঃ দুই পংক্তির মধ্যেই মূলের তাৎপর্য অনুবাদে পরিস্ফুট করা হইয়াছে। মূলের ভাবটি অক্ষুণ্ণ রাখিয়া এত সংক্ষেপের মধ্যে প্রত্যেকটি শ্লোকের সারতত্ত্ব ব্যক্ত করা খুবই কঠিন।

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতার মত অধ্যাত্ম শাস্ত্রের সম্বন্ধে একথা বিশেষ ভাবেই প্রযোজ্য। অনুবাদকের কৃতিত্ব এইখানে।......"

"বসুমতী" ২৬।১১।৫৬"......আমাদের বহুখ্যাত বহুপ্রচলিত ধর্মগ্রন্থ গীতার মূলশ্লোকসহ পয়ার ছন্দে বঙ্গানুবাদ। অনুবাদকের বৈশিষ্ট্য মূল শ্লোকগুলির ভাষান্তরে ও শব্দের লালিত্যে বিশেষভাবে নজরে পড়ে। এতদ্ব্যতীত মূল সংস্কৃত শ্লোকের তত্বার্থ ও শব্দার্থ যে স্থানে যে ভাবে ব্যবহৃত হয়েছে বাংলা পদ্যানুবাদের মধ্যেও তাহা রক্ষিত ও ধ্বনিত হয়েছে অবিকৃত ভাবে। মূল সংস্কৃত ও বাংলা পদ্যানুবাদ ব্যতীত প্রতিপৃষ্ঠায় গদ্যে শ্লোকগুলির মর্মার্থও ব্যাখ্যাত হয়েছে সুন্দরভাবে।......"

"হিমাদ্রি" ২১।১২।৫৬ "......এই পকেট সংস্করণ গীতাটি পাঠ করিয়া আমরা আনন্দিত হইয়াছি। পয়ার ছন্দে লেখা ইহা একটি সুন্দর ও স্বচ্ছন্দ অনুবাদ। প্রতি পৃষ্ঠায় মূল শ্লোক সন্নিবেশিত রহিয়াছে এবং সঙ্গে সঙ্গে পাশের পৃষ্ঠায় বাংলা পদ্যে গীতার শ্লোকগুলি অনুদিত হইয়াছে। এ অনুবাদ সরল, হৃদয়গ্রাহী ও মূলানুগ।......"

"AMRITA BAZAR PATRIKA" (R 1 1 62) "...... the purpose of this book is to offer to the general readers in plain simple language the highly philosophical truth that lies in the 'GEETA'. The rendering has been done into Bengali verse and the author has used the right words in the right place for the layman"

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সচিত্র

কল্পতরু শ্রীশ্রী চণ্ডী

মার্কণ্ডেয় শ্রীশ্রীচণ্ডীর মূল "সপ্তশতী" শ্লোক এবং সরল পদ্যে ও গদ্যে তাহার বঙ্গানুবাদ। (অর্গলাস্তোত্র, কীলক স্তব, দেবী কবচ, দেবী সূক্ত, রাত্রিসূক্ত প্রভৃতির মূলশ্লোক ও পদ্যানুবাদ সহ)

অনুবাদক : শ্রীসুধীরচন্দ্র সেনগুপ্ত।
১৫/১৭, কুমারপাড়া লেন,
লিলুয়া, হাওড়া।

মহামহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য্য
কর্তৃক পরিদৃষ্ট সংশোধিত এবং অনুমোদিত।

২৫৬ পৃষ্ঠা, বোর্ড বাঁধাই, পকেট সংস্করণ।

মূল্যঃ—২.০০

প্রাপ্তিস্থান :
মহেশ লাইব্রেরী,
কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.........
Shri Shri Ma Anan...
BANARAS.

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



প্রাপ্তিস্থান :

মহেশ লাইব্রেরী

কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan